शाभाषा দশ्व

(WESTERN PHILOSOPHY)

[কলিকাভা বিশ্ববিদ্যালয় ঃ স্নাডক শ্রেণীর স্বস্থা]

প্রিরমেশ চন্দ্র মৃক্ষী, এম. এ (দর্শন ও ইংরাজী), বি. টি. বি. এল, দর্শনশাস্ত্রের প্রধান অধ্যাপক, ভিক্টোরিয়া ইনস্টিটিউসন (স্পনসর্ভ কলেজ), কলিকাতা, প্রাক্তন অধ্যক্ষ, বাজকুল মিলনী মহাবিদ্যালয় (স্পনসর্ভ কলেজ), মেদিনীপুর।

বৈকুণ্ঠ বুক হাউস ১৮৩, বিধান সর্রণি, কলিকাভা-৬

প্রকাশক:

জে, এন, সাহা
বৈকুণ্ঠ বুক হাউস
১৮৩, বিধান সর্রণ
কলিকাতা-৬

প্রথম প্রকাশ: নভেম্বর, ১৯৫৯

শুজাকর:

আমনোতোৰ সাতর। জন্ধক প্রেস ৭ নং রমাপ্রসাদ রার দেন ক্লিক্রাডা-৬

গ্রন্থকারের নিবেদন

কলিকাতা বিশ্ববিতালয়ের অন্তর্গত স্নাতক শ্রেণীর দর্শনশাস্ত্রের নূতন পাঠ্যস্ফটী অন্থ্যায়ী 'পাশ্চাক্তা দর্শন' গ্রন্থটি রচিত হইল। এই গ্রন্থে পাশ্চাক্তা দর্শনের পাঠ্য বিষয়গুলি সরল মাতৃভাষায় বিবৃত করিয়া আমি ছাত্রছাত্রীদের নিকট ইহা সহজ্ববোধ্য করিবার চেষ্টা করিয়াছি। সকলে এই গ্রন্থ পাঠ করিয়া তৃপ্তি লাভ করিলে আমার শ্রম সার্থক হইবে।

পরিশেষে ইগ উল্লেখযোগ্য যে, আমি এই গ্রন্থের প্রয়োজনীয় ও উপযুক্ত মান সংরক্ষণের নিমিত্ত John Hospers-এর রচিত 'An Introduction to Philosophical Analysis'-গ্রন্থটি হইতে কতিপর পঙ্ক্তির অনুবাদ করিয়াছি এবং ডঃ সতীশচক্র চট্টোপাধ্যায়, অধ্যাপক হরিদাস বন্দ্যোপাধ্যায়, ডঃ নীরদবরণ চক্রবর্তী প্রমুথ প্রথ্যাত লেথকদের গ্রন্থসমূহ হইতে কিছু কিছু অংশ কৃতজ্ঞতার সহিত উদ্ধৃত করিয়াছি।

প্রকাশক বৈকুণ্ঠ বুক হাউস-এর সাহায্যের জন্ম আমি তাঁহাদিগকে আন্তরিক ধন্মবাদ জানাইভেচি।

> নিবৈদক শ্রী রমেশ চন্দ্র মুক্সী,

SYLLABUS

(Calcutta University)

General (Western) Philosoply (Pass)

(পাশ্চান্ত্য দর্শন)

Full Marks-50

Paper-II Group A

- 1. Empiricism, Rationalism, criticism.
- 2. Realism, Idealism and their Varieties.
- 3. Substance and Causality.
- 4. Nature of Value.

৬। নীতি বিজ্ঞান-

অধ্যাপক আর, সি, মৃন্সী প্রণীত :—
নৃতন সিলেবাস – অত্থায়ী—বইগুলি—

>। তর্কণাত্ত্র—

২। সাঙ্কেতিক তর্কপাত্ত্র (পাস ও অন্যাস পশ্চিমবঙ্গের সমস্ত বিশ্ববিদ্যালয়ের জন্ত)

৩। মনোবিজ্ঞান—

৪। ভারতীয় দর্শন—

৫। সমাজ দর্শন—

সূচীপন্ত

ভুমিকা

পৃষ্ঠা ১—8

প্রথম অধ্যায়

জানতত্ব: অভিজ্ঞভাবাদ, বুদ্ধিবাদ ও বিচারৰাদ

4-84

(Theories of Knowledge: Empiricism,

Rationalism and Criticism)

C) । অভিজ্ঞতাবাদ ও বৃদ্ধিবাদের মধ্যে মূলগত পার্থক্য (Issue between Empiricism and Rationalism — ৫, ২ ক্রু অভিজ্ঞতাবাদের বিশদ বিবরণ (Detailed account of Empiricism— ০, ৩০ কুর্দ্ধিবাদের বিশদ বিবরণ (Detailed account of Rationalism)—১৬, ৪। অভিজ্ঞতাবাদ ও বৃদ্ধিবাদের সমন্বর সাধনে বিচারবাদ (Critical Theory)—২২, ৫। বৃদ্ধিবাদী দার্শনিক প্রেটোর জ্ঞানতত্ত্ব (Plato's Theory of Knowledge)—২৪, ৬। অভিজ্ঞতাবাদী লকের জ্ঞানতত্ত্ব (Locke's Theory of Knowledge) ৩০, ৭। হিউমের অভিজ্ঞতাবাদ তথা সংশ্রবাদ (Hume's Empiricism or Scepticism)—৩০, ৮ কুর্তিট্র বিচারবাদের বিশদ আলোচনা (Kant's Critical Theory of Knowledge)—৩৫, ১। জ্ঞানের উৎপত্তি বিষয়ে সক্ষাবাদ (Intuitionism as a Theory of the origin of Knowledge)—৪২)

দ্বিতীয় অধ্যায়

বস্তবাদ, ভাববাদ এবং উহাদের প্রকারতেদ (Realism, Idealism and their Varieties)

84-->4

০) । বন্ধবাদ এবং ভাববাদের মধ্যে মূলগত পার্থক্য (Issue or Difference between Realism and Idealism) ৪৬, ২। বন্ধবাদের প্রকারভেই : (১) লোকিক বা সরল বন্ধবাদ (Popular or Naive Realism)—৪১, (২) বৈজ্ঞানিক বন্ধবাদ বা প্রতীক্ষাদ (Theory of Scientific or Critical

Realism of Representationism) ৫০, (ও, নব্য-বস্থবাদ (Neo-Realism)
—৫৫, (৪) নব্য-সবিচার বস্তবাদ (New Critical Realism)—৬১,৩।
ভাববাদের প্রকারভেদ: (১) প্রেটোর ভাববাদ বা ধারণাবাদ (Plato's Idea lism or Theory of Ideas) -৬৫, (২) এবিষ্টটলেব ভাববাদ (Idealism of Aristotle) ৭৩, প্রকিলির আয়গত ভাববাদ (Subjective Idealism of Berkeley) ৭৭, (৪) কাণ্টেব আভাসগত ভাববাদ (Phenomenalistic Idealism of Kant)—৮৫, (৫) হেগেলেব বস্তগত ভাববাদ বা প্রক্রমাদ (Hegel's Objective Idealism or Absolute Idealism)—৮৯, ৪। জ্ঞানতথ্যুলক ভাববাদ ও ভত্তশাস্পত্যত ভাববাদ (Epistemological and Metaphysical Idealism)—১১।

তৃতীয় অধ্যায়

্দ্ৰের (Substance)

৯৭ ১২৮

১। দ্রব্য সম্বন্ধে বিভিন্ন মতবাদ different views of substance) - ৯৭,

২। দ্রব্যের ধারণাব উৎপত্তি (Origin of the idea of Substance)—

1.০৩, ৩২ দ্রব্য সম্বন্ধে ডেকার্টেব মতবাদ (Descartes's view of Substance)—

১০৪, ৪। দ্রব্য সম্বন্ধে স্প্রিল্নাজার মতবাদ (Spinoza's View of Substance)—

১০৭, ২৫ দ্রব্য সম্বন্ধে লকের মতবাদ (Locke's View of Substance)—

১১১, ৮। দ্রব্য সম্বন্ধে হিউমের মতবাদ (Hume's View of Substance)—

১১২, ৭। দ্রব্য সম্বন্ধে লাইবনিজের মতবাদ—

১১৫, ৮।

দ্রব্য বহু, না তুই, না এক—বহুত্বাদ হৈতবাদ ও একত্বাদ—

১১৮।

চতুর্থ অধ্যায়

কারণত (Causality

250-202

কারণত্ব সহক্ষে বিভিন্ন মতবাদ (different Conceptions of Causality)—১২৯, অনিবাৰ্থ-সহস্কবাদ (necessary Connection theory) —১৩৭ ত্রুবাদ (regularity theory)—১৪৪, ৪। স্তব্যুদ্ধ ও কারণ্ড (Substance and Causality)—১৪৮, ৫। John Hospers-এর 'An Introduction to Philosophical Analysis' হইতে—(১) কারণ কি?—১৪৯, (২) কার্য-কারণ বিধি—১৫৭।

পঞ্চম অধ্যায়

মূল্য বা মানের স্বরূপ (<u>Nature of Value</u> , ১৬২ — ১৭৩ ১। মূল্য বা মান কি ? (What is Value ? `— ১৬২, ২। মূল্য বা মানের স্বরূপ (nature of value)— ১৬৪, ৩। মূল্য বা মান ও তত্ত্ব (value and reality)— ১৬১।

भाष्ट्राष्ट्र धर्मन

স্থুমিকা (Introduction)

সমগ্র বিষ অর্থাৎ জীর্ব, জগৎ, ঈশ্বর প্রভৃতি সকল বিষয়ের বিচারগ্রাহ্য পূর্ব প্রসংবদ্ধ জ্ঞানকে, দর্শন (Philosophy) আসাধ্যা দেওদ্ধা হয়। জগতের প্রত্যেক বস্তব ঘুইটি দিক রহিয়াছে—একটি হইল বাহ্নিক দৃশ্যমান রূপ বা অবভাস 'appearance পার অপবটি হইল ইন্দ্রিয়াতীত মূল আস্তর সন্তা (reality)—যাহা দৃশ্যমান রূপেব অন্তর্নিহিত তত্ত্ব অর্থাৎ বস্তব্ধ প্রকৃত স্বরূপ। বস্তর বহিঃপ্রকাশ ও উহার আন্তর স্বরূপ—উভয় দিকই দর্শনের আলোচ্য বিষয়। "দর্শন সকল বস্তার বা জীবজাগতের তত্ত্ব ও অবভাস, আন্তর দ্রুসতা ও বাহ্যরূপ, স্বরূপ ও আপেক্ষিক রূপ (noumens and phenomens, reality and appearance) এতত্ত্বয়েরই আলোচনা করে এবং বিচারপূর্বক তাহাদের জ্ঞান লাভ করিবার ও সম্বন্ধ নির্ণয় কবিবার চেন্তা করে।" (ডঃ সতীশচন্দ্র চট্টোপাধ্যায় প্রণীত 'ভারতীয় ও পাশ্চাত্যে দর্শন')। দর্শনের লক্ষ্য হইল—জগৎ ও জীবনের বাহ্যরূপ ও ক্রিয়ার জ্ঞান হইতে উহাদের অন্তর্নিহিত তত্ত্বের জ্ঞান লাভ করা।

'Wonder is the parent of philosophy'—দার্শনিক অভিজ্ঞতার মূলে রহিয়াছে বিশায়—বহুদিন পূর্বে গ্রীক দার্শনিক প্লেটো এই কথা বলিয়াছিলেন। এই বাক্যটিকে একটু পরিকার করিলে দেখা যাইবে যে, যে সকল বিষয় বা ঘটনার অন্তর্নিহিত কারণ আপাত অভিজ্ঞতায় পাওয়া যায় না বা যাহার তাত্ত্বিক বিশ্লেষণ সহজ্ঞসাধ্য নয়—তাহাই বিশায়কর বিশায় প্রতিভাজ্তর। রূপ-রস-শব্দ-গন্ধময় জগতের অনস্ত বৈচিত্র্য ও অদীমতা আমাদের চিত্তে গভীর বিশায়ের হাই করিয়া থাকে। ফলে সেই বিশায়কর জগতের রহস্ত উদ্ঘাটন করিবার কোতৃহল মানব মনে স্বভাবতঃই নানাপ্রকার প্রশ্ল জাগাইয়া তোলে। সেই সকল প্রশ্লের সমাধানের প্রচেষ্টা ও বিজ্ঞানসন্মত যোজিক আবোচনা হইতেই দর্শনের উৎপত্তি—সাধারণভাবে ইহা বলা যায়।

আমি কে? আমি—নিরপেক কোন স্বতন্ত্র জগতের অক্তিম্ব আছে কি? কদি থাকে, তবে সেই জগতের সংগে জীবের সম্বন্ধই বা কি? সেই জগৎ ও জীবের উদ্বে বিশ্ব নিয়ন্তা বলিয়া কেহ আছেন কি না? জীব-জগৎ-ব্রহ্ম সম্পর্কীয় এই সকল প্রশ্নই দর্শনশাম্বের মৌলিক প্রশ্ন।

বাংশা ভাষায় 'দর্শন' শব্দের ধাতুগত অর্থ হইতেছে দেখা বা জানা।
কিন্তু যে কোন জান বা অভিজ্ঞতাকেই দার্শনিক আখ্যা দেওয়া যায় না। যে
অভিজ্ঞতার সাগায়ে স্বরূপতঃ বিষয় বোধ হয় তাহাকেই দার্শনিক অভিজ্ঞতা
বলা যায়। এবং যে শাস্ত্র স্বরূপ উপলব্ধির পক্ষে সংগয়ক তাহাই
দর্শনশাস্ত্র। 'দর্শন' শব্দির ইংরাজী প্রতিশব্দ হইতেছে Philosophy—ইংবা
অর্থ (Philos—love, sophia-wisdom) অর্থাৎ জ্ঞানামুবাগ বা
সভ্যানুরাগ।

এখন প্রশ্ন হইতেছে যে, দর্শনের আলোচ্য বিষয় বলিতে আমরা কি বুঝি ? ইহার উত্তরে সাধারণভাবে বলা যায় যে, সমগ্র বিশ্ব ও সার্বিক অভিজ্ঞতাই দর্শন শাস্ত্রের আলোচ্য বিষয়। পাশ্চান্ত্য দার্শনিক জন কেয়ার্ডেব মতে, মানব অভিজ্ঞতা ও সমগ্র বাস্তব জ্ঞাতের মধ্যে এমন বস্তু নাই যাহা দার্শনিক আলোচনার বহিভ্তি। "পর্মাত্মা, জীবাত্মা, জড়, প্রক্লভি, বৃদ্ধি, মন, ইন্দ্রিয়, প্রাণ, সৃদ্ধ ও স্থল ভতবর্গ স্বই দার্শনিক বিচারের বিষয়ীভত। এক কথায় বলা যাইতে পারে সদসদ অথিল বস্তুই দার্শনিক বিচারের, তথা দার্শনিক জ্ঞানের বিষয় হইতে পারে। অতএব তত্ত ও অবভাস (phenomena and noumena, appearance and reality) উভয় বিষয়েই দার্শনিক আলোচনা হইতে পারে। এমন কি নীতি (morality), ধৰ্ম (religion), শিক্ষা (education), সমাজ (society), বিজ্ঞান (science), কলা (art), যুদ্ধ ও শাস্তি (war and peace), হিংসা ও অহিংসা (violence and non-violence) প্রভৃতি বিষয়েরও দার্শনিক আলোচনা (philosophy) হইতে পারে।" (ডঃ স্তীশচন্দ্র চট্টোপাধ্যায় প্রণীত 'ভারতীয় ও পাশ্চাত্তা দর্শন') এক কথায়, দর্শন সমগ্র বিশ্বের মূল সত্তার স্বব্ধপ উদ্যাটিত করিয়া প্রকাশমান জগতের ব্যাখ্য। দান করে এবং বিভিন্ন ঘটনার বৈচিত্ত্যের মধ্যে নিহিত মূলগত ঐক্যের সন্ধান দিবার চেষ্টা করে।

অবশ্য এক্ষেত্রে ইহা উল্লেখযোগ্য যে, সমগ্র জগৎ ও জীবন দর্শনের আলোচ্য বিষয় হইলেও সকল বিষয়ের পুঙ্খাহুপুঙ্খ জ্ঞান দান করা ইহার কার্য নহে। বিশের বিভিন্ন বিভাগের বিস্তারিত জ্ঞানদান করিবার দায়িত্ব বিভিন্ন বিজ্ঞানের। দর্শনের কার্য হইল বিভিন্ন বিজ্ঞান হইতে বিভিন্ন তথা ও উপকরণ সংগ্রহ করিয়া সেগুলির মধ্যে সামঞ্জন্ম বা সময়য় সাধন করা এবং বিভিন্ন বিজ্ঞানের স্বীকৃত ধাবণা ও মৌলিক নীতির বৈধতা পরীক্ষা করিয়া মূল সত্য বা চরম তত্ত্বে মাপ কাঠিতে উহাদের মূল্য নির্ধারণ কবা।

তবে ইহাও উল্লেখযোগ্য যে, দর্শন কেবলমাত্র বিজ্ঞানসমূহের সমন্বয়শাস্ত্র নহে আথবা বিজ্ঞানের মূল তব্বসমূহের বিচারমূলক জ্ঞানও নহে, ইহা হইল জগৎ ও জাবনের সামগ্রিক কপেব জ্ঞান বা উপলব্ধি। বস্তুর প্রকাশ্য কপ এবং উহার অন্তর্নিহিত মূল তব্ব বা সন্তা—উভয় দিকের সামগ্রিক আলোচনা এবং সম্বন্ধ নিগরেব চেষ্টা দর্শনশাম্বে লক্ষিত হয়। দর্শন কথনও অতীক্রিয় পরম সন্তার তাহিক আলোচনা বাদ দিয়া শুধু ইক্রিয় প্রতাক্ষগোচর পদার্থের আলোচনা ও ইক্রেয় গ্রাহ্ অভিজ্ঞতার সমলোচনায় নিবন্ধ থাকে না, আবার পরিদৃশ্যমান জগৎ হইতে সম্পূণ বিচ্ছিন্ন কবিয়া শুধু অতীক্রিয় পরমসত্তাব উপলব্ধি ও আলোচনায় লিপ্ত থাকে না। বস্তুতঃ দর্শন হইল পূর্ণ বিশ্বদর্শন। বিশ্বের পবিদৃশ্যমান দিক এবং উহাব মন্তর্নিহিত মূল তব্ব অর্থাৎ বস্তু প্রকাশ ও বস্তুবর্মপ—উভয় বিষয়ই দার্শনিক আলোচনার অঙ্গীভূত। যে শাস্ত্র স্বন্ধশন্ত এবং যে শাস্ত্র বস্তুর প্রান্তর বাহাকে বলা হয় প্রকাশ বিজ্ঞান (Phenomenology) এবং যে শাস্ত্র বস্তুর আন্তর স্বন্ধপ বা অতীক্রিয় সন্তার আলোচনা করে তাহাকে বলা হয় পরা-বিজ্ঞান বা তত্ত্ববিছ্যা (Metaphysics)। কাজেই প্রকাশবিজ্ঞান ও তত্ত্ববিছ্যা উভয়ই দর্শনের অপরিহার্য অঞ্চ বা শাখা।

অধিকন্ত, দর্শনের পক্ষে বিশ্বের স্বরূপ উদ্যাটন করিতে অগ্রসর হওয়।
তথনই সম্ভব যথন ইহা স্প্লেইরূপে নির্ধারিত হইবে যে, বিশ্বের জ্ঞান আদে
সম্ভব কি না; যদি সম্ভব হয়, তাহা হইলে যথার্থ জ্ঞান লাভের শর্ভ ও
উপায় কি কি। যে শাস্ত্র জ্ঞান-সম্পর্কীয় এই সকল প্রশ্নের বিশদ আলোচনা
করিয়া থাকে তাহাকে বলা হয় জ্ঞানতবশাস্ত্র (Epistemology)। জ্ঞানের
উৎপত্তি, স্বরূপ ও সীমা সম্বন্ধে যাবতীয় প্রশ্নের মীয়াংসা করাই হইল জ্ঞানতবশাস্তের কার্য। কাজেই এই শাস্ত্র দর্শনের অপরিহার্য অক্ব। ইহা দর্শনশাস্ত্রের
তথ্ব ভিত্তি বা আদিপর্বই নহে, ইহা দর্শনের গভিপথেরও নির্দেশ দেয়।

জ্ঞান-সম্পর্কীয় প্রশ্ন ছাড়াও সভ্যের প্রকৃতি ও পরীক্ষা সম্পর্কে বিবিধ সত্যবিষয়ক সমস্থাবলীর আলোচনা দর্শনশান্ত্রের অঙ্গীভূত।

ইহা ছাড়াও দর্শন বিশ্বের যাবতীয় বস্তুর মূল্য বা মান নির্ণয় করিবার

চেষ্টা করে। বস্তুর মান ব্যক্তিমনের ধারণামাত্র না বস্তুগত এ বিষয়ে সন্দেহ
থাকায় মান-বিধান বা মূল্যাবধারণের ভিত্তি সম্পর্কে দার্শনিক আলোচনার
প্রয়োজন রহিয়াছে। সেই কারণে দর্শনশাস্ত্রে মান-বিছা! (Axiology or
the Science of Value) নামে একটি পৃথক শাখা নির্দেশিত হইয়াছে।
দর্শন মানবিছার মাধ্যমে জগং ও জীবনের মূল্য ও উদ্দেশ্য এবং সত্য-শিবস্ক্রেরের স্বরূপ নির্ণয় করিয়া থাকে। ব্রুস্ততঃ, জগং ও জীবনের স্বরূপ
বিশ্লেষণ ও ব্যাখ্যা এবং উহাদের মূল্যাবধারণ করাই দর্শনের প্রধান লক্ষ্য।
এই অর্থে দর্শনকে জীবন ও অভিজ্ঞতার স্মালোচনা আখ্যা দেওয়া হয়।

श्रथम वर्षाय

১। জ্ঞানতত্ব: অভিজ্ঞতাবাদ, বৃদ্ধিবাদ ও বিচারবাদ (Theories of knowledge: Empiricism, Rationalism and Criticism) অভিজ্ঞতাবাদ ও বৃদ্ধিবাদের মধ্যে মূলগত পার্থক্য (Issue between Empiricism and Rationalism)

জ্ঞানের উৎপত্তি জ্ঞানবিজ্ঞানের একটি মূল প্রশ্ন। আমাদের মনে জ্ঞানের উঙুব কিরূপে হয় এ সম্বন্ধে বিভিন্ন মতবাদ রহিয়াছে। তন্মধ্যে তিনটি ম<mark>তবাদ</mark> প্রধান—অভিজ্ঞভাবাদ (Empiricism), বুদ্ধিবাদ (Rationalism) এবং বিচারবাদ—(Criticism)। অভিজ্ঞতাবাদ অমুসারে যাবতীয় ধারণা ও জ্ঞান অভিজ্ঞতা-লব্ধ (অর্থাৎ প্রতাক্ষ-লব্ধ); অভিজ্ঞতা-পূর্ব সহজাত ও স্বত:সিম্ব কোন ধারণারই অন্তিত্ব থাকিতে পারে না , মন একমাত্র ইন্দ্রিয়-অভিজ্ঞভার মাধ্যমে অর্থাৎ প্রত্যক্ষ ও পর্যবেক্ষণের সাহায্যে নিক্ষিয়ন্ত্রপে বহির্জ্ঞগৎ হইতে সংবেদন গ্রহণ কবে এবং সকল প্রকার ধাবণা ও জ্ঞান ইন্দ্রিয় অভিজ্ঞতাকে ভিত্তি করিয়াই অজিত হয়। অপরপক্ষে, ৰুদ্ধিবাদ অহুসারে বুদ্ধিই যথার্থ জ্ঞানলাভের একমাত্র উপায়। শাখত ও সনাতন, সর্বজনগ্রাহ্য ও নিশ্চয়াত্মক জ্ঞান একমাত্র বৃদ্ধি বা প্রজার সাহায্যেই লাভ করা যায়। ইন্দ্রিয়-প্রত্যক্ষ কোন বস্তুর অন্তর্নিহিত স্বরূপ সম্বদ্ধে কখনও যথার্থ জ্ঞান দান করিতে পারে না। যথার্থ জ্ঞান ও সাধারণ ও অনিবার্য সত্য মনের মধ্যে সহজাত ও প্রকৃতিগতরূপে নিহিত থাকে। এগুলি অভিজ্ঞতাল্ক নহে, অভিজ্ঞতা-পূর্ব; মন বৃদ্ধি বা প্রজ্ঞার সাহায্যে সক্রিয়ভাবে নিজের সহজ্ঞাত অন্তর-ধারণা হইতে যথার্থ ও স্থনিশ্চিত জ্ঞান উৎপন্ন করে। বিচারবাদে উক্ত **তুইটি** পরস্পরবিরোধী মতবাদের মধ্যে সমন্বয়ের চেষ্টা লক্ষিত হয় এবং অভিজ্ঞতা ও বুদ্ধি—উভয়েরই জ্ঞানোৎপত্তির ব্যাপারে আংশিক অবদান স্বীকৃত হয়। বিচারবাদ অহুসারে, জ্ঞানের উপাদান অভিজ্ঞতা-সব্ধ এবং উহার আকার বুদ্ধিগভ; অভিজ্ঞতা-লব্ধ উপাদান এবং বৃদ্ধি-লব্ধ মৌলিক প্রভারক্রণ আকার-প্রকার--উভয়ের সংযোগে জ্ঞান গঠিত।

অভিজ্ঞতাবাদের মূল বজব্য হইল—(ক) সকল জান (অন্ততঃ বন্ত বা ঘটনা-সম্পর্কীয় জান) বহিন্দনি ও অন্তদ্দনিব মাধ্যমে লন্ধ এবং (খা সন্তাবা ইন্দ্রি-অভিজ্ঞতাব সীমার মধ্যে সন্তাব্য জান সীমিত। অভিজ্ঞতাবাদীদের মধ্যে একমাত্র জন লক (John Locke) ইন্দ্রিয়-অভিজ্ঞতাব অতিরিক্ত অতীন্দ্রিয় জড়দ্রব্যের সন্তা গুণের আধার রূপে অন্থমান করিয়াচিলেন , কিন্তু অপর সকল অভিজ্ঞতাবাদী দার্শনিকের মতে—্যেন্তেতু সকল জ্ঞান ইন্দ্রিয়-প্রত্যক্ষ লন্ধ, অভএব যাহা সংবেদনগ্রাহ্থ নহে তাহার কোন বাস্তব সত্তা নাই। চরম অভিজ্ঞতাবাদী হিউম (Ilume) একমাত্র ইন্দ্রিয়-অভিজ্ঞতাব মধ্যে সীমাবন্ধ থাকিয়া ইন্দ্রিয়াতীত (অভিজ্ঞতা-বহিভৃতি) যাবতীয় বস্তুর অস্তিহ অস্থীকাব করিয়াছেন। তাহাব মতে, যাহাকে আমরা দ্রব্য বলি তাহা কতকগুলি গুণ-সংবেদনের সমন্ত। অধিকন্ত, মান্তবের জ্ঞান সংবেদন-লন্ধ এবং সংবেদন ও সংবেদন-ভিত্তিক ধারণাসমূহেব মধ্যে সীমাবন্ধ বলিয়া সার্বিক, সনাতন ও স্থনিশ্চিত জ্ঞান ও সত্য লাভ সম্ভব নহে, যাবতীয় জ্ঞানই সন্তাব্য

বুদ্ধিবাদের মূল বক্তব্য হইল—বুদ্ধি বা প্রজাই হইল যথার্থ ও স্থানিতিত লানের একমাত্র উপে। বুদ্ধি বা প্রজাব দ্বাবাই আমবা যুক্তিমূলক সত্য (truths of reason) উপলব্ধি করিতে সক্ষম হই; এবাপ সত্য ইন্দ্রিয়-অভিন্তুতাভিত্তিক স্থে সম্পর্কীয় সত্য (truths of facts) অপেক্ষা অনেক প্রেয়, কেননা যুক্তিমূলক দত্য কেবল সত্যই নহে, ইহা আবিশ্যিকভাবে ও অপরিহার্যরূপে সত্য। বুদ্ধিবাদী শর্মনিক ডেকার্ট বলেন—যথার্থ জ্ঞান এবং সাবিক ও অপরিহার্য সত্য মনের মধ্যে দহজাত ও প্রকৃতিগতরূপে নিহিত থাকে। এই সকল সত্যের ধারণা এত স্কুম্পন্ত ও প্রাঞ্জল যে, এগুলি স্বরূপত, স্বতঃসিদ্ধ, স্কুতরাং এগুলি সহজাত ও অভিন্তুতা-পূর্ব, ইই সকল সহজাত ধারণার তুলনায় অভিন্তুতা-লব্ধ জাগতিক বস্তু বা ঘটনা ম্পেকীয় আগন্তুক ও কুত্রিম ধারণাসমূহ নিতান্তঃ অম্পাই, সন্দেহনূলক ও অসক্ষতিপূর্ণঃ। প্রত্যেক মান্ত্রের মনেই প্রজ্ঞার স্বাভাবিক আলোক (Natural Light of Reason) সহজাতরূপে বিভ্যমান; এই আলোকেই স্বতঃসিদ্ধ সত্য ও যথার্থ জ্ঞান স্ম্পেইররপে উপলব্ধি করা যায়। প্রজ্ঞার আলোকে যাহা স্কুম্প্ট ও স্বচ্ছরূপে প্রভাক্ত করা যায় তাহাই সত্য।

কিন্ত অভিজ্ঞতাবাদী দার্শনিকগণ একমাত্র সংবেদনভিত্তিক জ্ঞান স্বীকার বরেন বলিল্লা তাঁহাদের নিকট কোন জ্ঞানই সন্দেহাতীত নহে; আবস্থিক ও অপবিগাৰ্থ সভা বলিয়া কিছু নাই, যদি থাকেও, বাস্তব জগতের সহিত উহার কোন সাক্ষাৎ সম্পর্ক নাই। অভিজ্ঞতাবাদের প্রধান পুবোহিত জন লক বৃদ্ধিবাদী দার্শনিকদেব স্বীক্ষত সহজাত ধারণাবাদ (theory of innate ideas) খণ্ডন কবিয়া বলেন—যাবতীয় জান অভিজ্ঞতালক; মাহ্রুষ যখন জন্মগ্রহণ করে তখন সে কোনকাপ জন্মগত ধাবণা লইয়া আদে না, তাহাব মন সাদা বা অলিথিত কাগজ tabula rasa বা শৃত্ত কক্ষের (empty cabinet) তায় সম্পূর্ণ শৃত্তগর্ত। যখন সে ইন্দ্রিং-অভিজ্ঞতার মাধ্যমে বাস্তব জগতের সম্মুখীন হয়, তখন জগং হইতে তাহাব ইন্দ্রেশ্ব দিয়া তাহাব মনে বিভিন্ন সংবেদনেব হাই হয় এবং বিভিন্ন ছাগ আম্বান গড়ে। সংবেদনেব ছাপই হইন ধাবতীয় ধাবণা ও জ্ঞানের ভিত্তি। সংবেদন ও গ্রুদর্শন হইল অভিজ্ঞতার তুইটি শাখা— এই তুইটি শাখার মাধ্যমে মন যখাক্রনে বহির্জিগং ও মান্দিক অবস্থাব পরিচয় লাভ করে। কিন্তু যে কোন পথ দিয়াই বাবণা মনে প্রবেশ কছক না কেন, মন ধারণা সংগ্রহের ব্যাপারে নিক্ষিয় থাকে।

বুদ্ধিবাদী দাৰ্শনিকগণ অভিজ্ঞতাবাদেব বিরোধিতা করিয়া বলেন যে, অভিক্ষতাৰ পূৰ্বে মান্তুষের মন একেবারে শূল্য থাকে না ; এমন কতকগুলি মতঃসিদ্ধ ও অনথীকাৰ্ব মৌলিক প্ৰত্যয় বা ধারণা আছে যাহা মানুষের ইন্দ্রিয়-অভি≌তার পূর্ব হইতেই তাহার মনে নিহিত থাকে, এগুলি সহজাত ও প্রকৃতিগত; এগুলি প্রতাক্ষপূর্ব (a priori), এগুলি প্রত্যক্ষ-পর বা প্রত্যক্ষ-জাত (a posteriori) নহে। মন বা বৃদ্ধির মধ্যে চিন্তার এমন কতকগুলি মে)লিক নিয়ম আছে (যথা দেশ, কাল, কার্য-কারণ সম্পর্ক ইত্যাদি)—যাহা অভিঞ্নতালন্ধ নহে, বরং পূর্ব হইতে স্বীকৃত। এই সহজাত প্রতায় ও সতাগুলিকে পূর্ব হইতে স্বীকার না করিলে ক্কোন কিছুর প্রত্যক্ষ-অভিক্সতাই সম্ভব নহে। "যেমন কোন জড়দ্রব্য প্রত্যক্ষ করিতে হইলে ভূাহাকে দেশ ও কালে (space and time) অবস্থিত বালয়া জানিতেই হইবে। এরপ প্রভায় বা সভ্যের জ্ঞান প্রভাক্ষ ধারা উধুদ্ধ হইতে পারে, কিন্তু উহা প্রত্যক্ষ-জাত অর্থাৎ প্রত্যক্ষ হইতে উৎপন্ন নহে। অতএব 'যাহা পূর্বে আমাদের সংবেদনে পাওয়া যায় নাই, তাহা আমাদের বৃদ্ধি বা প্রজাতেও পাওয়া যাইবে না'—প্রত্যক্ষবাদীর এই উক্তি খণ্ডন করিয়া (বুদ্ধিবাদী) লাইব্নিজ (Leibniz) বলিয়াছেন—'এ কথা বৃদ্ধি বা প্ৰক্ৰা ব্যভীত অন্ত বিষয়ে প্রযোজ্য।' এখন কোন কোন প্রভায় বা সভ্য যদি বৃদ্ধি বা প্রজ্ঞার প্রকৃতিগভ

হয়, তবে সেগুলি বৃদ্ধি বা প্রজ্ঞার প্রকৃতি হইতেই উদ্ধৃত হইবে। প্রত্যক্ষ সেগুলির উদ্বোধনের সহকারী কারণ হইতে পারে, কিন্তু সেগুলির উদ্ভবের কাবণ নহে।" (ড: সতীশচক্র চট্টোপাধ্যায় প্রণীত 'ভারতীয় ও পাশ্চাত্ত্য দর্শন')

দার্শনিক জানের পদ্ধতির বিষয়েও অভিজ্ঞতাবাদ ও বৃদ্ধিবাদের মধ্যে মৌলিক পার্থক্য লক্ষিত হয়। বেকন (Bacon) অভিজ্ঞতাবাদেব একটি স্থসংহত রূপ দান করিবাব উদ্দেশ্যে বলেন—মনকে সংস্কারমূক্ত রাখিয়া একমাত্র প্রত্যক্ষ ও পর্যবেক্ষণকে ভিত্তি করিয়া আরোহ-পদ্ধতির (inductive method) সাহায্যে জগতেব জ্ঞান লাভ করিতে হইবে। তাঁহার মতে, প্রাক্কতিক নিয়মের আবিষ্কারের পক্ষে পর্যবেক্ষণ ও অপ্রাসঙ্গিক ব্যাপার পরিহার—এই তুইটি প্রক্রিয়াই যথেষ্ট। অভিজ্ঞতাবাদী দার্শনিক জন লক বলেন—সংবেদনের মাধ্যমে সংগৃহীত ধারণাগুলিকে পরম্পর তুলনা ও সংযুক্ত করিয়া মন জটিল ধারণা গঠন করে এবং আবোহমূলক সামান্তীকরণ (inductive generalization) প্রক্রিয়ার সাহায্যে বিশেষ ধারণা হইতে সাধারণ ও অমুর্ত ধারণায় উপনীত হয় ! স্থতরাং অভিজ্ঞতাবাদে গৃহীত পদ্ধতি হইল আরোহপদ্ধতি (inductive method)। অপবপক্ষে, বৃদ্ধিবাদে গৃহীত শদ্ধতি হইল অবরোহ-পদ্ধতি (deductive method)। বৃদ্ধিবাদীরা বলেন—বৃদ্ধি হইতে উড়ত মৌলিক ও স্বতঃসিদ্ধ সাধারণ ধারণা হইতে গাণিতিক অবরোহ-পদ্ধতিতে (through mathematical deduction) বিশ্লেষণের মাধ্যমে সকল প্রকার জ্ঞান ও সত্য লাভ করা যায়। বুদ্ধিবাদী ডেকার্ট তাঁহার দর্শনে গাণিতিক পদ্ধতি অমুসরণ করিয়া দেখাইয়াছেন যে, গণিতে যেমন কতকগুলি স্বতঃসিদ্ধ মূল স্বত্ত হইতে অবরোহ-পদ্ধতিতে সিদ্ধান্ত নিঃস্ত হয় তেমনই দর্শনেও কতকগুলি স্বতঃসিদ্ধ ও মৌলিক সহজাত ধারণা হইতে গাণিতিক প্রক্রিয়ার ক্যায় অবরোহ-পদ্ধতি অমুসারে অনিবার্যভাবে ঈশ্বর ও জগতের অন্তিত্ব সম্বন্ধে স্থনিশ্চিত ও যথার্থ জ্ঞান লাভ করা যায়। তাঁহার মতে, ইন্দ্রিয়-অভিজ্ঞতার সাহায্যে যে সকল আগম্ভক ধারণা আমাদের মনে প্রবেশ করে সেগুলি শ্বতঃসিদ্ধ সহজ্ঞাত ধারণা দ্বারা সমর্থিত হইলে বিশুদ্ধতা ও যথার্থতা লাভ করে! কাজেই বৃদ্ধিবাদীদের মতে স্বতঃসিদ্ধ ও স্বাভাবিক প্রজ্ঞার আলোকে প্রাপ্ত সাধারণ ধারণাগুলি উৎক্কট আর নিছক ইন্দ্রিয়লক ধারণাগুলি নিক্কট। স্থতরাং চরমপন্থী বুদ্ধিবাদীদের মতে, ইন্দ্রিয়-প্রত্যক্ষণের মধ্যেও বুদ্ধির ক্রিয়া অস্ততঃ অস্পষ্টভাবে বিভ্যমান এবং বন্ধ বা ঘটনা-সম্পর্কীয় সভ্যগুলি যুক্তিমূলক সভ্যের অধীনস্থ এবং

প্রজ্ঞার আলোকে বিচার্য। অপরপক্ষে, চরমপদ্বী অভিজ্ঞতাবাদীদের মতে বিশুদ্ধ যুক্তিমূলক সত্য বলিয়া বাস্তবিক কিছু নাই, ইহা মূলতঃ ইন্দ্রিয়-অভিজ্ঞতা ভিত্তিক বস্তু-সম্পর্কীয় সত্য মাত্র। এই প্রসঙ্গে অভিজ্ঞতাবাদী J. S. Mill বলেন—যে সকল সত্যকে বৃদ্ধিবাদী Leibniz যুক্তিমূলক সত্য বলিয়া খীকার করিয়াছিলেন সেগুলি বাস্তবিকপক্ষে অভিজ্ঞতাভিত্তিক সামান্তীকরণ ছাড়া আব কিছুই নহে।

অধিকন্ত, জগতের বাস্তবভা সন্ধন্ধে বুদ্ধিবাদী ও অভিজ্ঞতাবাদী দার্শনিকদের মতবাদের এই পার্থক্য যে, বৃদ্ধিবাদীগণ ইন্দ্রিয়াতীত নিত্য, সনাতন ও অপবিবর্তনীয় সন্তাকেই দ্রব্যক্তেপ স্বীকাব করেন না। উদাহরণস্বরূপ, মহামতি প্লেটো বৃদ্ধিবাদী দার্শনিক হিসাবে ইন্দ্রিয়গ্রাহ্ম জগতের মৌলিক অভিষ্ণ স্বীকাব করেন নাই। তাহাব মতে বৃদ্ধিলন্ধ ভাব ও আদর্শগত জগৎই একমাত্র সত্য। ইন্দ্রিয়গ্রাহ্ম এই জড়জগৎ সেই পরম জগতেব প্রতিচ্ছবি ও আভাস। বৃদ্ধিবাদী স্পিনোজাও অন্ধর্মপভাবে বলেন—ঈশ্বরই একমাত্র পরম দ্রব্য; আর জগতেব যে বহুত্ম ও পরিবর্তনশীলতা আমবা লক্ষ্য করি তাহাদের কোন পরম সত্যতা নাই। পক্ষান্তবে, অভিজ্ঞতাবাদীগণ ইন্দ্রিয়-অভিজ্ঞতাসাপেক্ষ পরিবর্তনশীল দৃশ্যমান জগৎকেই বাস্তব বলিয়া মনে করেন। যে তত্ত্ববিদ্যা বৃদ্ধিবাদী দার্শনিকগণ স্বীকার করেন তাহা অধিকাংশ অভিজ্ঞতাবাদী দার্শনিক অনিশ্যুতা ও ভ্রাম্ভির অনিবার্য উৎস হিসাবে গণ্য করিয়া প্রত্যাখ্যান করিয়াছেন।

পরিশেষে প্রখ্যাত জার্মান দার্শনিক কান্টের (Kant) বিচারবাদের দৃষ্টিকোপ হইতে আমরা অভিজ্ঞতাবাদ ও বুদ্ধিবাদের মধ্যে পার্থক্য উপলব্ধি করিতে পারি। অভিজ্ঞতাবাদীগণ ভূলক্রমে ইন্দ্রিয়-সংবেদন ও ইন্দ্রিয়-অভিজ্ঞতা—এই হুইটিকে এক ও অভিন্ন মনে করেন। কিন্তু ইন্দ্রিয়-সংবেদন হইল জ্ঞানের উপাদানমাত্র আর ইন্দ্রিয়-অভিজ্ঞতা হইল স্বয়ং জ্ঞান, কারণ ইন্দ্রিয়-অভিজ্ঞতা ক্লেত্রে ঐন্দ্রিকিতা ও বৃদ্ধি—উভয়েরই অবদান আছে অর্থাৎ যখন দংবেদনসমূহ দেশ ও কালের আকারে সজ্জিত হইয়া কতকগুলি পূর্বতঃসিদ্ধ বৌদ্ধিক আকার বারা সেগুলি স্থসংগঠিত ও স্থবিক্তত্ত হয় তখনই গাই আমরা ইন্দ্রিয়-মভিজ্ঞতা (বাহা জ্ঞানের সামিল)। বাস্তবিক, অভিজ্ঞতাবাদীগণ আনের ইন্দ্রিয়ন ব্যাপারে একমাত্র সংবেদনের উপর গুরুত্ব আরোপ করেন, কিন্তু সংবেদন

জ্ঞানেব উপাদান মাত্র, স্বয়ং জ্ঞান নহে। অপবপক্ষে, বুদ্ধিবাদীগণ বৌদ্ধিক প্রত্যম্ম বা ধাবণাব উপর গুরুত্ব আরোপ করেন কিন্তু বৌদ্ধিক প্রত্যয়গুলি জ্ঞানেব **আকাবমাত্র, স্বয়**° জ্ঞান নতে। বাস্তবিক, ঐন্দ্রিয়কতা-লব্ধ উপাদান এবং বৃদ্ধি লব্ধ মৌলিক প্রত্যয়ব্বপ আকাবপ্রকাব—উভয়েব সংযোগে জ্ঞান গঠিত হয। জ্ঞান উৎপন্ন হয় তুইটি উৎসেব সংযোগে, সেই তুইটি উৎস হইল—(১) ঐক্রিযিকতা (sensibility) এবং (২) বৃদ্ধি (understanding)। ঐক্রিয়িকতাব মাধ্যমে আভাসিক জগতেৰ তথ্যাদি গ্ৰহণ কৰা হয় আৰু বুদ্ধিৰ মান্যমে ঐক্ৰিয়িক তথ্যগুলি চিন্তনীয় হয়। প্রত্যক্ষলক ঐদ্রিয়ক তথ্যকে বাদ দিলে বৃদ্ধিক বাবলাগুলি হয শৃত্যগৰ্ভ আব বৌদ্ধিক বাবণাগুলিকে বাদ দিলে প্ৰত্যক্ষলব্ধ সংবেদনগুলি হইষা পড়ে আর। ইন্দ্রি-প্রত্যক্ষ জ্ঞানে নতন নতন তথ্য দেতে পাবে এবং জ্ঞানেব প্রসাব ও অগ্রগতি সাবন কবিতে পারে, কিন্তু সর্বগ্রাহ্য ও অবশ্রস্থীকায় সত্যাদান কবি.ত পাবে না , অপবপক্ষে, বুদ্ধি বা প্রজ্ঞা হইতে যে প্রত্যয়রূপ আকাবপ্রকাব পাওয়া যায় তাহা সর্ব গ্রাহ্ম ও অবশ্রস্থীকার্য বটে, কিন্তু জ্ঞানের প্রসাব সাধন কবিতে পাবে না। কাণ্টেৰ মতে, যথাৰ্থ জ্ঞানেৰ পক্ষে সৰ্ব জনীনতা ও অবশ্যস্তা বিতাৰ বৈশিষ্ট্য যেমন আবিশ্বক তেমনই জ্ঞানেব অগ্রগতি ও প্রসারতাও আবিশ্বক, স্বতবাং অভিজ্ঞতাবাদ ও বুদ্ধিবাদ -- উভয়ই আপন আপন ক্ষেত্রে একদেশদশী।

প্রভিজ্ঞতাবাদের বিশদ বিবরণ (Detailed Account of Empiricism)

অভিজ্ঞতাবাদ জ্ঞানোংপত্তি বিষয়ক একটি মতবাদ। এই মতবাদ অনুসাবে যাবতীয় ধারণা ও জ্ঞান অভিজ্ঞতালর। ইন্দ্রিয়-প্রত্যক্ষ অর্থাৎ সংবেদন ও অন্ধৃত্তি জ্ঞানেব একমাত্র উৎস। ইন্দ্রিয়-অভিজ্ঞতা ব্যতীত জ্ঞান লাভেব অন্থ কোন পথ বা উপায় নাই। অভিজ্ঞতাবাদীগণ অভিজ্ঞতা-পূর্ব সহজাত ও প্রক্ষৃতিগত কোন মোলিক ও স্বতঃসিদ্ধ ধাবণাব (a priori innate ideas) অভিত্ব স্বীকার করেন না। কাজেই কোন জ্ঞানই অভিজ্ঞতার পূর্বে আমাদের মনে নিহিত থাকে না। কাজেই কোন জ্ঞানই অভিজ্ঞতার পূর্বে আমাদের মনে নিহিত থাকে না। সকল প্রকাব জ্ঞান একমাত্র প্রভ্যুক্ষ বা পর্যবেক্ষণের মাধ্যমে অর্জিত হইয়া থাকে। ইন্দ্রিয়-সংবেদনেব (Sensation) মাধ্যমে আমরা বহির্জগতের গুল ও নিয়মাবলী অবগত হই এবং অস্তদর্শনের (reflection) মাধ্যমে নিজের মানসিক অবস্থাসমূহের পরিচয় পাই। প্রথমতঃ আমরা ইন্দ্রিয়-প্রত্যক্ষের সাহায়ে

বস্তু^ৰেশ্যেব সহজ ধাবণা (simple ideas) নিশ্বিয়ভাবে গহণ কবি, **তাবণর** সক্রিয়ভাবে সহজ ধাবণাগুলিকে প্রস্পাব তুলনা কবিয়া ও উহাদেব সংযোগ সাধন কবিষ্ণ ভটিল বাবণাগুলিকে complex ideas) গঠন কবি। বৃদ্ধিবাদীগণ যে সকল শমূত সাধাৰণ ধাৰণা বা ৴ ত্যায়কে অভিজ্ঞতা-পূৰ্ব বুদ্ধি বা যুক্তি-লব্ধ বুলিয়া মনে ক'লে অভিজ্ঞাবাদীবা বলেন যে, এই তথাক্থিত মৌলিক সাবারণ স্তাসমূহ বস্ততঃ প্রত্র ও পর্যবেক্ষণের সাহায্যে আবোহমূলক সামান্তীকরণ প্রতিশায inductive generalisation) পাভ বৰা হয়। এক কথায়, প্রভ্যক্ষ-অভিজ্ঞতাই হইল যাবভীয় জ্ঞানের একমাত্র পথ—ইহাই **অভিজ্ঞতাবাদের মূল বক্তব্য**। অভিজ্ঞতাবাদীদেব মতে, সম্ভাব্য ইন্দ্রিয়-অভিজ্ঞতাব সীমান মনোই সম্ভান্য জ্ঞান সীমিত, এজন্ত মাহুষেব জ্ঞান সাবি · মনাতন ও প্রনিশ্চিত হইতে পাবে না, যাবতীয় জ্ঞা<mark>নই সন্তা</mark>ব্য । তাঁহাল আৰও বলেন—মাৰ্খাক ও অপবিহাৰ্য সত্য বলিয়া কিছু নাই, যদি থাকেও, বাস্তব জগতেত সহিত উহাব কোন সাক্ষাৎ সম্পর্ক নাই। যাহাকে বিশুদ্ধ যুক্তিমূলক সত্য বলা হয় তাহাও মূলতঃ ইন্দ্রিয়-অভিজ্ঞতা-ভিত্তিক বস্তু-সম্পর্কীয় সত্য মাত্র। প্রিশেষে, অভিজ্ঞতাবাদীগণ ইন্দ্রিয়-অভিজ্ঞতা-সাপেক্ষ পবিবর্তনশীল দুশুমান জগৎকেই বাস্তব বলিয়া মনে কবেন। যে তত্ত্ববিভা বু'দ্ধবাদী দার্শনিকগণ স্বীকাব কবেন তাহা অধিকাংশ অভিজ্ঞতাবাদী দার্শনিক অনিশ্চয়তা ও প্রান্থিব অনিবার্য উৎস হিসাবে গণ্য কবিয়া প্রত্যাখ্যান কবিয়াছেন।

অভিজ্ঞতাবাদের ইতিহাস পর্যালোচনা কবিলে দেখা যায় যে, প্রাচীন গ্রীক পবমাণুবাদীগণ (Atomists) এবং সোফিস্টগণ (Sophists) এই মতবাদের গোড়াপত্তন করেন। প্রখ্যাত সোফিস্ট প্রোটেগোরাস (Protagoras) বলেন যে, মাষ্ট্রবেব নিজ নিজ অভিজ্ঞতাই হইল সত্যাসত্য বিচাবেব মাপকাঠি; ইক্সিয়েসংবেদন ব্যতীত কোন স্নাতন সত্য নাই।

আধুনিক দর্শনের ইতিহাসে বেকন (Bacon) অভিজ্ঞতাবাদের একটি স্বসংহত রূপ দান করেন। তাঁহার মতে মনকে সংস্কারমূক্ত রাখিয়া একমাত্র প্রত্যক্ষ ও পর্যবেক্ষণকে ভিত্তি করিয়া আরোহ-পদ্ধতির সাহায্যে জ্গাতের জ্ঞান লাভ করিতে হইবে। হবস্ (Hobbes) এবং গেসেণ্ডির (Gassendi) দর্শনেও অভিজ্ঞতাবাদের স্তুই অফুস্ত হইয়াছে।

অভিজ্ঞতাবাদেব প্রধান পুবোহিত জন লক (John Locke) জ্ঞানোংপত্তি আলোচনাব ব্যাপাবে বেকনকেই অন্থসবণ কবিষাছেন। তাঁহাব অভিজ্ঞতাবাদ একদিকে অভিজ্ঞতা পূর্ব সহজাত ধাবণাব অন্তিত্ব সম্বন্ধে ডেকার্টে (Descartes) যে যুক্তি দিয়াছিলেন তাহাব তীব্র সমালোচনা কবিষা সহজাত ধারণাসমূহেব অন্তিত্ব অস্থীকাব কবেন, অপবদিকে ইন্দ্রিয়-অভিজ্ঞতাকে ভিত্তি কবিয়া সংবেদন ও অন্তর্দর্শনেব পথ দিয়া কিরপে পর্যায়ক্তমে জ্ঞান লাভ কবা যায় তাহাবই ব্যাখ্যা কবিয়াছেন। সহজাত ধাবণাবাদেব বিক্ত্পে লকেব সমালোচনা নিম্নলিথিত কপ:—

প্রথমতঃ, সহজাত ধাবণাব যদি অন্তিত্ব থাকিত, তাহা হইলে সেণ্ডলি সকলেব মনেই সমভাবে বিঅমান থাকিত , কিন্তু শিশু, নির্বোধ ও অশিক্ষিত ব্যক্তিদেব মনে কোন স্বত্যঃসিন্ধ মৌলিক ধাবণা নাই। কাজেই সহজাত ধাবণাব কোন অন্তিত্ব নাই।

দিতীয়তঃ, মনেব মধ্যে যাহাই থাকুক না কেন, আমবা অবশুই তাহা সম্বন্ধে সচেতন থাকিব। কিন্তু সহজাত ধাবণাসমূহেব অন্তিত্ব সম্বন্ধে অনেকেবই কোন চেতনা নাই, কাজেই মনের মধ্যে উহাদেব অন্তিত্ব স্বীকাব কবা যায় না।

তৃতীয়তঃ, কার্য-কাবণ-সমন্ধ, ঈশ্বব প্রভৃতিব মৌলিক ধাবণা অভিজ্ঞার পূর্বে মনে বিশ্বমান থাকে না, এগুলি মানুষেব শিক্ষা ও অভিজ্ঞতা দ্বাবা অর্ক্তি হয়। যে সকল ধাবণাকে সার্বজনীন বলা হয় সেগুলি বস্তুতঃ অভিজ্ঞতা-লব্ধ, অভিজ্ঞতা-পূর্ব নহে।

চতুর্থতঃ, ঈশ্বর বা নৈতিক নিযমসম্বনীষ ধারণা সকল যুগে এবং সকল মান্থবের মধ্যে একইন্ধপ থাকে না, ববং পবিবর্তনসাপেক্ষ, কাজেই এগুলিকে প্রক্নভপক্ষে মোলিক ও সহজাত বলা যায় না।

এইভাবে লক সহজাত ধাবণাবাদ (theory of innate ideas) থণ্ডন কবেন। তাবপর তিনি প্রমাণ কবেন যে, যাবতীয় জ্ঞান অভিজ্ঞতালন। মাস্থ্য যখন জন্মগ্রহণ কবে, তথন কোনন্দপ ধাবণা লইয়া আসে না, অর্থাৎ যখন তাহাব ইন্দ্রিয়-অভিজ্ঞতা আদে জুক হয় নাই, তখন তাহাব মন সাদা বা অলিখিত কাগজ (Tabula rasa) অথবা অন্ধকাব কক্ষ (Dark-chamber) অথবা শৃষ্ঠ কক্ষের (Empty cabinet) গ্রায় সম্পূর্ণ শৃষ্ঠার্ত। যখন সে ইন্দ্রিয়-অভিজ্ঞতার মাধ্যমে বাস্তব জগতের সম্খুধীন হয়, তখন জ্ঞাৎ হইতে তাহার ইন্দ্রিয়াব দিয়া তাহার মনে বিভিন্ন সংবেদনের স্পষ্টি হয় এবং বিভিন্ন ছাপ আসিয়া পড়ে। সংবেদনের ছাপই হইল যাবভীয় ধারণা ও জ্ঞানের ভিত্তি। সংবেদন ও অন্তর্দর্শন হইল অভিজ্ঞতার ত্ইটি শাখা, এই তুইটি শাখার মাধ্যমে মন বথাক্রমে বহির্জগৎ ও মানসিক অবস্থার পরিচয় লাভ করে। কিন্তু যে কোন পথ দিয়াই ধারণা মনে প্রবেশ করুক না কেন, মন ধারণা সংগ্রহণেব ব্যাপারে নিক্রিয় থাকে। তারপর এই সংগৃহীত ধারণাগুলিকে পরস্পর তুলনা ও সংযুক্ত করিয়া মন জটিল ধারণা গঠন করে এবং আরোহমূলক সামান্তীকরণ প্রক্রিয়ার সাহায্যে বিশেষ ধারণা হইতে সাধারণ ও অমূর্ত ধারণায় উপনীত হয়। এইভাবে লক প্রমাণ করিয়াছেন যে, মান্ত্রমের মন বা বৃদ্ধির মধ্যে এমন কিছুই থাকিতে পারে না যাহা মূলতঃ সংবেদন বা প্রত্যক্ষলক নহে ("There is nothing in the intellect which was not previously in the sense.") ইহাই হইল লকেব অভিজ্ঞতা-লক্ষ জ্ঞানবাদ (a posteriori theory of knowledge)।

কিন্তু লক অভিজ্ঞতাবাদী হইয়া ইন্দ্রিয়াতীত জড়দ্রব্য, আত্মা এবং ঈশ্বরের সন্তা স্বীকার কবিয়াছেন। বার্কলি (Berkeley) লকের অভিজ্ঞতাবাদ অমুসবণ করিয়া উহার অনিবার্য পরিণতি হিসাবে আত্মণত তাববাদ (subjective idealism) প্রতিষ্ঠা করিয়াছেন। বার্কলিব মতে, যাহা স্বরূপতঃ প্রভ্যক্ষের অগোচর অর্থাৎ যাহার প্রত্যক্ষ জ্ঞান কথনও সম্ভব নয় তাহার জ্ঞাননিরপেক্ষ কোন অন্তিম্বও নাই। যাহা সাক্ষাৎতাবে আমরা জানিতে পারি না তাহার অন্তিম্ব স্থীকার করা অর্থাক্তিক। আমরা যাহাই প্রত্যক্ষ করি তাহা আমাদের মনের ধারণামাত্র। যাহাকে আমরা বাহ্বস্ত আখ্যা দিই তাহাও বাস্তবিক আমাদের প্রত্যক্ষ জ্ঞান বা সংবেদনমাত্র। মানসিক ধারণার বহিভৃত কোন সন্তা নাই। তবে মন ছাড়া ধারণা থাকিতে পারে না, মনই হইল ধারণাসমূহের আধার। কাজেই বার্কলির মতে শুধু মন ও ইহার ধারণাসমূহের অন্তিম্ব আহ্যা হাগতিক বন্ধ মনের ধারণাবিশেষ। পরবর্তীকালে হিউম (Hume) একমাত্র ইন্দ্রিয়-অভিজ্ঞতার মধ্যে সীমাবদ্ধ থাকিয়া জ্বন্য, আত্মা ও ঈশ্বর-অভিজ্ঞতা-বহিভৃতি ধারতীয় বস্তর অন্তিম্ব অস্বীকার করিয়াছেন এবং এইভাবে সংশেরবাদে প্রতিহালা) উপনীত হইয়া চরমপন্থী অভিজ্ঞতাবাদীরূপে গণ্য

হইয়াছেন। তাঁহাব মতে, বস্তু হইল কতকগুলি গুণ-মংবেদনেব সমষ্টি, আব মন হইল চিন্তা, অন্তৰ্ভি, ইচ্ছা প্ৰভৃতি ক্ৰিয়া-প্ৰক্ৰিয়াব প্ৰবাহমাত্ৰ। মামুষেব জ্ঞান সংবেদন-লব্ধ এবং সংবেদন ও সংবেদন ভিত্তিক ধাবণাসমূহেব মব্যেই সীমাবদ্ধ। দ্বাস্তা, আত্মা, ঈশ্বব, কাবণ শক্তি প্ৰভৃতি বিষয় সংবেদনগ্ৰাহ্য নহে বলিয়া এগুলিব বাস্তব সন্তা নাই, এগুলি নিছক কল্পনামাত্ৰ। সাৰ্বিক, সনাতন ও স্থানিশ্চিত জ্ঞান ও সত্য লাভ সম্ভব নহে, যাবতীয় জ্ঞানই সম্ভাব্য--ইহাই কিউমেব সংশয়বাদেব ফুল বক্তব্য।

সমালোচনাঃ (ক) অভিজ্ঞতাবাদীবা অভিজ্ঞতা-পূর্ব সহজাত বোন ধাবণাব অস্তিত্ব স্থাকাব কবেন না। কিন্তু বাস্তবক্ষেত্রে দেখা যায় যে, মান্তবেষ মনে কতকগুলি জন্মগত সহজাত প্রবণতা ও মনোবৃত্তি নিহিত থাকে। যথন আমবা কোন জডবস্তু প্রত্যক্ষ কবি, তথন উহাকে দেশ ও কালে অবস্থিত বলিয়া মনে কবি। দেশ ও কালেব বাবণা বস্তুতঃ জন্মগত ও অভিজ্ঞতা-পূব।

দ্বিতীয়তঃ, অভিজ্ঞতাবাদ ইল্লিয-অভিজ্ঞতা-সাপেক্ষ পবিবর্তনশীল দৃশ্যমান জগৎকেই বাস্তব বলিয়া মনে কবেন। ফলে অভিজ্ঞতাবাদ দর্শনকে প্রকাশবিতাব (Phenomenology) মধ্যেই সীমিত কবিয়া বা.থ এবং তত্ব-বিতা 'metaphysics) ও মান-বিতাব (axiology) কোন সার্থকতা থাকে না। তৃতীয়তঃ, অভিজ্ঞতাবাদেব উপব দর্শন প্রতিষ্ঠিত হইলে কোন নিতা, যথার্থ ও নিশ্চযাত্মক জ্ঞানই সম্ভব হইবে না। কাবণ প্রত্যক্ষ বর্তমান দেশ ও কালে সীমাবদ্ধ। ইন্দ্রিয় প্রত্যক্ষের সাহায্যে আমবা কেবল স্থুল বস্তকেই জানিতে পাবি, ফল্ম ও আব্যাত্মিক ভত্তকে জানিতে পাবি না। বিচাব-বৃদ্ধিব উপব প্রতিষ্ঠিত অতীন্দ্রিয় ও আধ্যাত্মিক অক্সভৃতিব সাহায্যেই বস্তব অন্তর্নিহিত ফল্ম স্বরূপ পাবমার্থিক তত্ত্ব উপলব্ধি কবা সম্ভব। বাস্তবিক, মানুষ পবমতত্ত্বকে বাদ দিয়া কোন চিন্তাই যথাযথভাবে করিতে পারে না। 'নিশ্চিত জ্ঞান অসম্ভব'—এই বচনটি বিশ্লেষণ কবিলেই দেখা যায় যে, অভিজ্ঞতাবাদীদের অস্বীকৃতির পশ্চাতে জ্ঞানের সম্ভাবনা স্বীকৃত হইয়াছে। কারণ জ্ঞান অসম্ভব—ইহাও একটি জ্ঞান।

চতুর্থত:, অভিজ্ঞতাবাদীগণ ভূলক্রমে ইন্দ্রিয়-সংবেদন ও ইন্দ্রিয়-অভিজ্ঞতা—
এই ঘূইটিকে এক ও অভিন্ন মনে করেন। কিন্তু ইন্দ্রিয়-সংবেদন হইল জ্ঞানের
উপাদানমাত্র আর ইন্দ্রিয়-অভিজ্ঞতা হইল স্বয়ং জ্ঞান, কাবণ ইন্দ্রিয়-অভিজ্ঞতার
স্ক্রে ঐক্রিয়িকতা ও বৃদ্ধি—উভয়েরই অবদান আছে অর্থাৎ যথন সংবেদনসমূহ

দেশ ও কালের আকারে সজ্জিত হইয়া কতকগুলি পূর্বতঃসিদ্ধ বৌদ্ধিক আকার দ্বারা সেগুলি স্থাংগঠিত ও স্থবিশুন্ত হয় তথনই পাই আমরা ইন্দ্রিয়-অভিজ্ঞতা (যাহা জ্ঞানের সামিল)। বাস্তবিক, অভিজ্ঞতাবাদীগণ জ্ঞানের উৎপত্তির ব্যাপারে একমাত্র সংবেদনের উপর শুক্ত আরোপ করেন, কিন্তু সংবেদন জ্ঞানের উপাদান মাত্র, স্বয়ং ক্লান নহে।

পঞ্মতঃ, ইন্দ্রি-প্রত্যক্ষ জ্ঞানের নৃতন নৃতন তথ্য দান করিতে পারে এবং জ্ঞানের প্রসাব ও অগ্রগতি সাধন করিতে পারে, কিন্তু সর্বগ্রাহ্য ও অবশ্ব-স্বীকার্য দান কবিতে পাবে না। স্কৃতবাং সভিজ্ঞতাবাদ একদেশদর্শী।

ষষ্ঠতঃ, অভিজ্ঞতাবাদীরা বুলেন – মন নিজ্ঞিয়ভাবে সংবেদন গ্রহণ করে। ইহা মনোবিজ্ঞানসম্মত নহে।

অভিজ্ঞতাবাদ সম্বন্ধে জন হসপার্সের মন্তব্য:

অনেক সময় ইন্দ্রিয় অভিজ্ঞতায় ভ্রান্ত প্রত্যক্ষণ ও অমূল প্রত্যক্ষণ ঘটিতে পারে; এই কারণে অনেকে বলিতে পারেন যে, ইন্দ্রিয়-অভিজ্ঞতা জ্ঞানের নির্ভর যোগ্য উংস নহে। ইহাব উত্তবে অভিজ্ঞতাবাদীরা বলিবেন যে, ভ্রাস্ত **জ্ঞানের** জग्र हेलिय मः त्वनन नायौ नरह ; आभारनत अवधात्रावत क्वि दिलु बान्नि घटि। অধিকস্ক, প্রত্যঙ্গ-জনিত যে সকল ভ্রান্তি ঘটে সেগুলি একমাত্র ইন্দ্রিয়-অভিজ্ঞতার মাধ্যমেই জানা যায় ও সংশোধিত হয়। আবার, ইন্দ্রিয়-সংবেদনকে ভিত্তি করিয়া যে জ্ঞান বা অমুভৃতি হয় তাহা কখনও কখনও অয়ধার্থ হইলেও দৈহিক সংবেদন হেতু আমার যে বর্তমান অভিজ্ঞতা হয় তাহা কিন্তু অন্ত্রাস্ত। যখন আমি মাথায় ব্যথা অমুভব করি তখন আমার এই অভিজ্ঞতার সহিত আমার সাক্ষাৎ পরিচিতি ঘটে। এক্ষেত্রে বিভ্রান্তির কোন অবকাশ নাই। কিছ যখন আমি মনে করি—বর্তমান শীতের গ্রায় আগামী বৎসরও তীব্র শীত হইবে— এই উক্তির যাথার্থ্যের কোন নিশ্চয়তা বর্তমান অভিজ্ঞতা হইতে পাওয়া যায় ন।। হুতরাং বর্তমান অভিজ্ঞতা সঠিক ভবিয়ুৎবাণীর তথা ভবিয়ুৎ ঘটনার জ্ঞানের নির্ভরযোগ্য উৎস হইতে পারে না। একমাত্র ইন্দ্রিয়-অভিজ্ঞতার উপর বদি নির্ভর করিতে চাই ভাহা হইলে আগামী শীতকালের জন্ম আমাকে অপেকা করিয়া থাকিতে হইবে—তৎকালীন শীভের সাক্ষাৎ অমুভূতির জম্ভ। জামার বুর্তমান অমৃভৃতি সম্বন্ধে উক্তি আগামী শীতকালের আবহাওয়া সম্বন্ধে উক্তি

হইতে পৃথক। অহুভৃতি-প্রস্ত প্রতীতি জ্ঞানের নিশ্চয়তা দিতে পারে না, ইহা নিছক বিশ্বাস, কিন্তু জ্ঞান নহে,

वृषिवादमत्र विभक्ष विवत्रश

(Detailed Account of Rationalism)

বৃদ্ধিবাদ বা প্রজ্ঞাবাদ জ্ঞানোৎপত্তি-বিষয়ক একটি মতবাদ। এই মতবাদ

স্ক্রম্পারে একমাত্র বৃদ্ধি বা প্রজ্ঞার সাহায্যেই শাশ্বত ও সনাতন সর্বজনগ্রাহ্ ও

নিশ্যয়াত্মক জ্ঞানলাত সম্ভব। ইন্দ্রিয়-প্রত্যক্ষের মাধ্যমে যে জ্ঞান লাভ করা যায়

তাহাতে বস্তুর অন্তর্নিহিত স্বরূপ সম্বন্ধে কোন যথার্থ পরিচয় পাওয়া সম্ভব নহে।

যথার্থ জ্ঞান ও সাধারণ সত্য মনের মধ্যে সহজাত ও প্রকৃতিগতকপে নিহিত থাকে।

ইহা অভিজ্ঞতা-লব্ধ নহে, অভিজ্ঞতা-পূর্ব। মন বৃদ্ধি বা প্রজ্ঞাব সাহায্যে সক্রিয়ভাবে নিজ্রের সহজাত অন্তব-ধাবণা হইতে যথার্থ ও স্থনিশ্চিত জ্ঞান উৎপন্ধ করে।

वृक्षिताम অভিজ্ঞতাবাদের বিবোধী মতবাদ অভিজ্ঞতাবাদীরা বলেন যে, ইন্দ্রিয়-প্রত্যক্ষ জ্ঞানলাভেব একমাত্র উপায়; মন একমাত্র ইন্দ্রিয় অভিজ্ঞতার মাধ্যমে অর্থাৎ প্রত্যক্ষ ও পর্যবেক্ষণের সাহায্যে নিষ্ফ্রিয়ভাবে বহির্জগৎ হইতে সংবেদন সংগ্রহ করে; সকল প্রকাব ধারণা ও জ্ঞান ইন্দ্রিয়-অভিজ্ঞভাকে ভিত্তি করিয়াই অজিত হয়। ইন্দ্রিয়-অভিজ্ঞতা ব্যতীত জ্ঞান লাভেব অক্ত কোন পথ বা উপায় নাই। অভিজ্ঞতাবাদীগণ অভিজ্ঞতা-পূর্ব সহজাত ও প্রকৃতিগত কোন-মৌলিক ও স্বত:সিদ্ধ ধারণার (a priori innate ideas) অন্তিত্ব স্বীকার করেন না। কাজেই উহিাদের মতে কোন ধারণা বা জ্ঞানই অভিজ্ঞতার পূর্বে মাহুবের মনে নিহিত থাকে না। মাহুষ যথন জন্মগ্রহণ করে, তথন তাহার মন সাদা অলিখিত কাগজ বা শৃত্য কক্ষের তায় সম্পূর্ণ শৃত্তগর্ভ। যধন সে ইন্দ্রির-অভিজ্ঞতার মাধ্যমে বাস্তব জগতের সমুখীন হয়, তখন জগৎ হইতে তাহার ইন্দ্রিয়-খার দিয়া তাহার মনে বিভিন্ন সংবেদনের স্ঠাই হয় এবং বিভিন্ন ছাপ আসিয়া পড়ে। সংবেদনের ছাপই হইল যাবভীয় ধারণা ও জানের ভিত্তি। অভিজ্ঞতাবাদের প্রধান বক্তব্য হইল যে, মাফুষের মন বা ৰুদ্ধির মধ্যে এমন কিছুই থাকিতে পারে না বাহা মূলত: সংবেদন বা প্রভাক্ষণক মতে। বৃদ্ধিবাদীরা অভিজ্ঞতাবাদের বিরোধিতা করিয়া বশেন যে অভিজ্ঞতার পূর্বে মান্তবের মন একেবারে শৃক্ত থাকে না ; এমন কতকণ্ডলি বভাগিক 📽 স্পর্ক-

শীকার্য মৌলিক প্রভায় বা ধারণা আছে যাহা মামুদের ইব্রিয়-অভিজ্ঞভার পূর্ব হইতেই তাহার মনে নিহিত থাকে ; এগুলি সহজাত ও প্রকৃতিগত ; এগুলি প্রত্যক্ষ-পূর্ব (a priori) ; এগুলি প্রত্যক্ষ পর বা প্রত্যক্ষ-কাত a posteriori) নহে। মন বা বৃদ্ধির মধ্যে চিন্তার এমন কতকগুলি মৌলিক নিয়ম আছে (যথা— দেশ, কাল, কার্য-কারণ-সম্পর্ক ইত্যাদি) যাহা অভিজ্ঞতা-লব্ধ নহে, বরং পূর্ব হইতে স্বীক্ষত। এই সহজাত প্রত্যয় ও সত্যগুলিকে পূর্ব হইতে স্বীকার না করিলে কোন কিছুর প্রত্যক্ষ-অভিজ্ঞতাই সম্ভব নহে। "যেমন, কোন ষড়প্ৰব্য প্ৰভাক্ষ কবিতে হইলে তাহাকে দেশ ও কালে (space and time) অবস্থিত বলিয়া জানিতেই হইবে। এরূপ প্রত্যয় বা সত্যের জ্ঞান প্রত্যক্ষ ধারা উৰুদ্ধ হইতে পাবে, কিন্ধ উহ' প্ৰভ্যক্ষণাত অৰ্থাৎ প্ৰভ্যক্ষ হইতে উৎপন্ন নহে। অতএব খাহা পূর্বে আমাদের সংবেদনে পাওয়া যায় নাই, তাহা আমাদের বৃদ্ধি বা প্রজ্ঞাতেও পাওয়া যাইবে না', প্রত্যক্ষবাদীর এই উক্তি খণ্ডন করিরা লাইব্,নিজ বলিয়াছেন 'এ কথা বৃদ্ধি বা প্ৰজা ব্যতীত অন্ত বিষয়ে প্ৰযোজ্য'। এখন কোন কোন প্রভায় বা সভ্য যদি বৃদ্ধি বা প্রজার প্রকৃতিগত হয়, তবে সেগুলি বৃদ্ধি বা প্রজ্ঞার প্রকৃতি হইতেই উদ্ভূত হইবে। প্রত্যক্ষ সেগুলির উদ্বোধনের সহকারী কারণ হইতে পারে, কিন্তু সেগুলি উদ্ভবের কারণ নহে।" (ভ: সভীশচদ্র চট্টোপাধ্যায় প্রণীত 'ভারতীয় ও পাশ্চান্ত্য দর্শন')। 'বুদ্ধিবাদীরা আরও বলেন যে, বৃদ্ধি হইতে উছুত মৌলিক ও স্বত:সিদ্ধ সাধারণ ধারণা হইতে গাণিডিক অবরোহ-পদ্ধতিতে (through mathematical deduction) বিশ্লেষণের মাধ্যমে সকল প্রকার জ্ঞান ও সত্য লাভ করা যায়। বৃদ্ধি-জাত জ্ঞান নিশ্চিত ও শাখত, অবশ্য-দ্বীকার্য ও সর্বত্র সভা। ইন্দ্রিয়-প্রভাক্ষের সাহায্যে যে জ্ঞান লাভ হয় তাহা দেশ ও কালে সীমাবদ্ধ বলিয়া সাৰ্বজনীন ও সন্দেহাতীত হয় না। অধিকন্ধ ইন্দ্রিয়-প্রত্যক্ষ কোন বন্ধর অন্তর্নিহিত স্বরূপ উদ্ঘাটিত করিতে পারে না বলিয়া পারমার্থিক তত্ত্বের যথার্থ জ্ঞান দিতে পারে না। পিক্ষাস্তরে, বৃদ্ধি বা প্রজ্ঞাব্ধ সাহাব্যে আমরা তত্ত্জান লাভ করিতে সক্ষম হই অর্থাৎ আমাদের আত্মা উহার সহজাত ও স্বাভাবিক ক্ষমতা বৃদ্ধির সাহাব্যেই বস্তুর অস্তর্নিহিত স্বরূপ সম্বন্ধে সম্পূর্ণ कान नाक कतिष्ठ भारत । हेशहे हहेन त्रितारमत मून तकता । व्वितामीशन ব্দারও বলেন—বুদ্দি বা প্রজ্ঞার ঘারাই আমরা যুক্তিমূলক সভ্য (truths of reason) উপলব্ধি করিতে সক্ষম হই ; এরপ সত্য ইন্সিয়-অভিজ্ঞতা-ভিত্তিক বন্ধ-

সম্পর্কীয় সত্য (truths of facts অপেক্ষা অনেক শ্রেষ, কেননা যুক্তিমূলক সত। কেবল সত্যই নহে, ইহা আবিছিকভাবে ও অপরিহার্যরূপে সত্য। প্রত্যেক মাহ্যেবে মনেই প্রজ্ঞার স্বাভাবিক আলোক (Natural Light of Reason) সহজাতরূপে বিছমান, এই আলোকেই স্বতঃসিদ্ধ সত্য ও যথার্থ জ্ঞান স্কুস্পষ্টরূপে উপলব্ধি করা যায়। প্রজ্ঞার আলোকে যাহা স্কুস্পষ্ট ও স্কুছেরে:প প্রভ্রুক্ষ করা যায় ভাহাই সত্য। চরমপন্থী বৃদ্ধিবাদীদেব মতে, ইন্দ্রির-প্রভ্রুক্ষ পব মধ্যেও বৃদ্ধির জিয়া অস্ততঃ অস্পষ্টভাবে তিছমান এবং বস্তু বা ঘটনা-সম্পর্কীয় সত্যপ্তিলি যুক্তি-মূলক সত্যের অধীনস্থ এবং প্রজ্ঞার আলোকে বিচার্য।

পাশ্চান্তা দর্শনের ইতিহাস পর্যাশোচনা করিলে দেখা যায় য়ে, প্রাচীন গ্রীক দার্শানক সক্রেটিস ও তাঁহার শিশ্ব প্লেটো স্বস্পষ্টভাবে বৃদ্ধিবাদের প্রবর্তন করেন। সোকিস্টদের অভিজ্ঞতাবাদ শগুন করিয়া সক্রেটিস প্রমাণ করেন য়ে, ষথার্থ জ্ঞান লাভের উপায় হইল একমাত্র বৃদ্ধি, ইন্দ্রিয়-প্রত্যক্ষ নহে। একমাত্র বৃদ্ধি-লাভ সাধারণ ধারণাই প্রকৃত জ্ঞান; িশেষ বস্তুব সংবেদনকে প্রকৃতপক্ষে জ্ঞান আখ্যা দেখেয়া যায় না। প্লেটো সক্রেটিসের পদাহ অফুসরণ করিয়া বশেন যে সংবেদন ও অফুভূতির সাহায্যে আমরা যে অভিজ্ঞতা লাভ করি তাহা পরিবর্তনশীল ও অনিশ্চিত, কাজেই তাহা প্রকৃত ও বিশুদ্ধ জ্ঞান নহে; যথার্থ ও বিশুদ্ধ, নিত্য ও শাখ্রত জ্ঞান বৃদ্ধির মধ্যেই অন্তর্নিহিত থাকে, আত্মা অনস্ত জ্ঞানের আধার। আত্মা ইন্দ্রিয়-অভিজ্ঞতাব প্রভাব হইতে মৃক্ত হইয়া বিশ্বনতা লাভ করিয়া উহাব সহজাত ও স্বাভাবিক ক্ষমতা বৃদ্ধি বা প্রজ্ঞার সাহায্যে উহার মধ্যে অস্তর্নিহিত সনাতন জ্ঞানসমুদন্তকে প্রকৃতিত কবিজে পারে। প্লেটোব মতে, জ্ঞান আত্মার মধ্যে অস্তর্নিহিত পূর্বজ্ঞাত বিষয়ে শ্বরণ হাড়া আর কিছুই নহে।

বৈর্তমান যুগের বৃদ্ধিবাদী দার্শনিকদের মধ্যে ডেকার্ট, স্পিনোঞ্চাও লাইব্ নিজের
নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ডেকার্টের মতে কতকগুলি ধারণা এত প্রাঞ্জল
ও স্কল্ট যে এওলি স্বরূপতঃ স্বত.সিদ্ধ, কাতেই সহচ্চাত ও অভিজ্ঞতা-পূর্ব। এই
সকল সহজাত ধারণার তুলনার আগস্কল ও কৃত্রিম ধারণাসমূহ নিজান্ত অস্পাই,
সন্দেহমূলক ও অসংগতিপূর্ব। পূর্ণসন্তা বা অসীম ঈশ্বরের ধারণা, স্তার ও গণিত
পাল্লওদির মোলিক প্রতায়গুলি প্রভৃতি সহজাত, এওলি মহিজানাক নহে।

প্রত্যেক মাহুষেব মনে এই সাধাবন ও শতঃসিদ্ধ ধাবণাগুলি নিহিত রহিয়াছে। তাহাব জন্মব সময় ঈশ্বর তাহাব মনে এগুলি নৃত্তিত কবিয়া দিয়াছেন। ডেকার্ট তাঁহাব দর্শনে গাণিতিক পদ্ধতি অন্ধ্যবণ করিয়া দেখাইয়াছেন যে গণিতে ষেমন কতকগুলি শ্বতঃসিদ্ধ মূল স্কুত্র হইতে অববোহ পদ্ধতিতে শিদ্ধান্ত নিঃস্তত হয় তেমনই দর্শনেও বতকগুলি শ্বতঃসিদ্ধ ও মোলিক সহজাত ধাবণা হইতে গাণিতিক প্রক্রিয়ার ক্রায় অববোহ-পদ্ধতি অন্ধ্যাবে অনিবার্যভাবে ঈশ্বর ও জগতের অন্তিম্ব সম্পদ্ধে স্থনিন্দিক ও যথার্থ জ্ঞান লাভ কবা যায়। ডেকার্ট আরও বলেন যে, ইন্দ্রিয়-অভিজ্ঞতার সাহায্যে যে সকল আগন্তুক ধাবণা আমাদের মনে প্রবেশ করে সেগুলি শ্বতঃশিদ্ধ সহজাত বাবণা দ্বাবা সমর্থিত হইলে বিশুদ্ধতা ও যথার্থতা লাভ করে। কাজেই বৃদ্ধিবাদী ডেকার্ট শ্বতঃসিদ্ধ সাধাবণ বাবণাগুলিকে উৎকৃষ্ট এবং ইন্দ্রিয়লন্ধ ধাবণাগুলিকে নিকৃষ্ট বলিয়া মনে কবেন। স্পিনোক্র্যাও ডেকার্টকে অন্থ্যক্রণ কবিয়া অববোহমূলক জ্যামিতিক পদ্ধতিতে পূর্ণ ও অসীম ঈশ্ববেশসহজ্ঞাত ধাবণা হইতে সিদ্ধান্ত গ্রহণ কবিয়া জাবাত্রা ও জড়-জগৎ সম্বন্ধে প্রয়োজনীয় দার্শনিক তথ্য দান কবিয়াছেন।

ডেকাট ও স্পিনোজা ক্ষেকটিমাত্র ধাবণাকে সহজাত বলিয়া গ্রহণ কবিয়াছেন। কিন্তু লাইব নিজ বলেন যে, যাবতীয় ধারণাই সহজাত, উহাবা মনেব মধ্যে স্বপ্ত অবস্থায় নিহিত থাকে এবং বৃদ্ধিব সক্রিয়তায় পবিক্ষৃট ও বিকশিত হয়। লাইব নিজেব মতে, প্র ত্যকটি আত্মা যাবতীয় জ্ঞানেব আধাব। আত্মা স্বকীয় বৃদ্ধিবলে অন্তর্নিহিত স্বপ্ত জ্ঞানেব উন্মেয় সাধন কবে। বাহিব হইতে কোন সংবেদনই আত্মা বা মনেব মধ্যে প্রবেশ কবিতে পাবে না, কাবণ আত্মা বা মন গ্রাক্ষহীন (windowless) কক্ষের মত। "তাঁহাব মতে আত্মা বাহিরের সর্ববিধ প্রভাব হইতে মৃক্ত। ইহা ইহার নিজন্ম জগতেই বাস কবে, কাজেই বাহিরের পদার্থ কোন সংবেদন স্বস্টি কবিতে পাবে না। যাহাকে আমরা সংবেদন বলি তাহা অক্ষন্ত, অসংস্কৃত বৃদ্ধির স্বস্টি। তিনি প্রত্যক্ষ জ্ঞান অন্বীকাব না কবিনেও ইহাকে তিনি অস্প্র্ট জ্ঞানরূপে অতিহিত্ত করিয়াছেন।" (অধ্যাণক হরিদাস বন্দ্যোপাধ্যায় প্রণীত 'দর্শন দীপিকা')। লাইব নিজ বলেন—জ্ঞান-মর্জনেব জন্ত আত্মা বা মন যদি বাহ্নিক পদার্থের উপব নির্ভর কবিত, তাহা হইলে যাবতীয় জ্ঞানই অন্ত-অবস্থা-সাপেক্ষ (contingent) হইত, শাশ্বত ও মৌলিক স্বত্য সম্বন্ধে

সম্পূর্ণ স্থনিশিত, অতএব এগুলি নিশ্র আত্মার আভ্যন্তরীণ বৃদ্ধি হইতেই উদ্বত এলভা অভিজ্ঞতাবাদী লক ষধন প্রমাণ করিয়াছিলেন—মানুষের মন বা বৃদ্ধির মধ্যে এমন কিছুই থাকিতে পারে না যাহা মূলভ: সংবেদন ব প্রভ্যক্ষ-লব্ধ নহে, তধন লাইব্ নিজ ইহা স্বীকার করিয়া ইহার সঙ্গে যোগ করিয়া দিয়াছিলেন—'কেবলমাত্র বৃদ্ধি ব্যক্তীত' অর্থাৎ জ্ঞানোংপত্তির ব্যাপারে বৃদ্ধির অবদান অনস্বীকার্য।

চরম বুদ্ধিবাদী দার্শনিক ভল্ফ (Wolff) ডেকার্টকে অমুসরণ করিয়া কতক-গুলি সহজাত ও মৌলিক ধারণাকে ভিত্তি করিয়া অবরোহ পদ্ধতিতে জ্ঞাৎ, আত্মা ও ঈশ্বর সম্বন্ধে তত্ত্বশ্লক আলোচনা করিয়াছেন।

नगटनाठना :-

- (क) বুজিবাদীদের মতে, অভিজ্ঞতা-পূর্ব স্বত:সিদ্ধ ধারণা হইতে বুজির সাহায্যে অবরোহ পদ্ধতিতে অনিবার্যভাবে যে সকল সিদ্ধান্ত নি:স্ত হয় তাহা যথাওঁ জ্ঞান দান করিতে পারে। আমরা এই মত সমর্থন করিতে পারি না। বুদ্ধি যদি যথাওঁ জ্ঞানের উৎস হয়, তাহা হইলে বুজিবাদী দার্শনিকদের সিদ্ধান্তের মধ্যে বিভেদ দেখা যায় কেন? আবার কোন্ কোন্ ধারণা স্বত:সিদ্ধ এ সম্বন্ধেও বুদ্ধিবাদীদের মধ্যে মতৈকা নাই। অধিকন্ত, ডেকার্ট ও স্পিনোজা যে গাণিতিক অবরোহ পদ্ধতির সাহায্যে তঁ হাদের বুদ্ধিবাদী দর্শন গঠন করিতে চেষ্টা করিয়াছেন সেই পদ্ধতি স্বাংশে কার্যকরী হইতে পাবে না। গাণিতিক পদ্ধতি কেবলমাত্র বহির্জগতের ক্ষত্রে প্রযোজ্য হইতে পারে কিন্তু যে মানসিক ক্ষত্রে স্বাধীন ইচ্ছা ও প্রবৃত্তি বিভ্যমান সেক্ষেত্রে ইহা প্রযোজ্য নহে। বস্তুতঃ স্পিনোজা গাণিতিক তথা জ্যামিতিক পদ্ধতির প্রয়োগের মাধ্যমে মান্থবের স্বাধীন ইচ্ছাশক্তিও আত্মখাতন্ত্র্য অন্বীকার করিয়াছেন এবং নৈতিক ও ধর্মজীবন সম্যকভাবে ব্যাখ্যা করিতে পারেন নাই।
- (খ) জন লক বৃদ্ধিবাদীদের সহজাত ধারণাবাদ কতকগুলি যুক্তি দিয়া খণ্ডন করিয়াছেন। প্রথমতঃ, সহজাত ধারণার যদি অন্তিম্ব থাকিত তাহা হইলে সেগুলি সকলের মনেই সমভাবে বিভ্যমান থাকিত। কিন্তু গিশু, নির্বোধ ও আশিকিত ব্যক্তিদের মনে কোন শ্বতঃসিদ্ধ মোলিক ধারণা নাই। কাজেই সহজাত ধারণার

কোন অন্তিত্ব নাই। বিভীয়তঃ, ঈশ্বর বা নৈতিক নিয়মসম্বন্ধীয় ধাবণা সকল যুগে এবং সকল মান্থবেব মধ্যে একইন্ধপ থাকে না, ববং পবিবর্তনসাপেক্ষ, কাজেই এগুলিকে প্রকৃত্বপক্ষ মোলিক ও সহজাত বলা যায় না। তৃতীয়তঃ, কার্য-কারণ-সম্পর্ক ঈশ্বর প্রভৃতিব ধাবণা বস্তুতঃ আমবা শিক্ষা ও অভিজ্ঞতাব সাহায্যে অর্জনকরি। লক সহজাত ধাবণাবাদেব বিরুদ্ধে যে সকল সমালোচনা কবিয়াছেন তাহা অবশ্য কিয়দংশে যুক্তিযুক্ত হইলেও সম্পূর্ণন্ধে সমর্থনীয় নহে। ইহা অনশীকার্য যে, মনের মধ্যে অস্ততঃ স্প্রভাবে কতকগুলি সহজাত ধারণা বা প্রবণতা নিহিত থাকে। অভিজ্ঞতাব সাহায্যে সেগুলি স্ক্রপ্ত আকাব ধাবণ কবে।

- প্রেণালিবা অভিজ্ঞতাব উপব বিশেষ গুরুত্ব না দেওয়ায় জ্ঞানের অগ্রগাতিকে মোটেই ব্যাখ্যা কবিতে পাবেন নাই। তুরু বৃদ্ধির মধ্যে অন্তর্নিহিত ধাবণা.ক বিশ্লেষণ কবিলে জ্ঞানেব প্রসাব হয় না। অভিজ্ঞতাব উপর ভিত্তি করিয়া চিবস্তন বা মননেব সাহায্যে জগং ও জীবন সম্বন্ধে নৃতন নৃতন তথ্য আবিষ্কাব করিতে পাবিলেই দার্শনিক প্রচেষ্টা সার্থক হয়। এই প্রসঙ্গে বিচারবাদী কাপ্টের অভিমত প্রাণধানযোগ্য। তিনি যথার্থই বিলয়াছেন যে, জ্ঞানেব ছইটি দিক আছে—একটি উপাদানেব দিক, অপবটি আকাবেব দিক। বৃদ্ধির অন্তর্নিহিত সহজাত মৌলিক প্রত্যেয় বা ধারণাগুলি (যথা—দেশ, কাল, দ্রব্য, এগুলিকে যথন অভিজ্ঞতা-লন্ধ সংবেদনকপে জ্ঞানেব উপাদানেব উপব প্রয়োগ করা হইবে তথনই পূর্ণান্ধ জ্ঞান হইবে। কাজেই ইন্দ্রিয়-অভিজ্ঞতাকে বাদ দিয়া বৃদ্ধি আপন সহজাত বারণাগুলি লইয়া থাকিলে অমূর্ত ও শৃত্যুগর্ভ হইয়া পাড়িবে। অত্যব বৃদ্ধিবাদীগণ জ্ঞানোংপত্তি বিষয়ে ইন্দ্রিয়-অভিজ্ঞতাক অবদানের গ্রন্ধে উপেক্ষা কবায় একদেশদর্শী হইযাছেন। আবার বিচার-বিশ্লেষণ না করিয়াই যথন বৃদ্ধিবাদীগণ বলেন যে বৃদ্ধিই যথার্থ জ্ঞানলাভেব একমাত্র উপায়, তথন ভাঁহারা নির্বিচারবাদী দার্শনিক বলিয়া নিক্দনীয় হন।
- (খ) পরিশেষে ইহ। উল্লেখযোগ্য যে, বুদ্ধি বা প্রজ্ঞার থারা প্রক্তুতপক্ষে তবজ্ঞান লাভ করা যায় না তথু জ্ঞানের বিচার-বিশ্লেষণ বা উহাব সভ্যসভ্য নির্ণয় করা যায়। পারমার্থিক তত্ত্বের জ্ঞান বা উপলব্ধি একমাত্র আধ্যাত্মিক অহুভূত্তি বা ক্ষ্ণার (intuition) সাহায্যেই সম্ভব।

অভিজ্ঞতাবাদ ও বৃদ্ধিবাদের সমন্বর সাধনে বিচারবাদ

(Critical Theory)

আধুনিক যুগে জার্মান দার্শনিক কাণ্ট (Kant) জ্ঞানেব বিচাব-বিশ্লেষণেব উপর তাঁহার দর্শনকে প্রতিষ্ঠিত কবিয়া বিচারবাদের (Criticiam) প্রবর্তন কবেন। কাণ্ট বিশ্লেষণ করি**য়া দেখাই**যাছেন যে, জ্ঞানোৎপত্তিব তুইটি দিক বিগুমান —একটি দিক হইল **উপাদান, আ**ব একটি দিক হইল **আকার**। ইক্রিয়-প্রত্যেক্ষেব ঘাবা যে সংবেদন লাভ কবি তাহা ১ইল জ্ঞানেব উপাদান। আব দেশ (space), কাল (time , জ্বা (substance), কায কবণ সন্ধা (causality) প্রভৃতি কতকগুলি মৌলিক ধাবণা হইল জ্ঞানেব আকাব, এগুলি বুদ্ধিব মধ্যেই নিহিত থাকে এণ্ডলি সহজাত বা প্ৰাক সিন (a priori , এণ্ডলি অভিজ্ঞ চা-লব্ধ নহে। যথন আমাদেব বুদ্ধি উচাব অন্তৰ্নিহিত অভিজ্ঞতা পূৰ্ব জ্ঞানেব আকাবগুলি ইক্সিয়-অভিজ্ঞ তা লব্ধ সংবেদনেব উপৰ প্রয়োগ কবিষা সেই সংবেদনকণ উপাদানকে স্থবিন্যস্ত ও স্থসংবদ্ধ কবিতে পাবিবে, তখনই জ্ঞানোৎপত্তি হইবে। কাজেই অভিজ্ঞতা লক সংবেদন বুদ্ধিব মধ্যে নিহিত দেশ, কাল, দ্ৰব্য, কাৰ্য কার্ন-সম্পর্ক প্রভৃতি সহজাত বা পূর্বত:সিদ্ধ মৌলিক ধাবণাসমূহেব দাবা স্থবিক্লস্ত না ২ওয়া পর্যন্ত জ্ঞান গঠিত হইবে না। অর্থাৎ বহির্জগৎ ২ইতে আগত সংবেদনকে মনের মধ্যে নিহিত প্রাক্-দিন ইন্দ্রিগাত্তভূতিব আকার—দেশ ও কালেব মধ্যে গ্রহণপূর্বক প্রত্যক্ষ করিয়া উহার উপব দ্রব্য, কার্য-কারণ-সম্পর্ক, ৰছত্ব প্ৰভৃতি কভকগুলি প্ৰাকৃ সিদ্ধ বোধজাত আকাব প্ৰয়োগ করিয়। যখন স্থবিক্যস্ত ও স্থদংহত করা হয়, তথনই জ্ঞানের উৎপত্তির হয়। এককথায়, অভিজ্ঞ ভা-नक मः रिवन्नक छे भानान अवः वृक्षि-नक भोनिक প্রভায়কণ আকাব-প্রকার--উভয়ের সংযোগেই জ্ঞান গঠিত হয়। অভিজ্ঞতা-লব্ধ সংবেদন স্বয়ং জ্ঞান নহে স্মাবার, তথু বুদ্ধি লব্ধ মৌলিক ধারণাসমূহও জ্ঞান নহে। উপাদান ও স্মাকার— প্রত্যেকটি জ্ঞানের অপবিহার্য অংশ এবং তুইটি দিকের মিলনেই জ্ঞান। ইক্সিয়-সংবেদন ভিন্ন বৃদ্ধি নিছক শৃত্তগর্ভ এবং বৃদ্ধি ভিন্ন সংবেদন অন্ধ।

এইভাবে কাণ্ট তাঁহার বিচারবাদের সাহায্যে বুরিবাদ ও অভিজ্ঞতাবাদের মধ্যে সমন্বয় সাধন করিয়াছেন। কাণ্ট তাঁহাব বিচার-পদ্ধতি অবলম্বন করিয়া সঠিকভাবে দেখাইয়াছেন যে, ইল্রিয়-অভিজ্ঞতা জ্ঞানেব নৃতন নৃতন তথ্য দান কবে এবং জ্ঞানেব প্রসাব ও অগ্রগতি সাধন করে, কিন্তু সর্বগ্রাহ্থ ও অবক্সরীকার্য সভ্য দান করিতে পারে না , অপবপক্ষে, বৃদ্ধি বা প্রজ্ঞা হইতে যে প্রভায়রূপ আকার-প্রকাব পা ভয়া যায় তাহা সর্বগ্রাহ্য ও অবক্স-স্বীকার্য বটে, কিন্তু জ্ঞানেব প্রসাব সাধন করিতে পাবে না । কান্টেব মতে, যথার্থ জ্ঞানেব পক্ষে সর্বজনীনতা ও অবক্সপ্রবিতাব বৈশিষ্ট্য যেমন আবক্সক তেমনই জ্ঞানের অগ্রগতি ও প্রসাবতাও অপবিহার্য , কাজেই জ্ঞানোংপত্তিব ব্যাপাবে বৃদ্ধি ও অভিজ্ঞতা—উভয়ের সমন্বয় কাম্যা।

"কিন্তু কাণ্টেব মতে, প্রত্যক্ষ ও প্রভাব সংযোগিতায় আমবা যে জ্ঞান লাভ কাব তাগা বস্তুৰ গৃহাধাৰে (appearance or phonomenon) জ্ঞান মাত্ৰ, ুক্তা বস্ত্ৰৰ স্থাত সভাব বা স্থাপৰ (thing in-its)lf or reality) জ্ঞান নহে। মামরা ইন্দ্রিয় দাবা কোন বস্তব যে সংবেদন প্রাপ্ত হহ, তাহা আমাদেব ইন্দ্রিয়েব শক্তি বা প্রহ।তসাপেন্য। দেইকাৰ আমাদেৰ বুদ্ধি বা প্রজ্ঞা দ্বাবা আমবা বস্তুটিকে যেরূপ বুঝি তাহাও আমাদেব মন ও বুনিব প্রক্লতি ও গঠনদাপেক্ষ। মতএব আমবা বস্তু সম্বন্ধে যাহা জানি তাহা প্রধানতঃ আমাদেব উপবই নির্ভব আমাদেব ইন্দ্রিয় ও মনেব বচনা-মাত্র। আমাদেব ইন্দ্রিয় ও বৃদ্ধি-নিবপেক্ষ বস্তুৰ স্বৰূপ কি ভাহা আমবা জানিতে পাবি না এবং আমাদেৰ জানা সম্ভব নহে। কাবণ ইন্দ্রিয়-প্রত্যক্ষ ও বুদ্ধিব প্রক্রিয়া ব্যতীত আমাদেব কোন জ্ঞান হয় না। অভএব আমাদেব জ্ঞানে বস্তুব স্বৰূপ প্ৰকাশিত না হইয়া ভাহাৰ বাহ্যকণ বা অবভাগ মাত্র (appearance) গৃহীত হয়। যদি আমাদেব কোন অতীন্ত্রি বা বুদ্দল্য সাক্ষাং প্রতীতিব (intellectual intuition) সামধ্য পাকিত, তবে আমবা বস্তুব স্বদন্তাব বা স্বৰূপের জ্ঞান লাভ কবিতে পারিতাম। কিছু এক্সপ শক্তি লাভ করা অসম্ভব না হইলেও , বস্তুতঃ বর্তমানে তাহা আমাদের নাই। অত এব বস্তুর স্বরূপ সতা বা পারমাধিক তত্ত্ব আমাদের জ্ঞানের অতীত. উহা চিরদিনই মজ্ঞাত ও অজ্ঞেয় (unknown and unknowable) থাকিবে।" েড: সভীৰচক্ৰ চট্টোপাধ্যায় প্ৰণীত 'ভারতীয় ও পাশ্চাত্ত্য দৰ্শন')।

পরবর্তীকালে হেগেলের মতবাদে অতীন্দ্রিয় বিষয়ের জ্ঞান সম্ভব বলিয়া স্বীক্বজ হইরাছে। তাহার কারণ হেগেল কাণ্টের ফ্রায় চিস্তার আকার ও চিস্তনীয় বিষয়ের মধ্যে তুল জ্যা ব্যবধান স্বীকার করেন নাই। কাণ্টের বিচারবাদের মধ্যে

যে সকল অসক্তি লক্ষিত হয় সেগুলি হইল:—প্রথমতঃ, আকার ও জ্ঞানের উপাদান—এই তুইটিকে তিনি পরস্পর বিজ্ঞাতীয় মনে করিয়াছেন; যদি তাহাই হয়, তাহা হইলে এই তুইটির মধ্যে সংযোগ কিরূপে সম্ভব? দ্বিতীয়তঃ, বস্তর বাহ্মপ্নপ ও উহার স্বরূপের মধ্যে কাণ্ট অহেতুক এক দ্বৈতবাদের (dualism) স্প্টিকরিয়াছেন। অথচ তিনি নিজেই বলিয়াছেন যে, বস্তর বাহ্মরূপের সংবেদনের উৎস বা কারণই হইল অতীব্রিয়ে বস্তুসন্তা। তাহাই যদি হয়, তাহা হইলে এই অতীব্রিয় বস্তুসন্তা। তাহাই যদি হয়, তাহা হইলে এই অতীব্রিয় সন্তা অজ্ঞাত ও অজ্ঞের হয় কিরূপে ? কার্যের মধ্যেই তো কারণের প্রকাশ, কাজেই কার্য প্রত্যক্ষ করিয়াই কারণের স্বরূপ অনেকাংশে অবগত হওয়া যায়। কান্টের বিচারবাদের প্রধান ক্রটি হইল—তিনি জ্ঞাতা ও জ্ঞেয়, মন ও বস্তু, বৃদ্ধি ও সংবেদন, বস্তুর অবভাস ও স্বরূপ—এগুলির মধ্যে অক্লান্ধি সম্পর্ক উপেকা করিয়া কেবল কৃত্রিম ব্যবধান স্পষ্টি করিয়াছেন। ফলে তাঁহার বিচারবাদ অজ্ঞেরবাদে (agnosticism) পর্যবসিত হইয়াছেন। কিন্ধু হেগেল তাঁহার দর্শনে বিচার-পদ্ধতি অন্ধ্রসন্তা করিয়া কান্টের ক্রটি অনেকাংশে সংশোধিত করিয়াছেন এবং জ্ঞাতা ও জ্ঞেয় বস্তুর মধ্যে এবং বস্তুর বাহ্মরূপ ও উহার স্বরূপের মধ্যে অক্লান্ধি সম্পর্ক স্থাপন করিয়াছেন।

উপসংহারে উল্লেখযোগ্য যে, যুক্তিসিদ্ধ বিচার-বিশ্লেষণের দ্বারা তত্তজ্ঞানের বিচার বা সত্যাসত্য নির্ণয় করা যায়, কিন্ধ তত্তজ্ঞান লাভ করা সম্ভব নহে। পারমার্থিক তত্তকে একমাত্র আধ্যাত্মিক অমুভৃতি বা স্বজ্ঞা (intuition) দ্বারা উপলব্ধি করা সম্ভব। কাজেই বিচার-বৃদ্ধির চরম পরিণতি স্বজ্ঞায়; স্বজ্ঞায় পূর্ণ সত্যোগল্ধিক হয় এবং সত্যোগল্ধিক দর্শনের শেষ কথা।

বুদ্ধিবাদী দার্শনিক প্লেটোর জ্ঞানভত্ত (Plato's Theory of Knowledge):

A

প্রাচীন গ্রীক দার্শনিক প্রেটোর ধারণাত্ত্ব তাঁহার বৃদ্ধিবাদী জ্ঞানতব্বের উপর প্রভিন্তিত। তাঁহার জ্ঞানতব্বের নীতি বে Dialogue-এর উপর লেখা হইরাছে তাহা Theaetetus নামে পরিচিত। Theaetetus-এর প্রধান লক্ষ্য হইল সোঞ্চিই-দের প্রবৃত্তিত ভ্রান্ত মতবাদ খণ্ডন করা। সোঞ্চিইদের জ্ঞানতত্ব হইল—যাবতীয় জ্ঞান ইন্দ্রিয়-প্রস্ত। প্লেটো নিম্নলিখিত যুক্তির সাহায্যে সোঞ্চিইদের জ্ঞানতত্ব খণ্ডন করিরাছেন:

- (১) বাবতীয় জ্ঞান ইন্দ্রিয়-প্রস্তিত—সোন্দিষ্টদের প্রবর্তিত এই জ্ঞানতবের জনবার্য পরিণতি হইল এই যে, জ্ঞান ব্যক্তি বিশেষে দীমাবদ্ধ; একজন ব্যক্তি বাহা সভ্যক্ষেপ প্রভ্যক্ষ করে ভাহা একমাত্র ভাহাব নিকট সভ্য অর্থাৎ সভ্য ব্যক্তি-সাপেক্ষ ব্যাপাব হইয়া দাঁভায়, ইহার কোন সার্বিক ও বস্তুগত মানদণ্ড থাকে না। এজন্ত সংবেদন-লব্ধ জ্ঞান কোন ভবিদ্যৎ ঘটনাব অবধারণের ব্যাপারে সঠিকভাবে প্রয়োজ্য নাও হইতে পারে। আমার কাছে প্রভীয়মান হইতে পারে যে, আমি আগামী বৎসবে প্রধান বিচাবপতি হইব, কিন্তু বান্তবক্ষেত্রে দেখা যায় যে, আমি ইহাব পরিবর্তে জেলে আবদ্ধ হইয়া আছি।
- (২) ইন্দ্রিয়-প্রত্যক্ষ জ্ঞান বিরোধিতার পূর্ণ। একই বস্তকে নিকট হইতে দেখিলে বড় এবং দূব হইতে দেখিলে ছোট মনে হয়। যদি যাবতীর জ্ঞানই প্রত্যক্ষ লব্ধ হয়, তাহা হইলে আমাদের একটি প্রত্যক্ষ অপেক্ষা অন্ত একটি প্রত্যক্ষর উপর অগ্রাধিকার দিবাব অধিকাব নাই। বখন সকল প্রত্যক্ষই জ্ঞান এবং সবই যদি সত্য হয় তাহা হইলে সকল প্রত্যক্ষেবই সমান অধিকার বাকিবে। কিন্তু বাস্তবক্ষেত্রে আমরা যাবতীয় প্রত্যক্ষকে একই পর্যায়ভুক্ত করিতে পারি না, কোন কোনটিকে সত্য বিশিষ্বা গ্রহণ করি, আবার কোন কোনটিকে আন্ত বিশ্বা বর্জন করি।
- (৬) প্রত্যক্ষবাদ গ্রহণ করিলে সকল শিক্ষণ-প্রশিক্ষণ, বাদাস্থাদ, প্রমাশ, বঙ্গন অসম্ভব হইয়া পড়ে, কারণ সোফিইদের মতে সকল প্রত্যক্ষই সমস্তাবে সভ্য। তাহা হইলে শিশুর প্রত্যক্ষ তাহার শিক্ষকের প্রত্যক্ষের মতই সভ্য হইবেন। সেক্ষেত্রে তাহার শিক্ষকের পক্ষে তাহাকে শিখাইবার কিছুই থাকে না। সকলের প্রত্যক্ষ যদি সমভাবে সত্য হয় তাহা হইলে বাদাস্থবাদ, তর্ক প্রমাণ, ধঙ্গন-সবই অসার ও অর্থহীন হইয়া পড়ে।
- (8) যদি প্রত্যক্ষ সত্য হয়, তাহা হইলে প্রত্যেক ব্যক্তিই প্রত্যক্ষকারী সন্তা হিসাবে সকল বিষয়ের মানদণ্ড হইবে। কিন্তু যেহেতু ইতর প্রাণীরাও প্রত্যক্ষকারী সেইহেতু কুদ্রতম প্রাণীও মাহুষের মত সকল বিষয়ের মানদণ্ড হইবে।
- (१) প্রটাগোরাসের (সোঞ্চিষ্ট) মতবাদ বিরোধিতায় ভরা। তিনি ব্লেন বাহা আমার নিকট সভ্য ব'লয়া প্রতীয়মান হয় তাহা সভ্য। বিদ্ধানার নিকেট সভ্যক্রপে প্রতীয়মান হয় বে, প্রটাগোরাসের মতবাদ মিধ্যা, প্রটাগোরাস নিকেট শীকার করিতে বাধ্য বে, ভাহা মিধ্যা।

- (৬) সোক্ষ্টিদের মতবাদ সভ্যেব বস্তুম্থিত। ধ্বংস করে এবং সত্য ও অসভ্যের মধ্যে যে পার্থক্য বিশ্বমান তাহাকে সম্পূর্ণক্লপে অর্থহীন করিয়া তোলে, কারণ তাঁহাদের মতে সত্য ব্যক্তিকেন্দ্রিক। একই বিষয় একাধারে সত্য ও মিথ্যা উভয়ই হইতে পাবে—একই বিষয় তোমাব কাছে সত্য এবং আমার কাছে মিথ্যা হইতে পাবে। সেক্ষেত্রে একটা বচন সত্য না মিথ্যা একণ প্রভেদ কবার মধ্যে বস্তুতঃ কোন পার্থক্যই থাকিবে না, কাবণ উভয় বচনেবই একই অর্থ হঠবে অর্থাৎ কোনটারই কোন অর্থ ই থাকিবে না।
- (৭) সমস্ত প্রত্যক্ষে আমবা এমন এক জাতীয় উপাদান পাই যাগ ইন্দ্রিয়ণৰ নহে বা ইন্দ্রিয়েব অবদানও নতে। যথন বাল- এই কাগজটি সাদা, তথন মনে হয় **ষেন ই**হা আমবা ইন্দ্রিয়েব উপর নিভব কবিয়াই বলিতেছি। কি**ন্ধ একটু** অন্তবাবন কবিলেই বুঝিতে পাবা যায় যে, ইহা কেবলমাত্র ইন্দ্রির প্রত্যক্ষ জ্ঞান নতে। কেন আমবা ইহাকে কাগজ ব'লস্ভেছি—তাহাব কাবণ হইল—এক্ষেত্রে শ্রেমীকবণরূপ মান্সিক প্রক্রিয়া বিজনান। শ্রেণাকবণ প্রক্রিয়াব মধ্যে যে সাদশ্য-করণ ও বৈসাদশ্যকবণ প্রক্রিয়া নিঃ ৩ থাকে সেগুলিও ইান্তর্য়লন্ধ নহে, সেগুলি বুদ্ধিলম। আবার যথন বলি—কাগজটি সালা, তথনও অক্তান্ত সালা বস্তুর সহিত সাদৃষ্ঠ এবং ভিন্ন বর্ণের বস্তুর সহিত বৈসাদৃষ্ঠ চিস্তা কবিয়া ইহাকে শ্রেণীগঠন কবি। এক্লণ জটিল শ্রেণীকবণ কেবলমাত্র ইান্দ্রয়েব উপর নিভর্ব কবে না, কারণ ইন্দ্রিয়-প্রত্যক্ষান প্রস্পার বিচ্ছিন। সকল ইন্দ্রির সংবেদন প্রস্পার স্বতম্ব বিন্দু, একটিকে অপরটির সহিত তুলনা কবা যায় না। সাদৃশ্য ও বৈসাদৃশ্য প্রক্রিয়া বিশুদ্ধভাবে মান্সিক ক্রিয়া। এই সকল প্রক্রিয়া বুদ্ধিজাত –এগুলি সকল জ্ঞানের াহিত জড়িত থাকে। স্থতরাং জ্ঞান কেবলমাত্র ইন্দ্রিয়-সংবেদন খারা গঠিত হেতৈ পারে না। এমন কি, একটি সর্গত্ম বচনেও সংবেদন ছাড়াও অন্ত প্রক্রিয়া থাকে। এই অভিরিক্ত প্রক্রিয়া হইল বুদ্ধির ক্রিয়া।

প্লেটোর মতে, বৃদ্ধিই হইল জ্ঞানের ভিত্তি। তিনি জ্ঞান এবং লোকিক মত বা বিশাসের মধ্যে পার্থক্য করিয়াছেন। জ্ঞান হইল সত্য জ্ঞান। লোকিক মত বা বিশাস আজ সত্য হইতে পাবে আবাব কাল মিধ্যা হইতে পারে। মতামত নিশ্চিত নহে। একমাত্র জ্ঞানই সত্য। এমন কি, সঠিক মতও জ্ঞান পদবাচ্য হে। প্লেটো তাহার জ্ঞানত্বে স্ক্রেটসের দর্শনকে সম্পৃত্যবে গ্রহণ করিয়াছেন। তাঁহাব মতে যে জ্ঞান দাধাবল ধাবলা বা প্রত্যন্ত ছাবা প্রাপ্ত তাহাই প্রকৃত জ্ঞান। প্রেটোর মতে, সংজ্ঞা (definition) এবং প্রত্যায় (concept) অভিনা। প্রত্যায়লক জ্ঞান হইল নির্দিষ্ট, শাশ্বত ও ষ্থার্থ। প্রত্যায়লক জ্ঞান আমাদেব ব্যক্তিগত ইন্দ্রিয় অমুভূতিব দ্বাবা পবিবর্তিত হয় না। প্রত্যায়লক জ্ঞান হইতে আমরা বন্ধাত সত্যতা পাই। জ্ঞান প্রত্যায়েব উপব প্রতিষ্ঠিত, প্রত্যায় বৃদ্ধিব উপব প্রতিষ্ঠিত, স্ত্রতা জ্ঞান বৃদ্ধিব উপব প্রতিষ্ঠিত। জ্ঞান সহজ্ঞাত বিশ্বাসেব উপব প্রতিষ্ঠিত নহে, ইহা প্রস্কৃতপক্ষে যুক্তিব উপব প্রতিষ্ঠিত। কোন একটি মতামত, সমুবোধ, আবেদন, বাকেন্ব চাক্চিকা, বক্তাব আলক্ষাবিক নৈপুণ্য বা কলাকৌশলেব দ্বাবা উৎপন্ন হইতে পাবে, অপবপক্ষে জ্ঞান একমান যুক্তি বা বানিব দ্বাবাই উৎপন্ন হয়। মতামতকে গাবাব অলক্বাব্র্ণ বাক্য-নৈপুণ্যেব দ্বারা খণ্ডন ক্রাব্রাই উৎপন্ন হয়। মতামতকে গাবাব অলক্বাব্র্ণ বাক্য-নৈপুণ্যেব দ্বারা শণ্ডন ক্রাব্রাই ইংপন্ন হয়। মতামতকে গাবাব অলক্বাব্র্ণ বাক্য-নৈপুণ্যেব দ্বারা শণ্ডন করা হাল, এজন্য ইহা মনিন্চিত। এক কথায়, মতামত সত্য হইতে পাবে আব্বাব অস্কৃত্য ও হইতে পাবে, কিন্তু জ্ঞান একমান মৃত্যত গ্র

থেটো এইভাবে অসত। মতবাদগুলি অথাং সোফিস্তাদৰ মতামত বা বিশ্বাস ধণ্ডন কৰিয়া জ্ঞানতত্ত্বের সদর্থক দিক বাগিয়া কৰেন । ত্তনি সক্রেটিসেব মতবাদ গ্রহণ কৰিয়া বলেন—সকল জ্ঞানই স্টল সামান্ত বা সাধাবন বারণাব মাধ্যমে (through concept) জ্ঞান। এই জ্ঞান মনোগত প্রভাবে কখনও পরিবর্তিত হয় না, ইহা আমাদিগকে বন্ধগত সত্যভা দান কৰে। সক্রেটিসেব সহিত প্লেটোর এই বিষত্ত্বে মিল থাকিলেও তিনি অভিনবন্ধপে সক্রেটিসেব জ্ঞানতত্ত্বকে প্রম সম্ভার স্বন্ধপ সম্পর্কীয় মতবাদে পবিণত কৰিয়াছেন। ইহাই প্লেটোব Dialectic অর্থাৎ ধারণাবাদ বা আদর্শ্বাদের বিষয়বস্ত্ব।

মানবাত্মা হইল বৃদ্ধি বা প্রজ্ঞাব বাসস্থান। ধাবণাব জগৎ এবং ইক্সিয়ের জগৎ—উভয়ের সহিত মানবাত্মাব সাদৃশ্য বহিয়াছে। ইহা তুইটি অংশ বিভক্ত, এই তুইটি অংশর আবার একটিতে আরও তুইটি অংশ বিভমান। সর্বোচ্চ অংশটি হইল বৃদ্ধি বা প্রজ্ঞা – যাহা ধারণাসমূহকে উপলব্ধি করে। এই বৃদ্ধি হইল সরল ও অবিভাজ্য। আত্মার এই বৃদ্ধিশূলক অংশটি সরল বলিয়া নিবংশ, স্থতরাং ইহা অবিনশ্বর ও অমব। আবার বৃদ্ধিহীন অংশটি মবণনীল; এই অংশটি মহৎ এবং হীন—এই তুইভাগে বিভক্ত। মহৎ অংশে সাহস, মর্যাদাবোধ এবং উচ্চাঙ্কের আবেগসমূহ বিভমান; অপরপক্ষে হীন অংশে ইক্সিয়েজ লালসাসমূহ বিভমান।

মহৎ অংশটির বৃদ্ধির সহিত কতিপয় সাদৃশ্য আছে; তথাপি ইহা সহজ প্রবৃত্তি মাত্র, ইহা বিচারবৃদ্ধিসম্পন্ন নহে। বৃদ্ধির অবস্থান হইল মন্তক, মহৎ অংশের অবস্থান হইল বেক; হীন অংশের অবস্থান হইল দেহেব নিম্নতর অংশ। আত্মার উক্ত তিনটি অংশ একমাত্র মাহুষেরই অধিকারভুক্ত। ইতরজীব তুইটি নিমাংশের অধিকারী এবং উভিদেব মধ্যে কেবল নিম্নতন অংশটিই বিভ্যমান। যুক্তি বা বৃদ্ধি একমাত্র মাহুষের মধ্যেই বিভ্যমান।

প্রেটো বিচারবুদ্ধি-সম্পন্ন আত্মার অমবন্ধকে শ্বরণ ও দেহান্তর প্রাপ্তি ক্রিয়ার মাধ্যমে তাঁহার ধারণা-তন্ধের সহিত যুক্ত কবিয়াছেন। তাঁহার শ্বরণবাদ অহুসারে, জ্ঞান আত্মার মধ্যে অন্তর্নিহিত পূর্বজ্ঞাত বিষয়ের শ্বরণ ছাড়া আর কিছুই নহে অর্থাৎ যাবতীয় জ্ঞান হইল এমন কতকগুলি শ্বতি যাহা আত্মা জন্মের পূর্বে ইহার বিদেহ-অবস্থায় লাভ কবে। এক্ষেত্রে জ্ঞান বলিতে প্রেটো বৃদ্ধিলন্ধ ধারণার জ্ঞগতে আত্মার বিদেহ-অবস্থাব অভিজ্ঞতার শ্বরণ মাত্র। এই কাগজটি সাদা—আমার এরূপ প্রত্যাক্ষের মধ্যে যে ইন্দ্রিয়-উপাদান থাকে তাহা, প্রেটোর মতে, শ্বরণ নহে, কারণ ইহা ইন্দ্রিয়ন্ত বলিয়া জ্ঞাননপে গণ্য নহে। অবার বৌদ্ধজাতকে বৃদ্ধদেব যে শ্বতির সাহায্যে পূর্বজন্মের ঘটনাবলী বর্ণনা কবিতেন ভাহা হইতে প্লেটোর শ্বরণবাদ সম্পূর্ণ পৃথক।

প্রেটো তাঁহার স্মবণবাদ সম্পর্কে ছুইটি যুক্তি প্রদর্শন করিয়াছেন: প্রথমতঃ ধারণাব জ্ঞান ইন্দ্রিয়-প্রস্তুত হইতে পাবে না. কাবণ ধারণা উহার ইন্দ্রিয়গ্রাফ্ প্রকাশের মধ্যে কখনও বিশুদ্ধ থাকে না, উহা সংমিশ্রিত হইয়া পডে। উদাহরণস্বরূপ, সৌন্দর্য একমাত্র কুংসিতের সহিত মিশ্রিত অভিজ্ঞতায় দৃষ্ট হয়। দিতীয়তঃ, গাণিতিক জ্ঞান মনের মধ্যে সহজাতরূপে থাকে। ইহা শিক্ষণ বা অভিজ্ঞতার মাধ্যমে লাভ করা যায় না। গাণিতিক বচন—২+২=৪—আবিশ্রকভাবে সভ্যু, ইহার বিক্রম্ব বচন অচিস্তনীয়; ইহার সভ্যুতা অভিজ্ঞতার ঘারা পরীক্ষণ ব্যতীতই জ্ঞানা যায়। একটি সমন্বিবাহু ত্রিভুজের ভূমি-সংলগ্ন ছুইটি কোণ যে পরম্পর সমান—এই গাণিতিক জ্ঞান অভিজ্ঞতা বা শিক্ষণেব সাহায্য না লইয়া বিশুদ্ধ চিন্তা বা বৃদ্ধির সাহায্যেই লাভ করা যায়। প্রেটো অবশ্রু স্পষ্টতঃ আবিশ্রিক জ্ঞান (nece sary knowledge) এবং অবস্থা-সাপেক জ্ঞান (contingent knowledge)—এই ছুই প্রকার জ্ঞানের মধ্যে পার্থক্য করেন নাই। কিছু ভিনি এই

মত পোষণ করিতেন ষে, আবিশ্রিকতা বৃদ্ধিলন জ্ঞানের সহিত সংশ্লিষ্ট, ইহা ইন্তিয়গ্রাহ্মনহে। গাণিতিক জ্ঞান আবশ্রিক জ্ঞান বলিয়া ইহা জন্মগত আর্থাং ইহা
আতিজ্ঞতার পূর্বেই জন্মকালে মনের মধ্যে উপশ্বিত থাকে। ইহা পূব জ্বন্মের
আতিজ্ঞতা হইতে শ্বরণ করা হয়। যখন শিক্ষক জ্যামিতির কোন উপপাল্প শিশুর
কাছে ব্যাখ্যা করেন, শিশু সরাসরি উহার অর্থ অমুধাবন করে, সে নিজেই উহার
সত্যতা উপলব্ধি করে। যদি শিক্ষক বিবরণ দেন যে, লিসবন টেগাসের উপর, '
তাহা হইলে শিশু ইহার সত্যতা নিজে নিজে উপলব্ধি করেনা, সে হয় ইহা বিশ্বাস
করিবে না হয় সে গিয়া ইহা দেখিবে। 'এক্ষেত্রে জ্ঞান বন্ধতঃ একজনের মন হইতে
আক্তম্বেনর মনে প্রদন্ত হইল বা স্থানাস্তরিত হইল। কিন্তু গাণিতিক সত্য ইতিপূর্বেই শিশুর মনে সহজাতরূপে বিগুমান ছিল, শিশু এরূপ সত্য ইতিপূর্বে স্বপ্তভাবে
জানে—তাহাই সে শিক্ষণক্রিয়ার সাহায্যে সাক্ষাংভাবে উপলব্ধি করে আর্থাং
তাহার মনের মধ্যে যাহা নিহিত আছে তাহাই স্পষ্টভাবে দেখে।

'Meno'-তে প্লেটো তাঁহার অরণবাদের পরীক্ষণমূলক প্রমাণ দিবার চেষ্টা করিয়াছেন। গণিতে অজ্ঞ এক দাস-বালককে সক্রেটিস বর্গক্ষেত্র সম্বন্ধে কোন তথ্য না দিয়াই স্থনিপুণ প্রশ্নের মাধ্যমে বর্গক্ষেত্রে কি কি গুণ আছে সেগুলি বালকটির মন হইতে বাহির করিয়াছিলেন। বালকটির বর্গক্ষেত্র সম্বন্ধে জ্ঞান শিক্ষা বা অভিজ্ঞতার মাধ্যমে উৎপন্ন হয় নাই, এই জ্ঞান তাহার অরণ-ক্রিয়ামাত্র। কিছ্ক জ্ঞান যদি অরণই হইবে তাহা হইলে আমরা কোন সভ্যকে অবিলম্বে অরপ করিতে পারি না কেন? গাণিতিক তব্ব অঞ্ধাবন করিতে এক ঘেঁয়ে বিরক্তিকর স্থানীর্ঘ শিক্ষণ-প্রক্রিয়া আবশ্যক হয় কেন? প্লেটো ইহার উত্তরে বলেন—আত্মা ধারণার ক্রাপ্ত হইতে দেহে অবতরণ করায় ইহার অভ্যন্তরন্থ সহজাত জ্ঞান ইন্দ্রিয়াম্বাম্ভূতির মধ্যে নিমজ্জিত হইয়া মৃত ও ভোঁতা হইয়া পড়ে এবং প্রান্ধ মৃছিয়া যায়। কলে আত্মা প্রায় সব ভূলিয়া যায় অথবা ইহার ক্ষীণ ও ঘোলাটে স্থৃতি থাকে। এজম্ব আত্মাকে শিক্ষণের মাধ্যমে অরণ করাইয়া দিতে হয়। আত্মার স্থাতাবিক বাসন্থান হইল ধারণার জ্ঞাৎ—মেখানে ইহা দেহহীন অবস্থায় ধারণার বিত্ত্ব ও আনক্ষময় চিন্তায় বিরাজ করে। কিন্ত ইন্দ্রিয়াক্ষণতের সহিত ইহার সাদৃশ্য থাকায় ইহা আবার দেহের মধ্যে নিমজ্জিত হয়।

অভিজ্ঞতা বাদী দার্শনিক লকের জ্ঞানভত্ত

(Locke's Theory of Knowledge)

অভিজ্ঞতাবাদেব প্রধান পুরোহিত জন লক (John Locke) জ্ঞানোৎপত্তি আলোচনার ব্যাপাবে বেকনদেই অনুসবণ করিয়াছেন। তাঁহার অভিজ্ঞতাবাদ একদিকে অভিজ্ঞতা-পূর্ব সম্জ্ঞাত ধাবণার অন্তিত্ব সম্প্রে ডেকার্টে (Describes) ধে যুক্তি দিয়াছেন তাহাব তীব্র সমালোচনা কবিয়া সহজ্ঞাত ধারণাসমূহের অন্তিত্ব অস্বীকার কবেন, অপবদিকে ইন্দ্রিয় অভিজ্ঞতাকে ভিত্তি করিয়া সংবেদন ও অন্তর্দেশনের পথ দিয়া কিরূপে পর্যায়ক্রমে জ্ঞানলাভ করা যায় তাহারই ব্যাখ্যা করিয়াছেন। সহজ্ঞাত ধারণাবাদেব বিরুদ্ধে লক্ষের সমালোচনা নিম্নলিখিতরূপ:—

প্রথমতঃ, সহজাত ধারণাব যদি অস্তিত্ব থাকিত, তাহা হ**ইলে সেগুলি** সকলের মনেই সমভাবে বিভ্যমান থাকিত, কিন্তু শিশু, নিথোধ ও অশিক্ষিত ব্যক্তিদের মনে কোন স্বতঃসিদ্ধ মৌলিক ধাবণা নাই। কাজেই সহজাত ধারণার কোন অস্তিত্ব নাই।

দ্বিতীয়তঃ, মনের মধ্যে যাহাই থাকুক না কেন, আমবা অবশ্রুই তাহা সম্বন্ধে সচেতন থাকিব। কিন্তু সহজাত ধাবণাসমূহেব অন্তিত্ব সম্বন্ধে অনেকেরই কোন চেতনা নাই, কাজেই মনেব মধ্যে উহাদের অন্তিত্ব স্বীকার কবা যায় না।

তৃতীয়ত:, কার্য-কাবণ সমন্ধ, ঈশ্বব প্রভৃতিব মৌলিক ধারণা অভিজ্ঞতার পূর্বে মনে বিভমান থাকে না। এগুলি মামুষেব শিক্ষা ও অভিজ্ঞতা দ্বারা অজিত হয়। যে সকল ধাবণাকে সার্বজ্ঞনীন বলা হয় সেগুলি বস্তুত: অভিজ্ঞতালব্ধ, অভিজ্ঞতাপূর্ব নহে।

চতুর্বত: ঈশ্বর বা নৈতিক নিয়ম সম্বনীয় ধারণা সকল মুগে এবং সকল মাহ্ন্যের মধ্যে একইরূপ থাকে না, বরং পবিবর্তনসাপেক্ষ, কাজেই এগুলিকে প্রকৃতপক্ষে মৌলিক ও সহজাত বলা যায় না।

এইভাবে লক সহজাত ধারণাবাদ (theory of innate ideas) খণ্ডন করেন। ভারপর তিনি প্রমাণ করেন ধে, যাবতীয় জ্ঞান অভিজ্ঞভালর। মাহুষ যখন জ্ঞানলাভ কবে, তখন কোনরূপ ধারণা লইরা আন্দে না. অর্থাৎ

ষধন ভাহার ইন্দ্রিয় অভিজ্ঞতা আদে স্থক হয় নাই, তখন ভাহার মন সাদা বা অলিখিড কাগন্ধ (Tabularasa) অথবা অন্ধকার কক্ষ (Dark Chamber) অথবা শৃত্ত কক্ষের (Empty Cabinet) তার সম্পূর্ণ শৃত্তগর্ভ। যখন সে ইন্দ্রিয় অভিজ্ঞতার মাধ্যমে বাস্তব জগতেব সম্পুৰীন হয়, তখন জ্ঞগৎ হইতে তাহার ইন্দ্রিয়ন্বাব দিয়া তাহাব মনে বিভিন্ন সংবেদনের স্থাষ্ট হয় এবং বিভিন্ন ছাপ আসিয়া পড়ে। সংবেদনের ছাপই হইল যাবতীয় ধারণা ও জ্ঞানের ভিত্তি। সংবেদন ও অন্তর্নর্শন হইল অভিজ্ঞতার তুইটি শাখা, এই তুইটি শাখার মাধ্যমে মন ষ্থাক্রমে বহির্জগৎ ও মান সক অবস্থার পরিচয় লাভ করে; কিছ যে কোন পথ দিয়া ধারণা মনে প্রবেশ করক না কেন, মন ধারণা সংগ্রহণের ব্যাপারে নিক্রিয় থাকে। তারপর এই সংগৃহীত ধারণা-গুলিকে পর**ম্পর তুল**না ও সংযুক্ত করিয়া মন জটিল ধারণা গঠন করে এবং আরোহমূলক সামান্তীকরণ প্রক্রিয়ার দাহায্যে বিশেষ ধাবণা হইতে সাধারণ ও অমূর্ড ধারণার উপনীত হয়। এইভাবে লক প্রমাণ করিয়াছেন যে, মাহুষের মন বা বৃদ্ধির মধ্যে এমন কিছুই থাকিতে পারে না যাহা মূলত: সংবেদন বা প্রত্যক্ষলন নহে। ("There is nothing in the intellect which was not previously in the sense") ইহাই হইস লক্ষের অভিজ্ঞতালক জ্ঞানবাদ a posteriori theory of knowledge '

কিছ লক অভিজ্ঞ তাবাদী হইয়াও ই ক্রিয়াতীত ক্ষড়প্রব্য, আত্মা এবং ঈর্পরের সন্তা স্বীকার করিয়াছেন। পরবর্তীকালে হিউম (Hume) একমাত্র ইন্দ্রিক্র-অভিজ্ঞতার মধ্যে সীমাবদ্ধ থাকিয়া দ্রব্য, আজ্ঞা ও ঈশ্বরের অভিজ্ঞতা বহিন্তৃ তি যাবতীয় বস্তুর অন্তিও অস্বীকার করিয়াছেন এবং এইভাবে সংশয়বাদে (Scepticism) উপনীত হইয়া চরমপন্থী অভিজ্ঞতাবাদীরূপে গণ্য হইয়াছেন। তাঁহার মতে বস্তু হইল কতকগুলি গুল সংবেদনের সমষ্টি আর মন হইল চিন্তা, অস্কৃতি, ইচ্ছা প্রভৃতি ক্রিয়া প্রক্রিয়ার প্রবাহমাত্র। মান্ত্রের জ্ঞান সংবেদনলক্ষ এবং সংবেদন ও সংবেদন-ভিত্তিক ধারণাসমূহের মধ্যেই সীমাবদ্ধ। দ্রব্যসন্তা, আত্মা, ঈশ্বর, কারণ-শক্তি প্রভৃতি বিষয় সংবেদন গ্রাহ্য নহে বলিয়া এগুলির বাস্তব সন্তা নাই, এগুলি নিছক ক্রনা-মাত্র। সার্বিক, সনাতন ও শ্বনিশ্চিত জ্ঞান ও সভ্যলাত সম্ভব নহে; যাবতীয় জ্ঞানই সন্তাব্য – ইহাই হিউমের সংশয়বাদের মূল বক্তব্য।

সমালোচনা :—(ক) লকপ্রমৃধ অভিজ্ঞতাবাদীরা অভিজ্ঞতা পূর্ব সহজ্ঞাত

কোন ধারণার অন্তিম সীকাব করেন না। কিছ বাস্তবক্ষেত্রে দেখা বায় বে, মামুষের মনে কভকগুলি জ্বনগত সহজাত প্রবণতা ও মনোর্ত্তি নিহিত থাকে। বখন আমরা কোন জড়বস্ত প্রত্যক্ষ করি তথন উহাকে দেশ ও কালে অবস্থিত বলিয়া মনে করি। দেশ ও কালের ধারণা বস্ততঃ জ্বনগত ও অভিক্রতা-পূর্ব।

- (খ) জ্ঞান নিছক অভিজ্ঞতা-লব্ধ নহে। অভিজ্ঞতা জ্ঞানের উপাদান সরবরাহ করে মাত্র। কিন্ধ দেই উপাদানগুলিকে স্থবিক্তম্ভ ও স্থাংবন্ধ না করা পর্যন্ত জ্ঞান গঠিত হয় না। মন বা বৃদ্ধির মধ্যে অভিজ্ঞতা-পূর্ব সহজ্ঞাত কতকভলি ধারণা (যথা, দেশ, কাল, অব্য, কার্য-কারণ সম্পর্ক ইত্যাদি) বিদ্যমান খাকে। এই সহজ্ঞাত ধারণাসমূহ জ্ঞানের আকার, এগুলিকে অভিজ্ঞতালব্ধ সংবেদনের উপর প্রয়োগ করিয়াই সেই সংবেদনকে স্থবিক্তম্ভ ও স্থাংবন্ধ করা হয় এবং কলে জ্ঞানের উৎপত্তি সম্ভব হয়। কাজেই সহজ্ঞাত ধারণার অন্তিপ্থ অস্থীকার করা যায় না।
- (গ) ইন্দ্রিয় অভিজ্ঞতা আমাদিগকে বস্তুর অবভাস বা বাহ্যরপের জ্ঞানদান করিছে পারে, কিন্তু বস্তুর স্বরূপসন্তা বা পারমাধিক তব্বের জ্ঞানদান করিছে পারে না। ফলে, অভিজ্ঞতাবাদ দর্শনকে প্রকাশ-বিভার (Phenomenology) মধ্যেই সীমিত কবিয়া রাখে এবং কৃষ্ব-বিভা (motaphysics) ও মান বিভার (axiology) কোন সার্থকতা থাকে না। অভিজ্ঞতাবাদের উপর দর্শন প্রভিত্তিত হইলে কোন নিত্য, বথার্থ ও নিশ্চয়াত্মক জ্ঞানই সম্ভব হইবে না। কারণ প্রত্যক্ষ বর্তুমান দেশ ও কালে সীমাবর। ইন্দ্রিয় প্রত্যক্ষের সাহায্যে আমরা কেবল স্থূল বস্তুকেই আনিতে পারি, ক্ষম্ম ও আধ্যাত্মিক তব্বকে জানিতে পারি না। বিচার বৃদ্ধির উপর প্রতিত্তিত অতীন্ত্রিয় ও আধ্যাত্মিক অহত্ত্তির সাহায্যেই বস্তুর অন্তর্শনহিত ক্ষম স্বরূপ বা পারমার্থিক তব্ব উপলব্ধি করা সম্ভব। বাস্তবিক, মাহ্যব পরম তব্বকে বাদ দিয়া কোন চিন্তাই যথাযথভাবে করিতে পরে না। নিশ্চিতজ্ঞান অসম্ভব—এই বচনটি বিশ্লেষণ করিলেই দেখা যায় যে, অভিজ্ঞতাবাদীদের অস্বীকৃতির পশ্চাতে জ্ঞানের সম্ভাবনা স্বীকৃত হইয়াছে। কারণ জ্ঞান অসম্ভব—ইহাও একটি জ্ঞান।

হিউমের অভিজ্ঞতাবাদ তথা সংশয়বাদ

(Hume's Empiricism or Scepticism)

লকেব স্থায় হিউমও একজন অভিজ্ঞ ভাবাদী দার্শনিক। তিনি লকেব স্থায় ইন্দ্রিয় গ্রাহ্থ অভিজ্ঞতাকেই জ্ঞানলাভেব একমাত্র উপায় বলিয়া স্বীকাব কবিয়াছেন। আমবা যাহা লাভ কবি তাহা কতকগুলি সংবেদন মাত্র। স্কুত্বাং যে সকল বস্তুব অস্থ্যকাপ সংবেদন সম্ভব তাহাদেবই একমাত্র অন্তিত্ব আছে বলা যায়। যে সকল বস্তু ইন্দ্রিয় গ্রহা অভিজ্ঞতাব অধীন নহে সেই সকল বস্তুর কোন অন্তিত্বও নাই। আত্মাও গুণাতিবিক্ত জড় দ্রব্য এগুলি ইন্দ্রিয় গ্রাহ্থ অভিজ্ঞতাব অতীত বলিয়া, হিউমেব মতে, ইহাদেব অন্তিত্ব জনাই ক্ষমও জড়, কখনও মন—এই তুই বস্তু সম্পর্কে আমাদেব ধাবণা জন্মে। কিছু জড়ও মন বলিয়া কোন অপবিবর্তনীয় সত্তা নাই। এমন কি' ঈশ্ববেব সত্তাও যুক্তি দ্বাবা প্রতিষ্ঠা করা যায় না। এইভাবে হিউম লকেব অভিজ্ঞতাবাদকে ভিত্তি কবিয়া অবশেষে সংশ্ববাদে (Scepticism) উপনীত হইয়াছেন।

হিউম যাব তীয় প্রত্যক্ষকে ঘুই শ্রেণীতে ভাগ কবিয়াছেন। প্রত্যক্ষেব এই ছুইটি প্রকাবভেদ হইল ইন্দ্রিথ সংবেদনেব ছাপ (1mpressions) এবং নাবণা (ideas)। যাবতীয় ধাবণা সংবেদনে হইতে নি: সত হয়। ধাবণা সংবেদনেবই ক্ষীণ প্রতিলিপি (faint copy) মাত্র। কাজেই, হিউমেব মতে, সংবেদনেব ভিত্তি ব্যতীত কোন ধাবণা গঠনই সম্ভব নহে। সংবেদনের অতীত কোন আবার ধাবণাসমূহেব আধাবনপে কোন অপবীবর্তনীয় ও স্থিয়ী জড়-জগৎ স্বীকাব কবা যায় না। আবার ধাবণাসমূহেব আধাবনপে কোন অপবীবর্তনীয় ও স্থিব মানসিক সন্তাকেও স্বীকাব কবা যায় না। নিক্ষিয় ও অপবিবর্তনীয় স্থির দ্রব্যাকরেশ মন বা আত্মাকে কখনও প্রত্যক্ষ করা যায় না, কাজেই এনপ কোন আধ্যাত্মিক দ্রব্য নাই, ইচা মানুষেব অলীক কল্পনা মাত্র। সম্ভর্দেশনেব সাহায্যে আমরা শুধু পরম্পব বিচ্ছিন্ন পবিবর্তনশীল ধারণা অমুভূতি, প্রভৃতি মানসিক প্রক্রিয়ার অভিজ্ঞতা লাভ করি, কিন্তু কোন অথণ্ড অপরিবর্তনীয় স্বধ্যাত্মিক দ্রব্যেব অন্তিক্ষ অমুভব করি না। হিউমের কথায়, "আমাব দিক হইতে যথনই আমি খুব ঘনিষ্ঠভাবে আমার মধ্যে প্রবেশ করি, আমি

সর্বদা কোন-না-কোন সংবেদন পাই, কথনও গ্রম, কখনও ঠাণ্ডা, কথনও আলো, কথনও ছায়া, কখনও ভালবাসা, কখনও হ্বণা, কথনও হ্বংশ, কখনও বা হ্বখ! আমি কখনও সংবেদন ছাড়া আর কোন আমার নিজম্ব সন্তা অহুতব করিতে পারি না।" পরিবর্তনশীল মানসিক প্রক্রিয়ার আধার বা যোগস্ত্তরূপ কোন অখণ্ড আত্মার অন্তিহ স্বীকার করিবার কোন যুক্তি-সঙ্গত কারণ নাই। পবস্পব বিচ্ছিন্ন মানসিক অবস্থাসমূহ অহুষঙ্গের association) নিয়ম অহুসাবে ধান্ত্রিকভাবে পরস্পার সম্বায়ুক্ত হয় অর্থাৎ গুচ্ছ বা সমষ্টিতে পরিণত হয়। এই মানসিক অবস্থাসমূহের গুচ্ছ বা সমষ্টিই ইইল মন বা আত্মা। কোন স্থায়ী সংগঠন-শক্তি সম্পন্ন চেতন আত্মার ধারণা মান্ত্র্যের কল্পনা-বিলাস মাত্র।

হিউমের সংশয়বাদে এক দিকে যেমন কি জড় আর কি মন—কোন স্থায়ী ও অপরিবর্তনীয় দ্রব্যেব অস্তিত্ব স্বাক্তত হয় নাই, অপর দিকে তেমনই কারণ ও কার্যের মধ্যে কোন অপবিহার্য বা অনিবায সম্পর্কও স্বাক্কত হয় নাই। তিনি বলেন, কারণকে শক্তিকপে ধারণ। করা ভূল, কারণের কার্য-উৎপাদন শক্তি আমবা কখনও প্রত্যক্ষ করিতে পারি না। কারণ ও কার্যের মধ্যে অপবিহার্য ও নিশ্চয়াত্মক সম্পর্কের ধারণা মনের সংস্কার বা অভ্যাসজ্ঞাত আশামাত্র, ইহার কোন বাস্তব ভিত্তি বা বস্তুগত নিশ্চয়তা নাই।

এইভাবে হিউথের সংশয়বাদ অতীন্ত্রিয়, শাশ্বত ও অপরির্তনীয় কোন দ্রব্যই এবং অনিবার্য ও নিশ্চয়াত্মক কোন কার্য-কারণ সম্পর্কই স্বীকার না করিয়া মান্থবের জ্ঞানকে সংবেদনের মধ্যেই সীমাবদ্ধ করিয়া রাখিয়াছে। তিনি চরম অভিজ্ঞভাবাদী দার্শনিক হিসাবে ইহাই বলিয়াছেন যে, মান্থবের পক্ষে চরম তত্ত্বের অক্তিম্ব ও প্রকৃতি সহদ্ধে কোনরূপ যথার্থ ও নিশ্চিত জ্ঞান লাভ করা সম্ভব নহে।

তবে একথা উল্লেখযোগ্য যে, হিউমের অভিজ্ঞতাবাদ সংশারবাদে পরিণতি লাভ করিলেও তিনি কভকগুলি মৌলিক তত্ত্বে বা সত্যে বিশ্বাসী ছিলেন। তিনি স্বাভাবিক ও সহজাত প্রবৃত্তি (n,tural instinct) বারা প্রণোদিত হইয়া বহিজগতের বান্তবতায় ও কারণ-বিশ্লেষণের বৈধতায় বিশ্বাস স্থাপন করিয়াছিলেন। ইন্দ্রিয়-অভিজ্ঞতা বা যুক্তি ছারা এই ধরণের বিশ্বাস স্মর্থনীয় না ইললেও ব্যবহারিক জীবনে এবং বৈজ্ঞানিক গবেষণার ক্ষেত্রে

100

The state of the s

এরপ বিশ্বাসের উপযোগিতা আছে। ("Though theoretically defensible neitner by sense-experience nor by reason, such a belief, to which instinct prompts us, is justifiable by its usefulness in the practical conduct of life as well as in scientific investigations.") ইহা ছাড়াও যে সকল গাণিতিক জ্ঞান (mathematical knowledge) স্বজ্ঞাও প্রমাণের সাহায্যে লাভ করা যায় সেগুলির পরম বৈধতাও নিশ্চয়তা তিনি স্বীকার করিয়াছেন। তিনি এক দিকে যেমন প্রাকৃতিক বিজ্ঞানের যাথার্য্য বিশ্বাস করিয়াছেন অপরাদকে তেমনই ইহাও বিশ্বাস করিতেন যে, মাহুষের আচরণ স্থানিদিই ও শৃঙ্খলাবদ্ধ নিয়ম অনুসারে চালিত হয়। ঈশ্বরের অন্তিত্ব সম্বন্ধেও তিনি এই কথা বলেন যে, তাহার অন্তিত্ব যুক্তি বা প্রমাণের দ্বারা প্রতিষ্ঠিত করা যায় না বটে, তবে বিশ্বজগতে যে শৃঙ্খলা লক্ষিত হয় তাহাতে তাহার অন্তিত্ব সম্বন্ধে আমরা প্রায় স্থিনিটিত হইতে পারি, অবশ্ব তাহারে স্বরূপ ও গুণাবলী সম্বন্ধে কোন জ্ঞান লাভ করিবার যথেষ্ট তথ্য বা প্রমাণ আমাদের হাতে নাই। কাজেই হিউমের সংশ্বরাদ প্রাচীন গ্রীস দেশের দেশিক্টগণের মত চর্মপন্থী নহে।

কাণ্টের বিচারবাবের বিশদ আলোচনা (Kant's Critical Theory of Knowledge)

আধুনিক যুগে জার্মান দার্শনিক কাণ্ট জ্ঞানের বিচার-বিপ্লেষণের উপর ঠাহার দর্শনকে প্রতিষ্ঠিত করিয়া বিচারবাদের (Criticism) প্রবর্তন করেন। জ্ঞানোৎপত্তি সম্বন্ধে কান্টের পূর্ববর্তী দার্শনিকদের মধ্যে তুইটি পরস্পর বিরোধী মতবাদ প্রচলিত ছিল—বুদ্ধিবাদ (Rationalism) এবং প্রভ্যক্ষ বাদ (Empiricism)।

বৃদ্ধিবাদ অহুসারে বৃদ্ধি বা প্রজ্ঞা (reason) বথার্থ জ্ঞানলাভের একমাত্র উপায়। শ্বাশত ও স্নাতন, সর্বজনগ্রাহ্ম ও নিশ্চয়াত্মক জ্ঞান একমাত্র বৃদ্ধির সাহায্যেই লাভ করা যায়; ইন্দ্রিয়-প্রত্যক্ষের মাধ্যমে যে জ্ঞান লাভ করা যায় ভাহাতে বস্তুর অন্তর্নিহিত স্বন্ধপ সম্বন্ধে কোন যথার্থ পরিচয় পাওয়া সম্ভব নহে। বৃদ্ধিবাদীরা বলেন—ইন্দ্রিয় অভিজ্ঞভার পূর্বে মাহুবের মন একেবারে শৃক্ত থাকে

না, এমন কতকগুলি স্বতঃসিদ্ধ ও অনস্বীকার্য মৌলিক প্রত্যায় বা ধারণা আছে যাহা মামুষের ইন্দ্রিয় অভিজ্ঞতার পূর্ব হইতেই তাহার মনে নিহিত থাকে; এঞ্জলি সহজাত ও প্রকৃতিগত। বুদ্ধিবাদীরা আরও বলেন - বুদ্ধি হইতে উদ্ভূত মৌলিক ও স্বতঃসিদ্ধ সাধারণ ধারণা হইতে গাণিতিক অবরোহ পদ্ধতিতে বিশ্লেষণের মাধ্যমে সকল প্রকার জ্ঞান ও সত্য লাভ করা যায়। বুদ্ধিজাত জ্ঞান নিশ্চিত ও শাশ্বত, অবশ্র স্বীকার্য ও সর্বত্ত সতং। ইহাই হইল বুদ্ধিবাদের মূল বক্তব্য।

প্রত্যক্ষবাদ অনুসারে, যাবতীয় ধারণা বা জ্ঞান ঃ ক্রিয়-অভিজ্ঞতা-লব্ধ অর্থাৎ ইন্দ্রিয়-প্রত্যক্ষ জ্ঞানের একমাত্র উৎস। প্রত্যক্ষবাদীগণ অভিজ্ঞতা-পূর্ব সহজ্ঞাত কোন ধারণার অন্তির স্বীকার করেন না। জন্মের সময় মান্তবের মন সাদা কাগজ বা শূল্য কক্ষের মত, কোন ধারণা বা জ্ঞানই ইন্দ্রিয়-প্রত্যক্ষের সাহায্যে বস্তু বিশেষের সহজ ধারণা (simple ideas) নিজ্ঞিয়ভাবে গ্রহণ করি, তারপর সক্রিয়ভাবে সহজ ধারণাগুলিকে পরস্পর তুলনা করিয়া ও উহাদের সংযোগ সাধন করিয়া জটিল ধারণা (complex ideas) গঠন করি। প্রত্যক্ষবাদিগণ বলেন—তথাকথিত পূর্বতঃসিদ্ধ মৌলিক সত্যসমূহ বস্তুতঃ প্রত্যক্ষের সাহায্যে আরোহমূলক সামালীকরণ প্রক্রিয়ায় (inductive generalisation) লাভ করা যায়। এক কথায়, মান্ত্রের মন বা বৃদ্ধির মধ্যে এমন কিছুই থাকিতে পারে না যাহা মূলতঃ সংবেদন বা প্রত্যক্ষ লব্ধ নহে—ইহাই হইল প্রত্যক্ষবাদের বক্তব্য।

•কাণ্ট তাঁহার বিচারমূলক অমুসন্ধান-কার্যের প্রথম স্তরেই উপলব্ধি কলিয়াছিলেন যে, কি বৃদ্ধিনাদ আর কি প্রভাক্ষবাদ—এই ছুইটি মতবাদের কোনটিই জ্ঞানোৎণত্তি বিষয়ে—সম্পূর্ণ সম্ভোষজনক ব্যাখ্যা দিতে পারে না। তাঁহার মতে, উভয় মতবাদই নির্বিচারবাদের (dogmatism) প্রকারভেদ। জ্ঞানের ক্ষমতা বিচার না করিয়া আন্ধ বিশ্বাসের বলবর্তী হইয়া দার্শনিক তন্ধ আলোচনায় প্রবৃদ্ধ হইবার মনোবৃত্তিকে বলা হয় নির্বিচার পদ্ধতি। কান্টের মতে, কি বৃদ্ধিবাদ আর প্রভাক্ষবাদ—এই ছুইটির কোনটিভেই যুক্তি তর্ক বা বিচার-বিশ্লেষণের বিশেষ প্রয়োগ নাই অর্থাৎ জ্ঞানের শর্ত্ত, সম্ভাবনা, সীমা, বৈধতা প্রভৃতি জ্ঞান-বিজ্ঞানের প্রয়োজনীয় প্রশ্নসমূহের বিচারমূলক মীমাংসার

কোন চেষ্টা নাই। প্রভাক্ষবাদী দার্শনিক জন লক জ্ঞান বিজ্ঞানেব স্কীকৃতি দান কবিলেও তাঁহাব গ্ৰন্থে জ্ঞানেব শর্তাবদী অপেক্ষা মনস্তত্ত্বেব আলোচনাই স্বাধিক হইয়াছে। প্রকৃত জ্ঞানোৎপত্তি বিজ্ঞান কাণ্টেব বচনায সর্ব প্রথম দেখিতে পাওয়া যায়। বকাণ্টেব নিকট দর্শনেব সঠিক পদ্ধতি হইল বিচাব পদ্ধতি। তিনি বলেন—বৃদ্ধিবাদী দার্শনিকগণ কোনকপ বিচাব-বিশ্লেষণ না কবিয়াই স্বীকাব কবেন যে, যুক্তি চবম সত্তাব স্বৰূপ উপলব্ধি কবিতে সমৰ্থ, স্থতবা° বৃদ্ধিবাদিগণ নির্বিচাববাদী, তদমুরূপ প্রত্যক্ষবাদী বা সংশ্যবাদী দার্শনিকেবাও এক অর্থে নির্বিচাববাদী, কাবণ তাঁহাবাও যুক্তিতর্ক বা বিচাব বিশ্লেষণ না কবিষাই বলেন যে, মান্তবেষৰ পক্ষে কোন বিষয়েই নি:সন্দিগ্ধ ও সর্বজনগাহ্ম সত্ত্যে উপনীত হওয়া সম্ভব নয় অর্থাৎ চবম তত্ত্বেব অন্তিয় ও প্রকৃতি দম্বন্ধে কোনৰূপ যথার্থ ও নিশ্চিত জ্ঞান লাভ কর্বা সম্ভব নয়।• কান্ট অতি গুৰুত্বেব সহিত বলেন—তন্ত্ৰাম্বসন্ধানেৰ পূৰ্বে জ্ঞানেব শৰ্ড, উৎপত্তি, সীমা ইত্যাদি নির্ণ্য কবা আবশ্রক। জ্ঞান বিজ্ঞানের মাধ্যমেই নির্দেশ পাও্যা যায়— ভত্বজ্ঞান সম্ভব কি না। জ্ঞান বিজ্ঞানকে বাদ দি.ল দর্শন নিছক নিবিচার-বাদে পর্যবসতি হয়। কাপ্টেব মতে, একমাত্র বিচাব পদ্ধতি প্রয়োগ কবিয়াই বুদ্দিবাদ এব প্রত্যক্ষবাদেব দোষ ও গুণ নির্ধাবণ কবা সম্ভব এবং এই তুইটি মতবাদেব মধ্যে সামঞ্জন্ত বিধান কবা সম্ভব।

কাপট প্রথমে লাইবনিজ-ভলফ (Leibniz Wolf) প্রভৃতি বৃদ্ধিবাদী দার্শনিকদেব নির্বিচাব মত্রবাদেব বাবা বিশেষভাবে প্রভাবান্থিত হইয়াছিলেন। কিন্তু প্রবর্তীকালে হিউমের সংশ্যবাদ তাঁহাকে তাঁহার মোহ-নিদ্রা হইতে জাগ্রত কবে। কাপ্ট বিশ্লেষণ কবিয়া দেখাইয়াছেন যে, জ্ঞানোৎপত্তির হুইটি দিক বিগ্রমান - একটি দিক হইল উপাদান, আব একটি দিক হইল আকার! জ্ঞানেব উপাদান ইন্দ্রিয়-অভিজ্ঞভা লব্ধ এবং উহার আকাব বৃদ্ধিগভ। ইন্দ্রিয়-প্রভাকের হারা যে সংবেদন ছাপ লাভ কবি তাহা হইল জ্ঞানের উপাদান। আর দ্রব্য (Substance), কার্যকারণ সম্বন্ধ (causality প্রভৃতি, কভকগুলি মৌলিক ধাবণা হইল, জ্ঞানের আকার, এগুলি অভিজ্ঞভা-লব্ধ নহে। কাণ্ট পূর্বভাসিদ্ধ জ্ঞান শক্ষটি ব্যবহার করিলেও ভিনি কোন প্রকার সহজ্ঞাত (innate) ধারণায় বিশ্বাসী ছিলেন না। এক্ষেত্রে ভিনি লাইবনিজ্ঞ প্রমুখ বৃদ্ধিবাদীদের প্রভাব হইতে মৃক্ত হইয়াছেন। ভিনি

ইক্সিয়-অভিজ্ঞতার পূর্বে মনের মধ্যে নিহিত কোন জ্ঞানের কথা বলেন নাই। এই হিসাবে কান্টের উপর হিউম প্রমূথ প্রত্যক্ষবাদীদের প্রভাব অনস্বীকার্য। কিছ সেইহেতু কাণ্ট প্রভ্যক্ষবাদীদেব শিবিরের অন্তর্ভুক্ত হন নাই। তিনি স্বকীয় বিচার পদ্ধতির স্বাভস্ক্য রাথিয়া বলিয়াছেন যে, জ্ঞান ইন্দ্রিয় প্রত্যক্ষ বা ঐন্তিয়িকতা (Sensibility) হইতে আরম্ভ হইলেও উহা ঐন্তিয়িকতা-জাত নহে। তাঁহার মতে, যে জ্ঞান ইন্দ্রিয়-প্রত্যক্ষ জাত নহে তাহাই পূর্বতঃসিদ্ধ। ষ্থনই ইন্দ্রিয় সংবেদন উৎপন্ন হয়, সেই মুহুর্তেই মন স্বতঃফুর্তভাবে কতকগুলি বৌদ্ধিক আকার সেই সংবেদনের উপব আরোপ করে, এই আকার-প্রকারগুলি ইন্দ্রিয়-সংবেদন-জাত নহে, স্থতরাং এগুলি প্রাক-সিদ্ধ (a priori)। প্রত্যক্ষ-বাদীদের মতবাদ—'আমাদের সকল ধাবণাই মূলতঃ অভিজ্ঞতা-জাত' এবং বুদ্ধিবাদীদের মতবাদ—'আমাদের সকল ধারণাই সগজাত —এই হুই প্রকাব মতবাদের কোনওটিই কাণ্ট গ্রহণ কবেন নাই। কাণ্টেব মত, ধারণা যদি সহজাত হইত, তাহা হইলে শিশুরা কার্য কারণ তত্ত্বের ধারণা লইয়াই জন্মগ্রহণ করিত: কিন্তু তাহারা এরূপ সহজাত ধারণা লইয়া জন্মগহণ করে না। আবার এরূপ ধারণা অভিজ্ঞতা-লব্ধ – ইহাও স্বীকার করা যায় না। বস্তুতঃ ইহাই বলিতে হইবে যে, ইন্দ্রি-অভিজ্ঞতার সময় এরূপ ধারণা স্বয়ং বুদ্দি হইতেই জ্ঞানের আকার হিসাবে সৃষ্ট হয় এবং অভিজ্ঞতার ক্ষেত্রে প্রযুক্ত হয়। ষখন আমাদের মন জ্ঞানের প্রাক-সিদ্ধ আকারগুলিকে ইন্দ্রিয় অভিজ্ঞতা লব্ধ সংবেদনের উপর প্রয়োগ করিয়া সেই সংবেদনরূপ জ্ঞানের উপাদানকে স্থবিগুন্ত ও স্কুসংবদ্ধ করিতে পারেবে, তথনই জ্ঞানোৎপত্তি হইবে। কাজেই অভিজ্ঞতা-লব্ধ সংবেদন কতকগুলি পূৰ্বত:সিদ্ধ আকার (যথা দ্রব্য, কার্য-কারণ সম্পর্ক প্রভৃতি) দারা স্থবিকান্ত হইয়া জ্ঞানে পরিণত হয়। অর্থাৎ বহির্জ্ঞগৎ হইতে আগত সংবেদনকে মনের মধ্যে নিহিত প্রাকসিদ্ধ ইন্দ্রিয়ামুভূতির আকার —দেশ ও কালের মধ্যে গ্রহণপূর্বক প্রত্যক্ষ করিয়া এবং উহার উপর দ্রব্য, কার্যকারণ সম্পর্ক, একত্ব, বহুত্ব প্রভৃতি কভকগুলি প্রাকসিদ্ধ বোধজাত আকার-প্রকার প্রয়োগ কনিয়া যথন স্বশৃত্থল ও স্থান্যত করা হয় তখনই জ্ঞানের উৎপত্তি হয়। অর্থাৎ ইন্দ্রিয়-অভিজ্ঞতায় 'দত্ত' বিষয় একমাত্র দেশ-কাল্যরূপ পূর্বতঃসিদ্ধ প্রত্যক্ষ-আকারের মাধ্যমে প্রতিভাত হয় এবং বৌদ্ধিক আকার সঙ্গে **সংক** উহার উপর আরোপিত হইয়া উহাকে স্থসংহত করে। এককথায়,

অভিজ্ঞতা-লব্ধ উপাদান এবং বৃদ্ধিলব্ধ মৌলিক প্রত্যয়রূপ আকার—উভয়ের সংযোগেই জ্ঞান গঠিত হয়। অভিজ্ঞতা-লব্ধ সংবেদন স্বয়ংজ্ঞান নহে; আবার. শুধু বৃদ্ধি-লব্ধ মৌলিক ধারণাসমূহও জ্ঞান নহে। উপাদান ও আকার—প্রত্যেকটি জ্ঞানের অপরিহার্য অংশ এবং হুইটি দিকের মিলনেই জ্ঞান কান্টের বিচারে অভিজ্ঞতা ও বৃদ্ধি—উভয়েরই জ্ঞানোংপত্তির ব্যাপারে আংশিক অবদান আছে। ইক্সিয়-সংবেদন ভিন্ন বৃদ্ধি শৃত্যুগর্ভ এবং বৃদ্ধি ভিন্ন সাবেদন অন্ধ ও বিশৃষ্খল।

এইভাবে কাণ্ট তাঁহার বিচারবাদের সাহায্যে নির্বিচারবাদ ও সংশয়বাদের মধ্যে তথা বুদ্ধিবাদ ও প্রত্যক্ষবাদের মধ্যে ছন্দ্রেব সমাধান করিয়া উভয়ের মধ্যে সমন্বয় সাধন করিয়াছেন। প্রত্যক্ষবাদী তথা সংশয়বাদীদের মতে ইন্দ্রিয় প্রত্যক্ষই জ্ঞানলাভের একমাত্র উপায়, প্রাক-অভিজ্ঞতা-লব্ধ কোন মোলিক ও সহজাত ধারণার অন্তিত্ব নাই। অপরপক্ষে, বুদ্ধিবাদী তথা নির্বিচারবাদীদের মতে অভিজ্ঞতা-নিরপেক্ষ বৃদ্ধিই জ্ঞানলাভের একমাত্র উপায়, একমাত্র বৃদ্ধি বা প্রজা হইতেই নিশ্চিত ও যথার্থ জ্ঞানলাভ সম্ভব। কিন্তু কাণ্ট তাঁহার বিচার-পদ্ধতি অবলম্বন করিয়া সঠিকভাবে দেখাইয়াছেন যে, ইন্দ্রিয়-অভিজ্ঞতা জ্ঞানের নৃতন নৃতন তথ্য দান করে এবং জ্ঞানের প্রসার ও অগ্রগতি দান করে, কিন্তু সর্বগ্রাহ্ম ও অবশ্রম্বীকার্য সভ্য দান করিতে পারে না; অপরণক্ষে, বুদ্দি বা প্রজ্ঞা হইতে যে প্রভায়ন্ত্রপ আকার পাওয়া যায় ভোহা দর্বগ্রাহ্ম ও অবশ্বস্থীকার্য বটে, কিন্তু জ্ঞানের প্রসার সাধন করিতে পারে না। কান্টের মতে যথার্থ জ্ঞানের পক্ষে সর্বজনীনতা ও অবশ্যস্তাবিতার বৈশিষ্ট্য যেমন আবশ্যক তেমনিই জ্ঞানের অগ্রগতি ও প্রদারতাও অপরিহার্য, কাজেই জ্ঞানোৎপত্তির ব্যাপারে বুদ্ধি ও অভিজ্ঞতা —উভয়েরই সমন্বয় কাম্য। আমরা বুদ্ধিবাদ ও প্রত্যক্ষবাদের মধ্যে দ্বন্দ্রের সমাধান তথনই করিতে পারিব ষথন আমরা দেধাইব যে, কতকগুলি প্রত্যয় যুক্তি-জাত অর্থাৎ পূর্বত:সিদ্ধ (a-priori) কিন্তু সেগুলি একমাত্র অভিজ্ঞতার বিষয়ের ক্ষেত্রেই বৈধ।

বৃদ্ধিবাদ ও প্রত্যক্ষবাদের মধ্যে দ্বন্দের আর একটি দিক হইল উহাদের পদ্ধতিগত ব্যাপারে; কাণ্ট এক্ষেত্রেও উহাদের মধ্যে সমন্বয় সাধনের চেষ্টা করিয়াছেন। বৃদ্ধিবাদে অবরোহ-পদ্ধতি ব্যবহৃত হয় এবং এই প্রক্রিয়ায় জ্ঞানের কেবল সার্বিক্তা ও অনিবার্যতা লাভ করা যায়; অপরপক্ষে, প্রত্যক্ষবাদে আরোহ-পদ্ধতি ব্যবহৃত হয় এবং এই পদ্ধতির মাধ্যমে জ্ঞানের কেবলমাত্র প্রসারতাই লাভ করা যায়। অবরোহ-প্রক্রিয়ার স্থবিধা এই যে, উহা আমাদিগকে সার্বিক ও অনিবার্য সত্যে উপনীত হইতে সক্ষম করে, কিন্তু উহা জ্ঞানের বিশ্লেষণ ও ব্যাখ্যা করে মাত্র, জ্ঞানের প্রসার সাধন করিতে পারে না। আরোহ-প্রক্রিয়ার প্রবিধা এই যে, উহা জ্ঞানকে প্রসাবিত করে, উহা কেবলমাত্র অভিজ্ঞতা-লব্ধ ও আপেন্ধিক জ্ঞান দান করে, কিন্তু সার্বিকতা ও অনিবার্যতা দিতে পারে না। স্বতরাং কাপ্টের প্রচেষ্টা হইল এমন বিধান আবিদ্ধার করা যাহা সংশ্লেষণাত্মক (Synthetia) অর্থাৎ জ্ঞানের প্রসার সাধন করে এবং তৎসহ সার্বিকভাবে ও অনিবার্যরূপে সত্য অর্থাৎ পূর্বতঃসিদ্ধ (a-priori)। তাহার প্রসিদ্ধ গ্রন্থ 'Critique of Pure Reason'-এর প্রধান সমস্তা হইল—কিভাবে পৃর্বতঃসিদ্ধ সংশ্লেষণাত্মক বিধান সম্ভব। তিনি বলেন—যদি আমরা শীকার করি যে, এমন বিধান আছে যাহা আমাদের জ্ঞানকে প্রসারিত করে অর্থাৎ সংশ্লেষণাত্মক অর্থাৎ পূর্বতঃসিদ্ধ কিন্তু যাহা অভিজ্ঞতা-লব্ধ নহে—যাহা সার্বিকভাবে ও অনিবার্য-ভাবে বৈধ অর্থাৎ পূর্বতঃসিদ্ধ কিন্তু যাহা বিশ্লেষণাত্মক নহে, তাহা হইলে বৃদ্ধিবাদ ও প্রত্যক্ষবাদের অন্থবিধান্তলি বর্জন করিয়া উহাদের মধ্যে সমন্বয় সাধন করা সম্ভব।

"কিন্তু কাণ্টের মতে প্রত্যক্ষ ও প্রজ্ঞার সংযোগিতায় আমরা যে জ্ঞান লাভ করি তাহা বস্তুতঃ বাহ্যরূপের (appearance or phenomena) জ্ঞানমাত্র, উহা বস্তুর স্থাত সন্তার বা স্কর্মপের (thing-in-itself or reality) জ্ঞান নহে। আমবা ইন্দ্রিয় হারা কোন বস্তুর যে সংবেদন প্রাপ্ত হই, তাহা আমাদের ইন্দ্রিয়ের শক্তি বা প্রকৃতি সাপেক্ষ। সেইরূপ আমাদের বৃদ্ধি বা প্রজ্ঞা হারা আমরা বস্তুটিকে যেরূপ বৃদ্ধি তাহাও আমাদের মন বা বৃদ্ধির প্রকৃতি ও গঠন সাপেক্ষ। অতএব আমরা বস্তু সম্বন্ধে যাহা জানি তাহা প্রধানতঃ আমাদের ইন্দ্রিয় ও মনের রচনামাত্র। আমাদের ইন্দ্রিয় ও বৃদ্ধি-নিরপেক্ষ বস্তুর স্বরূপ কি তাহা আমরা জানিতে পারি না এবং আমাদের জানা সম্ভব্ও নহে। কারণ ইন্দ্রিয়-প্রত্যক্ষ ও বৃদ্ধির প্রক্রিয়া ব্যতীত আমাদের কোন জ্ঞান হয় না। অতএব আমাদের জ্ঞানে বস্তুর স্বরূপ প্রকাশিত না হইয়া তাহার বাহ্যরূপ বা অবভাস মাত্র (appearance) গৃহীত হয়। যদি আমাদের কোন অতীন্তিয় বা বৃদ্ধি জন্ত সাক্ষাৎ প্রতীতির (intellectual intuition) সামর্থ্য থাকিত, তবে আমরা বস্তুর, স্বস্ত্রার বা স্বরূপের জ্ঞানলাভ করিত্তে পারিতাম।

কিন্তু এরূপ শক্তি লাভ করা অসম্ভব না হইলেও, বস্তুতঃ বর্তমানে তাহা আমাদের নাই! অতএব বস্তুর সন্তা বা পারমাধিক তন্ত্ব আমাদের জ্ঞানের অতীত, উহা চিরদিনই অজ্ঞাত ও অজ্ঞের (unknown and unknowable) থাকিবে।" (ড: সতীশচন্দ্র চট্টোপাধ্যায় প্রণীত 'ভারতীয় ও পাশ্চান্ত্য দর্শন')।

* দার্শনিক পদ্ধতি হিসাবে কাল্টের বিচারবাদের শ্রেষ্ঠ্য থাকিলেও ইহা এক নৃত্ন ধরনেব সংশয়বাদ; ইহাকে অজ্ঞেয়বাদ (agnosticism) আখ্যা দেওয়া হয়। অবশ্য সংশয়বাদ ও কাল্টের অজ্ঞেয়বাদের মধ্যে যে কিঞ্চিৎ পার্থক্য আছে তাহা হইল এই যে, কাল্ট অমুভব-সাপেক্ষ অবভাসের উৎস হিসাবে বৃস্তর স্বগত সত্তা স্বীকার করিয়াছেন, কিন্তু সংশয়বাদীরা সেক্কেত্রেও সংশয় প্রকাশ করিয়াছেন।*

পববর্তীকালে হেগেলের মতবাদে অতীন্দ্রিয় বিষয়েব জ্ঞান সম্ভব বলিয়া স্বীক্ষত হইয়াছে। কাবণ হেগেল কান্টের ন্যায় চিস্তাব আকার ও চিস্তনীয় বিষ্ঠের মধ্যে তুর্লভ্যা ব্যবধান স্বীকার করেন নাই। কাণ্টের বিচারবাদের মধ্যে যে সকল অসঙ্গতি লক্ষিত হয় সেগুলি হইল: প্রথমত:, জ্ঞানের আকাব ও জ্ঞানের উপাদান—এই চুইটিকে তিনি পরস্পব বিজাতীয় মনে করিয়াছেন; যদি তাহাই হয়, তাহা হইলে এই তুইটির মধ্যে সংযোগ কিরূপে বস্তুর ও উহার স্বরূপের মধ্যে কাণ্ট এক দৈতবাদের (dualism) স্ট করিয়াছেন! অথচ তিনি নিজেই বলিয়াছেন যে, বস্তুর বাহুরূপের সংবেদনের উৎস বা কারণই হইল অতীন্দ্রিয় বন্ধসন্তা। তাহাই যদি হয়, তাহা হইলে অতীন্দ্রিয় সতা অজ্ঞাত ও অজ্ঞের হয় কিব্লপে? কার্যের মধ্যেই ত কারণের প্রকাশ, কাজেই কার্য প্রত্যক্ষ করিয়াই কারণের স্বরূপ অনেকাংশে অবগত হওয়া যায়। কান্টের বিচারবাদের প্রধান ক্রটি হইল তিনি জ্ঞাতা ও জ্ঞেয়, বুদ্ধি ও সংবেদন, বস্তুর অবভাস ও স্বরূপ—এগুলির মধ্যে অঙ্গাঙ্গি সম্পর্ক উপেক্ষা করিয়া কেবল কুতিম ব্যবধান স্বষ্টি করিয়াছেন। ফলে তাঁহার বিচারবাদ অজ্ঞেয়বাদে (agnosticism) পর্যবদিত হইয়াছে। কিন্তু হেগেল তাঁহার দর্শনে বিচারপদ্ধতি অফুসরণ করিয়া কান্টের ত্রুটি অনেকাংশে সংশোধিত করিয়াছেন এবং জ্ঞাতা ও জ্ঞেয় বস্তুর মধ্যে এবং বস্তুর বাহ্যরূপ ও উহা স্বরূপের মধ্যে অঙ্গান্ধি সম্পর্ক স্থাপন করিয়াছেন।

উপসংহারে ইহা উল্লেখযোগ্য যে, যুক্তি সিদ্ধ বিচার-বিশ্লবঁণের ধারা তত্ত্ব

জ্ঞানের বিচার বা সত্যাসত্য নির্ণয় কবা যায়, কিন্ধ তত্ত্বজ্ঞান লাভ কর।
সম্ভব নহে! পারমার্থিক সন্তাকে একমাত্র আধ্যাত্মিক অন্তভৃতি বা স্বজ্ঞা
(intuition) নাবা উপলব্ধি কবা সম্ভব। কাজেই বিচার-বৃদ্ধিব চবম পবিণতি
স্বজ্ঞায়; স্বজ্ঞায় পূর্ণ সভ্যোপলব্ধি হয় এবং সভ্যোপলব্ধিই দর্শনেব শেষ কথা।
কাণ্ট স্বয়ং তাঁহার 'Critique of Judgəmənt' গ্রন্থে সৌন্দর্যাত্মভৃতি বিশ্লেষণ
করিয়া দেখাইয়াছেন যে, এরূপ সন্তভ্তিতে জ্ঞাতা ও জ্ঞেয়ের মধ্যে এক অপূর্ব
মিলন ও অভিন্নতাবোধ ঘটে, উহাদের মধ্যে কোনরূপ ব্যবধান থাকে না।

জ্ঞানের উৎপত্তি বিষয়ে সজ্ঞাধাদ (Intuitionism as a Theory of the origin of Knowledge)

জ্ঞানোৎপত্তির ক্ষেত্রে স্বজ্ঞা বা বোধির স্থান মালোচনা করিলে দেখা যাইবে যে, বোধি বা স্বজ্ঞাবাদ জ্ঞানোৎপত্তি ক্ষেত্রে অতি প্রাচীন মতবাদ। অভিজ্ঞতাবাদও বৃদ্ধিবাদের বহু পূর্ব চইতেই তত্ত্বদর্শনে স্বজ্ঞাবাদের একটি বিশেষ মান ছিল। প্রাচীন কালে প্রমাণ অপেক্ষা তত্ত্বাগুভূতিব স্থান ছিল মুখ্য। প্রাচীন দার্শনিকদিগের নিকট সত্য ছিল উপলব্ধিগত ব্যাপার, বিচার বিশ্লেষণের ব্যাপার নহে। বিচাব-বিশ্লেষণের মধ্য দিয়া আমরা একমাত্র খণ্ড জ্ঞান লাভ করিতে পাবি, প্রকৃত জ্ঞান লাভ করিতে পাবি না। স্বজ্ঞা বা বোধি জ্ঞান লাভের একমাত্র উপায়—ইহাই স্বজ্ঞাবাদিদেব (Intuitionists) মূল বক্তব্য।

এখন প্রশ্ন হইতেছে যে স্বজ্ঞা বা বোধি বলিতে আমরা কি বুঝি এবং জ্ঞানের উৎপত্তি ক্ষেত্রে স্বজ্ঞাবাদ যুক্তি-যুক্ত কি না? বর্তমান যুগে হেনরি বার্গদো স্বজ্ঞাবাদের একজন প্রধান সমর্থক। স্বজ্ঞাবলিতে তিনি এক প্রকার অক্সভৃতি বা বােদিকি সমবেদনা (intellectual sympathy) বলিয়াছেন। ইহাকে তিনি একক ও অনবয়ও বলিয়াছেন। বুদ্ধি-লব্ধ জ্ঞান বাার্গদোর মতে আপেক্ষিক, ইহা বস্তুর লক্ষণকে বর্ণনা করিতে পারে, বস্তুর স্বন্ধপকে ধরিতে পারে না। বুদ্ধিগত জ্ঞান রচনাত্মক—উদ্দেশ্য ও বিধেয় ক্সপে সামায় ধারণার মাধ্যমে বস্তুর লক্ষণকে আমরা এই জ্ঞানে বর্ণনা করিতে পারি। বাার্গসোর মতে, চরম সন্তা নিরস্তর গতিশীল ও সদা স্বন্ধনাত্মক। বুদ্ধির মাধ্যমে আমরা হাহা পাই তাহা স্থিতিশীল, স্বত্রাং গতিশীল চরম সন্তার অন্তরে বুদ্ধি প্রবেশে করিতে

পারে না। সাক্ষাৎ প্রাত্যক্ষিক অমুভূতির মাধ্যমে সম্ভার উপলব্ধি সম্ভবপর হয়। বাঁগসো চরম সন্তাকে প্রাণ-প্রবাহ (elan-vital) বলিয়াছেন। মহাকালের গতি যেরূপ হুর্নিবার, নিত্যচলমান প্রাণের গতিও সেইব্লপ সদা-প্রবাহমান। এই নিরন্তর গতিশীল স্তার সন্ধান একমাত্র স্বজাই দিতে সক্ষম।

অনেক ভাববাদী দার্শনিক আছেন যাঁহারা চরম সন্তার উপলন্ধির পক্ষে
যজ্ঞা বা অনুভূতির প্রয়োজন স্বীকার করিয়াছেন। কিন্তু তাঁহারা কোন
অবস্থায়ই বৃদ্ধির অবদানকে অস্বীকার করেন নাই। বৃদ্ধির চরম পরিণাত
স্বজ্ঞায় এবং সেই স্বজ্ঞার মাধ্যমে অখণ্ড জ্ঞান লাভ করা যায় যেখানে ভাতা
ও জ্ঞেয়, জ্ঞান ও সন্তার মধ্যে কোন বিভেদ থাকে না। ব্রাড্লি প্রভৃতি
পাশ্চান্ত্য দার্শনিকেরা এই ধরনের স্বজ্ঞা স্বীকার করিয়াছেন। হেগেলের মতে
চরম সন্তা বৃদ্ধ-গ্রাহ্ এবং জ্ঞানের চরম অবস্থায় জ্ঞাতা ও জ্ঞেয় অভিন্ন জানিয়াও
তাহারা যে ভিন্ন এই ধাবণা খাকে। ভাববাদিদের স্বজ্ঞা কার্যতঃ বৃদ্ধর
চরম পরিণতি। কঠোর বৃদ্ধ সাধ্যার পরে এই স্বজ্ঞা বা অনুভ্তি অবৌদ্ধিক না হইলেও বৃদ্ধিগত ব্যাপার
নহে। সমবেদনা হইতে এই অনুভৃতির উদয়, ইহা সাক্ষাৎ ও প্রাত্যক্ষিক।

আচার্য শহরের মতে যুক্ত-তর্কের মাধ মে আমাদের চরম সন্তার উপলবি হয় ন, সন্তার পূর্ণ উপলবি হয় সঞ্জায়। যুক্তি-তর্কের মাধ্যমে যে জ্ঞান আমর। লাভ করি তাহা ভেদমূলক, স্থতরাং মিধ্যা। জ্ঞান ভেদরহিত, ইহা পূর্ণ ও অখণ্ড, এবং সেই জ্ঞান উপলব্ধিগত। স্থভাবাদ একটি প্রাচীন মতবাদ হইলেও জ্ঞানোৎপত্তির ব্যাধ্যার পক্ষে এই পদ্ধতির কতকগুলি ক্রটি অবশ্রই শ্বীকার করিতে হইবে।

বাঁগসোঁ স্বজা বালতে এক বুদ্ধি-সঞ্জাত সমবেদনা বলিয়াছেন। এই বুদ্ধি-সঞ্জাত সমবেদনার সাহায্যে আমরা বস্তুর অন্তরে প্রবেশ লাভ করিতে পারি এবং বস্তর মধ্যে বাহা কিছু অন্বিতীয় (unique) তাহার সহিত আমাদের একাত্মবোধ ঘটে। স্কৃত্রবাং ইহা অনির্বাচ্য (Intuition is a kind of intellectual sympathy by which one places oneself within an object in order to coincide with what is unique in it and consequently inexpressible proposition)!

কিন্তু এশানে প্রশ্ন হইভেছে যে, স্বজ্ঞার উপর নির্ভর করিয়া দার্শনিক

আলোচন। সম্ভবপর কি না? প্রথমতঃ স্বজ্ঞা একাস্তভাবে ব্যক্তিগত ব্যাপার। স্বতরাং পৃথক পৃথক ব্যক্তির পৃথক পৃথক অমুভৃতি হওয়া সম্ভব। এই সকল বিভিন্ন অমুভৃতির সত্যাসত্য স্বজ্ঞার দ্বারা নির্দ্ধারিত হইতে পাবে না। একমাত্র বৃদ্ধি বা প্রজ্ঞা দ্বাবাই দার্শনিক তব্ত্বসমূহের সত্যাসত্য নির্ধারণ ও প্রমাণ করা সম্ভব। ফলে দার্শনিক আলোচনায় বৃদ্ধি অপরিহার্য।

দিতীয়তঃ, স্বজ্ঞার বিষয়টি সাধারণের কাছে প্রকাশ না কবিলে দার্শনিক আলোচনার স্ত্রপাত অসম্ভব। কারণ দার্শনিক জ্ঞান অপরের নিকট প্রকাশযোগ্য জ্ঞান মাত্রই পরোক্ষ (mediate), কিন্তু স্বজ্ঞাজাত জ্ঞান অ-পরোক্ষ জ্ঞান। স্ত্রবাং দেখা যাইতেছে যে বৃদ্ধি ছাড়া দর্শন আলোচনা সম্ভবপর নহে।

তৃতীয়ত:, কেবল স্থঞার সাহায্যে যদি দার্শনিক জ্ঞান সম্ভব হয় তাহা হইলে পশুজগতেই দার্শনিক চিস্তার প্রাবল্য দেখা বাইবে। কাবণ কোন কোন স্থঞাবাদিদের মতে ইতর প্রাণীরাই বিশুদ্দ স্থঞার (pure intuition) অধিকারী।

এইসব ক্রটি-বিচ্যুতি সংস্কৃতি দার্শনিক পদ্ধতিতে স্বজ্ঞাবাদের একটি বিশেষ মূল্য আছে। কোন কিছু লাভ না করিলে যুক্তি-তর্ক নিক্ষল হইয়া যায়। তাই যুক্তি-তর্ক প্রয়োগ করিবার পূর্বে সভ্যোপলন্ধির প্রয়োজন সর্বাহ্যে এবং সভ্যোপলন্ধি স্বজ্ঞায় লাভ করা যায় বলিয়া স্বঞ্জাবাদীরা দাবী করেন। স্থভরাং বৃদ্ধি ও স্বজ্ঞা পরস্পব অবিচ্ছিন্ন। বৃদ্ধিব চরম পরিণতি স্বজ্ঞায়, স্বজ্ঞায় সভ্যোপলন্ধি হয় এবং সভ্যোপলন্ধি দর্শনের শেষ কথা।

अनुनीननी

1. Discuss the issue between empiricism and rationallsm.

(জ্ঞানোংপত্তি বিধয়ে অভিজ্ঞতাবাদ ও বৃদ্ধিবাদের মধ্যে মূলগত পার্থকা আমালোচদা কর ৷)

2. Give a critical account of empiricism as a theory of the origin of knowledge.

(জ্ঞানোংপত্তি বিষয়ক মতবাদ হিসাবে অভিজ্ঞতাবাদের বিচারমূলক বিবরণ দাও।)

3. There is nothing in the intellect which was not previously in the senses. Explain and examine.

(মন বা বুদ্ধির মধ্যে এমন কিছুই থাকিতে পারে নাযাহা মূলতঃ সংবেদন বাপ্রত্যক্ষ-লব্ধ নহে—ইহাৰাশ্যাপ্ত বিচার কর।)

4. Give a critical estimate of the theory which asserts that all our knowledge has its origin in experience.

(আমাদের সকল জ্ঞানের উৎপত্তি গ্রভিজ্ঞতায়—এই মতবাদটি বিচার কর।)

5. Give a critical account of rationalism as a theory of the origin of knowledge.

(জ্ঞানোৎপত্তি বিষয়ক মতবাদ হিদাবে বুদ্ধিৰাদেক বিচারমূলক বিবরণ দাও। 🕦 🍃

- 6. How far can empiricism and rationalism be reconciled ? (অভিজ্ঞতাবাদ ও বৃদ্ধিবাদের মধ্যে সমন্ত্র কতদুর সম্ভব ?)
- 7. Analyse the views of the following philosophers about the origin of knowledge:
- (a) Flato; (b) Descartes; (c) Locke; (d) Humc, (e) Leibniz, (f) Kant.

(জ্ঞানোৎপত্তি বিষয়ে নিম্নলিখিত দার্শনিকদের মত বিশ্লেষণ কর :---

- (ক) প্লেটো, (থ) ডেকার্ট, (গ) লক, (ঘ) হিউম, (ঙ) লাইব্নিজ, (১) কাণ্ট।)
 - 8. Explain Kant's theory of criticism.

(কাণ্টের বিচারৰাদ ব্যাখ্যা কর।)

मिलीय जधाय

বস্তুবাদ, ভাববাদ এবং উহাদের প্রকারভেদ (Realism, Idealism and their Varieties)

ঠ। বস্তুবাদ এবং ভাব বাদের মধ্যে মূলগত পার্থক্য (Issue or Difference between Realism and Idealism)

জেয় বস্তুর স্থান বা প্রাকৃতি কি? ইহার কি জাতার মনোনিরপেক্ষ নিজস্ব স্বতন্ত্র সত্তা আছে না জাতার মনের উপর ইহার অন্তিত্ব নির্ভরণীল? ইহা কি বস্তুগত (objective) না জ্ঞাতার মনের ধারণামাত্র (subjective)? এরূপ প্রশ্ন জ্ঞান-বিজ্ঞানের প্রধান আলোচ্য বিষয়। এই প্রশ্নের মীমাংসাকরে জ্ঞান-বিজ্ঞানে তুইটি বিরোধী মতবাদের উদ্ভব হইয়াছে। সেই তুইটি মতবাদ হইল বস্তুবাদ (Realism) এবং ভাববাদ (Idealism)। বস্তুবাদ অমুসারে জাগতিক বস্তুর জ্ঞান-নিরপেক্ষ, বস্তুগত (objective,) বাহ্যিক, স্বতন্ত্র অন্তিত্ব রহিয়াছে, ইহার বাস্তব সত্তা কাহারও জ্ঞান বা চেতনার উপর নির্ভরণীল নহে অর্থাৎ কেহ বস্তুকে জাহুক আর না জাহুক, জ্ঞান ছাড়াও বস্তু নিজের স্বতন্ত্র সত্তা রক্ষা করিয়া চলে, ইহার সত্তা কথনও জ্ঞানের ছারা নিয়ন্ত্রিত বা স্বষ্ট হয় না। অপরপক্ষে, ভাববাদ অমুসারে জাগতিক বস্তু নিম্নত্ত জ্ঞান-নির্ভর; ইহা স্বরূপতঃ মনোগত (subjective); ইহার বস্তুনিষ্ঠ (objective) কোন স্বৃতন্ত্র সত্তা নাই; অর্থাৎ ইহার সত্তা সদা জ্ঞান বা চেতনার ছারাই স্বৃত্ত ও নিয়ন্ত্রিত হয়।

বস্তুবাদের প্রকারভেদ হিসাবে কি পৌকিক বস্তুবাদ, কি বৈজ্ঞানিক বস্তুবাদ আর কি নব্য বস্তুবাদ—সকল বস্তুবাদী সম্প্রদায়ের মতে জাগতিক বস্তুসমূহ মন হইতে স্বতন্ত্রভাবে বহিজগতে বিগুমান। অবশ্য গুণাবলীর স্বন্ধপ সম্বন্ধে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে মত পার্থক্য আছে। উদাহরণ স্বন্ধপ পৌকিক বস্তুবাদ অনুসারে কি মৃথ্য গুণ আর কি গৌণ—যাবতীয় গুণাবলী এবং বিভিন্ন বস্তুর পারস্পরিক সম্পর্ক—ইহাদের প্রত্যেকটির জান-নিরপেক অর্থাৎ মন হইতে স্বতন্ত্র বস্তুনিষ্ঠ ধর্ম রহিয়াছে। বৈকানিক বস্তুবাদ অনুসারে মৃথ্য গুণগুলি বাহ্ দ্ব্যক্তে আশ্রেষ করিয়া থাকে; সেগুলির মনোনিরপেক বান্তব সত্তা আছে; কিছ গোণ গুণসমূহ ব্যক্তি বা আতার জানসাপেক, এগুলি একান্তভাবে ব্যক্তিগত,

ব্যক্তির মনের সংবেদন মাত্র। আর নব্য বস্তুবাদ অমুসারে সবই বস্তুগত। কি বস্তু আর কি গুণাবলী—সবই বস্তুগত। অপর দিকে ভাববাদের বিভিন্ন প্রকার-ভেদে—যথা আত্মগত ভাববাদে এবং বস্তুগত ভাববাদে দৃষ্টিভঙ্গির পার্থক্য থাকিলেও মূলতঃ সকল ভাববাদী সম্প্রদায়ের মধ্যে একমাত্র মন এবং উহার ধাবণাসমূহ স্বীকৃত হইয়াছে, কিন্তু মনোনিরপেক্ষ কোন সন্তা স্বীকৃত হয় নাই। বার্কলির আত্মগত ভাববাদে এবং হেগেলের বন্ধগত ভাববাদে উভয় ক্ষেত্রেই মন তথা ঈশ্বরকে প্রম সন্তা বলিয়া স্বীকার করা হইয়াচে। উক্ত তুইটি মতবাদের মধ্যে পার্থক্য এইটুকু যে বার্কলিব মতে সমগ্র বিশ্ব জগৎ ঈশ্বরের প্রত্যক্ষাধীন অপবপক্ষে হেগেলের মতে বিশ্বজগতেব অন্তিত্ব যদিও ঈশ্বর নিভর, ঈশ্বরও জগৎ নিভর। অর্থাৎ ঈশ্বর ও জগতের মধ্যে এক:অঙ্গাঙ্গি সম্পর্ক বিভামান। হেগেল বলেন জগৎ ঈশ্বরের স্ব-প্রকাশিত বাস্তব রূপ: ইহা পর্মাত্মা ঈশ্বরের শুধু মনোগত ধারণাই নহে! শুধু ধাবণা হইলে জগতের এত বৈচিত্র্য থাকিত না; হেগেলের মতে জগতের মনোনিরপেক্ষ স্বতম্ব অস্তিত্ব না থাকিলেও ইহা মনের নিচক ধারণামাত্র নহে , মন বা জ্ঞানের অপবিহার্য বস্তু হিসাবে ইহার বাস্তব সন্তা একাস্কভাবে স্বীকার্য। "বাস্তবিক সত্তা মাত্রই বৌদ্ধিক ও চেতন সন্তার প্রকাশ এবং বৌদ্ধিক বা চেতনসত্তা মাত্রই বাস্তবিক সত্তায় প্রকাশিত হয়।" "(Whatever is actual is rational and whatever is rational is actual)."

বপ্তবাদ এবং ভাববাদের মধ্যে দ্বিভীয় পার্থক্য হইল যে, বস্তবাদীরা সাধারণতঃ বহুতত্ত্ববাদী; অপরপক্ষে ভাববাদীরা অদ্বৈতবাদী বা একত্ববাদী। বস্তবাদ অমুসারে জগতে বহু পরম্পর স্বতন্ত্র, স্বপ্রতিষ্ঠ, স্বয়ং নির্ভর, নিত্য, পরম পদার্থ বিশ্বমান। বিভিন্ন পদার্থের মধ্যে ঘনিষ্ঠ যোগস্থত্ত বা অঙ্গাঙ্গি সম্পর্ক বস্তবাদে স্বীকৃত হয় না। বন্ধবাদীরা বিভিন্ন স্বতন্ত্র পদার্থের মধ্যে যেটুকু সম্পর্ক স্বীকার করেন ভাহা হইল পারম্পরিক বহিঃসম্পর্ক অর্থাৎ তাঁহাদের নিকট জ্ঞাৎ হইল বিভিন্ন ও পরম্পর স্বতন্ত্র জ্বোর সমাবেশ মাত্র। তাঁহারা জ্ঞগত্তের মূলগত এক্য স্বীকার করেন না। অর্থাৎ তাঁহারা বৈচিত্র্যের উপর গুরুত্ব দেন আর ঐক্যক্তে উপেক্ষা করেন। অপরপক্ষে ভাববাদী দার্শনিকগণ জগতের মূলগত ঐক্যের উপর গুরুত্ব আরোপ করেন। ভাববাদী দের মধ্যে জগতের বহু বহু পদার্থ ঐক্যেরই বিকাশ, আক্রান্ধ বহুর মধ্যে ঐক্য আক্সপ্রকাশ করিতে না

পারিশে উহা অসম্পূর্ণ ও অবাস্তব থাকিয়া যায় । এককথায় ভাববাদীরা মূলতঃ সমগ্র বিশ্বন্ধগতের মাত্র একটি প্রমত্ত্ব স্বীকার করেন। তাঁহাদের মতে জগতের বিভিন্ন বস্তু একই মন, আধ্যাত্মিক সত্তা বা পরমাত্মার বিকাশ ব অভিব্যক্তি। তাঁহাদের মতে জগতের বিভিন্ন বস্তুর মধ্যে আভ্যন্তরীণ সম্পর্ক বিভ্যমান। তাঁহারা বলেন—জগতের অন্তর্নিহিত এমন একটি পরম দ্রব্য বা মোলিক সত্তা বিভ্যমান যাহা বৈচিত্রের মধ্যে ঐক্যন্থত্র স্থাপন করিয়া জগৎকে স্থসংগঠিত ও সামঞ্জন্তপূর্ণ করিয়া রাধিয়াছে।

বন্ধবাদ এবং ভাববাদেব মধ্যে আর একটি মৌলিক পার্থক্য হইল এই যে, সভ্যের স্বরূপ সম্বন্ধে বন্ধবাদীর। অন্তরূপতাবাদ (correspondence theory) পোষণ কবেন কিন্তু ভাববাদীবা এই সম্পকে সংস্ক্তিবাদ (coherence theory) পোষণ করেন। বাস্তববাদীদের মতে যথন একটি অবধারণ বাস্তবঘটনার অনুরূপ বা অমুগামী হয় তখন ইহা সত্য হয়; আব যখন একটি অবধাবণ বাস্তব ঘটনার অফুরূপ বা অফুগামী হয় না তখন ইহা অস্ত্য ১য়। বাস্তবের সহিত অবধারণের অমুদ্ধপতা বা মিল থাকিলেই দেই অবধারণ সত্য হয় আর অমুদ্ধপতা বা মিল না থাকিলেই, সেই অবধারণ অসত্য হইয়া থাকে। তাঁহাদের মতে সত্য অবধারণ আবিষ্ঠিকভাবে বাস্তব বিষয়াহুগত (objective) অর্থাৎ প্রত্যেক সভ্য অবধারণ বস্তুর প্রক্লুভ স্বরূপ ∙প্রকাশ করে, অপরপক্ষে ভাববাদীদের মতে, বেহেতু মনো-নিরপেক্ষ কোন সত্তা নাই সেহেতু একটি অবধারণ তথনই সত্য হইবে যখন ইহা অক্সাক্ত প্রাসঙ্গিক অবধারণসমূহের সহিত সংসক্ত বা সংহত থাকিবে। বস্তুবাদীরা বলেন জ্ঞান সদা বস্তুর অমুগামী হইবে অর্থাৎ বস্তুর ছারা নিয়ন্ত্রিত হইবে, কিন্তু ভাববাদীদের মতে মনই জ্ঞানের বিষয় ক্তকগুলি বৌদ্ধিক আকারের মাধ্যমে সৃষ্টি করে। অর্থাৎ ভাববাণীরা বলেন –জ্ঞান হইল একটি গুসংহত সংগঠন, স্থতরাং কোন অবধারণই বস্তগামী না হইয়া এই মানদিক সংগঠনের মধ্যে সংযুক্ত। যুক্তি বা বৃদ্ধি আমাদের জ্ঞানের এমন এক সংহত সংগঠন রচনা করে যাহার মধ্যে আমাদের অভিজ্ঞতার যাবতীয় বিষয় একটি অথও সমষ্টির মধ্যে ঐক্যবদ্ধ হইয়া প্রাকে। এক্স তাঁহাদের মতে বধন মনের স্থদংহত সংগঠনের সহিত একটি অবধারণের সঙ্গতি থাকে তথন সেই অবধারণটি সত্য বলিয়া বিবেচিত হইরা থাকে। আর বধন উহার সৃত্বতি থাকে না তথন উহা ভ্রান্ত বা অসভ্য বলিয়া গণ্য হইবে 🏏

২। বস্তবাদের প্রকারভেদ (Varieties of Realism)

॥)॥ (मोकिक वा अतम वखवाप

(Popular or Naive Realism)

লৌকিক বা সরল বস্তবাদ (Popular or Naive Realism) ২ইল বপ্তবাদেব একটি প্রকাবভেদ। সাধারণ লোক মনে করে যে, জাগতিক বস্তুসমূহ জ্ঞাতাৰ মন হইতে স্বতম্বভাবে বহির্জগতে বিজ্ঞান। প্রত্যেক বছরই স্বাধীন সন্তা রহিয়াছে, ইহার অন্তিত্ব কোন জ্ঞানের উপব নির্ভরশীল নহে। শুধু বস্তু কেন, ইহাব যাবতীয় গুণাবলাও বস্তুকে আত্রয় কবিয়া বহিয়াছে; আয়তন, আফুতি, ঘনহ, গতি প্রভৃতি মুখ্য গুণ এবং বর্ণ, স্বাদ, গন্ধ, উষ্ণতা, শীতলতা প্রভৃতি গৌণ গুণ—যাবতীয় গুণাবলী এবং বিভিন্ন বস্তুর পারস্পরিক সম্পূর্ক — ইহাদের প্রত্যেকটির জ্ঞান-নিরপেক্ষ অর্থাৎ মন হইতে স্বতম্ন বস্তুনিষ্ঠ ধর্ম রহিয়াছে, এগুলি মনোগত সংবেদন বা ধারণামাত্র নহে। আমরা আমাদের ইপ্রিয় প্রত্যক্ষের সাহায্যে বিভিন্ন গুণাবলী সহ বাস্তব জগতেব যে অভিজ্ঞতা লাভ করি,তাহা মনোনিরপেক্ষ বাস্তব স্তারই যথাযথ প্রকাশ বা অবিকল প্রতিলিশি। প্রদীপ যেমন কোন বস্তুর আসল ক্লপ উদ্রাসিত করে আমাদের প্রত্যক্ষ-অভিজ্ঞতাও তেমনই গুণাবলীশহ দ্রব্যের যথায়থ স্বরূপ আমাদের চেতনায় প্রকাশিত করে। অর্থাৎ আমরা গুণবিশিষ্ট দ্রব্যগুলির যেরূপ প্রত্যক্ষ-মভিজ্ঞতা লাভ করি বাস্তব ব্দগতেও দেগুলি ঠিক সেইরূপভাবেই বিশ্বমান। আমরা বহির্জগতে যাহাই প্রত্যক্ষ করি না কেন, তাহাই ষথার্থভাবে বন্ধগত : বাস্তব জগতে যাহা অন্তিত্বশীল তাহাই প্রতাক্ষের মধ্যে প্রতিফলিত হয়। এই মতাকুসাবে আমাদেব মন সাক্ষাৎভাবে অর্থাৎ সরাসরি বস্তুর আসল স্বরূপ প্রত্যক করিতে পারে বলিয়া এই মতবাদকে **সাক্ষাৎ বস্তবাদ** (Direct Realism) আখ্যা দেওয়া হয়। আবার, এই মতবাদটি অতি প্রাচীনকাল হইতে প্রচলিত বলিয়া ইহাকে প্রাচীন বেশ্ববাদও বলা হয়।

লোকিক বা সরল বন্ধবালে নিমোক্ত পাঁচটি বিশ্বাস বা স্বীক্লতি লক্ষিত হয়:

- (১) বুক্ক, পাহাড়, গৃহ প্রভৃতি ভৌত দ্রব্যের জগৎ অন্তিম্বীল।
- (২) এই স্কল দ্রব্য সম্বন্ধে বিবৃত্তি ইক্সিয়-অভিজ্ঞতার মাধ্যমে সভ্য বলিয়া নিৰ্ণয় করা বাস ।

পাশ্চান্ত্য—ঃ

- (৩) আমাদের প্রভাক হইতে এই সকল দ্রব্যের খণ্ডন্ত অন্তিত্ব আহে। আমরা এগুলিকে প্রভাক করি বা না করি এগুলি আপন খরুপে অন্তিত্বশীল।
- (৪) আমাদের ইন্তিরের মাধ্যমে আমরা স্পট্টরূপে ভৌতদ্ধগতের স্বরূপ প্রভাক করিতে পারি; মূলত: এরূপ জগতের জ্ঞান সম্বন্ধে আমাদের দাবী ক্যায্য।
- (৫) ভোত দ্রব্য হইতে যে ইন্দ্রির-সংবেদন আমরা পাই ভাহা ভোত বস্তুর স্বকীয় স্বরূপের ঘারাই সংঘটিত হয়, যথা চেয়ার সম্বন্ধে আমার অভিজ্ঞতা স্বাং চেয়ারের ঘারাই উৎপন্ন হয়।

সমালোচনা: লোকিক বন্ধবাদ ভ্রান্ত জ্ঞান ও পথ-দৃষ্ট বন্ধর অভিজ্ঞভার সম্বোষজনক ব্যাখ্যা দিতে পারে না। এই মতবাদ অমুসারে প্রভ্যেকটি প্রভ্যক্ষ অভিজ্ঞভায় বস্তুর আসল স্বরূপ উদ্বাসিত হয়। কিছু বাস্তবিক মধ্যে বা ভ্রান্ত অভিজ্ঞভায় আমরা যাহা প্রভ্যক্ষ করি ভাহা আমাদের মনেব ধারণারই প্রক্ষেপণমাত্র, প্রকৃত বাহ্যবন্ধ নহে। প্রভ্যক্ষ যদি সকল সময়েই আসলবন্ধর যথাযথ প্রকাশ হইত, ভাহা হইলে রক্ষুতে সর্প ভ্রম হইত না। দ্বিতীয়তঃ, লোকিক বন্ধবাদ অমুসারে সকল প্রকার গুণাবলী, কি মুখ্য আর কি গোণ সবই বস্তুনিষ্ঠ ও মনোনিরপেক্ষ। যদি ভাহাই হইবে ভাহা হইলে রূপ, রুস, গদ্ধ প্রভৃতি বিভিন্ন ব্যক্তির কাছে বিভিন্ন ভাবে প্রভিত্তাত হয় কেন? কাজেই যাবতীয় গুণাবলী ব্যক্তির' জ্ঞান নিরপেক্ষ—ইহা স্বীকার করা যায় না। পরিলেকে, এই মতবাদ সাধারণ লোকের সরল বিশ্বাসের উপর প্রতিষ্ঠিত। বৈজ্ঞানিক বিচার-বিশ্লেষণের কোন অবকাশ ইহাতে নাই বলিয়া ইহার শুক্ষ কম।

(Theory of Scientific or Critical Realism or Representationism)
বৈজ্ঞানিক বা সবিচার বস্তবাদ (Scientific or Critical Realism) বা প্রতীক্ষাক (Representationism): এই মতবাদ হইল বন্তবাদের একটি প্রকার ভেদ। জ্ঞানের বিষয় জ্ঞাননিরপেক বন্তবাদীদের ইহা মূল বক্তব্য হইলেও বিষয়ের এই ব্যন্ত ক্ষতিটা সে স্থকে বন্তবাদীদের ক্ষেয় ক্ষতেক রহিরাছে। লোকিক বা সরল বন্তবাদ ক্ষ্পারে ক্ষয় এবং

তংসহ উহাদেব যাবতীয় গুণাবলী বস্তুনিষ্ঠ , জব্যের যেমন জ্ঞান-নিরপেক স্বতন্ত্র সভা আছে তেমনই উহার যাবতীয় গুণাবলীরও মন হইতে স্বতম্ভ বস্তনিষ্ঠ বর্ম বহিরাছে। আমরা আমাদের, ইক্তিয়-প্রত্যক্ষের সাহায্যে বিভিন্ন গুণাবলীসহ বাস্তব জগতের যে অভিজ্ঞতা লাভ করি তাহা মনোনিরপেক্ষ বাস্তব সন্তারই যথায়থ প্রকাশ বা অবিকল প্রতিলিপি। আমবা বিভিন্ন গুণবিশিষ্ট দ্রবাগুলির যেক্সপ প্রভাক্ষ অভিজ্ঞতা লাভ করি বাস্তব জগতেও সেগুলি ঠিক সেরূপভাবেই বিভ্যমান। অর্থাৎ আমরা বহির্জগতে যাহাই প্রভাক্ষ করি না কেন, ভাহাই যথার্থভাবে বস্তুগত। কিন্তু বৈজ্ঞানিক বা সবিচার বস্তুবাদে বাস্তব সন্তা ও অভিজ্ঞতার এই লোকিক বা সরল ব্যাখ্যা সম্বিত হয় নাই। ইহার কারণ লৌকিক বস্তবাদে হৈজ্ঞানিক বিচার-বিশ্লেষণের কোন স্থান নাই। পক্ষান্তরে, বৈজ্ঞানিক সবিচার বস্তবাদ বিচারমূলক বৈজ্ঞানিক চিন্তাধারার উপর প্রভিষ্ঠিত। এই মতবাদের প্রবর্তক জন লক দ্রব্যের যাবতীয় গুণাবলীর বস্তুগত সত্তা স্বীকার করেন নাই। তিনি ঠাহার মুগের বৈজ্ঞ'নিক ভাবধার। অহুসরণ করিয়া দ্রব্যের গুণসমূহকে হুই শ্রেণীতে বিভক্ত করিয়াছেন -(মূধ্য ও গে'ণ গুণ। মুখ্য গুণগুলি বাহা দ্ব্যকে আত্রয় করিয়া থাকে, দেগুলির মনোনিরপেক বান্তব সত। আছে; কিন্তু গৌণ গুণসমূহ ব্যক্তি বা জ্ঞাতার জ্ঞান-সাপেক, এণ্ডলির বস্থনিষ্ঠ কোন ধর্ম নাই, এণ্ডলি একান্তভাবে ব্যক্তিগত, ব্যক্তির মনের সংবেদন মাত্র। বস্তুর আয়তন, আফুতি, সংখ্যা, ঘনত্ব, গতি প্রভৃতি হইল মুখ্য গুণ। এই মুখ্য গুণগুলি বাহ্য দ্রব্যেই বিগুমান এবং সকল প্রতাক অভিজ্ঞতায় একইরপে ও যথায়থভাবে প্রতিভাত হয়। অপরপক্ষে রূপ, রুদ, গদ্ধ, উষ্ণভা, শীতলভা, শব্দ প্রভৃতি হইল গৌণ গুল। এই গৌল গুণসমূহ বিভিন্ন ব্যক্তির নিকট বিভিন্নভাবে এবং একই ব্যক্তির নিকট বিভিন্ন সময়ে বা বিভিন্ন অবস্থায় বিভিন্নরূপে প্রকাশিত হয় বলিয়া এগুলি একাম্বভাবে ব্যক্তিসাপেক্ষ অর্থাৎ ব্যক্তির জ্ঞানের উপর নির্ভরশীল। এককখার, এগুলি ব্যক্তির মনের ধারণা বা সংবেদনমাত। বিতীয়তঃ, গৌণ গুণসমূহ পরিবর্তনশীল এবং দ্রব্যের অন্তিত্বের পক্ষে অপরিহার্য নহে। বর্ণ, স্বাদ, গন্ধ, প্রভৃতি গৌণ গুণ ছাড়াও দ্রব্য থাকে, কিন্তু আয়তন, ঘনত প্রভৃত্তি মুখ্যগুণ ব্যতীত কোন দ্রব্য থাকিতে পারে না, এই মুখ্য গুণসমূহ জ্রব্যের স্থায়ী বর্ম, কাজেই বস্তুনির্ছ। লকের মতে "আমাদের

মনের বাহিরে এই যে বাহু জগতের ভন্তিয়, সেই জগতুনা মিই, না টক ন উজ্জ্বস, না অন্ধকার, না নিঃশব্দ, না প্রতিধ্বনিময়, না উষ্ণ না শীতল কিন্তু বিস্তৃত এবং অভেগ্ন।" মুখা গুণসমূহ বস্তুব দাধাবণ ধর্ম, এগুলি বস্প সন্তাব কাছে অপরিহার্য। মাগন বা মোম গলিয়া যাইবাব প্রেও উহাব বর্গ অদৃশ্র হয় বটে, কিন্তু পরিমাণ ও ওজন থাকেই। কাজেই মুখ্যগুণ স্থায়্মিত্ব জন্ত মনোগত না হইয়া বরং বন্তুগত্ত। তৃতীয়তঃ. বাহ্বস্তমমূহ নিজেব অন্বাবে বিস্তৃতি, গতিকিয়া প্রভৃতি মুখ্য গুণের অধিকারী হয় এবং মুখ্য গুণগুলিব মধ্যে যে বিভিন্ন শক্তি বিশ্বমান তদ্বারা ইহারা আমাদেব মনে স্বেদন ফ্ট করে, এই সংবেদনই হইল গোন গুণ। শক্তি এবং ইহাব কাম সংবেদন এক নহে। কর্নে বাম তরক্ষের কিয়ার কলে শক্ষ-সংবেদন হয়। এক্ষেত্রে বায়ু তরঙ্গের কিয়ার কলে শক্ষ-সংবেদন হয়। এক্ষেত্রে বায়ু তরঙ্গের কিয়ার কলে শক্ষ-সংবেদন হয়। এক্ষেত্রে বায়ু তরজ্বের কিয়ার কলে শক্ষ-সংবেদন হয়। এক্ষেত্রে বায়ু তরজের কালে ক্ষেত্র প্রতিহলন নহে, কিন্তু মুখ্য গুণাবলীর ধাবণা বহির্জগতে অবস্থিত দ্ব্যের সহিত্র সংলগ্ন বাস্তবগণের প্রতিলিপি। স্কত্বান মুখ্য গ্রণ বস্তুরি, মুখ্য গ্রণ বান্তির, গোণ গুণ ব্যক্তি-সাপেক্ষ ও মনোগত।

পরিশেষে, লক বলেন যে, নৃষ্য গুণাবলীর অন্তর্নিহিত আধার-শ্বরূপ অবশ্রুই বহির্নাত্তে জড দ্রব্য রহিয়াছে। আমাদের মন যে সংবেদন গ্রহণ ক'র তাহার কাবণ বা উৎস হিসাবে মনোনিরপেক্ষ অতীক্রিয় জড় বস্তর সত্তা শীকার কবা প্রয়োজন। অধিকন্ত, আমাদের মনেব ধারণা সত্য না ভ্রান্ত—তাহা নির্ণয় করিতে হইলেও বস্তর মনোনিরপেক্ষ শুভয় সত্তা অবশ্রুই শীকার করিতে হইবে। এই বাস্তব সন্তার সহিত ধারণার সঙ্গতি থাকিলে জ্ঞান ঘথার্থ আর অসঙ্গতি থাকিলে জ্ঞান ভ্রান্ত হইবে। কাজেই লকের মতে, গুণের আশ্রেয় ও সংবেদন স্টের কারণ হিসাবে দ্রব্যের অন্তিত্ব অন্তর্মা। কিন্তু তাহার মতে এই দ্রব্যের আসল স্বরূপ কি তাহা আমাদের নিক্ট অজ্ঞাত ও অজ্ঞেয়। ইহার শুর্ অন্তিথই আমরা জানিতে পারি, কিন্তু ইহার স্বরূপ বা প্রকৃতি সম্বন্ধে কোন পরিচয় পাই না। আমরা সাক্ষাৎভাবে শুর্ গুণাবলীই জানিতে পারি; এই গুণাবলীর ধারণার মাধ্যমে দ্রব্যের বাস্তব অন্তিত্ব অন্থমান করি। আমরা সারাসরি কোন বস্তরই সাক্ষাৎ পরিচয় পাই না। ইক্রিয়-পথে বাহ্বন্তরের প্রতিলিপি আসিয়া মন বা চেতনার পদার ধারণার্মপে ছাপ পড়ে। এই

বাবণারূপ ছাপই হইল বস্তর প্রতীক। আমবা সোজাস্থাজি এই ধারণারূপ বস্তর প্রতীককেই জানিতে পাবি এবং এই প্রতীকেব মানামে বস্তর সন্তিষ্ক্র সাধ্যমে পরোক্ষ জ্ঞান লাভ কবি। এজন্ম লকের বৈজ্ঞানিক বস্তবাদকে প্রতীকবাদও (Representationism) বলা হয়। "আমাদেব সংকেন জন্ম প্রত্তাল আমাদেব স্কৃত নয়, বাহ্য জগতে ইংগাদের কাবল অবশা আছে। বাহ্য বস্তুসমূহের ক্রিয়াজন্য প্রতায়গুলি তাংগাদেবই প্রতিরূপ। অভএব আমবা সাক্ষাংভাবে পাহ্য বস্তুসমূহ না জানিলেও, ভাহাদেব প্রত্যয়রূপ প্রতিরূপ লেনাবা representations) হইতে ভাহাদেব অন্তিম্ব ও গুণ্ধর্ম অন্তমান ছাবা জানিতে পাবি। লক প্রভৃতি দার্শনিকগণ লৌকিক বস্তুজন্তবাদ পরিত্যাগ কবিয়া বাহ্যান্থ্য-বাদেব কৃত্ব কবিয়াছেন। পাশ্চান্তা দর্শনি তাঁহাদের মতকে Representationism or Epistemological Dualism বলা হয়।" তেঃ সভীশচন চল্লোধান্য প্রণাভ 'ভাবভীয় ও পাশ্চান্তা দর্শন')।

मगारलाह्ना :

ক নৈজ্ঞানিক বন্তবাদ বা প্রত্যাকবাদেব একটি বি.শ্ব গুল হইল এই যে, ইংা লান্ত প্রত্যাদকে সংক্রেই ব্যাখ্যা কবিতে পাবে, কারণ এই মতবাদ অহুসাবে আমাদেব প্রত্যাক্ষ অভিজ্ঞতায় বস্তব আমল স্বৰূপ সাক্ষাংভাবে আমাদেব মনে প্রতিক্ষলিত হয় না আমবা বস্তব প্রত্যাক হিসাবে কতকগুলি ধাবণাকেই সাক্ষাংভাবে জানিতে পারি। যখন মনেব এই বারণা বিশেশ করের যথাথ প্রতিচ্ছবি হয় না, তখনই ল্রম হয়। কাজেই ল্রম সম্পূর্ণ মনোগত ব্যাপার। রক্ত্র দেখিয়া যখন সপ-ল্রম হয় তখন সপেরি ধাবণা রক্ত্রের বিক্রত প্রতিচ্ছবি মাত্র, ইহা বক্জ্র থথাথ প্রতিরূপে নহে। বস্তার সহিত মনোগত ধারণার সঙ্গতিব অভাবই হইল ল্রম। ল্রমেব একপ ব্যাখ্যা দিয়া বৈজ্ঞানিক বস্তবাদ লৌকিক বস্তবাদের ক্রটি কিয়দংশে সংশোধন করিয়াছে বটে, কিন্তু আর একদিক দিয়া বিচাব করিছে দেখা যায় যে, বাছ্ বস্তর সভার অন্তিম সম্প্রেক হয়। পড়ে। ভাঁহার মতে বাহ্ বস্তর সাক্ষাং প্রতাক্ষ গ্রান সম্ভব হয়ে। কিন্তু যাহা কখনও প্রত্যক্ষ করা সম্ভব হয় তাহার অন্তিম্ব করিপে অনুমান করা সম্ভব ? কাজেই লকের মতবাদ ইইতে আমরা এই সিদ্ধান্ত করিতে পারি যে, বাহ্ন বস্তর অন্তিম্ব সন্দেকত্তীত নহে। অধিকক্ষ

বস্তু যদি অন্ধণত: আমাদের সাক্ষাৎ জ্ঞানের বহির্ভূত হয়, তাহা হইলে আমরা কিরূপে নির্ণয় করিব যে, আমাদের ধারণা সেই বন্ধর যথার্থ প্রাক্তিরূপ না, বিরুত্ত প্রান্তিরূপ ? যাহার সহিত সাক্ষাৎ সংস্পর্শ সম্ভব একমাত্র তাহার সহিত আমাদের ধারণার সঙ্গতি বা অসঙ্গতি আমরা নির্ধারণ করিতে পারি। কাজেই বাহ্ বস্তুঃ সাক্ষাৎ জ্ঞান স্বীকার করিতে হইবে অথবা বস্তুর স্বতন্ত্র সত্তা স্বীকার না করিয়া উহাকেও মনোগত ধারণারূপে গ্রহণ করিতে হইবে। এই হুইটি বিকল্প ছাড়া কোন মধ্যম পদ্ধা নাই। তাই লকেব প্রতীকবাদেব অনিবায় পরিণতি হইয়াছে বার্কলির আত্মগত ভাববাদে (Subjective Idealism of Berkeley)।

(খ) লক মুখ্য গুণসমূহকে বস্তুগত ও গৌণ গুণসমূহকে মনোগত বলিয়া গণ্য করিয়া গুণাবলীর যে তুইটি শ্রেণা বিভাগ করিয়াছেন ভাহা অনেকাংশে কৃত্রিম ও অধোক্তিক হইয়াছে। তাঁহার মতে মুখ্য গুণ হায়ী বলিয়া বস্তুগত ও গৌণগুণ পরিবর্তনশীল বলিয়া ব্যক্তির মনোনির্ভর—এই মতবাদ যুক্তিযুক্ত নহে। মুখ্য ও গৌণ—উভয় জাতীয় গুণাবলী হয় বস্তুগত নাহয় মনোগত হইবে, কারণ উহাদের মধ্যে প্রকৃতিগত কোন পার্থক্য পাকিতে পারে না। তাই নব্য বস্তুবাদীগণ (Neo Realists) প্রাচীন লোকিক বস্তুবাদীদের ন্যায় যাবতীয় গুণাবলীর বস্তুনিষ্ঠ সতা স্বীকার করিয়াছেন; অপরপক্ষে, বার্কলি প্রমূখ ভাববাদীগণ (Idealists) কি গোণ আর কি মূখ্য—উভয় ৫কার গুণকেই মনোগত ধারণা বা সংবেদনরূপে গণ্য করিয়াছেন। বাস্তবিক, রূপ, রুস, গন্ধ প্রভৃতি গৌণ গুণগুলি বিভিন্ন ব্যক্তির নিকট বিভিন্নরূপে বা একই ব্যক্তির নিকট বিভিন্ন অবস্থায় বিভিন্নরূপে বেমন প্রকাশিত হয়, ঠিক তেমনই একই বস্তুর আয়তন, ওন্ধন প্রভৃতি মুখ্য গুণগুলিও ব্যক্তিভেশে বা একই ব্যক্তির নিকট অবস্থাভেদে বিভিন্নরূপে €কাশিত হয়। কাবেই উভয় প্রকার গুণের স্বরূপ একই। অধিকন্ত, গৌণ গুণগুলি যেমন ইক্রিয়-নির্ভর, ঠিক তেমনই মৃথ্য গুণগুলিও ইন্দ্রিয়ের সংস্পর্শ-সাপেক। পরিশেষে, মৃথ্য গুণ ও গৌণ-গুণ পরম্পর অবিচ্ছেম্বভাবে সম্পকিত। একট ছাড়া অপরটির প্রত্যক্ষ সম্ভব নহে। বস্তুর আকারকে বাদ দিয়া যেমন উহার রূপ, গন্ধ, শব্দ প্রভ্যক করা যায় না, ভেমনই বন্ধর বর্ণহীন, গন্ধহীন, শন্দহীন, স্পর্শহীন বিশুদ্ধ আকার মাত্র প্রত্যক্ষ করা সম্ভব নহে। কাভেই উভয় প্রকার গুণের প্রকৃতি বা স্বরূপ

একই ধরনের। হয় উভয়েই বস্তগত না হয় উভয়ই মনোগত ধারণামাত্র। বিদি উভয়ই মনোগত হয়, তাহা হইলে এবেরর কোন বাছিক অন্তিম্ব থাকিবে না, উহাও মনের ধারণামাত্র হইয়া থাকিবে, কারণ যাবতীয় গুণাবলী হইতে বিচ্ছিয় করিয়া এবেরর বাহ্যিক সত্তা নিচ্ক শ্নাগর্ভ, গুণ হইতে স্বতম্বভাবে ইহার অন্তিম্ব চিন্তা করা যায় না।

৩॥ নব্য-বস্তবাদ (Neo-Realism)

সম্প্রতি আমেরিকা ও ইংলতে নব্য বস্তবাদ (Neo-Realism) নামে এক শ্রেণীর বস্ত্ববাদী মতবাদ গড়িয়া উঠিয়াছে । ইংলত্তের মূর, আলেকজাণ্ডাব ও বাসেল এবং আমেরিকার হোল্ট, মার্ভিন, পেরি প্রভৃতি দার্শনিকগণ এই মতবাদের প্রবর্তক। তাঁহারা সরল ও সাধাবণ বস্তবাদ পুনঃপ্রতিষ্ঠিত কবিবার চেষ্টা করিরাছেন।

নব্য-বস্তুবাদ অমুযায়ী মন মূল সন্তা নহে, জ্ঞানের কোন বিষয়ই বুদ্ধিগভ বা ব্যক্তি-নির্ভব (subjective) নহে। অপর দিকে, ইহা আত্মগত ভাববাদ (subjective idealism) এবং প্রম প্লার্থবাদের (absolutism) বোরভর বিরোধী। নব্য-বন্তবাদ জগতে বহু স্বাধীন সন্তাবিশিষ্ট বন্তব অন্তিও স্বীকার করে। জগতের মধ্যে এক অখণ্ড ঐক্য বিদ্যমান—ইহা নব্য-বস্তুবাদীবা স্বীকার করেন না। তাঁহাদের মতে, জগতে বহু প্রস্পার নিরপেক্ষ স্বতন্ত্র বস্তুর সমাবেশ রহিয়াছে। नवा वखवानिगंग वहवानी (pluralists), ठाँहाता অदिवजवानी (monist) নহেন। এমন কি বিভিন্ন বস্তুর মধ্যে যে সমন্ধ ল ক্ষত হয় তাহা নিছক বাহ্যিক. ভাহা আভান্তরীণ বা অবিচ্ছেদ্য নহে। দ্বিতীয়তঃ, নব্য-বন্ধবাদ সাক্ষাৎ বন্ধ-বাদের (direct realism) প্রকারভেদ, কারণ এই মতবাদ অহুসারে মন সাক্ষাৎভাবেই বস্তুকে জানিতে পারে, কোন ধারণা বা প্রভীকের মধ্য ছভার প্রয়োজন হয় না। "চৈতত্ত্ব ও বস্তুর মধ্যে সংবেদন ও ধারণার কোন পদ্ নাই। এব্য-বস্তবাদিগণ রূপ, রুস, গদ্ধ স্পর্শ ও শব্দের কোন সংবেদন স্বীকার करत्रन ना। छाँष्टाता वर्णन, यन এकि अपा नरह राथारन वस्त्र देशांत्र मः रायान রূপ প্রতিচ্ছবি অন্ধন করিতে পারে। তাঁহাদের মতে রূপ, রস প্রভৃতি শুণ-গুলি বান্তব পদার্থ (Entities) এবং আমরা ইহাদিগকে বান্তবরূপে সরাসরি

প্রত্যক্ষ করি। এই গুণগুলি যেরপভাবে বাস্তব, তাহাদের মধ্যন্থিত সম্পর্কও ঠিক সেরপভাবে বাস্তব। চম বস্থবাদী রাসেল সম্বন্ধকে শুধু যে বাস্তব মনে করেন তাহা নহে, তিনি ইংাকে বাস্তব পর্দার্থরূপেও গ্রহণ করিয়া থাকেন। তাঁহারা কোন অচিন্ধনীয় পদার্থ— যথা অতীন্দ্রিয় জগৎ, আত্মাবা পরমেশ্বরের সন্তা স্বীকার করেন না। তাঁহারা মনে করেন না যে, রূপ, রুস প্রভৃতি গুণগুলি কোন অতীন্দ্রিয় দ্বসন্তা (Su'stance)-কে আশ্রয় করিয়া রহিয়াছে অথবা এই গুণগুলি কোন শুরু বস্তব স্কৃষ্টি! রূপ, রুস প্রভৃতি গুণগুলি মোলিক পদার্থ এবং ইহাবা নানা সম্বন্ধে যুক্ত হইয়া বস্তুকে গঠন করে। হিন্দ ও নব্য বস্তবাদিগণের ঘরো পার্থক্য থবই বম। একমাত্র পার্থক্য এই যে, হিন্দ্রের নিকট রূপ, রুস প্রভৃতি গুণগুলি কোন করেন নিকট ইহাবা প্রভাজন কেবলমাত্র সংবেদন (Sensation), আরু নব্যবস্তবাদিগণের নিকট ইহাবা প্রভাজন্যাগ্য বাস্তব পদার্থ (sensa)। (অধ্যাপক হরিদাস বন্দ্যোপাধ্যায় প্রণীত দর্শন-দীপিকা)

জান বিষয়—প্রকাশক আলোকমাতা (Searchlight)। জান বা সংবিদেব বিষয়াতিরিক্ত পৃথক সতা নাই। জাতবিষয়ের সমষ্টিকেই জান বলে। আলোক যেমন তৎসন্নিক্ট বিষয়গুলিকে প্রকাশ করে এবং আলোকেব সত্তা যেমন প্রকাশিত বস্তুসমূহের সত্তা হইতে ভিন্ন নয়, সেইরূপ জান বলিতে জ্ঞাত বিষয়ের সমষ্টি ব্যতীত শত্য কিছু বুঝারানা। অবশ্য সকল নগ্য বস্তুজন্তবাদী এই মত সমর্থন করেন না। তাহাদের মধ্যে কেহ কেহ জান বা সংবিদের পৃথক সত্তা স্বীকার করেন। কিছু সকল জানের বিষয়ের জ্ঞানাতিরিক্ত স্বতন্ত্র সত্তা এব তাহাদের সাক্ষাৎ প্রতীতি বা প্রত্যুক্ষযোগ্যতা বিষয়ে সকল নব্য বস্তুজন্তবাদী একমত। ' (ডঃ সতীশচন্দ্র চটোপাধ্যায় প্রণীত ভারতীয় ও পাশ্চাক্য দর্শন ।

তৃতীয়তঃ নব্য বস্থবাদ অনুসারে জগতের মূল বা আদিম সৃত্তা হইল কডকগুলি নিরপেক্ষ পদার্থ (neutral entities); এক পরিপ্রোক্ষতে এগুলি জড়বস্থ আর অন্ত পরিপ্রোক্ষতে অর্থাৎ বস্তুর সহিত স্নায়বিক চক্রের সন্নিকর্ষ হইলে এগুলি মন বা চেতনারূপে প্রকাশিত হয়। চৈতন্ত হইল দেহ ও বস্তুর মধ্যে এক জাতীয় সংযোগ সমন্ধ। নিরপেক্ষ পদার্থগুলি দেশ ও কালের গণ্ডির অতীত নির্বিশেষ উপস্তা-সম্পন্ন (subsistent) নিতা পদার্থ। এই নিতা পদার্থগুলি (বাহা মানস্ত নহে আবার জাগতিকও নহে) দেশ ও কালের সম্পর্কে এবং ভদোপরি কার্য-কারণ সম্পর্কে আবদ্ধ হইলে অন্তিত্বসম্পন্ন জড়ভাণং রচনা করে। অপরপক্ষে, নিত্য ও নিবপেক্ষ পদার্থগুলি স্মৃতি ও কল্পনাব বিষয়বস্থ হইলে মানসক্ষপে পবিচিত হয়। পরিশেষে, জ্যামিতিক, গাণিতিক এবং বিভিন্ন বস্তু-শ্রেণীৰ সাধাৰণ বাবণাসমূহ দেশ ও কালেব গণ্ডিব মতীত বলিষা এগুলি কেবলমাত্র উপসন্তা-সম্পন্ন বান্তব। নিব্য বস্তুবাদিগণ প্রত্যেক বস্পকে কভিপয় নিত্য ও নিরপেক্ষ গদার্থবি সমষ্ট বলিয়া গণ্য কাৰেন, এজন্ত তাঁধাবা কেবলমাত্র বিচাং-বিশ্লেষণেকে দার্শনিক পদ্ভতি হিসাবে গছণ কাৰেন। গাঁহাব সজ্ঞাব কো বা অতীক্রিয়বাদেব পক্ষপাতী নহেন।

যাহা কিছু সম্পর্কে আমবা প্রমে পতি বা পছিতে পাবি, ভাহাই ভাববাদীদেব মতে জাইসাপেক ও জানসাপেক। এই মতেব বিব্যুক্ত নব-বস্থবাদিগণ বলিবেন যে, ভ্যাত্মক জানেব বিষয়ও জ্ঞান নিবপেক ও বাস্তব। এখানে-এএ কবা যাইতে পাবে যে ভাহা হইলে কোন 'বিষয়' একই সঙ্গে লাল ও কাল উভয়ই হইনে। এই আশকার উত্তবে নব্য-বস্থবাদিগণ স্বস্পষ্ট অভিমত প্রকাশ কবিয়াছেন। ভাহাদেব মতে ভ্যাত্মক ও ভ্রমহীন উভয় প্রকার জানেবই বিষয় উপসন্তাসম্পন্ন (Subsistent)। এই উপসন্তাসম্পন্ন 'বিষয়' যদি আমান্দের ঠিক জ্ঞানেব বিষয় হয় ভাহা হইলে উহাবে আমবা অন্তিত্মম্পন্ন (existent 'বিসি। অন্তথায় ভাহা উপসন্তাসম্পন্ন মাত্র (merely subsistent)। হাত্তনাং এই মতাহ্মসাবে অন্তিত্মম্পন্ন 'বিষয়'কে লইয়া বাস্তব্য (reality)। মোটকথা যাহা উপসন্তাসম্পন্ন মাত্র ভাহাকে অন্তিত্মম্পান্ন বলিয়া জানবে নামই ভ্রম-জ্ঞান, এবং যে উপসন্তাসম্পন্ন বিষয় অন্তিত্মম্পান্নও বটে, ভাহাব জ্ঞানেব নাম-সঠিক জ্ঞান। বজ্জু সপশ্লিমে বিষয় অন্তিত্মম্পান্নও বটে, ভাবাৰ জানেব নাম-সঠিক জ্ঞান। বজ্জু সপশ্লিমে বিষয় অন্তিত্মম্পান্নও বটে, ভাবাৰ কান্নেব নাম-সঠিক জ্ঞান। বজ্জু সপশ্লিমে বিজ্জু ও সপ-উভয়ই বাস্তব বটে, ভাবে দপ্র যারনাট ভ্রম। ও কালে থাকে সেই পবিবেশের পবিবর্তে বজ্জুর পবিবেশে সপ্পর্ব বারনাট ভ্রম।

বৃটিশ দার্শনিক আলেকজেণ্ডাব ন্বাবস্থবাদের এক নতন ভাষা দান কবিয়া বলেন ধে জ্ঞান হইল মন ও বহিবিস্থ এই দুই হতন্ত্র সন্তাব মধ্যে সংযোগং বা সমাবেশ। তাঁহার মতে, মন জড় অপেকা উন্নত সন্তা, তথাপি জড় বা বহিবিস্ত কথনও জ্ঞান-নির্ভব নহে, তিনি ভাববাদীদেব ক্যায় বিশ্বাস করেন না যে, জ্ঞাত বস্তু ব্যুতীত বস্তু থাকিতে পারে না। যথন বস্তু জ্ঞানেব বিষয় হয় তখন উহা মন-নির্ভর হয়, কিছু উহা অস্তিত্বের জ্ঞাত মন-নির্ভর হয় না। মুন উন্নত সন্তা হিসাবে বস্তুকে জানিতে পারে, কিছু বস্তু বা বিষয় মনের ছাবা স্ঠ হন্ধ না;

মন ইক্রিয়ের মাধ্যমে বস্তুর সহিত্ত সমিক্কট হইলে ইহা কভকগুলি গুল নির্বাচন করিয়া জ্ঞান গঠন করে। সঠিক জ্ঞানে মন বস্তু হইতে যে সকল গুল বাছিয়া লয় সেগুলি বস্তুরই গুল, কিন্ধু ভ্রান্ত জ্ঞানের ক্ষেত্রে মন বস্তুর অনুগত না থাকিয়া অর্থাৎ বস্তুকে যথাস্থানে না রাখিয়া উহাকে অক্সত্র বিচ্ছিন্ন করিয়া প্রতিষ্ঠিত কবে। অর্থাৎ ভ্রান্থজ্ঞানের বিষয় বাস্তব হইলেও উহা যে স্থানে প্রতিভাত হইতেছে সেই স্থানে নাই, উহা ত্বেক্সত্র রহিয়াছে। ভ্রান্ত জ্ঞান সম্বন্ধে আলেক-ছেণ্ডারের এই মতবাদ ভারতীয় নৈয়ায়িকদের অক্সথা-খ্যাতিবাদের ত্লা।

নব্য-বস্তবাদা। দার্শনিক মৃব (M ore) তাঁহার 'Refutation of Idealism' প্রবন্ধে বার্কলির ভাববাদের তীব্র সমালোচনা করিয়াছেন। তিনি যথাপথ বিলয়াছেন—বস্তর অন্তিম প্রভাক্ষের উপর নিভরশীল নহে। বরং বস্তর সর্ত্তা আছে বলিয়াই উহার প্রভাক্ষ সম্ভব। দিতীয়তঃ, বস্তু এবং উহার সংবেদন এক নহে; বস্তু প্রভাক্ষের সময় উহা সংবেদনের সহিত অবিচ্ছিন্ন হয় বটে, কিন্তু এই অবিচ্ছিন্নতার অর্থ এই নহে যে, বস্তু ও সংবেদন এক ও অভিন্ন। তৃতীয়তঃ, বস্তু ও বস্তুর জ্ঞান যদি এক হইত, তাহা হইলে বিভিন্ন বস্তুর জ্ঞানের মধ্যে কোন পার্থক্য অস্তুত্ব করা যাইত না। সাদা রঙের জ্ঞান ও কাল রঙের জ্ঞানের মধ্যে আমরা যে পার্থক্য অস্তুত্ব করি তাহ বস্তুতঃ জ্ঞানের জ্ঞানহে, জ্ঞানের বিষয়গত পার্থক্যের জ্ঞা। চতুর্থতঃ, যথন কোন বস্তু প্রত্যক্ষ করা হয়, তথনই উহা মনের সহিত সম্পর্কিত হয়। ইহা হইতে আমরা এই সিদ্ধান্ত করিতে পারি না যে, বস্তু স্বন্ধণতঃ মনের সহিত সদা সম্পর্কিত এবং মন হইতে বিচ্ছিন্ন ইহার কোন সত্তা নাই। পঞ্চমতঃ, যাহা প্রভাক্ষ গোচবের বহিভূতি তাহা অন্তিম্বহীন—বার্কলিব এই উক্তি সমর্থন্যোগ্য নহে।

মার্কিন নব্য বস্তবাদিগণ বার্কলির উক্ত যুক্তির মধ্যে কডকগুলি দোষ দেখাইয়াছেন—যথা (১) আত্ম-কেন্দ্রিকানুপপত্তি (fallacy of argument from the ego-centric predicament), (২) একান্ত বৈশিষ্ট্যমূলক অনুপপত্তি (fallacy of exclusive particularity) এবং (৩) প্রারম্ভিক উক্তিপ্রসূত সংজ্ঞানুপপত্তি (fallacy of definition by initial predication)

(১) আব্দ্র-কেন্দ্রকামপুপতির যুক্তিটি হইল এইরপ: যতক্ষণ কোন বস্ত জানের বিষয় না হয় ভতক্ষণ উহার অস্তিত্ব আছে ভিনা তাহা জানা বায় না । শত এব জ্ঞানের বিষয় না হইলে উহার অন্তিছই থাকিতে পারে না। এবানে "উহার অন্তিছ থাকিতে পারে না"—ইহার পরিবর্তে যদি বলা হইত "উহার অন্তিছ জানা যায় না", তাহা হইলে কোন আপ তি থাকিত না।

- (২) একান্ত বৈশিষ্ট্যমূলক অন্ত্রপপত্তির মুক্তিটি হইল এইরূপ: যখন একটি বস্তুকে জানা যায়, তখন উহা মনের সহিত সম্পর্কিত হয়। স্থতরাং একান্তভাবে মনের বিষয় না হইয়া মনোনিরপেকভাবে কোন বস্তুরই অস্তিত্ব থাকিতে পারে না।
- (৩) প্রারম্ভিক উক্তিপ্রস্ত সংজ্ঞান্থপণত্তির যুক্তিটি হইল এইরূপ: আমরা সর্বপ্রথম যথন কোন বস্তুকে জানি তথন উহাকে মন বা চেতনার বিষয় হিসাবেই জানি। স্থতরাং বস্তুর প্রথম পরিচয়ের বৈশিষ্ট্যের বর্ণনার পরিপ্রেক্ষিতেই আমরা জ্যাংকে চেতনাব অঙ্গাভ্ত বিষয়রূপে গণ্য করিতে চেষ্টা করি।

সমালোচনা: যদিও নব্য-বস্তবাদে ভাববাদের ক্রটি সমূহ সঠিকভাবেই উদঘাটিত হইয়াছে এবং বস্তবগতভাবে জ্ঞানের বিষয়ের ব্যাখ্যা দেওয়া হইয়াছে, তবুও নিমোক্ত কয়েকটি কারণে নব বস্তবাদ সমর্থনযোগ্য নহে:

- (১) জগতে বহু স্বাধীন পরস্পার নিরপেক্ষ বস্তুর সমাবেশ বিভামান, সকল সম্বন্ধই বাহ্নিক এবং জগতের বস্তুসমূহের মধ্যে কোন আভ্যন্তরিক মূলগত ঐক্যনাই—নব্য বস্তুবাদিগণের এই মত যুক্তিযুক্ত নহে। নব্য বস্তুবাদিগণের বছবাদের বিক্তন্ধে আমাদের বক্তব্য হইল—জগতে বস্তুতঃ এমন এক পরম দ্রব্য বা মোলিক সত্তা বিভামান যাহা বৈচিত্রোর মধ্যে ঐক্যন্তর স্থাপন করিয়া জগৎকে স্থাপাঠিত ও সামঞ্জ্যপূর্ণ করিয়া রাখিয়াছে। জগতের বিভিন্ন বস্তুর মধ্যে যে শুধু বাহ্নিক সম্পর্কই বিভামান ইহা স্বীকার করা যায় না। এমন অনেক সম্পর্ক আছে ষাহা বাস্তবিক আভ্যন্তরীণ এবং এই আভ্যন্তরীণ সম্পর্কই প্রমাণ করে—জগতের বিভিন্ন পদার্থের মধ্যে একটি মূলগত ঐক্য বিভামান।
- (২) নব্য বস্তুবাদীদের প্রবৃতিত নিরপেক পদার্থ (neutral entities)
 স্বরূপতঃ কি জাতীয় বস্তু—তাহা আমাদের নিকট বোধগম্য নহে। এগুলি
 মানসঙ নহে আবার জড়ীয়ও নহে, এগুলিকে মধ্যবর্তী পদার্থ বলা হইয়াছে।
 কিন্তু যে স্কল পদার্থ স্বরূপতঃ মানসিক নহে সেগুলি মন বা চেতনারূপে কিরূপে
 প্রকাশিত হয় ? আবার, যে স্কল পদার্থ স্বরূপতঃ অড়-সত্তা নহে সেগুলি অড়স্বব্যরূপে কিরূপে প্রকাশিত হয় ? নিরপেক পদার্থগুলি কিরূপে চেতনা ও

জাগতিক বস্তুর স্ঠি করে তাহার কোন যুক্তিসঙ্গত ন্যাখ্যা এই মতবাদে পাওয়া যায় না। ইহা নব্য বস্তুবাদীদের বুদ্ধি-স্ঠ কল্পনা ব্যতীত আর কিছুই নহে।

- (৩) নব্য বস্তুবাদিগণ মনের ব্যক্তি-সাপেক সন্তা (subjectivity) উপেকা করিয়া জান বা চেতনাকে বস্থাত তিসাবে গণ্য করিয়াছেন। কিন্তু মন বা চৈতন্ত যদি জাগতিক বিষয়ের একটি মাশ হয় ভাগা হইলে উহা বহিব স্তুকপে প্রভীয়মান হইত এবং একজনের মনের ধারণা অপরে প্রভাক্ষ করিতে পারিত; কিন্তু মামান উহাকে বাস্তবিক মাভ্যন্তরিক মাভিজ্ঞতা হিসাবেই অন্তভ্তব করি। বস্তুতঃ তেতনা কথনও জাগতিক বিষয় নহে, বকা উহাকে বিভিন্ন বস্তুর মধ্যে সম্পর্ক ও ঐক্যাপনের জন্ত স্বীকার করিয়া লওয়া হয়। আলো যেমন বস্তুকে আলোকিত করে তেমনই মন বা চেতনা বস্তুকে উদ্বাদিত করে। আলো এবং আলোকিত বস্তু যেমন ভিন্ন তেমনই মন ও বিষয় ভিন্ন। মন জাতা এবং বিষয় জের। এমন কি, নব্য বস্তুবাদী দার্শনিক আলোকজেণ্ডার মন বা চেতনার বস্তু-অতিরিক্ত সন্তা স্থীকার করিয়াছেন। তাহার মতে, বিষয়কে সাধারণ জ্ঞানে লাভ করা যার, অপরপক্ষে মনের পরিচয় অন্তভ্তি-জাত সম্ভোগের (enjoying) মাধ্যমে প্রক্রয় যায়।
- (৪) নব্য বস্থবাদিগণ স্থপ্ন, অব্যাস, অমূল প্রভাক্ষণ প্রভৃতি বাস্ত প্রানের বিষয়কে শুদ্ধ-সন্তাসম্পন্ন বলিয়া গণ্য করায় ভ্রাস্ত জ্ঞানের সঠিক ব্যাখ্য দিতে পারেন নাই। বাস্তবিক, ভ্রাস্ত জ্ঞান ব্যক্তিভেদে ভিন্ন ভিন্ন রূপ হয় বলিয়া ইহা মনোনিরপেক হইতে পারে না, ইহা বস্তুতঃ ব্যক্তি-নির্ভর ও মান্দিক। ভ্রাম্থ অভিজ্ঞতায় আমরা যাহা প্রভাক্ষ করি তাহা আমাদের মনের ধারণারই প্রক্ষেপণ মাত্র, ইহা বাহ্য বা সং বস্তু নহে।
- (৫ নব্য বস্তবাদিগণ সাবিক নিয়ম, পরম মূল্য প্রভৃতিকেও মনোনিরপেক শুদ্দসন্তারপে গণ্য করিয়াছেন, কিন্তু এগুলিকে মন বা চেতনার সহিত সম্পর্কিত না করিলে এগুলি আমাদের নিকট ত্রবোধা হইয়া পড়ে।
- (৬) পরিশেষে, নব্য বস্তবাদ শোকিক বস্তবাদের সংশোধিত আকাব হিসাবে মনে করে যে, বস্তব সহিত জ্ঞানের সরাসরি অহুরূপতা বা মিলই (correspondence) সত্যতার মানদণ্ড। নব্য বস্তবাদিগণ বলেন—জ্ঞানের ক্ষেত্রে বাস্তব পদার্বিও জ্ঞানের উপাদান বা আধেয় (content) এই তুইটির মধ্যে গঠনগত অভিন্নতা (structural identity) বিশ্বমান থাকে। সত্য হইল বস্তব সহিত

জ্ঞানের এমন এক অন্থকপতা—যাহার মধ্যে জাগতিক বস্তুর বিভিন্ন অংশের বিশ্বাস (arrangement) এবং জ্ঞানের উপাদানগুলির বিশ্বাস—উভয়ের মধ্যে গঠনগত অভিন্নতা জড়িত থাকে। নব্য বস্তুবাদ অন্থ্যায়ী জ্ঞানের কোন বিষয়ই বৃদ্ধিগত বা ব্যক্তি-নির্ভর নহে। মন সাক্ষাৎভাবেই বংকে জ্ঞানিতে পারে, কোন ধারণা বা প্রতীকের মধ্যস্থতার প্রয়োজন হয় না। নব্যবস্থবাদীদের বিক্তিক্কে আমাদেব বক্তব্য হইল এই যে, তাঁহাদের সাবিক মনোনিবপেক্ষত সমর্থনযোগ্য নহে! কি সাঠিক আর কি ল্লান্ত—সকল অভিজ্ঞতাই যে বিষয়ান্থগত—এরপ মতবাদ গ্রহণ করিলে সত্য ও অসত্যের মধ্যে প্রভেদ সন্তোষজনকভাবে ব্যাখ্যা করা ধায় না। জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয় বস্তুর মধ্যে প্রভেদ সন্তোষজনকভাবে ব্যাখ্যা করা ধায় না। ক্যাবস্তুবাদে অস্বীকৃত হইয়াছে। অধিকন্ত, বাস্তব পদার্থ ও জ্ঞানের আধেয়—এই তুইটির মধ্যে গঠনগত অভিন্নতা যে সকল ক্ষেত্রেই সমভাবে বিগ্নমান—তাহা আমরা স্বীকার করিতে পারি না। বস্তুত্য এরূপ গঠনগত অভিন্নতা দৃষ্টি ও স্পর্লেক্তিয়—ঘটিত প্রতিমৃতির ক্ষেত্রেই বিগ্নমান থাকিতে পাবে, কিন্তু অন্ত-ইন্তিয়েধ্বিয়—ঘটিত প্রতিমৃতির ক্ষেত্রেই বিগ্নমান থাকিতে পাবে, কিন্তু অন্ত-ইন্তিয়েধ্বিয়—ঘটিত প্রতিমৃতির ক্ষেত্রেই বিগ্নমান থাকিতে পাবে, কিন্তু অন্ত-ইন্তিয়েধ্বিটিত অভিক্রতার কেত্রে থাকে না বলিলেই হয়।

। ৪।। নব্য সবিচার বস্তবাদ (New Critical Realism) :

নব-বস্তবাদের ত্রটিশ্বলি পরিহাব করিবার জন্ম ড্রেক (Durant Drake), পাভ্জয় (A.O. Lovejoy), প্র্যাট (J.B. Pratt) সান্টায়ানা (George Santayana) প্রভৃতি অত্যাধুনিক দার্শনিক নব্য স্বিচার বস্তবাদ (Critical Bealism) নামে এক মতবাদ গড়িয়া তুলিয়াছেন।

স্বিচার বস্তবাদের প্রথম ও প্রধান অভিমত এই যে, বিষয়ের স্থাসরি প্রত্যক্ষ জ্ঞান সন্তবপর নয়। সরাসরি আমরা যাহা পাই তাহার নাম ইন্ধ্রিয়োপাত্ত (sense datum) বা প্রত্যক্ষপাত্ত (datum of perception) দেওয়া যাইতে পারে। এখন ইন্ধ্রিয়োপাত্তের আক্ষৃতি কি? বিচারবাদী বস্তবাদের মতে তাহাকে 'স্বভাব বিমিশ্র' (character complex) অথবা আন্তরস্তা (essence) বলা উচিত। ইহাদের মাধ্যমেই মন বিষয়ের জ্ঞান লাভ করে।

এই মতামুসারে প্রত্যেক জ্ঞানেরই তিনটি অঙ্গ রহিয়াছে, যথা—প্রত্যক্ষকারী মন (the perceiving mind) অথবা চেতনন্দীব (conscious organism),

বহিঃ বিষয় ও ইন্দ্রিয়োপাত (datum of perception)। ইহাদের মধ্যে একমাত্র ইন্দ্রিয়োপাত্তকেই সরাসরি জানিতে পারা যায় এবং ইহা হইতে বহিঃ বিষয়ের প্রিপরাক্ষ-জ্ঞান জন্মে। এই প্রত্যক্ষোপাত্ত কথনই বৃদ্ধিগত (subjective) নয়, আবার ইহা বহিঃ বিষয়েরও অংশ নয়। ইহাকে মধ্যবর্তী কোন 'বোজিক পদার্থ' (logical entity) নামে অভিহিত করা উচিত। ইহারা প্লেটোর ধারণার স্থায় উপসন্তাবিশিষ্ট পদার্থ। লকের মতবারের সহিত এই মতবাদের অনেকাংশে সাদৃষ্ঠ রহিয়াছে, এজন্ম ইহাকে 'নব্য-স্বিচার বন্ধবাদ' বলিয়া গণ্য করা হয়। তবে লকের মতে সংবেদন বা ধারণা কালে আবদ্ধ এবং মনের মধ্যে আল্রিভ; কিন্তু স্বিচার বন্ধবাদীদের মতে ইন্দ্রিয়োপাত্ত পদার্থগুলি কালাতীত ও মনোনিরপেক্ষ। বন্ধ যথন ক্রিয়া করে তথন এগুলি আমাদের মনে আবিভূত হয় বটে, কিন্তু যথন ইন্দ্রিয়ের উপর বন্ধর কোন ক্রিয়া থাকে না তথন ইহাদের স্বাধীন সন্তা বজায় থাকে; এজন্ম ইহাদিগকে যৌক্তিক পদার্থ বলা হয়।

নব্য স্বিচার বস্তবাদে নিম্নলিধিত যুক্তিগুলির থারা নব্য বস্তবাদীদের মতবাদ খণ্ডন ক্রিবার চেষ্টা লক্ষিত হয়:

প্রথমত: নব্য বস্থবাদিগণের মতে আমরা যাথা প্রত্যক্ষ করি তাথাই বাস্তব, জ্ঞানের বিষয়বস্থ সোজাস্থজিভাবেই চেতনায় প্রতিভাত হয়। কিন্ধু সরিচার বস্তবাদিগণ বলেন—আমরা যাথা সরাসরি প্রত্যক্ষ করি তাথা যদি যথাথ ই বাস্তব হইত, তাথা হইলে ভ্রম প্রত্যক্ষ, অমূল প্রত্যক্ষণ এবং স্বপ্নের কোন যথাযোগ্য ব্যাখ্যা প্রদান সম্ভব হইত না। একজন স্বাভাবিক দৃষ্টিশক্তিসম্পন্ন ব্যক্তির প্রত্যক্ষণে যে বন্ধ নীলব্ধণে প্রতিভাত হয় তাথাই একজন বর্ণান্ধ ব্যক্তির প্রত্যক্ষণে সব্জরণে দৃষ্ট হয়। বস্তব যথার্থ স্বরূপ যদি সোজাস্তিজ আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতার প্রতিভাত হইতে তাথা হইলে একই বন্ধ একই সময়ে নীল ও সব্জ উভর হইত, কিন্ধ বন্ধত: তাথা হইতে পারে না। স্বতরাং বন্ধর স্বরূপকে সরাসরি জানা সম্ভব নহে।

ষিত্তীয়ত:, নব্য বস্তুবাশিগণের মতে বস্তুকে সাক্ষাৎভাবেই অমুভ্ব করা বার অর্থাৎ অমুভ্বের বিষয় অমুভ্বের মধ্যেই উপস্থিত হয়। সবিচার বস্তুবাদিগণ এই মডের সমালোচনা করিয়া বলেন—যাহা অমুভ্বের মধ্যে থাকে তাহা চেডনারই অংশরপে থাকে; কিছ যেহেতু অমুভ্ব বা চেডনা ব্যক্তির মনের অংশ অর্থাৎ ব্যক্তি-কেন্দ্রিক সেইহেতু একই বস্তু একই সময় তুই ব্যক্তির চেডনার

কংশক্ষণে কিরণে খাকে—ইহা বোবগমা নহে। যখন একজন ব্যক্তি
চাঁদ দেখে তখন যদি উহা ভাহার চেতনার মধ্যে খাকে ভাহা হইলে অন্ত একজন
ব্যক্তির পক্ষে ঠিক একই সময় সেই চাঁদ দেখা সম্ভব নহে, কেননা যাহা
এছজনের চেতনার মধ্যে আবদ্ধ ভাহা অপরের দৃষ্টিগোচর হইতে পারে না।
স্থতরাং একই বস্তু বিভিন্ন ব্যক্তির জ্ঞানের বিষয় কিরপে হয়—নব্য বস্তবাদীদের
সাক্ষাৎ প্রভ্যক্ষবাদে ভাহার সক্ষত ব্যাখ্যা পাওয়া যায় না। বাস্তবিক, বস্তর
পরিবর্তে ইন্দ্রিয়োপাত্তই সাক্ষাৎভাবে অন্তভ্ত হয়; বস্তকে সরাসরি জানা
যায় না।

ভূতীয়ন্তঃ, বৈজ্ঞানিক মতে চেতনার সহিত ভৌতিক বস্তুর সাক্ষাৎ পরিচন্ধ হয় না; বস্তুর পরিবর্তে উহার অন্তিবজ্ঞাপক ইন্দ্রিয়োপাত্ত চেতনার সাক্ষাৎ বিষয় হয়। একটি নক্ষত্র হইতে যে আলোক প্রভ্রেক্ষ করিতেছি বলিয়া মনে হয় ভাহা বস্তুত: বহু বৎসর পূর্বে উহা হইতে প্রেরিত হইয়। আদায় আজ্ঞ আমার চেতনায় পরিচয় পাইতেছি। ইহাই প্রমাণ করে যে, কোন প্রকৃত বস্তুরই সাক্ষাৎ প্রভাক্ষ আমাদের পক্ষে সম্ভব নহে, যাহাকে আমরা সাক্ষাৎভাবে অমূভব করি ভাহা হইল বস্তুর অন্তিত্ত-নির্দেশক কোন বার্তা বা সংবাদ (message)—যাহা বস্তু হইতে প্রেরিত হয়। উক্ত দৃষ্টান্তে নক্ষত্র আমার প্রভ্যক্ষের বিষয় নহে; আমার প্রভ্যক্ষের বিষয় হইল নক্ষত্র প্রেরিত আলোক বার্তা (যাহাকে বলা হয় ইন্দ্রিয়াপাত্ত)। করি

নব্য-স্বিচার বন্ধবাদিগণ একদিকে যেমন নব্য বন্ধবাদের সমালোচনা করেন অপরদিকে তেমনই ভাববাদ সমর্থন না করিয়া বরং উহারও সমালোচনা করেন। ভাববাদীদের মতে, যাহা আমরা প্রভ্যক্ষ করি তাহার কোন মনোনিরপেক্ষ সন্তা নাই, ভাহা মনের অবস্থা বা ধারণামাত্র। কিন্তু নব্য-স্বিচার বন্ধবাদিগণ বলেন—আমাদের প্রভ্যক্ষের বিষয় বহিবন্ধ নহে বটে আবার উহা মনের মধ্যে অন্তিম্বাল ধারণাও নহে; প্রভ্যক্ষের বিষয় স্বয়ং বহিবন্ত ও নহে আবার মনের ধারণামাত্রও নহে; প্রভ্যক্ষের বিষয় হইল উপাত্ত—যাহা বহিবন্ত হইতে প্রাপ্ত বার্তা বা প্রভাব; স্থভরাং উপাত্ত এবং ধারণা এক ও অভিন্ন নহে। উপাত্ত যদি মুনের ধারণা হইত ভাহা হইলে একটি গোলাকার ফুটবল মাঠে গড়াইয়া যাইতে দেবিবার সাক্ষাৎ অভিক্রতা আমাদের পক্ষে সম্ভব হইত না, কারণ মনের ধারণা ক্ষাও গোলাকার হুটতে পারে না আবার কোন ধারণাই মনের বাহিরে সিয়া

মাঠে গড়াইতে পারে না ফুতরাং প্রত্যক্ষিত উপান্ত মানসিক ক্রিয়া ও ধারণা হইতে অবশ্যই পথক।

পরিশেষে ইহাও উল্লেখ্য যে, নব্য-সবিচার বস্তুবাদকে জ্বন লকের প্রতীক্বাদেব নব সংশ্বরণ বলিলে ভুল হইবে। বহির্বস্তব সাক্ষাৎ প্রত্যক্ষ সম্ভব নহে—এই বিষয়ে নব্য-স্বিচার বস্তবাদ এবং লকেব প্রতাকবাদেব মধ্যে মিল থাকিলেও উক্ত তুইটি মত্যাদেৰ মধ্যে মূলগত পাৰ্থক্যও আছে / জন লক বলেন—ইন্দ্রিয়-পঞ্ বাহ্ন বস্তুর প্রতিলিপি আসিয়া মন বা চেতনার পর্দায় ধারণাকপে ছাপ পড়ে। এই ধারণারূপ ভাপই হইল বস্তুর প্রতীক। আমরা সোজাহন্দ্র এই ধারণারূপ বস্তব প্রতীককেই জানিতে পাবি এবং এই প্রতীকেব মাধ্যমে বহিবস্তর অন্তিত্ব সহছে পরোক্ষ জ্ঞান লাভ করি। কিন্তু লকের প্রতীকবাদেব প্রধান ত্রুটি ইইল এই ষে. মনের বহিভৃতি বন্ধসমূহের সহিত আমাদের মনের মধ্যে অন্তিবশীল ধারণাসমূহের মিল হইল কি না--ইহা জানা কিরূপে সম্ভব ? বাহ্য-বস্তব সহিত মনের ব্যবধান হেতু যদি সাক্ষাৎ সংযোগ না থাকে, তাহা হইলে বস্তুর সহিত বিধমী মানসিক ধাবণার মিল বা অন্তর্রপতা ব্যাখ্যা কব্ যায় না। স্থতরাং নব্য-স্বিচার বস্তবাদী দার্শনিকগণ লকেব মতবাদের সংশোধন কবিয়া বলেন-আমাদের জ্ঞানের প্রক্রিয়ায় বাহ্-বস্তুদমূহ ইক্রিয়োপাত্তের মাধ্যমে আমাদের মনে উপস্থাপিত হয়, এই ইন্দ্রিয়োপাত্তগুলি মন ও বাহ্যবস্তুর মধ্যস্থতা করে। যখন এই ইন্দ্রিয়োপাত্তগুলি বাহ্ন-বস্তুদমূহের প্রকৃত স্বভাব হয় তথন আমাদের জ্ঞান সঠিক হয়। কিন্তু নব্য-স্বিচার বিরুদ্ধে আমাদের একই আপত্তি ২ইল যে, এই উপদতাবিশিষ্ট ইক্তিয়েপাতভাল ঘেহেতু বহিবস্তা অংশ নহে সেইহেতু এগুলি ৰহি:স্থ বস্তুরম্বরূপের অমুবর্তী হইল কি না—ভাহা কিরূপে আমাদের বোধগম্য হটবে ৪ স্থতরাং এই মতবাদ যথার্থ ও অযথার্থ প্রত্যক্ষণের কোন মানদণ্ড দান ক্রিতে পারে না; অধিকস্ত আমাদের প্রভাক্ষণ যথার্থ হইলেও সেই যাথার্ব্যের কোন প্রমাণ এই মতবাদ দিতে পারে না।

দ্বিতীয়ত:, ইন্দ্রিয়োপাত্তপুলি দেশ ও কালের অতীত উপসন্তাবিশিষ্ট যৌক্তিক পদার্থ হইলে এগুলি দেশ ও কালের মধ্যে অন্তিম্বশীল বস্তুর সহিছে কিন্তুপে সম্প্রকিত হয়—তাহাও আমাদের বোধগম্য নহে।

ভূতীয়ত: এই মতবাদ অহুসারে ইন্সিয়োপাত্তের সাকাৎ প্রভ্যক্ষের মাধ্যমে আমরা বহির্বস্তর আজিত্ব করনা করি। কিন্তু করনা সন্দেহাতীত নহে বিদায় এই মতবাদে বস্তু-স্থিতিরও কোন নিশ্চরতা পাওয়া, যায় না। তাহা হইলে আমরা কি এই অনুমান করিব যে, এই মতবাদের অনিবার্য পরিণতি হইল কান্টের অতীক্রিয় ভাববাদে বা বার্কলির আত্মগত ভাববাদে?

ও। ভাববাদের প্রকারভেদ Varieties of Idealism)

॥১॥ প্লেটোর ভাববাদ বা ধারণাবাদ Plato's Idealism or Theory of Ideas)

প্রাচীন গ্রীক দার্শনিক প্রেটো ভাববাদ বা ধারণাবাদের আদি জনক। তাঁহার মতে, শাশ্বত জ্ঞান সামান্য ধারণা দারা গঠিত। এই সামান্য বা সাধারণ ধারণা জ্ঞাতিগত বা শ্রেণীগত (যথা মহুয়াছের ধারণা) – যাহা দেশ ও কালের গণ্ডির অতীত; এক্লপ নিত্য ও সাধারণ ধারণার জ্ঞান প্রত্যক্ষ-লব্ধ হইতে পারে না, এরূপ ধারণা একমাত্র শুদ্ধর দারা জ্ঞাতব্য। এক এক শ্রেণীর বিশেষ বিশেষ বস্ত একমাত্র হা প্রথমির সাবারণ ধারণার দারাই পরিচিত। এক এক শ্রেণীর সামান্য ধারণা সেই দেই শ্রেণীর অন্তর্গত বিশেষ বিশেষ বস্তর অদর্শ (Ideal) বা আকার (Form) বা সনাতন শ্বরূপ (Essence) বা নিত্য প্রব্য সন্ত্রা (Substance)।

স্ক্রেটিসের নিকট সামাস্ত ধারণা নিছক চিস্তারপেই ছিল; ইহা চিস্তার নিয়ামকর্মপে গণ্য হইত; কিন্তু প্লেটো ইহাকে আধিবিত্যক দ্রবো (metaphy sical substance) রূপান্তরিত করেন। প্লেটোর ধারণাবাদ হইল ধারণার বন্তুগভ সন্তার মত্তবাদ। সামান্য ধারণা শুধু মনের মধ্যেই অন্তিত্বশীল নহে, ইহা এমন এক শ্রব্য বা বস্তু-সন্তা-বাহা মনের বহিন্তৃতি স্বতন্ধভাবে বিরাজমান—ইহাই হইল প্রেটোর ভাববাদের সার কথা, ইহাকে বলা হয় বস্ত্রগত ভাববাদ।

ধারণা বাস্তব ঘটনার অন্তর্মণ হইলে সভ্য লাভ হয়—এই মতবাদের উপর প্রেটোর ভাববাদ প্রতিষ্ঠিত। যদি আমি একটি ব্রদ দেখি এবং প্রকৃতপক্ষে তথার যদি ব্রদ থাকে, তাহা হইলে আমার ধারণা সভ্য হইবে। কিন্তু যদি তথার কোন বৃদ্ধ বা থাকে, তাহা হইলে আমার ধারণা মিখ্যা হইবে। এই মভান্থসারে, সভ্যের অর্থ হইল এই যে, আমার মনের চিস্তা বাহ্নিক কোন বন্ধর অন্তলিপি বা প্রাক্তিক্ষিণ। যেহেতু জ্ঞান হইল সদা সভ্যের জ্ঞান সেই হেতু আমার মনের চিন্তাকি জ্ঞান হইতে হইলে এই চিন্তা অবস্থাই বাস্তব কোন বিষয়ের প্রতিক্ষিকি

হইবেই। কিন্তু প্রেটোব মতে, যেহেতৃ জ্ঞান হইল সদা সামান্ত ধারণার (concept) জ্ঞান দেইহেতৃ একটি সামান্ত ধারণাকে সভ্য জ্ঞান হইতে হইলে ইহাকে বাস্তব সন্তার সহিত অহুরূপতার বলেই সভ্য হইতে হইবে। স্থতরাং আমার মনের বহিতৃতি সামান্ত ধারণার অন্তিত্ব অবশুই স্বীকার্য। অর্থাৎ আমার মনের মধ্যে যে সামান্ত ধারণা বিভ্যান তাহা মনের বহিতৃতি অন্তিত্বশীল সামান্ত ধারণারই অহুলিপি।

যদি একমাত্র সামান্ত ধারণার জ্ঞানই সত্য হয়, তাহা হইলে সংবেদনের মাধ্যমে আমাদের যাবতীয় অভিজ্ঞতা মিধ্যা হইবে। আমাদের ইন্দ্রিয়-প্রত্যক্ষের সাহায্যে আমরা অনেক বিশেষ বিশেষ অশ্বসম্বন্ধে সচেতন হই, কিন্তু বুদ্ধির সাহায্যে আমরা অশ্ব শ্রেণীর সামান্ত ধারণা পাই। এই সামান্ত ধারণা যধন সত্য, তথন বিশেষ বিশেষ বস্তুর ধারণা অবশ্র মিধ্যা হইবে। ইহার অর্থ হইল—সংবেদনের বিষয়গুলির কোন প্রকৃত সন্তা নাই। যাহার সন্তা আছে তাহা হইল একমাত্র সামান্ত ধারণা; ইন্দ্রিয়ের প্রত্যক্ষীভূত বিশেষ বিশেষ বস্তুর সন্তা নাই। এই বা সেই বিশেষ অশ্বের কোন প্রকৃত সন্তা নাই। বিশেষ বিশেষ অশ্বগুলি যে অশ্ব শ্রাতির অস্তর্ভুক্ত একমাত্র সেই জাতিগত সামান্ত ধারণাই সন্তা শীকার্য।

ধরা যাউক, ভোমাকে প্রশ্ন করা হইল—সৌন্দর্য কি? তুমি বদি কোন গোলাপফুল বা নারীর মুখ বা জ্যোৎস্ন। রাত্রি দেখাইয়া বল—ইহা হইল সৌন্দর্য, ভাহা হইলে স্থন্দর বস্তু-বিশেষের পরিচয়্ব পাওয়া গোল, কিন্তু সৌন্দর্য্যর স্থন্ধপ জানা গোল না। সৌন্দর্য বস্তুতঃ একটি, ইহা বহু বস্তু নহে। হয়ত তুমি বলিবে— স্থন্দর স্থন্দর বস্তু ছাড়া সৌন্দর্য থাকিতে পারে না। কিন্তু প্রশ্ন ইইবে—সৌন্দর্যের সাদৃশু চিস্তা না করিলে কিন্ধপে বিভিন্ন স্থন্দর বস্তুর উল্লেখ সম্ভব ? এই সাদৃশুকরণ ও শ্রেণীকরণ প্রক্রিয়া ইন্দ্রিয়-লন্ধ নহে, এরূপ প্রক্রিয়া বৃদ্ধি-লন্ধ। স্থতরাং সৌন্দর্যের একটি জাতিগত বা সামান্ত ধারণা ভোমার মনে অবশ্রুই বিভ্যমান—যাহার সাহায্যে তুমি বিভিন্ন স্থন্দর বস্তুর মধ্যে তুলনা করিতে পার এবং সৌন্দর্যের সাধারণ ধারণার সহিত্ত সেই বস্তুঞ্জলির সাদৃশ্র চিনিতে পার। কিন্তু যদি এই সামান্ত ধারণাটি নিছক মনোগত হয়, তাহা হইলে তোমার মনোগত অর্থাৎ মানস স্থাই ধারণার বারা তুমি বহিবস্তু বিচার করিতেছ এবং এক্নপ ব্যক্তিগত মানদণ্ডের বারা কোন্টি হন্দর আর কোন্টি স্থন্দর নহে—এক্নপ নির্দ্ধ করায় তুমি সোক্তিদের মত সমর্থন করিতেছ এবং এক্নপ ব্যক্তিগত মানদণ্ডের বারা কোন্টি হন্দর আর কোন্টি স্থন্দর নহে—এক্নপ নির্দ্ধ করায় তুমি সোক্তিগত ধারণাকেই সভ্যের মানদণ্ডক্রপে গ্রহণ করিতেছ। কিন্তু সন্তু বন্ধুগত

৬ সাধারণ। স্থাতরাং সৌন্দর্যের ধারণা নিছক মনোগত নহে, ইহা বস্তগত অর্থাৎ সৌন্দর্যের সামান্ত ধারণা স্বতস্তভাবে মনেব বহিন্তৃতি এমন একটি নিত্য সন্তা-যাহা সকল স্বন্দর বস্তু হইতে ভিন্ন।

সৌন্দর্য যেমন একটি বন্ধগত সত্তা তেমনই গ্রায়পরতা, সত্তা, খেতবর্ণ, অধ্ব প্রভৃতি জাতিগত ধারণাসমূহও বন্ধগত। প্লেটোর মতে, সকল সামান্ত ধারণাই সত্তা এবং ইহাদের বৈশিষ্ট্য নিয়রূপ:

- (১) সামাশ্য ধারণাসমূহ হইল দ্রব্য। সাধারণত: দ্রব্য প্রকাশিত হয় গুণের মাধ্যমে এবং গুণ দ্রব্যের উপর নির্ভরশীল। লোকিক অর্থে পেছি, পিতল, কান্ন, জল ইত্যাদি জড়-বস্তুকে দ্রব্য বলা হয়। দর্শনে দ্রব্যকে স্ব-নির্ভর, সয়ং-ভৃ ও স্ব-নিয়ন্তিত সন্তারূপে গণ্য করা হয়। ভাববাদী দার্শনিকদের মতে মনই হইল স্থনির্ভর দ্রব্য, কিন্তু জড় দ্রব্য নহে। এই অর্থে সামাশ্য ধারণা হইল পরম সন্তা বিশিপ্ত দ্রব্য। সামাশ্য ধারণাসমূহ স্ব-নির্ভর আর সকল বিশেষ বিশেষ বস্তু এই ধারণাসমূহের উপর নির্ভরশীল। সামাশ্য ধারণাসমূহ বিশেষ প্রথম স্ত্রে (first principles)।
- (২) **এই ধারণাগুলি সার্বিক।** এগুলি কোন বিশেষ বিশেষ বস্তুকে নির্দেশ করে না। অখ্যের সামান্ত ধারণা কোন বিশেষ বিশেষ অখ্য নহে, ইহা সকল অখ্যের জাতিগত প্রত্যয়। এজন্ত ইহা সার্বিক। আধুনিক দার্শনিকেরা সামান্ত ধারণাগুলিকে 'universala' আখ্যা দিয়াছেন।
- (৩) সামান্ত ধারণাগুলি বিশেষ বিশেষ বস্তু নহে, এগুলি চিন্তা।
 আন্ধ-জাতি বলিতে আমরা কোন বস্তুকে বুঝি না; যদি ইহা কোন বস্তু হইত
 ভাহা হইলে ইহাকে দেখিতে পাইভাম এবং সেক্ষেত্রে ইহা সার্বিক না হইয়া বরং
 বিশেষ বস্তু হইত। কিন্তু সামান্ত ধারণাগুলি চিন্তা হইলেও এগুলি আমার বা
 ভোমার ব্যক্তিগত চিন্তা নহে, এমন কি ঈশবের মনেরও চিন্তা নহে। এগুলি
 শ্বন্ধপতঃ বস্তুগত ও মনোনিরপেক সন্তা, আমাদের মনের ধারণাগুলি এই সকল্
 মনোনিরপেক সন্তাপ্তলির অন্থলিপিমাত্র।
- (৪) প্রেক্তেক সামান্ত ধারণা একটি অখণ্ড ঐক্য। ইহা বৈচিত্ত্যের মধ্যে ঐক্য। মাহুষের জাভিগত ধারণা এক, যদিও ব্যক্তি বহু। বস্তুসমূহের এক একটি শ্রেণী একটি একক সামান্ত ধারণার অধিক নহে।
 - (e) সামান্য ধারণাঞ্জলি সংজ্ঞার ন্যায় অপরিবর্তনীয়, নিভ্য ও

জ্ঞাবিনশ্বর। উদাহরণস্বরূপ, মাঞ্ধের জাতিগত ধারণা নিত্য, ইহা ব্যক্তিবিশেষের জন্ম, বার্ক্তা, মৃত্যুর দারা কুল্ল, পবিবতিত বা অবলুপ্ত হয় না।

- (৬) **সামান্য ধারণা গুলি সকল বস্তুর দার সত্তা**। সকল ব**ন্ধ**র যাহা অত্যাবশ্যক ও অপরিহার্য তাহাই সামান্ত ধারণার উপাদান।
- (৭) সামান্য ধারণাওলি স্বস্থ ক্ষেত্রে সম্পূর্ণ রূপে নিখুঁত এবং ইহাদের পূর্ণ তা সন্তা হইতে অভিন্ন। পূর্ণ মান্ত্র হইল এক সার্বিক মানব-জাতি—যাহা মান্ত্রের সামান্ত ধারণা এবং এই পূর্ণ জাতিগত সন্তা হইতে সকল বিশেষ বিশেষ মান্ত্র্য কম-বেশী বিচ্যুত। এই কাবণে বিশেষ বিশেষ ব্যক্তি অসম্পূর্ণ ও অবান্তর।
- (৮) সামান্য ধারণাগুলি দেশ ও কালের বহিন্তু । দেশ ও কালের মধ্যে গণ্ডিবদ্ধ নহে বলিয়া এগুলির কয় বা অবলুপ্তি নাই। দেশ ও কালের মধ্যে মদি এগুলি গণ্ডিবদ্ধ হইত তাহা হইলে এগুলি সদীম ও বিশেষ বস্তুতে প্রবিণ্ড হইত এবং উহাদের সাধিকতা থাকিত না .
- া৯) সামান্য ধারণা বৃদ্ধিমূলক ও যুক্তিপূর্ণ এবং বৃদ্ধির ছারা বোধগম্য। বিচিত্র বস্তুসমূহের মধ্যে সাধারণ উপাদান আরোহমূলক যুক্তির ছারা জানা যায়। পরম সভাকে সজ্ঞ বা সাক্ষাং অন্তভ্তির ছারা অনুধাবন কবা যায় না; ইহাকে একমাত্র বিচারমূলক চিস্তার সাহায্যেই জানা যায়।
- (১০) স্লেটো ভাছার জাবনের শেষকালে ধারণাসমূহকে পাইথা গোরাদ প্রবর্তিত সংখ্যার সহিত অভিন্ন করিয়াছেন। ইহা অবশ্য প্রেটোর Dialogue-এ উন্নিখিত নাই আমরা ইহা এরিষ্টটলের লেখা হইতে পাই। তবে প্রেটোর এরূপ মতবাদ তাঁহার উন্নত ভাববাদ তথা আদর্শবাদ চইতে নিশ্বর অনেকটা পশ্চাংগায়ী।

প্রেটোর ধাবণাবাদ হইতে আমরা পাই—মানব-অভিজ্ঞতার ঘুইটি উৎস—
ইন্দ্রিয়-প্রত্যক্ষ এবং বৃদ্ধি। ইন্দ্রিয়-গ্রং হইল ইন্দ্রিয়-প্রত্যক্ষের বিষয়; অপরপক্ষে
ধারণা (সামান্ত ধারণা অর্থে) বৃদ্ধির বিষয়। ধারণাগুলি হইল বিশুদ্ধ ও স্বয়ংভাত সন্তা; অপরপক্ষে ইন্দ্রিয়ের বিষয়-বস্তু হইল সম্পূর্ণ সন্তাহীন। আবার,
কথনও কখনও প্রেটো বলিয়াছেন—ইন্দ্রিয়-অভিজ্ঞতার বস্তুগমূহ ধারণা ও সন্তাহীন
ক্রগং—উভ্যের মধ্যেই অংশ গ্রহণ করে বলিয়া এগুলি সন্তা ও সন্তাহীন—এই
তুই ক্রগতের মানামানি অর্থাৎ এগুলি অর্ধ সন্তা। প্রেটোর মতে, ইন্দ্রিয়-স্কাতের

ক্তান সম্ভব নহে কারণ ইহা মৃহুর্তে মৃহুর্তে পরিবর্তিত হয় এবং যাহা পরিবর্তনশীল তাহাকে কেহ জানিতে পারে না। ধারণার জ্ঞানই একমাত্র সত্য জ্ঞান কারণ ইহা স্থায়ী ও অপরিবর্তনীয়।

এই প্রদক্ষে প্রশ্ন হইতে পারে—যদি ইন্দ্রিয়-অভিজ্ঞ তার বস্তুর কোন জ্ঞান সম্ভব না হয় তাহা হইলে আধুনিক পদার্থ বিজ্ঞানকেই অস্থীকার করিতে হয়। নিশ্চয় পাহাড়ের এমন আপেক্ষিক স্থায়িত্ব আছে যে, উহার কিছু জ্ঞান সম্ভব। প্রেটো নিজেও পদার্থজ্ঞানের মূল্য সম্বীকার করেন নাই। তাঁহার মতে, যাহা বিশুদ্ধ সংবেদন তাহার মধ্যে কোন বিচার-বৃদ্ধির উপাদান নাই। কিন্তু তিনি স্বীকার করেন যে, পদার্থ বিজ্ঞানেব বিষয়-বস্তু মূলতঃ ইন্দ্রিয়জ হইলেও এগুলি যুক্তিযুক্ত সংবেদন। পাহাড়েও গুণগুলি পরিবর্তনশীল হইলেও পাহাড়টিকে আমরা একই জায়গায় দেখি। তাদামানীতি অমুসারে পাহাড়ের অভেদ-বোধ হইতে আমরা উহার জ্ঞান লাভ করি এবং এই জ্ঞান ইন্দ্রিয়-লব্ধ হইতে পারে না। এই স্থায়ী পাহাড়ের জ্ঞান বৃদ্ধি-জাত কারণ ইহা তাদাত্ম্যারূপ সামায় ধারণার অংশ গ্রহণ করে। ইন্দ্রিয়-বম্ব যে মাত্রায় ধারণা-জগতের অংশ গ্রহণ করে সেই মাত্রায় উহার জ্ঞান সম্ভব। প্লেটোর মতে, ধারণা হইল ইন্দ্রিয়-বস্থর ভিত্তি বা কারণ; ধাংণাই হইল বিশুদ্ধ সম্ভা—যাহাব সাহায্যে বিশেষ বিশেষ বস্তু ব্যাখ্যাত হয়। এই বিশুদ্ধ সন্তা-ধারণা-হইতেই বিশেষ বিশেষ বন্ধর অক্তিম্ব নি:ম্বত হয়; বিশেষ বিশেষ বস্তু ধারণাসমূহের প্রতিছবি বা ছায়া। ধারণা অন্তর্বতী ও বহিৰ্বতী উভয় (both immanent and transcendent)। ইং। ইঞ্জিব-গ্ৰাভ বস্তুসকলের অন্তর্নিহিত, আবার স্বীয় বিশুদ্ধ সন্তা সংরক্ষণের জন্ম ইংগ ইন্দ্রিয়-গ্রাহ্ম বন্ধর বহিভুতি।

বিশুদ্ধ সন্তা-ভাবজ্ঞগৎবছ, কারণ ধারণা বছ, কিন্তু ধারণাসমূহ পরস্পর সম্পূর্ণ পৃথক নহে, বরং পরস্পরের সহিত এক স্বসংহত ঐক্যে আবদ্ধ। একটি ধারণাতে অক্স কতকগুলি ধারণার সাধারণ উপাদান থাকে, এজক্স সেই ব্যাপকতর ধারণাটি অক্স নীচমান বিশিষ্ট ধারণাগুলির নিয়ামক হইয়া সেগুলিকে ঐক্যেহতে আবদ্ধ করে। উদাহরণস্বরূপ, লোহিতবর্ণ, খেতবর্ণ, নীলবর্ণ প্রভৃতি নীচমানবিশিষ্ট ধারণাগুলি উচ্চতরমানবিশিষ্ট বর্ণের সাধারণ ধারণার অন্তর্গত হইয়া ঐক্যবদ্ধ থাকে। এইভাবে ভাবজ্ঞগতের ধারণাসমূহের মধ্যে যাহা নীচমানবিশিষ্ট তাহা উচ্চমানবিশিষ্ট ধারণার অক্সভৃত্তি হইয়া পর্ধায়ক্তমে এক অতি বৃহৎ তক্ত

গঠন কবে। এই স্তম্ভের সর্বোচ্চ মানবিশিষ্ট ধারণা হইল শিবম্ অর্থাং মঙ্গলের ধারণা। অন্যান্ত সকল ধারণা এই সর্ব্বোচ্চ পরম মঙ্গলেব ধারণার ঐক্যন্ত পর্যায়ক্তমে গ্রাথিত হইয়া স্থানংহ ৬ সমষ্টিতে পবিণত হয়, কিছু প্লেটো ইহাও বলেন যে, এই সার্বিক স্থানংহ তির মধ্যেও কোন ধারণাই উহার আপন বৈশিষ্ট্য হারায় না। সর্বোচ্চ মঙ্গলের ধারণা একাধারে একটি বিশিষ্ট ধারণা আবাব ইহা সকল ধারণার ঐক্যন্ত জ্ঞানের সকলের ধারক। প্লেটো এই পরম মঙ্গলকেই পরম সত্যেও পরম স্থানর ভগবানের সহিত এক ও অভিন্ন কবিয়াছেন। ভগবান আদর্শ জগতের অধিষ্ঠাতারূপে জড় উপাদানের সাহায্যে বিশ্বের স্বষ্ট করিয়াছেন এবং বিশ্বের মধ্যে আদর্শ জগৎকে প্রতিক্লিত করিয়াছেন। কিন্ত, প্লেটোব মতে, এই দৃশ্যমান জড়জগং আদর্শজগতের ব্যর্থ ও শ্নেম্পূর্ণ প্রতিচ্ছবিমাত্র, কারণ যে জড়ের মাধ্যমে ভগবান জগতের স্বন্ত করিয়াছেন তাহার মধ্যে বিশুদ্ধ ও পূর্ণ সন্তার অভাব বিশ্বমান।

সমালোচনা: প্লেটোর ভাববাদে আদর্শজগৎ ও দৃশ্যমান জগতের মধ্যে তথা জাতি ও ব্যক্তির মধ্যে নিবিড় ও অবিচ্ছেল্য সম্পর্ক অস্বীকৃত হইয়াছে এবং এই ছই জগতের মধ্যে এক তুর্লজ্যা বাববান দ্ব ইইয়াছে। জাতি ব্যক্তি হইতে সম্পূর্ণ পৃথক হইয়া থাকিলে অমূর্ত সন্তায় পরিণত হয় এবং এই অমূর্ত ভাব বা আদর্শ জগৎ বস্তুতঃ শৃশ্য গর্ত। জগৎ যদি ভাবজগতের ছায়া মাত্র হয় সেক্ষেত্রেও ভাবজগতের কোন মূর্তরূপ পাওয়া য়ায় ন।। এই অম্ববিধা দ্র করিবার নিমিত্ত তিনি ভগবান এবং জড় —এই থিবিধ সন্তা করিয়া জগতের স্কৃষ্টি ব্যাখ্যা করিয়াছেন এবং তাঁহার দর্শনকে কার্যতঃ বৈভবাদে পরিণত করিয়াছেন। অধিকৃদ্ধ, আদর্শ জগতের বিভিন্ন জাতির মধ্যে পারম্পরিক সম্পর্ক কি এবং সর্বোচ্চ তথা মঙ্গলেব ধারণার সহিত অন্যান্ত সকল জাতি কিরূপে গ্রথিত—এই সকল বিষয়ে প্লেটোব বক্তব্য খব স্কুম্পন্ট নহে।

ভবে ইহা অনস্বীকার্য যে, প্লেটোর ভাববাদ এক উচ্চাঙ্গের মতবাদ। তিনি সঠিকভাবেই বলিয়াছেন—জীব জড়ের প্রভাব হইতে মৃক্ত হইয়া আদর্শ অমুসারে জীবন বাপন করিলে আপন আস্থার স্বরূপ উপদব্ধি করিতে পারিবে এবং বিশুদ্ধ জ্ঞান লাভ করিয়া মৃক্তিলাভ করিতে পারিবে।

W. T. Stace প্লেটোর ভাববাদের মধ্যে নিহিত কডকগুলি মূলক্টি প্রদর্শন করিরাছেন। এই সকল ফ্রান্ট প্রেণিধানযোগ্য।

প্রথমতঃ, প্লেটোর ভাববাদ স্বগৎকে ব্যাখ্যা করিতে পারে না ৮ প্রেটো বলেন—জগতের বস্তুদমূহ সামাক্ত ধারণাদমূহেব প্রতিচ্ছবি বা অমুবরণ, এগুলি ভাব জগভের অংশ গ্রহণ করে। প্রেটোব এই সবল উক্তি কাব্যের ভাষামাত্র। কিরুপে বস্তুসকল ধারণাসমূহের সহিত্ত সম্পর্কিত—এই সকল উজিতে তাহ। হস্পট্ট নহে বরং রহস্তপূর্ণ। ধারণার স্বরূপের মধ্যে এমন এক যুক্তি ব। আবশ্রিকতা নিহিত থাকা উচিত—যাং। হইতে বিশেষ বিশেষ বস্তব অন্তিত্ব অনিবার্যভাবে নিংস্কৃত হয়। অর্থাৎ ধারণা হইবে বস্তুর আন্তত্ত্বের পর্যাপ্ত হেতু। কিন্তু প্লেটোর ভাববাদে ধারণার মধ্যে নিহিত এরূপ হেতু বা আবিশ্রিকতা স্বীকৃত হয় নাই। প্লেটো ধারণাকেই একমাত্র স্ব-নির্ভর ও স্বয়ং-সম্পূর্ণ সন্তারূপে গ্রহণ করিয়াছেন এবং বস্তর মুর্ত প্রকালের মাধ্যমে ধারণাব আত্মোপল্রির কোন প্রয়োজন স্বীকার করেন নাই। সেক্ষেত্রে কোন ধারণাই অনিবার্যরূপে বিশেষ বিশেষ বস্তুর মাধ্যমে আত্মপ্রকাশ করিবে না, আপন ছরূপের মধ্যেই অমূর্ত্তরূপে নিবদ্ধ থাকিবে—ইহাই স্বাভাবিক। যখন খেতবর্ণের সামাল্য ধারণা একটি পূর্ণ সত্তা তখন উহার পক্ষে খেতবস্ত বিশেষের মধ্যে প্রকাশিত বা প্রতিফশিত হইবার কোন আবঞ্জিকভাই থাকিতে পারে না। স্থভরাং প্লেটোর ধারণাবাদ জগৎকে ব্যাথা। করিতে পারে না।' এই প্রদক্ষে উল্লেখ্য-প্রেটো জগৎ-স্মষ্ট ব্যাখ্যার নিমিত্ত ভগবানের কল্পনা করিয়াছেন এবং বলিয়াছেন যে, ভগবান যন্ত্রীরূপে জড়কে ধারণাসমূহের মৃতিতে হুগঠিত করিয়া জগৎ সৃষ্টি করিয়াছেন। এইভাবে প্লেটোর ভাববাদ অতিবর্তী ঈশ্বরবাদে (Deism) পর্যবৃদিত হয় এবং তিনি জগতের হেতু হিসাবে আদর্শ জগৎকে প্রতিষ্ঠিত করিতে বিফল হন। এই প্রসঙ্গে প্লেটোর ভাববাদী দর্শনে বৈত্তবাদ স্থম্পষ্ট আকার ধারণ করে। প্লেটো অর্থোক্তিকভাবে ধারণাব্রগৎ হইতে স্বতম্ব স্ত্রেরপে জড়কে স্বীকার করেন। যেহেতু এই জড় মৌলিক ও মাংজ, সেই হেতু ইহাও মাং একটি দ্রব্য হইবে। কিন্তু প্লেটো জড়কে স্রব্যক্সপে স্বীকার করেন না, তাঁহার নিকট ইহা বিঙ্গভাবে সন্তাহীন (not-being)। প্লেটোর ভাববাদের ক্রটি হইল এই যে, জড় ধারণ -জগৎ হইতে আব্ভিকভাবে নি:মত হইতেছে না আবার ধারণাও ৰুড় হইতে উভ়ত হইতেছে না ; **গেকেত্রে জড়কেও** ধারণার **স্তার স্বভন্ন এব্যর**পে গণ্য করিতে হয়। ইহাই প্লেটোর দর্শনে নিছক বৈ হবাদ। এই বৈভবাদের মূলে রহিয়াছে প্লেটো কত্ক রচিত ইন্সিয়-কাণ ও ভাব-কাণভের মধ্যে ফুর্লভ্যা ব্যবধান। প্লেটো

ইক্সিম্ব-প্রত্যক্ষ ও বৃদ্ধির মধ্যে নিবিড় সম্বন্ধ উপলব্ধি করিছে ব্যর্থ হইয়াছেন।

দিতীয়তঃ, প্লেটোর 'ধারণা' নিজেকেই ব্যাখ্যা করিতে পারে না; ইছা যথার্থভাবে সামান্য বা সার্বিক নছে, ইছা বরং বিশেষ বস্তু। প্রত্যেক ধারণাকে স্বয়ং যুক্তিযুক্ত হইতে হইবে এবং তাহা হইতে হইলে ধারণাকে অপরিহার্য সতা হিসাবে স্বীকার করিতে হইবে। কিন্তু শ্বেতবর্ণের সামান্ত ধারণা আমাদের নিকট অপরিহার্য নহে, কারণ খেতবস্তু বিশেষ এবং তৎসহ খেতবর্ণের সামান্ত ধারণা ব্যতীতই জগৎ চলিতে পারে এবং উক্ত শ্বেতবর্ণের ধারণা বাদ দিলেও কোন খ-বিরোধ ঘটে না। এমন কি, যে সর্বোচ্চ মঙ্গলের ধারণা অক্তান্ত সকল ধারণার ঐক্য হুত্ররূপে স্থদংহতি সৃষ্টি করে সেই সর্বোচ্চ ধারণা হইতেও খেতবর্ণের ধারণা বা অক্যান্ত ধারণা অনিবার্যভাবে নি:স্ত হয় না; এগুলিকে পরম্পর নিরপেক্ষভাবে চিস্তা করা যায়। সকল ধারণার মধ্যে যে বিষয়ে সাদৃশ্য আছে তাহাই সর্বোচ্চ ধারণা মঙ্গলের মধ্যে বিভ্যমান। প্লেটোর মতে, সকল ধারণাই পূর্ণ সন্তা; স্থতরাং পূর্ণতা স্থোচ্চ ধারণার মধ্যে বিভ্যমান; কিন্তু শ্বেত-বর্ণের বিশেষ ধারণা সর্বোচ্চ মঙ্গলের ধারণার মধ্যে নিহিত নাই, এজক্ত এই বিশেষ ধারণা মঙ্গলের ধারণা হইতে নিংহত হয় না। মঙ্গলের ধারণা যে একটি অপরিহার্য ধারণা—বাহা সকল ধারণার ব্যাখ্যার মূল হত্ত বা উৎস – ভাহা প্লেটো প্রমাণ করিতে পারেন নাই। প্লেটোর ভাববাদের মূল কথা হওয়া উচিত—বিশেষ বিশেষ বন্ধ (যথা অখবিশেষ) দেশ ও কালের গণ্ডীবন্ধ বলিয়া এগুলি অন্তিত্ব-শীল; অপরণকে সামান্ত ধারণা (যথা শ্বেডবর্ণের সাধারণ ধারণা) দেশ ও কালের গণ্ডীর উধের্বিলয়া এগুলি বিশ্বন্ধ সন্তা, এগুলি বাস্তব ৰুগতের অভিযুশীল বস্ত নহে। কিন্তু প্লেটো এই সামাত্ত ও সার্বিক ধারণাগুলিকে কার্যতঃ এক একটি অন্তিত্বশীল বিশেষ বস্তুদ্ধপে গণ্য করিয়াছেন। যথন তিনি বলেন যে, আত্মা জন্মের পূর্বে ভাব-জগতে অবস্থিত ছিল আবার মৃত্যুর পর ইহা ভাবজগতেই কিরিয়া যাইতে পারে, তখন ভিনি নিশ্চয় তাঁহার উচ্চাব্দের ভাববাদের কথা ভুলিয়া গিয়া ধারণাগুলিকে বিলেষ বিশেষ বন্ধরূপে আপন আপন জগতে অন্তিত্ব-শীল বলিয়া মনে করিয়াছেন অর্থাৎ ভিনি স্বীকার করিয়াছেন যে, ধারণাঞ্জলির পৃথক পৃথক অন্তিম্বের পৃথক স্থান রহিয়াছে—যাহা এই জগতের বাহিরে। ক্রভরাং প্লেটো শ্বভির মাধ্যমে সামাল্ত ধারণাগুলির মানসিক ছবি গঠন করিয়া

উহাদের সার্বিকতা বিনষ্ট করিয়াছেন এবং উহাদের দেশ ও কালের উদ্বে বিশুদ্ধ সন্তার পরিবর্তে উহাদিগকে বিশেষ বিশেষ অন্তিম্বশীল বন্ধ হিসাবে গণ্য করিয়াছেন।

॥ ২ ॥ এরিষ্টট**েলর ভা**ববা**দ** (Idealism of Aristotle)

্লেটো আদর্শ জগৎ ও দৃশ্যমান ইন্দ্রিয়-জগতের মধ্যে অর্থাৎ সামান্ত ও বিশেষের মধে। বাবধান সৃষ্টি করিয়া একমাত্র আদর্শ জগৎ তথা সামান্ত ধারণাকেই বিভন্ধ স্তা হিসাবে গ্রহণ করিয়াছিলেন। কিন্তু এরিষ্ট্রইল প্লেটোর স্বষ্ট এই ব্যবধানকে রহিত করিয়া দেখাইয়াছেন যে, আদর্শ জগৎ ইন্দ্রিয় জগতের মধ্যেই প্রকাশিত হইয়া অর্থাৎ সামাক্ত বিশেষের মধ্যেই নিহিত থাকিয়া মুর্তক্রপ ধারণ করে। এরিষ্টটলের মতে আদর্শ জগৎ ও দৃশ্যমান জড়জগতেব মধ্যে তথা সামান্ত ও বিশেষের মধ্যে অবিচ্ছেত্ত সম্বন্ধ বিত্তমান। সামাত হইল দ্রব্যের প্রকার। দ্রব্যহীন প্রকার বা প্রকারহীন দ্রব্য যেমন চিষ্কা করা যায় না তেমনই, এরিষ্টটলের মতে, বিশেষকে বাদ দিয়া সামান্ত অথবা সামান্তকে বাদ দিয়া বিশেষকে চিন্তা করা বাম না ৷ এরিইটলের নিকট দশুমান ইন্দ্রিয় জগৎ আদর্শ জগতের তথা সামান্ত ধারণার বাস্তব প্রকাশ: স্বভরাং এই বাস্তব জগৎ সভ্য। এরিইটল বলেন—দ্রব্য ও প্রকার স্বরূপত: একই সন্তার তুইটি দিক—দ্রব্য হইল প্রকারের স্বব্যক্ত (potential) অবস্থা এবং প্রকার হইল জব্যের ব্যক্ত (actual) অবস্থা। অর্থাৎ বে বড়কে भिक्त । विश्व प निताकात्रकाल कन्नना कतिशास्त्रिन **जाराक्ट्रे अतिहे**छेन जारान জগতের অব্যক্ত অবস্থ। হিসাবে গণ্য করিয়াছেন। জড় আদর্শ জগতের সহিত অবিচ্ছেন্তভাবে সম্পর্কিত। এরিষ্টান অভিব্যক্তির নীতি অমুসরণ করিয়া বলেন— অব্যক্ত আদর্শ জগৎ পর্যায়ক্রমে দৃশ্রমান ইন্দ্রিয়-জগতের মাধ্যমে নিজেকে ব্যক্ত করিতেছে। সদা-ব্যক্ত ও সর্বজ্ঞ ভগবান আদর্শরূপে একাধারে জগভের অভ্যন্তরে ও বাহিরে থাকিয়া জগতের নিরবচ্ছিন্ন অভিব্যক্তির জন্ত উহাকে গডিশীল ৰবিভেছেন।

এইভাবে এরিষ্টটল প্লেটোর ত্রুটি সংশোধন করিয়া তাঁহার ভাববাদের উন্নতি বিধান করিতে সচেই হইয়াছেন। বাস্তবিক, ইন্সিয়-জগত হইল বিভিন্ন তথ্যের জগৎ; এরিষ্টটল তথ্য-প্রিয় ছিলেন বলিয়া তিনি ইন্দ্রিয়-জগৎকে উপেক্ষা কলেন নাই ৷

এরিষ্টটল নিমলিথিত যুক্তিগুলির দ্বারা প্লেটোর অমূর্ত ভাববাদ খণ্ডন করেন এবং নিজম্ব বস্তুগত ভাববাদ প্রতিষ্ঠা করিতে সচেষ্ট হন:

- (১) প্লেটোর 'ধারণা' বিশেষ বিশেষ বস্তুর অন্তিত্ব বাশ্যা করিতে পারে না। শ্বেতবর্ণের সামান্ত ধারণা কিরূপে শ্বেত বস্তু উৎপাদন করে তাহা প্লেটোর মতবাদে স্থাপ্ট নহে।
- (২) শ্লেটো বস্তুবিশেষের সহিত ধারণার সম্পর্ক ব্যাখ্যা করেন নাই। শ্লেটো যখন বলেন—বস্তুসমূহ ধারণার প্রতিচ্ছবি এবং ধারণাতে অংশ গ্রহণ করে, এই সকল উ।ক্ত ছুর্বোধ্য, এগুলি কাব্যের ভাষামাত্র।
- (৩) বস্তুর অস্তিত্ব ধারণার দ্বারা ব্যাখ্যাত হইলেও ইহার গতি (motion) ব্যাখ্যাত হয় না। ধারণাসমূহ স্বয়ং অপরিবর্তনীয় ও গতিহীন; স্বতরাং উহাদের প্রতিচ্ছবি এই জগতও-গতিহীন হইবে। ধারণাসমূহের অভ্যন্তরে বদি গতিক্রিয়া না থাকে, ভাগে হইলে সেগুলি হইতে উত্তত বস্তবিশেষের ক্রমবর্দ্ধন, ক্ষয় এবং বিনাশ ঘটিভেছে কিরপে ?
- (৪) জগৎ অসংখ্য বস্তু লইয়া গঠিত। প্লেটো ইহা ব্যাখ্যা করিতে গিয়া অসংখ্য ধারণা স্বীকার করিয়াছেন। এক্দেত্রে প্লেটোকে এমন একজন লোকের সহিত তুলনা করা ঘাইতে পারে—যে লোকটি অল্প সংখ্যক বস্তুকে সরাসরি গণনা করিবার পরিবর্তে উহাদের সংখ্যা বিগুণ করিবার চেষ্টাকে সহজ বলিয়া মনে করে।
- (৫) মেটোর 'ধারণা' অতীন্দ্রি ইহ। মনে করা হইলেও প্রাক্তওপক্ষে ইহ। ইন্দ্রিষ্কাত। অশ্ব এবং অশ্বের ধারণা এই চুইটির মধ্যে বস্তুতঃ কোন পার্শক্রই নাই; ধারণা ইন্দ্রিয়ের ক'ল্লিত বস্তু ছাড়া আর কিছুই নহে। বস্তু ধারণার অস্কুকরণ না হইয়া বরং ধারণাকেই বস্তুর অস্কুকরণ বলা শ্রেয়।
- (৬) প্লেটোর মতবাদে যেখানেই সাধারণ উপাদান বিভয়ান সেখানেই সামান্ত ধারণা বিভয়ান। উদাহরণস্বরূপ, সকল মান্ত্রের একটি সাধারণ উপাদান আছে, স্বভরাং মান্ত্রের একটি সামান্ত ধারণা বিভয়ান। কিন্তু যেহেতু ব্যক্তি-মান্ত্র এবং মান্ত্রের ধারণা—এই হুইটির মধ্যেও একটি সাধারণ উপাদান বিভয়ান সেইহেতু ইহা ব্যাধ্যার অন্ত তৃতীয় মান্ত্রের ('third man') অভিরিক্ত ধারণাও অবশ্রই ধারিব। আবার, এই অভিরিক্ত ধারণা এবং বিশেষ বিশেষ মান্ত্রের মধ্যে

উপস্থিত সাধাবন উপাদানকে ব্যাখ্যা করিবার জন্ম আব একটি সামান্ত ধাবং। স্বীকার করিতে হইবে। এইভাবে অনবস্থা দোষ ঘটিবে।

(৭) প্রেটোর ভাববাদের বিক্রে এরিষ্টটলের ঘোরতর আপত্তি হইল এই ধে, প্রেটো ধাবণাকে বস্তুবিশেষের সার সত্তা বিশিয়। স্বীকার করেন, অবচ তিনি ইহাকে বস্তুবিশেষের বাহিবে রাখিয়াছেন। বস্তুত: বস্তুর সাব-ধর্ম বা অত্যাবশ্রক উপাদান বস্তুর বহিভূতি না থাকিয়া উহার মধ্যেই নিহিত থাকা উচিত। কিন্দ্র প্রেটা ধারণাকে বস্তু হইতে বিক্রিয় কবিয়া এক রহস্তময় জগতে হাপি হ করিয়াছেন। এরিষ্টটলের মতে ধারণা—যাহা স্বকপতঃ সার্বিক ও সামাশ্র— তাহা বিশেষের মধ্যেই নিহিত থাকে। সকল অশ্বের মূল সত্তা হইল অশ্ব-জাতি, এই জাতি বা সামাশ্র মধ্ব-বিশেষ হইতে পৃথকভাবে থাকিতে পারে না। পৃথকভাবে থাকিলে জাতিকে সার্বিক বলা যায় না, উহা সীমিত হইয়া বিশেষ বস্তুতে পরিশত হয়।

প্লেটোর মতবাদের বিরুদ্ধে এই লেখোক্ত সমালোচনা হইতেই এরিষ্টটলের বস্তুগত ভাববাদ গড়িয়া উঠিয়াছে। এরিষ্টটলের নিকট, সামাক্ত অবশাই নিধুঁত সন্তা, কিন্তু সামাত্র আবশ্রিকভাবে বিশেষের মধ্যেই নিহিত থাকিবে। কিন্তু তিনি বলেন —সামায় এবং বিশেষ – কোনটিই অপরটি হইতে বিচ্ছিন্ন করিলে দ্রব্য হিসাবে গণ্য হইবে না। সামান্ত ও বিশেষ পরস্পরের উপর নির্ভরশীল এবং নির্ভরশীল তথা অন্ত-বিষয়-সাপেক্ষ বস্তু কখনও দ্রব্য হইতে পারে না ; দ্রব্য পরপত: অন্ত-বিষয়-নিবপেক্ষ। মহয়ত্বকে মহয় বিশেষ হইতে বাদ দিলে ইহাব অন্তিত্ব রক্ষা কর। যাইবে না কারণ ইহা মহয় বিশেষের সাধারণ বিধেয় (common predicate) মর্থাৎ বিশেষের উপর নির্ভরশাল। স্বভরাং বিশেষ হইতে বিচ্ছিন্ন সামান্তকে স্বব্য আখ্যা দেওয়া যায় না। আবার, সামাক্ত হইতে স্বতন্ত্রভাবে বিশেষকেও দ্রব্য বলা যায় না, কারণ সম্পূর্ণ পৃথক সত্তা হিসাবে বিশেষের কোন অক্তিত্ব থাকিতে পারে না। মহয়ত্ব ধেমন বিশেষ বিশেষ মহয় হইতে পৃথক থাকিতে পারে না তেমনই মহন্য বিশেষও মহন্তবন্ধ হইতে পৃথকভাবে থাকিতে পারে না। স্থভরাং সামাক্ত এবং বিশেষ - উভয়ের সংযোগ বা সংমিশ্রণ হইল দ্রব্য ; স্বয়ং সামাক্ত বা चयः विलय-कानिष्टे भूथक्छार्व खवा नरह। भागाम ७ विलयत मः स्वार्थ যে গুণ সমন্বিত বিশিষ্ট সন্তা গঠিত হয় ভাহাই এরিষ্টটেশের নিকট প্রকৃত ভ্রব্য।

जमारनाह्ना: क्षिरिंग अवर अविष्ठेष्टन छेक्टर नामान वा धावना वा

প্রকারকে পরম সন্তা ও জগতের ভিত্তি বলিয়া স্বীকার করিয়াছেন বটে, কিন্তু প্রেটো সামান্তের মানসিক ছবি অন্ধিত করিয়া ইহাকে জগং হইতে পৃথক করিয়া এক রহস্তপূর্ণ স্থানে স্থাপিত করিয়াছেন, অপরপক্ষে এরিইটল ইহাকে এই জগতেই বন্ধবিশেষের গঠনমূলক নীতি বা শক্তি হিসাবে প্রতিষ্ঠিত করিয়াছেন। স্কুরাং এই বিষয়ে এরিইটল প্রেটো অপেক্ষা অধিক উন্নতি সাধন করিয়াছেন—ইহ নিঃসন্দেহে বলা যায়। বাস্তবিক, গ্রীক ভাববাদ এরিইটলেব দর্শনেই পূর্ণতা লাভ করে। এই প্রসক্ষে ইহাও বলা যায় যে, এবিইটল জগতের বিবর্তন সম্বন্ধে এমন প্রশংসনীয় মতবাদ গঠন করিয়াছিলেন যে, উনবিংশ শতান্ধীর জার্মান দার্শনিক হেগেলের সর্বপ্রেট বিবর্তনবাদ এরিইটলের পদান অন্ত্র্যান্তিল। এরিইটলই প্রথম প্রদর্শন করিয়াছিলেন যে, জগতের ক্রম বিবর্তন এক প্রম যুক্তিপূর্ণ লক্ষ্যের দিকে স্বশুদ্ধালভাবে প্রিচালিত হইতেছে।

তথাপি এরিইটলের ভাববাদী দর্শন প্রাচীনকালে সভ্যের সর্বোচ্চ উপস্থাপন হ**ইলেও ইহাকে** চরম ও নির্দোষ হিসাবে গ্রহণ করা যায় না। প্লেটোব ন্যায় এরি**ঠট**লের ভাববাদেও নিয়োক্ত ত্ইটি ক্রটি লক্ষিত হয়:

- (১) এরিষ্টটলের ভাববাদ জগৎকে সংস্তাষজ্ঞনকভাবে ব্যাখ্যা করিছে পারে মা। অবশু এরিষ্টটল স্কল্পষ্টভাবেই বলিয়াছেন—সামাত এবং বিশেষ, তথা প্রকার এবং জড়, পরম্পর অবিচ্ছেত্য এবং উহাদের পারম্পরিক সম্বন্ধ যান্ত্রিক নহে, উহা আন্দিক ও স্কসম্বন্ধ। এইভাবে তিনি প্লেটোর হৈতবাদ বখন করিতে চেষ্ট করিয়াছেন। কিন্তু প্রক্ষতপক্ষে সামাত্য ও বিশেষ অথবা প্রকার ও জড়, এগুলির মধ্যে ব্যবধান এরিষ্টটলের মতবাদে রহিত হয় নাই, কারণ তাহার নিকট উভয়ই মূল সন্তা এবং একটি অপরটি হইতে উৎপন্ন হয় না। জগৎকে তথনই আমরা সন্তোষজনকভাবে ব্যাখ্যা করিতে পারিব যখন আমরা সম্পেটভাবে দেখাইব যে, ইহা একটি মৌলিক সন্তাকে যুক্তিস্কৃত ভিত্তি করিয়া তাহা হইতে অনিবার্যভাবে নিঃস্ত হইতেছে। কিন্তু এরিষ্টটলের মতবাদে এক্লপ প্রচেষ্টা নাই।
- (২) এরিপ্টটলের নিকট, সামান্য বা প্রকার অপরিহার্ষ নতে, ইহা নিচক এক রহস্তময় সন্ত।। তিনি বলেন—পুষ্টিগাধন সংবেদনে পরিবর্তিত হয়, কিছ কেন হয়—এই যুক্তি তিনি প্রদর্শন করেন নাই। একটি

প্রকার হইতে আর একটিব উদ্ভব কেন হয়—ইহাব স্থায়সঙ্গু অনিবার্যজা এবিষ্টটেলেব মতবাদে পাওয়া যায় না। .

র্নতি॥ বার্কলির আত্মগত ভাববাদ (Subjective Idealism of Berkeley

ৰাৰ্কলির আত্মণত ভাৰবাদ বা কেবল বিজ্ঞানবাদ Subjective Idealism of Berkeley) হইল ভাববাদের একটি প্রকারভেদ। বার্কলি লকেব প্রভাক্ষবাদ (Empirioism) অমুসবণ করিয়া উহার অনিবার্য পরিণতি হিসাবে আত্মগত ভাববাদ বা কেবল বিজ্ঞানবাদ প্রতিষ্ঠা করিয়াছেন। প্রত্যক্ষবাদী লকেব মতে, প্রত্যক্ষ হইল জ্ঞানের একমাত্র উৎস, যাহা কখনও প্রভাক্ষ কর। যায় না ভাহার জ্ঞানও সম্ভব নহে। অথচ লক বলেন ধে, সুখ্য গুণাবলীর অন্তর্নিহিত আধার শ্বরূপ অবশ্রই বহির্জগতে জড় দ্রব্য রহিয়াছে. যদিও সেই ক্রড-সন্তা স্লা প্রত্যক্ষের অগোচব , তাঁহার মতে আমাদের মন य मुकल मृश्तुम्ब গ্রহণ কবে ভাহাদের কাবণ বা উৎস হিসাবে মনোনিরপেক অতীন্ত্রিয় জড় বস্তুর সন্তা স্বীকাব কথা প্রয়োজন। অধিকন্ত আমাদের মনের ধাবণা সভ্য না ভ্রান্ত ভাহা নির্ণয় করিতে হইলেও বস্তুর মনোনিরপেক্ষ স্বভন্ত পত্র। অবশ্রই স্বীকার করিতে হইবে। এই বাস্তব সন্তার সহিত ধারণার সঙ্গতি থাকিলে জ্ঞান যথার্থ আর অসক্ষতি থাকিলে জ্ঞান ভ্রাপ্ত হইবে। কাছেই লকের মতে গুণেব আশ্রয় এবং সংবেদন স্ষ্টির কারণ হিসাবে জড় দ্রব্যের অন্তিম্ব অনুষীকার্য। কিন্তু তাঁহাদের মতে এই জড় দ্রব্যের আদল স্বরূপ আমাদের নিকট অজ্ঞাত ও অজ্ঞেয়। ইন্দ্রিয়পথে বাহ্ন বস্তুর প্রতিলিপি আসিয়া মন বা চেতনার পর্দায় ধারণারূপে ছাপ পড়ে। এই ধারণারূপ ছাপই হইল বন্ধর আমরা সোভাস্থজি এই ধারণারূপ বস্তুর প্রতীককেই জানতে পারি এবং এই প্রতীকের প্রভাকজানের মাধ্যমে জড় বস্তুর সত্তা সম্বন্ধে পরোক জ্ঞান লাভ কবি।

বার্কলি লকের দার্শনিক নীতির হতে ধরিয়া জড় বস্তর হতন্ত্র অন্তিত্ব সহছে লক যে সকল যুক্তি দিয়াছেন সেগুলির মধ্যে অসক্তি দেখাইয়া প্রমাণ করেন যে, জড় দ্রব্যের মনোনিরণেক কোন স্বতন্ত্র সন্তা নাই, উহা মনের ধারণামাত্র বা জ্ঞানের স্বরূপমাত্র। বার্কলির মতে, যাহা স্বরূপত প্রত্যক্ষের স্বগোচর

অর্থাৎ যাহার প্রভাকজান কখনও সম্ভব নয় তাহার জ্ঞাননিরপেক কোন শ্বস্তিত্বও নাই। যাথা সাক্ষাংভাবে আমরা জানিতে পাবি না তাহাব অস্তিত্ব স্বীকার করা অযোক্তিক। আমরা যাহাই প্রত্যক্ষ করি তাহা আমাদের মনেব ণারণামাত্র। যাহাকে আমরা বাহ্নবস্তু আখ্যা দিই তাহাও বাস্তবিক আমাদের প্রত্যক্ষ-জ্ঞান বা সংবেদনমাত্র। এককথায়, প্রত্যক্ষের বহিন্ত্ ত কোন পদার্থই থাকিতে পারে না এবং যাহাই প্রভাকাধীন তাহা মনের ধারণা বা প্রভায় ব্যতীত আর কিছুই নহে। বাহ্বস্ত হইল কতকগুলি গুণেব সমষ্টিমাত্র এবং যাবতীয় গুণাবলী (কি গোণ আর কি মুখ্য) মনের ধারণামাত্র। মানসিক ধারণার বহিভূতি কোন সভা নাই। ভবে মন ছাড়া ধারণা থাকিতে পারে না, মনই হইল ধারণাসমূহের আধার। কাজেই বার্কলিব মতে, ভুগু মন ও ইহার ধারণাসমূহের অন্তিত্ব আছে। যাবতীর জাগতিক বস্তু মনেব ধারণাবিশেষ। কোন বস্তুর অন্তিঅ থাকিতে হইলে তাহাকে একমাত্র প্রত্যক জ্ঞানেরই অস্তর্ভুক্ত থাকিতে হইবে অর্থাৎ প্রত্যক্ষ-জ্ঞান-নিরণেক্ষ কোন কিছুরই সভা নাই। প্রভাক-নির্ভর অর্থাৎ প্রভাকের বিষয় হওয়া ছাড়া কোন বন্ধরই সন্থা থাকিজে পারে না। "Esse est percipi' – বার্কলির এই উন্জির অৰ্থ হইল কাহারও অন্তিত্ব থাকিতে হইলে তাহাকে অবশ্ৰই প্রভ্যক্ষের বিষয়ীভূত হইয়া থাকিতে হইবে (To be is to be perceived)। বার্কলির এই মতবাদকে আত্মগত ভাববাদ বা কেবল বিজ্ঞানবাদ বলা হয় কারণ এই মভানুসারে মন ও উহার ধারণাসমূহই একমাত্র সত্তাবিশিষ্ট-বস্তু এবং প্রভ্যক্ষ-জ্ঞান-নিরপেক্ষ কোন বস্তুরই স্বতন্ত্র অন্তিত্ব থাকিতে পারে না।

জড়-দ্রব্যের স্বতন্ত্র সন্তা শণ্ডনকল্পে বার্কলির নিমলিখিত যুক্তিগুলি বিশেষ প্রেণিধানযোগ্য:—

প্রথমতঃ, যাহা প্রত্যক্ষের বিষয় নহে তাহার অন্তিম্বও অন্থমান করা যুক্তিসঙ্গত নহে। জড়-দ্রব্য যেহেতু প্রত্যক্ষের বহিভূতি, সেই হেতু উহার অন্তিম্ব স্থীকার্য নহে।

ষিতীয়তঃ, লকের মতে জড়-দ্রব্য মৃখ্যগুণের আশ্রয়, কাজেই অন্তিম্ববিশিষ্ট। কিছু বার্কলি বলেন বে, জড়দ্রব্য যদি মুখ্যগুণের আশ্রয় বা আধার হয়, তাহা হইলে উহাকে নিশ্চয় গুণের স্থায় প্রত্যক্ষ করা যাইত। কিন্তু জড়দ্রব্য গুণগুলিকে ব'লে ক্ৰিয়া স্থাছে —একপ আমাদের কোন প্রত্যক্ষ অভিজ্ঞতা নাই। ইংগ ওণগুলিকে অজ্ঞ ভভাবে ধাবল কৰিয় আছে—একপ উক্তি অর্থহান। অধিক স্কু, যদি জড় দ্রব্য মুধ্যগুণের আধাব হয়, তাহা হইলে উহাব জ্ঞান-নিবপেক কোন সন্তা নাই, কাবল মুধ্যগুণগুলি গৌণগুণসমূহের মত লাবলামাত্র এবং আমরা স্থানি ধারণার আধাব হইল মন, কোন বাহা বস্তু নহে।

তৃতীয়তঃ, বস্তুর সংবেদন ব্যতীত উহাব কোন স্বতম্ব অন্তিত্ব অহুভব করা যায় না। কাজেই যাবতীয় বস্তুই সংবেদনমাত্র। অতএব মনেব বহিভূতি কোন স্বতম্ব প্রবাহ নাই।

চতুর্থতঃ, লকের মতে ইন্দ্রিয়পথে বাহ্ন বস্তর প্রতিলিপি আসিয়া মন বা চেতনাব পদায় ধাবণাৰূপে ছাপ পড়ে। এই ধারণারূপ ছাপই হইল বাহ্ন বস্তব প্রতীক। এই প্রসঙ্গে বার্কলি বলেন যে ধারণা যদি বাহ্ন বস্তব প্রতীক বা প্রতিছ্বি হয়, তাহা হইলে ধাবণা ও বাহ্ন বস্তর প্রকৃতি একইনপ হইবে। কাজেই যাহাকে বাহ্ন বস্তু বলা হয় ভাহাও প্রকৃতপক্ষে ধারণাবিশেষ হইবে; ভাহা না হইলে বস্তর ধারণা বস্তব অমুরূপ প্রতিছ্বি কিরূপে হয়? একটি ধারণা অস্ত একটি ধারণাবই অস্তরূপ হইয়া থাকে, বিভিন্ন জাতীয় পদার্থেব অমুরূপ বা প্রতীক হয় না। (An idea can be like nothing but another idea'—Berkeley) অভএব দ্রব্য ধাবণা হইতে অভিন্ন অর্থাৎ উহা ধারণা ব্যতীক আর কিছুই নহে।

গৌণগুণেব তার মৃথ্য গুণদমূহও যে মনোগত ধারণা বা প্রত্যারমাত্র—এ সম্বন্ধে বার্কলির কতকগুলি বৃজি উল্লেখযোগ্য। তিনি বলেন যে, লক মৃখাগুণসমূহকে বস্তুগত ও গৌণ ধণদমূহকে মনোগত বলিয়া গুণাবলীর যে ছইটি শ্রেণীবিভাগ করিয়াছেন তাহা ক্রত্রেম ও অযৌজিক হইয়াছে। বাস্তবিক, রূপ, রুস, গন্ধ প্রভৃতি গৌণগুণগুলি বিভিন্ন ব্যক্তির নিকট বিভিন্নরূপে এবং একই ব্যক্তির নিকট বিভিন্ন প্রক্রেম থেমন প্রকাশিত হয়, ঠিক ভেমনই বার্কলির একই বগুর আয়তন, ওজন প্রভৃতি মুখ্যগুণগুলিও ব্যক্তিভেদে বা একই ব্যক্তির নিকট শ্রেষ্যাভেদে বিভিন্নরূপে প্রকাশিত হয়। কাজেই উভয় প্রকার গুণের শ্বরূপ একই এবং বেহেতু গৌণগুণ মনোগত, অভগ্রব মুখ্যগুণগুলিও ইন্তিয়ের সংশার্শ-সাপেক গুণগুলি বেমন ইন্তিয় নির্ভর, ঠিক ভেমনই মুখ্যগুণগুলিও ইন্তিয়ের সংশার্শ-সাপেক গুণগুলি-নির্ভর। পরিশেষ, মুখ্যগুণ ও গৌণ গুণ পরশ্বর আবিন্দেভাবে

সম্পর্কিত। একটি ছাড়া অপরটির প্রভাক্ষই সম্ভব নহে। বস্তর আকারকে বাদ দিয়া বেমন উহার রূপ, গন্ধ, শন্ধ প্রভাক্ষ করা যায় না, ভেমনই বস্তর বর্ণহীন বিশুক্ত আকার মাত্র প্রভাক্ষ করা দ্বন্ধন নহে। কাজেই, উভয় প্রকার গণের প্রকৃতি বা স্বরূপ একই ধরনের। বার্কলির মতে, উভয়ই প্রভাক্ষ-নির্ভর, কাজে গোণগুণসমূহের স্থায় মৃধ্য গুণাবলীও মনোগত ধারণামাত্র। ধদি উভয়ই মনোগত হয়, তাহা হইলে জড়-প্রবাের কোন বাহিক সত্তা থাকিবে না, উহাও মনের ধারণামাত্র হয়া থাকিবে, কারণ যাবতীয় গুণাবলী হইতে বিচ্ছিল্ল করিয়া জড় প্রবাের বাহিক সত্তা নিছক শৃত্যগর্ভ, গুণ হইতে পৃথকভাবে ইহার অন্তিত্ব চিন্তা করা যায় না।

বার্কলি এই সকল যুক্তির দাহায়ে জড়-দ্রব্যের মনোনিরপেক শুভন্ত অন্তিথ শণ্ডন করিয়া ইহাই প্রমাণ করিলেন যে, যাবতীয় বস্ত প্রভাক্ষ-জ্ঞান বা সংবেদন-মাত্র। কথিত আছে, বার্কলির যুগে ডা: জনসন্ এই আত্মগত তাববাদ শণ্ডন করিতে চেষ্টা করিয়াছিলেন। তিনি একটি পাধরের উপর খ্ব জোরে পদাঘাত করিয়া বলিয়াছিলেন, "এমি ইহা (অর্থাৎ বার্কলির মতবাদ) এইতাবে শণ্ডন করিলাম।" কিন্তু বার্কলির মতে, ডা: জনসন বার্থ হইয়াছেন, কারণ ভক্তরের অভিজ্ঞতায় প্রকৃতপক্ষে কতকগুলি স্পর্শগত ও পেশীগত সংবেদন ছাড়া পাধরের কোন জ্ঞান-নিরপেক শৃত্যু সন্তা পাওয়া যায় নাই। কাজেই মানসিক ধারণা ও সংবেদনের অতিরিক্ত কোন বস্তুর সন্তা নাই। স্বই প্রত্যক্ষ-জ্ঞান-নির্ভর।

প্রত্যক্ষ-নির্ভর' (Base est percipi) বার্ক দির এই মতবাদ হইতে আমরা অবশ্রুই দিন্ধান্ত করিতে পারি যে, আয়ুকে ক্রিকতাবাদ তাঁহার ভাববাদের অনিবার্ধ পরিণতি। বার্ক দি নিজেও বৃঞ্জিতে পারিয়াছিলেন যে, তাঁহার মতামত আয়ুক্ত ক্রিকতারা দোষে তুই।

ভাই এই অন্তবিধা দুর করিবার জন্ম বাকলি পরবর্তীকালে তাঁহার মতবাদ কিঞ্চিত রূপাস্করিত করিয়া বলিলেন যে, জাগতিক বস্তুনিচয় আমাদের মনে না হউক অন্তভঃ *ঈশ্ব*রের মনে পাবণারূপে স্থায়ী ও ধারাবাহিকভাবে বিরাজ করিতেতে। জাগতিক বস্তুসমূহকে সামবা প্রত্যক্ষ না করিলেও এগুলি সদা ঐশ্বরের প্রভাক্ষের বিষয়। "বার্ক,ল বলেন, জাগতিক বস্তুসকল মনের ধারণা হইলেও ইহাদের উপর আমাদের কোন কর্তৃত্ব নাই। ইহার। আমাদের স্ফ্রী নহে, ইহারা আমাদের ইচ্ছা অমুদাবে ও মনে আদে না। তবে ইহারা কোপা হইতে আদে ? বার্কলি পূর্বেই প্রকাশ করিয়াছেন যে, জডপদার্থ হইতে ধারণা-গুলি আসিতে পারে না। তাঁহার মতে এই ধারণাগুলি ভগণান মাসুযের মনে প্রেরণ করেন। দশুমান জগতে যে সকল নিয়ম ও শৃত্যলা রহিয়াছে- সেই সকল নিয়ম ও শুঞ্চলাও ভগবং-স্ষ্ট। জাগতিক বস্তুসমূহ জীবেব মনেব ধাংণা নহে। ইহারা যে ভাবে আছে দেই ভাবে ইহাদিগকে জীবের গ্রহণ করিতে হয়। ইহারা পরমপুরুষ সনাতন সর্বজ্ঞ ভগবানের মনেব ধারণা। ভগবানকে আশ্রয় করিয়া জগতের সন্তা। এই জগতের সত্তা জীব-নিরপেক ও জীব-মতন্ত্র হইলেও ভগবংমন-সাপেক।" (অধ্যাপক হরিদাস বন্দ্যোপাধ্যায় প্রণীত 'দর্শন দীপিকা') 'জীবের বাহ্য বস্তু প্রত্যক্ষ হইল তাহার মনে ঈশ্বরের মনোগত কোন ধারণার সঞ্চার। অর্ধাং আমরা যখন বহির্জগং প্রত্যক্ষ করি তথন কোন একটি সীমিত দৃষ্ট-কো**ন হইতে ঈশ্বরের ম**েশগত ধারণাকেই উদ্ধত করি।

বার্কলি এইভাবে ঈশ্বরের অবতারণা করিয়া জগতের বাস্তবতা ও স্থায়িত্ব প্রমান করিয়াছেন এবং আত্মকেন্দ্রিকতার দোষ হইতে নিষ্কৃতি লাভ করিবার চেষ্টা করিয়াছেন। কেহ কেহ বলেন যে, ঈশ্বরের অবতারণার ফলে জগতের বাস্তবতা ও স্থায়িত্ব প্রমান করায় বার্কলিকে আর আত্মগত ভাববাদী বা কেবল-বিজ্ঞানবাদী (Subjective idealist) বলা সমীচীন নহে, তাঁহাকে বরং বস্তুগত ভাববাদী বা স্বিষয়-বিজ্ঞানবাদী (objective idealist) অ্যাখ্যা দেওয়া উচিত। আমরা কিন্তু বার্কলিকে বস্তুগত ভাববাদী বলিয়া স্বীকার করিতে পারি না, কারণ বস্তুগত

ভাববাদের মূল বক্তব্য হইল—ঈশ্বর ও জগং প্রশাব সাপেক, জগং শুধু ঈশ্বরেব মনের ধারণামাত্র নহে, ইহা ঈশ্বরেব অপবিহায বাস্তব রূপ বা তাঁহার পক্তিরুয়াব বাস্তব পরিণতি; জগং যেমন ঈশ্বরেব চৈত্র চাড়া থাকিতে পারে না তেমনই ঈশ্বরও ভাহার অপবিহার্য বিষয়রূপে জগতের উপব নিভরণীল। বার্কলি শুধু বিলয়াছেন যে, জগং ঈশ্বরের ধারণামাত্র, ঈশ্বর জগতেব নি জ্বয় দুপ্তা। জীবজগং ঈশ্বরের স্বপ্রকাশিত বাস্তব রূপ—একথা বার্কলি বলেন নাই, ইহা আমবা পাই হেগেলের দর্শনে। কাজেই বার্কলির ভাববাদকে বস্তুগত বলা যায় না, ইহা মূলতঃ আত্মগত ভাববাদ। ইহাকে বরং নিছক ধারণাবাদ (Idealism) বলা যাইতে পারে। অপরপক্ষে, তেগেলের দর্শনকে বস্তুগত ভাববাদ আথ্যা বাহুতে পারে। অপরপক্ষে, তেগেলের দর্শনকে বস্তুগত ভাববাদ আথ্যা বাহুতে পারে। অপরপক্ষে, তেগেলের দর্শনকে বস্তুগত ভাববাদ আথ্যা

এই প্রসঙ্গে একটি প্রশ্ন হইল—আমাদের ইন্দ্রিয়-মভিজ্ঞতার কাবণ বা উৎদ কি ? লক বলেন—ভৌত দ্ৰব্য—যাহা অভিক্ৰতা হইতে পৃথক—তাহাই অভিজ্ঞতার কারণ বা উৎস। কিন্তু বার্কলি জড় বা ভৌত দ্রব্যেব স্বতম্ব সূত্র অস্বীকার কবিয়া লকের মত খণ্ডন করেন। ভৌতদ্রব্যসমূহ ইন্দ্রিয় অভিজ্ঞতার পরিবারভুক্ত এবং কার্য-কারণ সম্বন্ধ ইন্দ্রিয়-অভিজ্ঞ ভাসমূহের মধ্যে নিবদ্ধ —এক্লপ কথাও বার্কলি বলেন না। ইহার পরিবর্তে ধ্যপরায়ণ বার্কলি বলেন—মারতীয় ইন্দ্রিয় অভিজ্ঞ ভা অসীম আত্মা ঈশ্বর কত্ কি উৎপন্ন হয়। আমাদেব স্থশুজ্ঞ ল অভিজ্ঞতার মূল কারণ হইল ঈশ্বর – যিনি আমাদিগকে ইন্দ্রিয়-অভিজ্ঞতা দান করেন। ঈশ্বর এত ফুশুখলরূপে আমাদের মধ্যে ইন্দিয়-অভিজ্ঞতার স্ঞার করিয়াছেন যে, উহাদের উপর ভিত্তি করিয়া আমরা অনে গ ভবিয়দবাণীও করিতে পারি। ঈশ্বর ভৌত দ্রব্যের মধ্যস্থতার কোন প্রয়োজন মনে না করিয়াই সরাসরি-ভাবে আমাদের মধ্যে ইন্দ্রিয়-অভিজ্ঞতাসমূহ রোপণ করিয়াছেন। বার্কলির মতে, মন এবং ইহার অভিজ্ঞতা—কেবলমাত্র এগুলির দারাই সতা গঠিত। হইলেন অসীম মন আর আমি ও তোমরা সসাম মন। ঈশ্বর এবং আমাদের— উভয়ের মন ও অভিজ্ঞতা আছে। মনের ইতিহাসে অভিজ্ঞতাগুলি হইল ঘটনা বিশেষ। মন ও অভিজ্ঞতার অভিরিক্ত কোন সন্তা নাই। ঈশ্বর এমন স্থশুঝল-ভাবে ক্রিরা করেন--বাহার ফলে আমাদের মনগুলি পরম্পর যোগাযোগ করিতে পারে। প্রকৃতির নিম্নমাবলী হইল ঈশ্বরের অভিপ্রায়ের অভিব্যক্তি।

मयादनाइना :

- (২ বার্কলি শভিজ্ঞভাব কারণ হিসাবে অভিজ্ঞভাব বহিভ্ত ঈশ্বরের প্রবর্তন করেন। কিন্ধ আমাদের জ্ঞান যদি আমাদের ব্যক্তিগত অভিজ্ঞভাব মানাই সীমিত থাকে, তাহা হইলে অভিজ্ঞভার কারণ হিসাবে উহার বহিভ্ত ঈশ্বর যে আছেন তাহা আমরা কিন্ধপে জানিতে পারিব ? ঈশ্বরের অন্তিম কিন্ধ আমাদের অভিজ্ঞভার অন্তত্ম নহে। অভিজ্ঞভাব বহিভ্ত ঈশ্বরকে যদি বার্কলি নির্বিচারে স্বাকার করিতে পারেন তাহা হইলে অভিজ্ঞভাব বহিভ্ত ভৌত দ্ব্যক্তে অভিজ্ঞভার কাবণ হিসাবে তিনি স্বীকার করিলেন না কেন ? বার্কলি বলেন—ত্তিত দ্ব্যকে স্বাকার করিলে স্ব-বিবোধ ঘটিবে। আমরা বলিব—বার্কলে কোন্যুক্ততে ভশ্বরের প্রবতন করিলেন ?
- (২) বার্ক ল যখন বলেন— আমার অভিজ্ঞতাব বহিভূতি কোন বস্তুরই সত্তা থাকিতে পারে না, তাহা হইলে শুধু ঈশর কেন, আমার ছাড়া অন্ম কাহারও মনও থাকিতে পারে না, কারণ অপরের মন তথা তাহার চিন্তা বা অমুভূতি আমাব অভিজ্ঞতার অন্তর্ভুক্ত নহে। সভরাং বাক্লি ঘাদ তাঁহার প্রচারিত অভিজ্ঞতালকৈ আন্তর্জিক ভাবে গ্রহণ করিয়া থাকেন ভাহা হইলে তাঁহার দর্শনকে আন্তর্কেক্তিকতাবাদের মধ্যেই নিবন্ধ করিয়া রাখিতে হইবে এবং ব্যক্তিগত অভিজ্ঞতাব বহিভূতি কোন বস্তুরই সন্তা স্বাকার করিবার কোন স্থযোগ থাকিবে না।

বস্তবাদী দার্শনিক মৃব (Moore) তাঁহার 'Refutation of Idealism' প্রবন্ধে বার্কলির ভাববাদের তাঁব্র সমালোচনা করিয়াছেন। তিনি যথার্থই বলিয়াছেন—বস্তর অন্তিত্ব প্রভাক্ষের উপর নিভরশীদ নহে। বরং বস্তর সহা আছে বলিয়াই উহার প্রভাক্ষ সন্তব। দ্বিভীয়ভঃ, বস্ত এবং উহার সংবেদন এক নহে; বস্ত প্রভাক্ষের সময় উহা সাবেদনের সহিতি অবিচ্ছিন্ন হয় বটে, কিছু এই অবিচ্ছিন্নভার অর্থ এই নহে যে, বস্ত ও সংবেদন এক ও অভিন্ন। তৃতীয়ভঃ, বস্ত ও বস্তর জ্ঞান যদি এক হইত, ভাহা হইলে বিভিন্ন বস্তর জ্ঞানের মধ্যে কোন পার্থক্য অন্থভব করা যাইত না। সাদা রঙের জ্ঞান ও কাল রঙের জ্ঞানের মধ্যে-আমরা যে পার্থক্য অন্থভব করি তাহা বস্তভঃ জ্ঞানের জন্ম নহে, জ্ঞানের বিষয়গত পার্থক্যের জন্ম। চতুর্থতঃ, যথন কোন বস্তু প্রভাক্ষ করা হয়, তথনই উহা মনের সহিত সম্পর্কিত হয়। ইহা হইতে আমরা এই সিদ্ধান্ত করিতে পারি না যে, বস্তু স্করণত.

মনের সহিত সদা সম্পর্কিও এবং মন ১ইতে বিচ্ছিন্ন ইহাব কোন সন্তা নাই। প্রুমন্তঃ, যাহা প্রভাক্ষ গোচরের বিজ্জি ভাহা অন্তিত্তীন—নার্কলিব এই উক্তি সমর্থনযোগ্য নহে, কাবল এরূপ অন্তিত্তই নভার কোন প্রমাণ বার্ক ল দেন নাই। এমন কি, ইন্দ্রিয়াহাহ্বস্ত মনেব ধারণানাত্র—এই মতটিও তিনি বিনা প্রমাণে স্বাকার করিয়া লইয়াচেন।

বস্তুবাদী আলেকজাণ্ডারও (Alexand ফ কথার্থই বলগাছেন যে, যথন বস্তু জানের বিষয় হয়, তথন উহা মনের উপর নিভরশীল হয়; কিন্দু শংগ স্বতন্ত্রতাবেই নিজের অবিকাবে আপন অস্তিম বজায় রাখে, উল্প অস্তিহেব জন্ম মন নিভব হয় না।

মার্কিন নব্য বস্তবাদীগণ বার্কলির যুক্তির মধ্যে কতকগুলি দোষ (fallacy) দেখাইয়াছেন, যথা (১) আত্ম কেন্দ্রিকাকুপপত্তি' (the fallacy of argu ment from the ego-centric predicament .— এই যুক্তিটি হইশ এইব্লপ : যতক্ষণ কোন বস্তু জ্ঞানের বিষয় না হয় ততক্ষণ উহার অস্তিত্ব আছে কিনা তাহা জানা যায় না। স্মতএব জ্ঞানের বিষয় না ২ইলে উহার অন্তিত্বই থাকিতে পারে না। "এথানে উহার আন্তত্ম থাকিতে পাবে না"—ইহার পবিবর্তে যদি বলা হইত "উহাব অন্তিত্ত জানা যায় না," তাহা হইলে কোন আপত্তি থাকিত না। (২) একন্তে বৈশিষ্ট্যমূলক অনুপ্রপত্তি (the fallacy of exclusive particularity)—এই যুক্তিটি হইল এইশ্লপ; ২খন একটি বস্তকে জানা যায়, তখন উহা মনের সহিত সম্পকিত হয়। হুতরাং একান্তভাবে মনের বিষয় না হইয়া মনোনিরপেক্ষভাবে কোন বস্তুরই অন্তিত্ব থাকিতে পারে না। (э) প্রারম্ভিক উক্তিপ্রসূত সংজ্ঞানুপপত্তি (the fallacy of definition by initial predication)—এই যুক্তিট হইল এইরূপ: আমরা সর্বপ্রথম যথন কোন বস্তুকে জানি তখন উহাকে মন বা চেতনার বিষয় হিসাবেই জানি। স্থতরাং বস্তুর প্রথম পরিচয়ের বৈশিষ্ট্যের বর্ণনার পরিপ্রেক্ষিতেই আমরা জগংকে চেডনার অঙ্গীভৃত বিষয়রূপে গণ্য করিতে চাই।

পরিশেষে, নব্য-বস্তবাদী দার্শনিক বাটাও রাসেল বার্কলির ভাববাদের সমালোচনা করিয়া বলেন—বার্কলি 'ধারণা' কথাটির বিভিন্ন অর্থ পৃথক পৃথক না করিয়া উহাকে একমাত্র মনের এন্তর্গত করিয়া রাখিয়াছেন। কিন্তু রাসেল বলেন—যথন আমি বলি কোন ব্যক্তি আমার মনে আছে, ইহার এই অর্থ নয় যে, ঐ ব্যক্তিটি আমাব মনের মধ্যে অন্তিপ্রশীল। ঐ ব্যক্তি সম্পাকে চিন্তা বা গাবলা আমার মনের মধ্যে আছে ইংই উজিটির সঠিক অথ। ব্যক্তি সম্বন্ধ চিন্তা এবং ব্যক্তি - তুইটি ভিন্ন। স্বভরাং চিন্তার ক্রিয়া এবং চিন্তার বিষয়ের মধ্যে পার্থকা অবশ্ব-ধীকায়। বাসেল বলেন যে, বার্ক ল উাহার আত্মগত ভারবাদ বা অহংবাদের মধ্যে এই পার্থকাটিকে উপেকা করিয়াছেন। জ্রেয় বস্তুকে মানসিক ধার্ণারূপে গহন করা বার্কলির গক্ষে যুক্তিম্ক হয় নাই। বিভায়ত, লাক্তির মতে, জানের ইংপত্তি লাগায় হডের স্বান্ধ তব ব্যবহারিক কোন গুর হ নাই। কিন্তারত, লাক্তির মতে, জানের ইংপত্তি লাগায় হডের স্বান্ধ তব ব্যবহারিক কোন গুর হ নাই। কিন্তারত, বাহার ক্রিয়া লাক্তি আমাদের জান-স্পৃহার সাহত কড়েচ, এজন্ত ইহার কিছু তারির গুর ব্যক্তি, এমন কি, আমরা হাল কোন পদাংকে জানিতে নাও পার্য, তর্ও ইহা আমাদের জানলাভের ইন্দার সহিতে যুক্ত বাবিয়া উহার অন্তির সাক্রে করিয়া লাইতে হয়। তৃত্বীয়তে, বাসেলের মতে, গোন বিষয়ের সাক্র সাক্রে করিয়া লাইতে হয়। তৃত্বীয়তে, বাসেলের মতে, গোন বিষয়ের সাক্র স্বিত্রত অন্তিয়ান করা যায়।

। ৪। কান্টের আভাসগত ভাববাদ পি Phenomenalistic Idealism of Kant

কান্ট প্রক্লতপক্ষে বস্তবাদী না ভাববাদী—তাহা নির্ধাবণ করিবার পূর্বে আমাদেব জানা আবশ্রক—বস্তবাদ । Realism) ও ভাবব'দ । Idealism)—এই হুইটি মত্রাদের মূল বস্তব্য কি এবং এই হুইটি মত্রাদের মূল বস্তব্য কি এবং এই হুইটির মধ্যে মৌলিক পার্থক্য কি । বস্তবাদ অন্ত্যাবে জাগতিক বস্তব জান-নিরপেক্ষ বস্তগত (Objective) বাহিক স্বতন্ত্র অভিত্র রহিহাছে, ইহার বাস্তব সত্তা কাহায়ও জ্ঞান বা চেতনাব উপব নির্ভরশীল নহে অর্থাৎ কেহ বস্তকে ভাত্মক আর না জামুক, জ্ঞান হাড়াও বস্তু নিজের স্বতন্ত্র সন্তা রক্ষা করিয়া চলে ইহার সত্তা কম্মনও জ্ঞানেব দ্বারা নিয়ন্ত্রিত বা স্টে হয় না। অপরপক্ষে, ভাববাদ অন্ত্যাবে জাগতিক বস্তা নিয়ত জ্ঞান-নির্ভব, ইহা স্বরূপতঃ মনোগত (subjective), ইহার বস্তনিষ্ঠ (objective) কোন স্বতন্ত্র সন্তা নাই অর্থাৎ ইহার সত্তা সদা জ্ঞান বা চেতনা হারাই স্টে ও নিয়ন্ত্রিত হয়। বিতীয়তঃ, সত্যের স্বরূপ সম্বন্ধে বস্তুব্য হইল—যথন একটি অবধারণ (judgment) বাস্তবের অর্থাৎ বস্তু-স্বরূপের

অফ্রাপ বা অফুগামী হয়. তথন ইহা সভ্য হয়, সভ্য অবধারণ আবস্থিকভাবে বাস্তব বিষয়ামুগত (objective) অথাৎ প্রভাকে সভ্য অবধারণ বস্তার প্রকৃত স্থাপ প্রকাশ করে। এক কথায়, বস্তুবাদ অফুসাবে, জ্ঞান হয় বস্তব অফুগামী, অপরপক্ষে, ভাববাদ অফুসাবে, জ্ঞান ও জাগৎ হয় মন বা বৃদ্ধিব স্পৃষ্টি।

এক অর্থে কাণ্টকে বস্তবাদী দার্শনিকরূপে গণ্য কবা যাইতে পারে, কাবণ তিনি বস্তু-স্বৰূপেব (thing-in-itself) তথা বিশুদ্ধ জগতের জ্ঞান-নিবপেক্ষ স্বতম্ভ সত্তা স্বীকাব করিয়াছেন। তাঁহার মতে, দৃখ্যমান আভাসিক জগৎ তথা বিচিত্র সংবেদন ওচ্ছেব উৎস হিসাবে অতীন্দ্রিয় বস্তুসন্তা বিভয়ান, যদিও বস্তুব এই স্বগত সতা বা স্বরূপ অজ্ঞাত ও অজ্ঞেয়। তবে বস্তবাদী দার্শনিকেরা (যথা, क्रम लक) यथन वलान (य, ज्ज्ञान वज्जव ष्राप्त्रभाभी, काली हेश मुमर्थन करदन ना. অপরণক্ষে তিনি ভাববাদী দার্শনিকদের ন্থায় বলেন যে, জ্ঞান ও দৃশ্যমান জগৎ মন বা বুদ্ধিব স্বষ্টি। কাণ্টেব মতে, বহির্জগৎ হইতে আগত সংবেদনগুচ্ছকে মনেব মধ্যে নিহিত পূবতঃসিদ্ধ ইন্দ্রিয়ামুভূতির আকাব দেশ ও কালেব মধ্যে গ্রহণ পুরক প্রত্যক্ষ কবিয়া এবং উহাব উপর দ্রব্য, গুণ, কার্য—কারণ সম্পর্ক, একত্ব, বহুত্ব প্রভৃতি কতকগুলি প্রাকসিদ্ধ বৌদ্ধিক আকার প্রয়োগ করিয়া যখন স্থবিশুন্ত ও স্বসংহত করা হয়, তখনই জ্ঞানোৎপত্তি হয়। কাণ্ট আরও বলেন---আত্ম-সচেতন বিশুদ্ধ চিৎশক্তি বৌদ্ধিক আকারগুলির মধ্যে ঐক্যমুদ্ধ বা যোগস্থত্তেব কাজ করে বলিয়া নানাবিধ সংশ্লেষণাত্মক ও সমন্বয় ক্রিয়া সম্ভবপর হইতেছে। ঐক্য-চেডনা বৌদ্ধিক আকারসমূহের মাধ্যমে দেশ ও কালেব আকারে অমুভূত ইক্রিয়-সংবেদনগুলিকে স্থসংবদ্ধ করিয়। সেগুলিকে চিন্তনীয় বিষয় তথা জ্ঞানেব বিষয় করিয়া ভোলে। বুদ্ধি আত্মচেতনাব সংশ্লেষাত্মক ঐক্যে নিহিত থাকিয়া উহার আক'রগুলির মাধ্যমে বিভিন্ন সংবেদনকে স্থসংহত করে এবং এইভাবে অভিজ্ঞতা সম্ভব হইয়া উঠে।

"কাণ্টেব মতে বৃদ্ধি কালের মাধ্যমে কল্পনার সাহায্যে প্রথমে অপরিহার্য ধাদশটি ধারণার ঘারা বস্তুর ঘাদশটি বিশুদ্ধ নকশা বা পরিকল্পনা (schema) তৈয়ারাঁ করে। এই নকশাগুলি বস্তুর পরিমাণ, গুল, সম্বন্ধ ও স্থিতিপ্রকারণত আদর্শ। বৃদ্ধি এই সকল আদর্শ অহুযায়ী সংবেদনগুচ্ছ দিয়া বস্তু-জ্ঞান রচনা করে বা দৃশ্রমান বস্তু গঠন করে। এই আদর্শ বস্তুর প্রতিচ্ছবি (image) নহে, কেননা প্রতিচ্ছবি বিশিষ্ট এবং আদর্শ সাধারণ।" স্থতরাং বৃদ্ধি কল্পনাশক্তির

সাহায্যে জ্ঞান নির্মাণ কবে, ইহা নিজিয়ভাবে বস্তুর প্রভিচ্ছবি গ্রহণ করে ন। বুদ্ধি উহার সংশ্লেষণাত্মক কিয়াব ফলে প্রত্যেক নকশাকে (schema) অমুভূত নুক্তিয়িক আভাদেব উপর প্রয়োগ করিয়াজ্ঞান গঠন করে। অতীক্রিয় বস্ত স্বরূপ (thing-in-itself হইতে আগত এবং দেশ ও কালে গৃহীত স্ংবেদনগুচ্ছ জ্ঞান নহে, জ্ঞানের উপাদান মাত্র। বৃদ্ধি স্⊲বেদনগুচ্ছে দ্রবা, কারণ—কার্য সম্পর্ক প্রভৃতি আকাব-প্রকার প্রদানপূর্বক বস্তুনি>মকে স্কুসংহত করিয়া জ্ঞান গঠন কবিতেছে। এই অপরিবর্তনীয় সচেতন বৃদ্দি জ্ঞানগঠনের ব্যাপারে জগৎকে অন্নুদ্রণ কবে না; ববং বৃদ্ধিৰ সংশ্লেধণাত্মক ক্রিয়ার ফলে সংবেদনগুরু বৌদ্ধিক আকার লাভ করিয়া স্থাণ্ডত হয় এবং জানের বিষয় হয়। স্থতরাং জ্ঞান ও দৃশ্যধান জ্ঞাৎ বিশুক বস্তুর প্রতিক্হবি নহে, বুদ্ধিব রচনা মাত্র। কিন্তু বুদ্ধিব দ্বাবা জ্ঞান ও ঐন্দ্রিদ্ধিক ভগৎ রচিত হইলেও সেগুলি ব্যক্তিসাপেক ও মনোগত ১৫ ; সেগুলি বিশুদ্ধ বস্তুর স্বন্ধপ উন্যাটিত করিতে না পারিলেও বান্তবভা-বিহীন নংহ, কেননা যে দেশ ও কালে কোন বিষয় অস্কৃত্ত হয় সেগুলি সাধারণ অর্থাং সকল মনের আকার এবং ঐক্রিয়িক অভিক্রভার আমবা যাহা পাই ভাহা 'লঙ্ক' বিষয়াগত আভাদ; তত্পরি বৌদ্ধিক আকারগুলির উৎপত্তিম্বল মন হইলেও এবং দেগুলি বস্তু-স্বরূপে প্রধোজ্য না হই:লও সেগুলি সকল অভিজ্ঞতার কেতে সাধারণ ও অপরিহার্য। কান্ট এই প্রদক্ষে ইহাই বলিতে চান যে, বিভিন্ন ব্যক্তির মধ্যে ভিন্ন ভিন্ন বা বিশেষ বিশেষ বৌদ্ধিক আকার থাকে ন', সকলের মনে বৌদ্ধিক আকারসমূহ একইরূপে বিজ্ঞান এবং আভাসিক জগতের অভিজ্ঞ সকলের কেত্রে এক ও অভিন্ন। কাণ্ট কখনও মনে করেন না যে, দৃষ্টমান জগং মনের ধারণামাত্র অথবা বস্তুর স্তু। মনের ধারণার খারাই প্রমাণিত হয়। এইখানেই কান্টের ভাববাদী মতবাদ বা**র্কলি**র ভাববাদ হইতে পৃথক। বার্কলির মতে জগতের মনোনিরপেক সত্তা নাই; যাবতীয় বস্তুই প্রত্যক্ষ-জ্ঞান-নির্ভর। প্রত্যক্ষের বহিভূতি কোন পদার্থই থাকিতে পারে না এবং যাহাই প্রত্যক্ষাধীন ভাহাই মনের ধারণা বা প্রত্যন্ত্র ব্যতীত আর কিছুই নহে। যাবতীয় জাগতিক বস্তু মনের ধারণাবিশেষ। বার্কলির এই আত্মগত ভাববাদ বা কেবল বিজ্ঞানবাদের বিরোধিতা করিয়া কাণ্ট বলিয়াছেন যে সংবেদনশুচ্ছের উৎস হিসাবে বস্তু-স্বরূপ তথা স্বরূপতঃ সত্তা (thing-in-itself) অবশ্ব-স্থীকার্য যদিও ইহা অক্লাভ ও অজ্ঞেয়। এই বস্তু- স্বৰূপেৰ মনোনিবংশক স্বতন্ত্ৰ সন্তা বিভ্যান। কেবলমাত্ৰ আভাসিক দৃশ্যমান জগৎ মন বা বৃদ্ধিৰ বচনা। কিন্তু কাণ্ট বলেন—এই দৃশ্যমান জগৎ বৃদ্ধিৰ দাবা নিৰ্ধাবিত ইইলেও অথাৎ 'জ্ঞান সন্মত বিষয়' ইইলেও ইহা মনের ধারণাৰ বা ইচ্ছাব নিছক স্বষ্ট নহে, সাবান্ধ ও অপৰিবৰ্তনীয় নিষ্মাহ্মসারে সকলেই একইভাবে জাগতিক অভিজ্ঞতা লাভ কৰে। কাণ্ট হয়ং তাঁহাৰ এই আভাসগত ভাৰবাদকে phenomenalis ic identism বা আকাবগত (formal) ভাৰবাদ আখ্যা দিয়াছেন এবং বাৰ্কলিব ভাৰবাদকে বস্তুগত (material) ভাৰবাদকপে গণ্য কৰিয়াছেন।

কাণ্টেব পূর্ববর্তী দার্শনিকগণ বিশেষতঃ জন লক, অভিন্ততা বা জ্ঞানের ক্ষেত্রে এই অভিমত পোষণ কবিতেন যে—যথার্থ জ্ঞানকে হইতে হইবে বিষয়-সম্মত বা বিষয় নিধাবিত অৰ্থাৎ বিষয়েব সহিত মন বা বুদ্ধিৰ সঙ্গতি না থাকিলে জ্ঞান ভদ্ধ হইবে না। বস্তবাদী জন লক বলেন—ভদ্ধ জ্ঞানের ক্ষেত্রে বাহা-বস্তুব সহিত তথা বহিজগতের সহিত মনেব ধাবণাব মিল আবশ্রক, বাহ্ বস্তু-সমূহের ক্রিয়ার ফলে ভাহাদেব প্রতিক্রপ আমাদেব ধাবণায় স্পষ্ট হয়। ধাবণায় স্ষ্ট প্রতিকপের মাধ্যমে আমবা বাহ্ন বস্তুসমূহেব অন্তিত্ব ও গুণধর্ম অনুমান কবিতে পাবি ৷ যখন ধাবণায় স্ট প্রতিক্রণ বাহ্ন বস্তুর অমুগামী হয় তথন আমাদেব জ্ঞান নিভূল হয়। কাণ্ট জন লকেবা 'বিষয় সমত-জ্ঞান' (Knowledge Conforming to Nature)— একপ মতবাদের বিরোধিতা কংন এবং জ্ঞান-দুম্মত-বিষয়' অর্থাৎ 'অভিজ্ঞতার বিষয় অবশ্রুই বিষয়িগত হইবে'— এরূপ মতবাদ প্রতিষ্ঠা কবেন : কাণ্ট বলেন—অভিজ্ঞতার ক্ষেত্রে যদি মন বা বুদ্ধ বিষয় সন্মত হয়, তাহা হইলে অভিজ্ঞতাকে বিষয়েব 'দত্ত' অংশেব মধ্যে আবদ্ধ বাথিতে হয় এবং 'দত্ত' অংশের যে বিশেষ বিশেষ প্রতিচ্ছবি মনেব মধ্যে অন্ধিত হয় তাহাই জ্ঞানের রূপ, একণ অবস্থায় জ্ঞানের সার্বিকতা ও অনিবার্যতা ব্যাখ্যা কবা যায় না। জ্ঞানকে সাধারণ ও অপরিহার্য করিতে হইলে বিষয়ের 'দত্ত' অংশতে বৌদ্ধিক আকাবসমূহের ছাবা স্থবিক্তন্ত ও স্থদংবদ্ধ করিতেই হইবে। অভিজ্ঞতাব কেত্রে বিষয়কে একমাত্র বৃদ্ধিসমত করিতে পাবিলে অর্থাৎ বৌদ্ধিক আকারের ধারা বিষয়কে স্থসংহত করিতে পারিলে পূর্বত:সিদ্ধ সার্বিক ও অনিবার্য জ্ঞান ব্যাখ্যা করা সম্ভব হর। ইহাই কান্টের ভাববাদের বিশেষত। এক্স কান্টের ভাববাদ আভাসগত ভাববাদ (Phenomenalistic Idealism)

হিসাবে পরিচিত। তাঁহার ভাববাদ মূলত: জ্ঞানতন্ত্রমূলক (epistemological idealism); মপরপক্ষে হেগেলের (Hegel) ভাববাদ তন্ত্রশান্ত্রসমত (metarhysical idealism), কারণ হেগেল বলেন—পরমটৈচতন্ত্রময় ঈশ্বর বিশের মূল সন্তা এবং জগৎ এই পরম চেতনার বিকাশ; বৈচিত্রাময় জগৎ পরম তন্ত্র ঈশ্বরের বাস্তব রূপ বা অভিব্যক্তি।

র্ম ৫ । হেগেলের বস্তুগত ভাবোদ বা পরভ্রমবাদ Hegel's objective Idealism o. Absolute Idealism):

হেগেলের বস্তুগত ভাববাদে বা পরব্রহ্মবাদে পাশ্চান্ত্য ভাববাদী দর্শনের ১রম পরিণতি ঘটে। হেগেলের মতে প্রমাত্মা বিশ্বের চরম তত্ত্ব। প্রমাত্মা হইল পরম ধীশক্তি। "হেগেলের পরমাত্মা ফিকটের পরমাত্মার ন্তান্ত নিগুর্ণ ও কেবলা-দৈত নহে, ইহা বিশিষ্টাদৈত। প্রমাত্মা শাখত সামান্ত—ধারণাসমূদের এক স্থান্থত সমষ্টি আমাদের জ্ঞানে যে সকল সামাক ও 'অপরিহার্য ধারণাসমূহ বহিয়াছে, সে সকল ধারণা পরস্পরের সৃহিত সম্বন্ধে আবদ্ধ। প্রমাত্মা ধারণা-সমূহের ঐক্যন্তর। ধারণাসমূহ ইহার স্মষ্টিও নফে বা ইহা ধারণাসমূহের উধেবি বিরাজ করে না। ইহা ধারণাসমূহের ঐক্য-বিধায়ক এবং ইহাদের লইয়া পূর্ণ ও অধণ্ড। হেগেলের পরম ধীশক্তি বা আত্মা প্লেটো ও এরিষ্টটলের পরম সন্তার হ্যায়, ইহা স্পিনোজার পরম দ্রব্যস্দৃশ।" (অধ্যাপক হিচ্চাস বন্দ্যোপাধ্যায় প্রণীত দর্শন দীপিকা) হেগেলের নিকট প্রমাত্মা আত্ম-সচেত্তন সভা, ইহা জ্ঞাতা ও জ্ঞেয়ের ধারক ও এক)পুত্র। ইহা এক সংব্যাপী আধ্যাত্মিক সন্তা। ইহা স্বরূপত: সক্রিয় ও গতিশীল, ইহা চিদ্চিৎ-সকল বছর মধ্য দিয়াই জগদাকারে নিজেকে বিকশিত করে। জীবাত্মা ও জড়-জগণ -- পরমাত্মার প্রকাশ বলিয়া উভয়ের মধ্যে এক অবিচ্ছেম্ম সম্বন্ধ বিজ্ঞমান। কাণ্ট তাঁহার আভাসগত ভাববাদে জ্ঞাতা ও জ্ঞেয়া, মন ও বল্প, বৃদ্ধি ও সংবেদন, বল্পর অবভাস ও স্বরূপ, এমন কি পরিদুর্ভ্তমান আত্মাও অতীক্রিয় আত্মা—এগুলির মধ্যে পারস্পরিক অঞ্চান্ধি সম্পর্ক উপেক্ষা করিয়া কেবল ক্লুত্রিম ব্যবধান ও বিরোধ স্থাষ্ট করিয়াছেন। কিন্তু হেগেল উাঁচার বন্ধগত ভাববাদে বিচার পদ্ধতি অমুসরণ করিয়া কান্টের ক্রটি অনেকাংশে সংশোহিত করিয়াছেন এবং জ্ঞাতা ও জ্ঞেয় বস্তুর মধ্যে এবং বস্তুর বাহুরূপ ও উহার স্বরূপের মধ্যে অজাজি সম্পর্ক খাপন করিয়াছেন। বস্ততঃ পর্যাত্মা (যাহা কান্টের ভাষায়

অতীদ্রিয় অজ্ঞেয় সত্তা) চেতনার মধ্য দিয়া মাবভাসিক বস্তুসমূহের আকারে নিজেকে প্রকাশিত করিতেছে।

হেগেলের মতে, এই অসীম পরমাত্মা স্বরূপতঃ সক্রিয় ও গতিশীল বলিয়া দ্বন্ধ এবং সমন্বয়ের মাধ্যমে দান্দিক পদ্ধতিতে নিজেকে সীমার মধ্যে প্রকাশ করে। হেগেল বলেন – 'ইন্ডি' ও 'নেভি' পরস্পাব নিব'পক্ষ নহে। ইভি ও নেভির মধ্য দিয়া আমরা উচ্চতর সত্যের আভাস পাই। কান্টের মতবাদে বিষয়ী (Subject) ও বিষয় (Object) পরস্পার নিরপেক্ষ, কলে, অভিজ্ঞতায় আমরা যাহা পাই ভাহা বন্ধর আভাস মাত্র, বপ্তব হ্রন্ধ আমরা জানিতে পাবি না। কিন্তু হেগেলের মতে বৃদ্ধি ও বস্তুর মধ্যে মোলিক কোন পার্থক্য নাই। স্ব-প্রকাশ চৈতন্তের ইচারা তুইটি দিক। কলে হাহা যৌক্তিক তাহাই সৎ এবং যাহাই সৎ তাহাই যৌক্তিক। হেগেলের চিস্তাধাবা দ্বন্দ্বের মধ্য দিয়া অগ্রসর হয়—প্রথমটি সদর্থক বা বাদ (thesis), দ্বিতীয় স্তর নঞ্জ্যক বা দ্বন্দ্বের স্তর (anti-thesis) এবং তৃতীয় স্তর সমন্বয় (Synthesis)। এইভাবে তাঁহার চিস্তা পদ্ধতি চবম বা পরম গাংগায় (Absolute Idea) গিয়া পৌচিয়াছে।

হেগেলের মতে আমাদের জ্ঞান কভকগুলি সামান্ত ধারণ। লইয়া গঠিত এবং সেই ধারণাসকল অভিজ্ঞতা সাপেক্ষ নহে। এই ধারণাগুলির বাস্তব সন্তা হেগেল অত্মীকার করেন নাই। প্রাথমিক স্তরে এই ধারণাগুলি অপ্রকাশিত থাকে পরে দান্দিক পদ্ধতিব মাধ্যমে প্রকটতা লাভ করে। সন্তা বা অন্তিত্বের ধারণাই মোলিক ধারণা—কিন্তু এই ধারণা ছিভিশীল নহে,—
দক্তের মাধ্যমেই গুল ও পরিমাণের ধারণার স্থাষ্টি হয়; কলে আদিতে যাহা
ছিল ভাহাই প্রকৃতিত হইয়া এক সর্বব্যাপক রূপ পরিগ্রহ করে।

হেগেলের মতে বিখের সর্বত্রই এই দ্বান্দ্রিক গতির খেলা চলিতেছে। আদির সন্তা মাত্র আভ্যস্তরিক প্রেরণায় বৈপরীত্যের সৃষ্টি করে এবং এই উভয়ের মিলনে এক নব সমন্বয়ের সৃষ্টি হয় এবং সেই সমন্বয় আবার নৃতন অগ্রগতির দিকে ধাবিত হয়। এই বিরামহীন গতি দ্বান্দ্রিক গতি, যৌ ক্তিক প্রেরণার উৎস।

হেসেল তাঁহার দ্বান্দিক পদ্ধতির সাহায্যে প্রমাণ করিরাছেন যে, পর্মসম্ভার মধ্যে জড় ও চেডনার বিরোধিতার সমন্ত্র সাধিত হইরাছে।

হেগেলেব বস্তুগত ভাববাদ বা পরব্রহ্মবাদ অমুসারে পরমাত্মা ঈশ্বর ও জ্বগৎ পরস্পর সাপেক্ষ, জগৎ শুধু ঈশ্বরের মনের ধারণামাত্র নহে, ইহা ঈশ্বরের অপরিহার্য বাস্তব রূপ বা তাঁহাব শক্তি-ক্রিয়ার বাস্তব পরিণ্তি; জগৎ যেমন ঈশ্বরেব হৈতক্স ছাড়া থাকিতে পাবে না তেমনই ঈশ্বরও তাঁহাব অপবিহার্য বিষয়ুক্স**ে** জগতের উপর নিভরশী**ল। প্রকৃতপক্ষে, জার্মান দার্শনিক হেগেল এই মতবাদে**ব প্রবর্তক। বার্কলি শুণু বলিয়াছেন যে, জগৎ ঈশ্বরেব ধারণামাত্র, ঈশ্বর জগতেব নিক্সিয় দ্রষ্টা। তাই বার্কলির মতবাদ মূলতঃ আত্মগত ভাববাদ বা কেবল বিজ্ঞানবাদ (Subjective idealism)। অপরপক্ষে, হেগেলের মতে জগং ঈশ্বরেব স্বপ্রকাশিত বাস্তব রূপ; ইচা পরমাত্মা ঈশ্ববের শুধু মনোগত ধারণাই নহে। ওপু ধারণা হইলে জগতের এত বৈচিত্রা থাকিত না। জগৎ হইল প্রমান্ত্রার আত্ম-প্রকাশিত শক্তিক্রিয়ার প্রিণ্ডি। কাজেই জগতের বাস্তব সত্তা অনস্বীকার্য, যদিও এই বাস্তব সত্তা আপেন্ধিক। জগতের স্বরূপ সম্বন্ধে এরূপ মতবাদকে বলা হয় বস্তুগত ভাববাদ বা স্বিষয়-বিজ্ঞানবাদ বা পরব্রহ্মবাদ। এই মতবাদের মূল বক্তব্য হইল এই যে, জগতের মনোনিবপেক স্বতম্ব অন্তিত্ব না থাকিলেও ইহা মনের নিছক ধারণামাত্র:নঙে, মন বা জ্ঞানের অপরিহার্ষ বস্তু হিসাবে ইহাব বাস্তব সত্তা একাস্তভাবে স্বীকার্য। হেগেল যথার্থই বলিয়াচেন, "বাস্তবিক সন্তামাত্রই বৌদ্ধিক বা চেতন সত্তার প্রকাশ এবং বৌদ্ধিক বা চেত্ৰ সন্তামাত্ৰই বাস্তবিক সন্তায় প্ৰকাশিত হয়" ("Whatever is actual is rational and whatever is rational is actual")। জগৎ পরম চেভনাব বিকাশ, আবার জগতেব মধ্যে চেতনা আয়প্রকাশ করিতে না পারিলে উগ অসম্পূর্ণ ও অবাস্তব থাকিয়া যায়। বৈচিত্রাময় জগৎ পরম তব্ব ঈশ্বরের বাস্তবরূপ ; ঈশ্বর স্বয়ণ বছত্ববিশিষ্ট এবং বছাত অমুপ্রবিষ্ট হইয়া পূর্ণতা লাভ করে। ঈশ্বৰ জীবাত্মা ও জড়বস্তু—উভয়ের মধ্যে নিজেকে প্রকাশ করেন বলিয়া **জীবাত্মা** জগৎ ও ঈশ্বর সম্বন্ধে জ্ঞান অর্জন কবি[্]ত পাবে এবং সত্যা, শিব ও *স্বন্দা*ররূপ প্রম মৃশাগুলি উপল র করিতে পারে।

বস্তুর স্বরূপ ও জ্ঞাতার সহিত ইহাব সম্পর্ক সম্বন্ধে বস্তুগত ভাবৰাদ বা পংব্রন্ধবাদই সর্বাধিক গ্রহণুযোগ্য মতবাদ।

্ধ। জ্ঞানতব্যুলক ভাববাদ ও তথুশাস্ত্রসম্মত ভাববাদ এবং এই ছুইটির পারস্পরিক সম্পর্ক (Epistemological Idealism and Metaphysical Idealism and their mutual relation): ভাববাদ অনুসারে জাগতিক বস্তু নিয়ত জ্ঞান নিভ্র, ইং। স্বরূপতঃ মনোগত, ইহার বস্তুনিষ্ঠ কোন স্বভন্ত সত্তা নাই; অর্থাৎ ইহার সত্তা সদা জ্ঞান বা চেড্নার সারাই স্টুও নিয়ন্তিত হয়। এক কথায়, এই মতবাদ অনুসারে, সমগ্র জগৎ জ্ঞাতার মনেব ধাবণা মাত্র, অপবা ইহার অন্তিত্ব জ্ঞাতার মনের উপর নির্ভির্শীল।

পাশ্চান্ত্য দর্শনে ভারবাদ প্রধানতঃ হুইটি দিক হইতে প্রতিষ্ঠিত হইয়াছে,--🤃 জ্ঞানভত্ত্বের দিক হইতে এবং (২) তত্ত্ববিষ্ঠার দিক হইতে। গ্রীক দার্শনিক প্রেটো যে ভাববাদী দর্শন প্রতিষ্ঠা করিয়াছেন তাহা নিছক তর্ববিহাব উপব প্রভিষ্ঠিত। তাঁহার মতে ভাতিগত ধারণাই হইল দ্রব্য। কারণ এরপ সামান্ত ধারণা নিত্য ও অপবিবর্তনীয়। এই সকল শাশ্বত দ্রব্যকে বৃদ্ধি বা প্রক্রা দ্বারা উপলব্ধি করা যায়; এগুলি ইন্দ্রিয় প্রত্যক্ষের অগোচর। সামান্ত জাতিগত ধারণা দেশ ও কালের গণ্ডির অতীত। এক এক শ্রেণীর বিশেষ বিশেষ বস্থ একমাত্র স্ব শ্রেণীর সাধারণ ধারণার দ্বারাই পরিচিত। এক এক শ্রেণীর সামান্ত ধারণা সেই সেই শ্রেণীর অন্তর্গত বিশেষ বিশেষ বস্তুর আদর্শ (Ideal) বা আকাব (Form) বা সনাতন মূলপ (Essence) বা নিতা প্রব্যাসতা (Substance) স্ত্রেটিসের নিকট সামাল্য ধারণা নিচক চিন্তাক্সপেই ছিল, কিন্তু প্লেটো ইহাকে মাধিবিছাক দ্রব্যে (Metaphysical Substance) রূপাস্তরিত করেন। প্লেটোর ধারণাবাদ বা ভাববাদ হইল ধাবণার বহুগত সন্তার মতবাদ ৷ সামান্ত ধারণা শুধ মনেব মধ্যেই অন্তিৰ্ণীল নহে, ইহা এমন এক বিশুদ্ধ ও স্বয়ংজাত দ্ৰব্য বা বস্থ-সম্ভা—যাহা মনের বহিভুতি স্বতন্ত্রভাবে বিবাজমান 🔻 টগাই প্লেটোব তরণাম্পসমত ভাববাদ (metanhyhsical idea 'sm)

প্রেটোর ধা ণাবাদ—যাগ তিনি Dialectic-এ আলোদনা করিয়াছেন—তাহা যেনন পরমসন্তার স্বরূপ সম্বন্ধে তাঁগার তত্ত্বশাস্ত্রসম্প্রত মত গাদ ভেমনই এরিষ্টটল তাঁগার গাবাদাবা ভাববাদ তাঁগার 'Jrirat Philosphy'-তে গর্থাৎ ভত্তবিছ্যার আলোচনা কবিয়াছেন। এরিষ্টটলেব নিকট ভত্তবিছ্যাই সকল বিজ্ঞানের ভিত্তি। প্রেটো মাদর্শ জগৎ ও দৃশ্বমান ইন্দ্রিয়-জগতের মধ্যে অর্থাৎ সামান্ত ও বিশেষের মধ্যে ব্যবগান স্বস্টি করিয়া একমাত্র আদর্শজগৎ তথা সামান্ত ধারণাকেই বিশুক্ত সন্তা হিসাবে গ্রহণ করিয়াছিলেন। কিন্তু এরিষ্টটল প্লেটোর স্বস্ট এই ব্যবধানকে রহিত করিয়া দেখাইয়াছেন যে, আদর্শজগৎ ইন্দ্রিয়-জগতের মধ্যেই প্রকাশিক্ত হইয়া অর্থাৎ সামান্ত গিলেষের মধ্যে নিহিত্ত থাকিয়া মূর্ত্রন্ত্রপ ধারণ

করে। তাঁখার নিকট দৃশ্যমান ইন্দ্রি-জগৎ মাদর্শ-জগতের ভাষা সামান্ত ধারণার বাস্তব প্রকাশ, স্তেরা এই বাস্তব জগৎ সভ্য। ইনাই খটন এটিটলের ভাষশাস্থ-সমাত ভাববাদ।

পাশ্চাতা দর্শনে জ্ঞানতত্ত্বে জনক ২ইলেন—'জন লক'। তাঁহার মতে, প্রত্যক্ষ হইল জ্ঞানের একমাত্র উৎদ, যাহা কথনও প্রত্যক্ষ করা যায় না তাহার জ্ঞানও সম্ভব নহে। অংশত লক বলেন যে মুখ্য গুণাবলীর অন্তর্নিহিত আধার-ম্বরূপ অবশ্রাই বহির্দ্ধগতে জড় দ্রব্য রহিয়াছে যদিও েশ্র জড়সতা সদ। প্রত্যক্ষের অগোচর । বার্কাল লকের জ্ঞ নতত্ত্বর সূত্র ধরিয়া প্রমাণ করেন যে, জড় দ্রব্যের মনোনিবপেক্ষ কোন স্বতন্ত্র সন্তা নাই। উহা মনের ধারণামাত্র। বার্কলি প্রথমতঃ, জ্ঞানতত্ত্বের দিক হইতে তাঁহার ভাববাদ প্রতিষ্ঠা করিতে সচেষ্ট হন। তাঁগার মতে ঘাহা স্বরূপত প্রত্যক্ষের অগোচর অধাৎ যাহার প্রত্যক্ষ জ্ঞান কখনই সম্ভব নয় তাহার কোন স্বতম্ভ অস্তিত্বও নাই। যাহা সাক্ষাৎভাবে আমরা জানিতে পারিনা তাহার অন্তিত স্বীকার করা অযৌক্তিক। আমরা যাহাই প্রত্যক্ষ করি তাহা আমাদেব মনের ধারণা মাত্র। যাহাকে আমরা বাহ্ববস্তু আখ্যা দিই, ভাহাও বাস্তবিক আমাদের প্রভাক জ্ঞান বা সংবেদন মাত্র। বাহ্নবস্ত হইল কতকগুলি গুণেব সমষ্টিমাত্র এবং যাবতীয় গুণাবলী (কি গোণ, কি মুখ্য) মনের ধারণামাত্র। মানসিক ধারণার বহিভুতি কোনো সত্তা নাই। তাঁহার মতে ধারণাদ্মঃ এবং ইহাদের ভাধাররূপে মন অন্তিখেশীল, এগুলির বহিভু তি কোনো সত্তা নাই। কোনো বস্তুর অন্তিখ থাকিতে হইলে, তাহাকে একমাত্র প্রত্যক্ষ জ্ঞানেরই অস্তর্ভু থাকিতে হইবে। "Pase est percipi"—বার্কশির এই বক্তব্যের অর্থ হইল—কোন বস্তুর অন্তিত্ব থাকিতে হইলে ভাহাকে অবশ্বই প্রত্যক্ষের বিষয়ীভূত হইয়া থাকিতে হইবে। ইংাই বার্ক,লর জ্ঞানতত্ত্বমূলক ভাববাদ অর্থাৎ তিনি জ্ঞানতত্ত্বে উপর ভিত্তি করিয়া, তাঁহার আত্মগত ভাববাদ বা কেবল বিজ্ঞানবাদ প্রতিষ্ঠা করিয়াছেন। কিন্তু তাঁহার এই মতবাদ অনিবার্যভাবে আত্মকেন্দ্রিকতাবাদে (solipesism) পর্যবৃদিত হওয়ায় ভিনি এই অফ্বিধা দুর করিবার নিমিত্ত পরণভীকালে ভন্দবিভার উপর ভিত্তি করিয়া তাঁহার ভাববাদ কিঞ্চিৎ রূপান্তরিত করেন। তাঁহার তত্ত্বিছা-বিষয়ক বক্তব্য হইণ এই যে, জাগতিক বম্বনিচয় আমাদের মনে না হউক অক্তভঃ ঈশ্বরের মনে স্থায়ী ও ধারাবাহিকভাবে বিরাজ

করিতেছে। জাগতিক বস্থান্থকে আমরা প্রভাক্ষ না করিলেও এওলি সদ।
ঈশবের প্রভাক্ষের বিষয়। বার্কলি এইভাবে ঈশবের অবভারণা করিয়া জগভের
বাস্তবতা ও স্থায়িত্ব প্রমাণ করিতে এবং আত্মকল্রিকভার দোষ চইতে
নিদ্ধৃতি লাভ ক্রতে চেষ্টা করিয়াছেন। স্বভরাং আমরা দেখিতে পাই
বার্কলী তাঁহার জ্ঞানভন্তমূলক ভাববাদ হইতে তহুবিল্ঞান্লক ভাববাদে
উপনীত হইয়াছেন। কিন্তু প্রশ্ন হইল বার্কলি এই বিষয়ে কভকটা সামঞ্জল্প
রাখিতে পারিয়াছেন? আমরা স্বাকার করি—জ্ঞানভর্বই ভাববাদের ভিত্তিভূমি
অব্বাং ভাববাদ জ্ঞানের শর্তাবলীর উপর ভিত্তি করিয়া প্রতিষ্ঠিত হইবে। বার্কলি
অভিজ্ঞভার কারণ হিদাবে অভিজ্ঞভার বহিভৃতি ঈশ্বরের প্রবর্তন করেন,
অব্বাচ গ্রাহার জ্ঞানভন্তমূলক ভাববাদে তিনি বলেন যে, প্রভ্যক্ষের বহিভৃত
কোন বস্তব্ধ থাকিতে পারে না। এজন্ত তাঁহার ঈশ্বরভন্তের সংযোজনের ফলে
তিনি তাঁহার প্রচারিত জ্ঞানভন্তমূলক ভাববাদের সহিত তাঁহার নব-প্রবৃত্তিভ
ভশ্বিলামূলক ভাববাদের সন্ধৃতি রক্ষা করিতে পারেন নাই। তাঁহার ঈশ্বরবাদ
যেন এক ধরণের আপোসমূলক ভাববাদ।

হেগেলের বস্তুগত ভাববাদ একাধারে জ্ঞান ভরমূলক ও ওত্ববিদ্যামূলক উভয়ই। তাঁহার মতে সন্তা মাত্রই বৌদ্ধিক বা চেতন সন্তার প্রকাশ এবং বৌদ্ধিক বা চেতন সন্তা মাত্রই বাস্তবিক সন্তাই প্রকাশিত হয় (whatever is real is rational and whatever is rational is real)। হেগেল দেখাইয়াছেন যে, তত্ববিভার মৌলক তত্ত্ব (সং) স্বন্ধপত: জ্ঞান-অভিরিক্ত কিছুই নয়; চরম তত্ত্ব ও পরম জ্ঞান একই বন্ধ। জ্ঞানবিষয়ক বিজ্ঞান যেহেতু জ্ঞান সম্পর্কীর আলোচনা এবং জ্ঞান ও তত্ত্বের মধ্যে যেহেতু কোন মৌলিক পার্থক্য নাই, সেই হেতু জ্ঞানবিষয়ক বিজ্ঞান ও তত্ত্ববিভা এক ও অভিন্ন। তাঁহার মতে জগৎ ঈশ্বরের অর্থাং পরমাত্মার স্বপ্রকাশিত বাস্তবন্ধণ; ইহা পরমাত্মা ঈশ্বরের তথ্ মনোগত ধারণাই নহে। তথ্ ধাবণা হইলে জগতের এত বৈচিত্র্য থাকিত না। জগতের স্বন্ধপ সম্বন্ধে হেগেলের এই ভাববাদকে বলা হয় বস্তুগত ভাববাদ বা সবিষয় বিজ্ঞানবাদ।

উক্ত আলোচনা হইতে আমর। জানিতে পারি যে, হেগেল জ্ঞানতব্যুলক ভাববাদ এবং ভববিভামূলক ভাববাদ—এই উভয়বিধ ভাববাদের মধ্যে একটি ঘনিষ্ঠ সুমন্ধ স্বীকার করিয়াছেন। কিন্তু কান্টের আভাসগত ভাববাদ প্র্যালোচনা

করিলে দেখা যায় যে, ইহা মূলত: জ্ঞানত ব্মূলক। কাণ্ট তাঁহার জ্ঞানত ব্মূলক ভাববাদকে তত্ত্বশাস্ত্রসমতে ভাববাদে উন্নীত করিবার পক্ষপাতী নছেন, কাংল তাঁহাব মতে বস্তুর স্বস্তার বা পারমার্থিক তত্ত্ব আমাদের জ্ঞানের অতীভ. আমাদের অতীক্রিয় বা বুদ্ধি-জন্ম দাক্ষাৎ প্রতীতির (intellectual intuition) কোন সামর্থ্য নাই বলিয়া বস্তুর স্বরূপ সত্তা চিব দনই অজ্ঞাত ও অঞ্জেয় , আমরা বস্তু সম্বন্ধে যাহা জানি তাহা আমাদের ইন্দ্রিয় ও মনের রচনামাত্ত; আমাদের কোন জ্ঞানই ইন্দ্রিয়-নিরপেক্ষ নহে , এজন্ম 'আখাদের জ্ঞানে বস্তুর স্বরূপ প্রকাশিত না হইয়। তাহার বাহ্য ৰূপ বা আভাদমাত্র গৃহীত হয়।' স্থতরাং কান্টের মতে জ্ঞান ও দৃশ্যমান জগৎ বিশুদ্ধ বস্তুর প্রতিচ্ছবি নহে, বুদ্ধির রচনামাত্র। কিন্তু বুদ্ধির দারা জ্ঞান ও ঐদ্রিয়ক দগৎ রচিত হইলেও দেগুলি ব্যক্তিসাপেক্ষ ও মনোগত নহে। কাণ্ট কখনও মনে করেন না যে, দৃশ্যমান জগৎ মনের ধারণামাত্র অথবা বস্তুর সত্তা মনের ধারণার ছারাই প্রমাণিত হয়। এইখানেই কাল্টের জ্ঞানতত্ত্বমূলক ভাববাদ বার্কলির জ্ঞানতত্ত্বমূলক অথচ আত্মগত ভাববাদ হইতে পৃথক। কান্ট বলেন-বিষয়ের 'দত্ত' অংশকে বৌদ্ধিক আকারসমূহের দ্বারা ত্ববিশুন্ত ও হুসংবদ্ধ করিতে পারিলে জ্ঞান ব্যক্তি মনের উর্ধে উঠিয়া সাধারণ ও অপ্রিহার্য হইবে অর্থাৎ অভিজ্ঞতার ক্ষেত্রে বিষয়কে একমাত্র বৃদ্ধি-সম্মত করিতে পারিলে সার্বিক ও অনিবাঘ জ্ঞান ব্যাখ্যা করা সম্ভব হয়; ইহাই কান্টের জ্ঞানওত্ত্বসূলক ভাববাদের বিশেষত্ব এবং তাঁহার মতে জ্ঞানভত্ত্বসূলক ভাববাদের পরিণতি হিসাবে কথনও তত্ত্বশাস্থ্যসমত ভাববাদ গ্রহণ করা যায় না।

এই প্রদক্ষে আমাদের বক্তব্য হইল—আমরা যদি জ্ঞানত রম্পক ভাববাদের মধ্যে নিবদ্ধ থাকি এবং উহাকে ভিত্তি করিয়া তর্নাত্ত্বস্থত ভাববাদ রচনা না করি ভাহা হইলে বস্তুর প্রকাশ এবং স্বরূপের মধ্যে বস্তুতঃ যে এক অবিচ্ছেত্য ও অকাদি সম্পর্ক বিত্তমান—ভাহা উপেক্ষিত হইবে। হেগেল জ্ঞানত ব্যুলক ভাববাদ ও তর্নাস্ত্রসমত ভাববাদ—এই ত্ইটির মধ্যে সমন্বয় সাধন করিয়া এবং প্রথমটিকে বিতীয়টির ভিত্তিস্বরূপ গ্রহণ করিয়া সঠিকভাবেই বলিয়াছেন—পর্ম চৈতন্ত্রময় ঈশ্বর বিশ্বের মূল দত্তা এবং জগৎ এই পরম চেতনার বিকাশ; বৈচিত্র্যময় জগৎ পরমুত্ত উশ্বরের বাস্তব রূপ বা অভিব্যক্তি। বাস্তবিক, হেগেল তাঁহার অধিবিত্তায় বিচার-পদ্ধতি অন্তর্গরণ করিয়া কান্টের ক্রটি অনেকাংশে সংশোধিত করিয়াছেন এবং জ্ঞানত ব্যুক্তক ও ভববিত্তামূলক—উভয় ভাববাদের মধ্যে সমন্বয়

দাধন করিয়া বস্তব বাহ্মপে ও উহাব স্বৰূপের মধ্যে অক্সাক্তি সম্পর্ক স্থাপন করিয়াছেন। ঠাঁহার নিকট জ্ঞান ও তত্ত্ব তথা জ্ঞান-বিবয়ক বিজ্ঞান ও ভব্দর্শন -এক ও অভিন্ন। তেপেলের এই মত সমর্থনযোগ্য।

অৰুশীলনী

- 1 What is the issue bet reen Realism and Idealism? (বস্তবাদ এক' ভাববাদের মধ্যে মৌলিক পার্থক্য কি কি ? '
- 2. Explain Epistemological and Metaphysical Idealism. Is the former the basis of the latter? (জ্ঞানতবন্তক এবং তরশাস্থ্যসমত ভাবৰাদ ব্যাখ্যা কব। প্রথমটি কি ন্বিতীয়টির ভিত্তি?)
- 3. Discuss (a Popular Realism (b) Scientific Realism, (c) Neo Realism, (d) Nea Critical Realism, e Plato's Idealism, (f) Subjective Idealism and (g) Objective Idealism or Absolutism আলোচনা কৰ: (ক) লোকিক বন্ধবাদ, (ব) বৈজ্ঞানিক বন্ধবাদ, (গ) নব্য বন্ধবাদ, (ছ) নব্য-স্বিচাব-বন্ধবাদ, (ছ) প্রেটোর ভাববাদ, (চ) আহাত ভাববাদ, (ছ) বন্ধগত ভাববাদ বা পথ-ব্যক্ষবাদ।)

তৃতীয় অধ্যায়

দ্ৰব্য (Substance)

া দ্বের সম্বাদ্ধে বিভিন্ন মতবাদ (Different views of Sabstance):
সাধারণ দৃষ্টিতে দ্বের: দ্রব্য (Substance) আমাদের সাধারণ ভাষায়
নানা অর্থে ব্যবহৃত হয়। প্রথমতঃ, দ্রব্যকে গুণের আধার বলিয়া বিবেচনা করা
হয়। মান্থবের প্রথম অভিজ্ঞতা গুণের পরিচয়ে, কিন্ধু গুণ তো একা দাঁড়াইডে
পারে না। স্থতরাং গুণীর কল্পনা অপরিচার্য হইয়া পড়ে। দ্বিতীয়তঃ, পরিবর্তনের
মাঝখানে নানা কারণে এক অপরিবর্তনীয় তব্বের প্রয়োজন দেখা দেয়। পর্মপদার্থবাদীদের (Absolutists) মধ্যে অনেকের মতে পরিবর্তন মিখ্যা
(illusory); আবার অনেকে পরমপদার্থে (absolute) বিশ্বাস স্থাপন
করিবেও পরিবর্তনকে শ্বীকার করিয়া লইয়াছেন। যাহা হউক, উভয় সম্প্রদায়ের
মধ্যে মতৈক্য এই যে, উভয়েই এক অপরিবর্তনীয় তব্বের অন্তিছে বিশ্বাসী।
তৃতীয়তঃ, ক্রিয়াশিলতার (activity) জন্ম একটি শক্তি-উৎসের কল্পনা অপরিহার্য।
এই শক্তির উৎসম্বরূপও দ্রব্যের কল্পনা প্রচর্ণায়ত্ব। ইহা বিভিন্ন গুণ ও শক্তির
বিশেষ লক্ষণ হইল ইহার স্থন্ত অন্তিয়ে ও স্থায়ির। ইহা বিভিন্ন গুণ ও শক্তির
ধারক এবং ইহার গুণ, ক্রিয়া ও অবস্থার নিরন্তর পরিবর্তন সন্তেও ইহা
অপরিবর্তিত থাকে এবং নিজস্ব স্থায়ী সন্তা অক্স্পর রাথে।

প্তানের সহিত দ্রেরের সম্পর্ক: দ্রব্য ইহার গুণের সহিত ঘনিষ্ঠভাবে যুক্ত। যদিও দ্রব্যকে আমরা গুণ হইতে পৃথকরূপে চিন্তা করি, বান্তব ক্ষেত্রে এই চুইটি পরম্পর অবিচ্ছেন্ডভাবে সম্পর্কিত। গুণের পরিবর্তন সন্থেও দ্রব্য অপরিবর্তিত থাকে। এক ও অভিন্ন দ্রব্য অপরিবর্তিত থাকিনা পরিবর্তনশীল গুণের মাধ্যমে প্রকাশিত হয়। দ্রব্যের সন্তা গুণ ব্যতীত অর্থহীন—বেমন দ্রব্য ব্যতীত গুণ অর্থহীন। দ্রব্য হইল গুণাবলীর অন্তানিহিত সার সন্তা এবং বিভিন্ন গুণ দ্রব্যেরই প্রকাশ বা অভিব্যক্তি। দ্রব্যকে যদি গুণাবলীর অন্তাত ও অল্ডের আধাররূপে গণ্য করা হর ভাহা হইলে ভূল হইবে, কারণ দ্রব্য গুণাবলী হইতে সভ্রেন্ডাবে থাকে না, গুণাবলীর মাধ্যমেই দ্রব্যের বহিঃপ্রকাশ ও পরিচয় ঘটে। আবার, ইহা পরিবর্তনশীল পরম্পর বিদ্ধিন্ন গুণামূহের সমষ্টি মাত্রেও নহে; ইহা

বস্ততঃ পরিবর্তনশীল বিভিন্ন গুণাবলীর ঐক্যমত্র; ইহা বিভিন্ন গুণাবলীকে ঐক্যবদ করিয়া উহাদের মাধ্যমে নিজের স্বরূপকে প্রকাশ ও উপলন্ধি করে। বাস্তবিক, দ্রব্য হইল বিভিন্ন গুণের মূর্ত ঐক -ভত্ত ও সক্রিয় সংগঠনী শক্তি; বিভিন্ন গুণের বিকাশের সঙ্গে সংক্র ইহার সমৃদ্ধি ও পরিপুষ্টি ঘটে। বিভিন্ন গুণাবলীর মধ্য দিয়া দ্রব্যের বাহ্য-প্রকাশ ঘটে বলিয়া উহার স্বরূপকে অনেকাংশে জানা যায়।

বুদ্ধবাদীদের মতে দ্রব্য: বুদ্ধবাদী দার্শনিকগণের (Rationalists) মধ্যে ডেকার্ট (Descartes), ম্পিনোজা (Spinoza) ও লাইবনিজ (Leibniz) প্রমুখ পণ্ডিতগণ দ্রব্যের প্রকৃতি নির্ধারণ করিতে চেন্টা করিয়াছেন। ডেকার্টের মতে যাহাকে স্বীয় অ শুত্র রক্ষার জন্ম অপর কোন জিনিসেব উপর নির্ভর করিতে হয় না, ভাহারই নাম দ্রব্য। এই সংজ্ঞা গ্রহণ কবিলে মাত্র 'একটি দ্রব্যেব' কথা বলাই যুক্তিসঙ্কত।

এই যুক্তি বিবেচনা করিয়াই ভেকাট ঈশ্বরকে 'দ্রব্য' নামে অভিহিত্ত করিয়াছেন। কেননা, ঈশ্বর অসীম এবং স্বায় অন্তিত্ব রক্ষার জন্ম অপথের উপর অ-নির্ভরশীল। কিন্তু ভেকাট ঈশ্বর ছাড়াও জড় ও মনের দ্রব্যত্ব স্বীকার করিয়াছেন। তাঁহার মতে, জড় ও মন ঈশ্বরের ফ্টি বলিয়া ঈশ্বরের উপর নির্ভরশীল, কিন্তু উহারা পরস্পর নিরপেক্ষ দ্রব্য, জড়ের সারধর্ম হইল চেতনাহীন বিস্তৃতি এবং মনের সারমর্ম হইল বিস্তৃতিহীন চেতনা, কাজেই জড় ও মন পরস্পর বিরোধী হুইটি স্বভন্ধ দ্রব্য।

ম্পিনোজা (Spinoza) এই ধারণার যুক্তিহীনতা বা ক্রটি সম্পর্কে সম্পূর্ণরূপে অবহিত ছিলেন। তাঁহার মতে কোন সসীম বস্তুই সর্বতোভাবে অন্ত-নিরপেক্ষ হইতে পারে না। তাই কার্টেজীয় ভূলের সম্ভাবনা চিরতরে দূর করিবার জন্ত তিনি দ্রব্যের সংজ্ঞাকে আংশিক পরিবর্তন করেন। তাঁহার মতে দ্রব্য তাহাই যাহা স্থনির্ভর বা অন্ত নিরপেক্ষ) ও যাহাকে অপর বিষয় বাদ দিয়াও জানা বায়। স্থনির্ভরশালতা (Self-dependence) ও স্থবেজতা (Self-intelligibility)—এই উভয় গুল থাকিলেই তবে কোন বস্তু 'দ্রব্য' আখ্যা পাইতে পারে। স্পীম বস্তু কথনই স্থবেজ হইতে পারে না। অত্রব দ্রব্য (Substance) এক ও অসীম। এই দ্রব্যক্তে অন্ত দৃষ্টিভংগি হইতে ঈশ্বর (God) ও প্রকৃতি (Nature) বলা যায়। ম্পিনোজার মতে দ্রব্য—ইন্স্রভিত।

किन्छ राषात्व याज अकिंग्हे स्वा, रम्पात्व क्रियांनीमভाद (activity) वाषा

কিভাবে সম্ভবপর? স্পিনোজার মতে, দ্রব্য অনস্ত ; স্বভরাং উহার আর বিকাশ কি সম্ভবপর? অথচ জগতে প্রতিনিয়তই ক্রিয়াশীলভার প্রচুর উদাহরণ দেখা যায়। স্বতরাং দ্রব্যকে কিভাবে এক (one) বলা চলে? লাইবনিজ্ এই যুক্তির উপর নির্ভর করিয়া দ্রব্য অনস্ত সংখ্যক (there is an infinite number of substances) বলিয়া অভিমত প্রকাশ করিয়াছেন। তাঁহার মতে দ্র্যমাত্রই অবিভাজ্য।

লাইবনিজের মতে, দ্রব্য জড়াত্মক (material) নয়, :কেননা জড়াত্মক বন্ধমাত্রই বিস্তৃতিসম্পন্ন (extended), স্কৃত্রাং যত সুক্রই হউক না কেন উহা
বিভাজ্য (divisible)। অপরদিকে অবিভাজ্য গাণিতিক বিন্দুও (mathematical points) দ্রব্য নয়, কেন না গাণিতিক বিন্দু কল্পনার বস্তু, বাস্তব নয়।
স্কৃত্রাং একমাত্র দিলান্ত সম্ভব এই যে—দ্রব্য আত্মাবিশেষ (spiritual), এইরূপ
তাবের নাম চিৎপ্রমাণ্ বা চেতন প্রমাণ্ (monad)। তাহার মতে, প্রত্যেকটি
দ্রব্য হইল স্ক্রিব্র আ্থাকিয়াশীল শক্তি।

অভিন্ত ভাবাদাদের মতে দ্রব্যঃ—অপরদিকে মভিজ ভাবাদী (Rmpiricist) দার্শনিকগণ যথা, লক্ (Locke), বার্কলি (Berkeley) ও হিউম্ (Hume) দ্রব্য সম্পর্কে বিভিন্ন অভিমত্ত প্রকাশ করিয়াছেন কিন্তু অভিজ্ঞতার ছাবা যে কভখানি জ্ঞান সম্ভব সে সম্পর্কে এই ভিনন্ধন একমত নহেন।

লকের মতে, গুণ হইতে আমরা দ্রব্যের ধারণা পাই। কিন্তু গুণগুলিকে যে 'দ্রব্যের' গুণ বলিয়া আমরা মনে করি, সেই দ্রব্য সম্পর্কে আমাদের কোনই জ্ঞান নাই। লকের মতে, দ্রব্য অজ্ঞাত ও অজ্ঞেয় (unknown and unknown able)। অথচ এইরূপ অজ্ঞাত ও অজ্ঞেয় গুণাধার (substratum of quality করনা না করিয়াও উপায় নাই। সংবেদন (sensation) হইতে বিস্তৃত ও ঘনাকার দ্রব্যের অস্তিত্ব এবং অমুচিস্তন (reflection) হইতে আমরা মন বা চিস্তনশীল দ্রব্যের অস্তিত্ব জানিতে পারি। "সাধারণ লোকের মতই লক জিন জাতীয় দ্রব্যের অস্তিত্ব জানিতে পারি। "সাধারণ লোকের মতই লক জিন জাতীয় দ্রব্যের অস্তিত্ব স্থাকার করেছেন। রূপ, রুস, গদ্ধ প্রভৃতি গুণের আধার হিসেবে জাত্মা আর সর্বজ্ঞতা, সর্বশক্তিমত্তা প্রভৃতি গুণের অধিষ্ঠান হিসেবে জাত্মর এই ভিন জাতীয় দ্রব্য।" (ভ:নীরদ্বরণ চক্রবর্ত্তা প্রণীত দর্শনের ভূমিকা') বার্কলির মতে, জড়দ্রব্যের

প্রত্যক জ্ঞান সম্ভব নয় বলিয়া উহার অন্তিত্ব নাই। কিছু তিনি বিভিন্ন ধারণার আধার হিদাবে আত্মা বা মনের দ্রব্যত্ব স্বীকার করিয়াছেন এবং জগতের যাবতীয় বস্তু ঈশ্বরের প্রত্যক্ষের উপর নির্ভরশীল বলিয়া ঈশ্বরের অন্তিত্বেও বিশাসী।

হিউম বার্কলির পথ অহুসরণ করিয়া আরও ধ্বংসাত্মক (destructive)
সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। হিউমের মতে, সংবেদনসমষ্টির সমাবেশের বৈচিত্রের জন্মই কথনও জড়, কখনও মন—এই ছুই বস্তু সম্পর্কে আমাদের ধারণা জন্মে।
কিন্তু জড়, মন ও ঈশ্বর বলিয়া কোন অপরিবর্তনীয় সন্তা নাই। তাঁহার মতে কতকগুলি বিশেষ বিশেষ একত্র সমাবিষ্টঞ্জ-সমূহের নামই এক একটি দ্ব্য। গুণ সকলের অতিরিক্ত দ্ব্যের বাস্তবিক সন্তা নাই। যাহাকে আমরা জড়দ্রব্য বলি ভাহা কতকগুলি গুণের সংবেদনের সমষ্টিমাত্র এবং যাহাকে মন বলি তাহা হইল চিন্তা, অহুভূতি, ইচ্ছা প্রভৃতি মানসিক ক্রিয়ার সমষ্টিমাত্র। প্রভ্যকলন্ধ নহে বলিয়া ঈশ্বরের কোন অন্তিত্ব নাই।

অভিজ্ঞতাবাদীদের আলোচনা হইতে দেখি যে, তাঁহারা প্রত্যেকেই স্রব্য সম্পর্কে কোন সদর্থক (affirmative) উত্তর দিতে পারেন নাই। অর্থাৎ তাঁহাদের অভিমতকে এক কথায় দ্রব্য সম্পর্কে অজ্ঞেয়বাদ (Agnosticism) বলিয়া অভিহিত করা যায়।

কাল্টের মন্তবাদঃ—কাণ্টের মতে, দ্রব্য মনোনিরপেক্ষ বস্তুগত সন্তাও নহে আবার কতকগুলি গুল-সংবেদনের সমাবেশও নতে। দ্রব্য হইল গুলসংক্ষীয় অভিজ্ঞতার একটি মৌলিক ও অপরিহার্য প্রভ্যেয় বা মনোগত জ্ঞানাকার মাত্র। কিছ সেই কারণে ইহাকে কোন ব্যক্তি বিশেষের আত্মগত ব্যাপার বলা চলে না; কেন না পরিদৃশ্যমান জগৎ ব্রিতে গেলে 'দ্রব্য' এই অপরিহার্য জ্ঞানাকার ছাড়া কেহই জানিতে পারে না। তাহা ছাড়া দ্রব্য অভিজ্ঞতা-সাপেক্ষ নয়, বরং অভিজ্ঞতাই দ্রব্য-ক্ষপ ধারণা সাপেক্ষ।. কেননা দ্রব্যকে বাদ দিয়া পরিবর্তনশীল অবভাসের (phenomena) অভিজ্ঞতা একেবারেই অসম্ভব। কিছু দ্রব্যের প্রত্যায় কর্ম্ পরিদৃশ্যমান অবভাসিক জগতের অভিজ্ঞতাতেই সত্য, ইন্দ্রিয়াতীত বস্তুত্বপরে (thin-in-itself) উপর ইহা প্রযোজ্য নহে।

হেগেলের মন্তবাদ:—হেগেলের মন্তে, দ্রব্য তথু মানবমনের প্রত্যন্ত্র বা জ্ঞানাকার নহে, ইহা পরম পদার্থ তথা বন্ধ অন্ধপের, আকারও বটে, কারণ মানবমন ও বস্তুজাণ, উভয়ুই পরমান্ত্রা বা পরব্রন্ধের প্রকাশ। কাজেই দ্রব্য মনোগত ও বস্তুগত উভয়ই। হেগেল আরও বলেন যে, দ্রব্য গুণের আধার্মাত্র নহে। ইহা গুণসমূহের অন্তর্নিহিত বাস্তবসন্তা এবং গুণসমূহে প্রকাশিত হওয়াই ইহার সাভাবিক ধর্ম। দ্রব্য ও গুণের মধ্যে এক অবিচ্ছেগ্য অঙ্গাদ্ধি সম্পর্ক বিশ্বমান। এক কথায়, দ্রব্য উহার বিভিন্ন গুণ ও ক্রিয়ার মধ্যে অন্তর্নিহিত থাকিয়া সেগুলিকে ঐক্যবদ্ধ করে এবং বিভিন্ন পরিবর্তনের মধ্যে।নিজ্যের হায়িত্ব অক্র্র রাখে। দ্রব্যের স্কর্প সহদ্ধে হেগেলের এই মতবাদ স্স্থোবন্ধনক।

আধুনিক দার্শনিকদের মতে জব্য: আধুনিক কালে (Bradley) প্রমুখ ভাববাদী দার্শনিকগণের মতে 'দ্রব্য' ও 'গুণ' এই 'প্রকারে'র সাহায্যে বাস্তৰতত্ত্বকে (reality) জানা অসম্ভব। তাঁহাৰ মতে, 'দ্ৰব্য' ও 'গুল', এই ধারণার মধ্যে চিন্তাবিরোধ আছে। 'ফুলটি লাল' এই বিধানে 'দ্রব্য' ও 'গুল' এই প্রকার' ব্যবহার করা হইয়াছে। কিন্তু দ্রব্য যদি গুণ হইতে পুথক হয়, তাহা হইলে বিধানটি অবৈধ (invalid); আর দ্রব্য ও গুণ যদি একই পদার্থ হয় তাহা হইলে বিধানটি নিরর্থক। এইভাবে 'দ্রব্য' ও 'গুণ' ব্যবহার করিলে কোন না কোনভাবে চিন্তাবিরোধ ঘটিবেই। যেখানে চিন্তাবিরোধ (inconsistency of thought) থাকে, সেখানে ৰাস্তবভন্তও পাওয়া যায় না, কেবলমাত পাওয়া যায় আভাস বা অবভাস (appearance)। তবে ব্রাডলি আভাসিক ক্ষাতের আভ্যস্তরীণ বিরোধের কথা বলিলেও তিনি এই মত পোষণ করেন যে, আভাসিক বস্তুসমূহ 'সম্পূর্ণ রূপাস্তরিত হইয়া এক স্থশংহত চরমতত্ত্ব পরব্রহ্মের অঙ্গীভূত হইয়া থাকে। জাগতিক কোন বস্তুই পরব্রন্মের ঘারা প্রত্যাব্যাত হয় না। ব্র্যাত লি যে চিস্তাবিরোধের কথা বলিয়াছেন, বাস্তবিকই দেইরূপ চিস্তাবিরোধ 'দ্রব্য' ও 'গুন' এই ধারণার মধ্যে নাই। বস্তুতঃ দ্রব্য ও গুন পরস্পর অঙ্গাঞ্চিডাবে যুক্ত হইরা এক অথণ্ড সমগ্র সম্ভা গঠন করে। এই তুইটিকে পরস্পর পৃথকভাবে দেখিলে নানা বিভ্ৰান্তি ঘটে।

আলেক্জাগুরের (Alexander) মডে, বিশ্বচরাচরের একমাত্র উপাদান হইতেছে দেশ-কাল (space-time) বা শুরুগতি (pure motion)। জাগতিক বস্তুমাত্রেই এই শুরুগতি অথবা তাহার কোন জটিল পরিণতি (complexes)। যেহেতু গতিই-জাগতিক বস্তুমাত্রের বথার্থ সন্তা, সেই কারণে কোন বস্তুকেই সম্পূর্ণ গতিহীন বলিয়া করনা করা উচিত নয়। তবে নিজ দেশ-কাল সীমারেধার মধ্যে বস্তু যে তাহার গঠন ভদিমাকে বজারু রাধিয়া চলে, তাহাকেই 'দ্রুব্য' পদের

সাহাধ্যে স্থচিত করিতে পারা যায়। স্থিতির দিক হইতে দেখিলে বস্তুকে দ্রব্যরূপে গণ্য করা হয় আর গতির দিক হইতে দেখিলে উহাকে কারণ বলা হয়।

রাসেলের (Russell) দ্রব্যবিষয়ক মতবাদ তাঁহার 'বিশেষণ-বিরহিত একতত্ত্বাদেব (neutral monism) উপর প্রতিষ্ঠিত। তাঁহার মতে চিরস্থায়ী বস্তু বলিয়া কিছুই নাই। নব্য পদার্থ বিছা (physics) ও নব্য মনস্তত্ত্ব (psychology) উভয়েই এই চিরস্থায়ী দ্রব্যের করনাকে ধূলিসাং করিয়া দিয়াছে। তিনি বিশ্বের সবলত্ম উপাদানকে (element) ঘটনা (events)-রূপে গ্রহণ কবিয়াছেন। জড় ও মন বলিয়া পরিস্ত্রেন্থীন দ্রব্য কল্পনার পরিবর্তে ঘটনাকেই বিশ্বের একক (unit) ধ্বা উচিত। তবে এইরূপ বস্তু আছে কি না তাহা সপ্রমাণ করা প্রয়োজন, এবং আদে তাহা থাকিলেও তাহা হইতে বিষয়গত ও বৃদ্ধিগত উভয় প্রকারের পদার্থ কিভাবে উছত হইতে পারে তাহা প্রমাণসাপেক।

হোরাইট্ হেডের (Whitehead) মতে স্থায়ী সন্তার্রূপে দ্রব্য আমাদের মনের একটি বৌদ্ধিক বা যৌক্তিক আকার মাত্র, কিন্তু বস্তুত জগতে কোন অপরিবর্তিত স্থায়ী দ্রব্য-সত্তা নাই। জগৎ হইল পরিবর্তনীয় ঘটনাবলীর সমষ্টি। কেবল আমাদেব প্রয়োজন অনুসারেই সদ্ধ-পবিব্যতিত ঘটনাকে স্থায়ী ও অপরিবৃতিত দ্রব্য-সত্তারূপে ধারণা করিয়া থাকি।

মধ্যোপক এ. তে. মায়ার (A J. Ayer) প্রমুখ মাধুনিক ভাষ'-দার্শনিকগণের মতে আমনা আদিম কুসংস্কার নশতঃ দ্রবোদ ধারণা করিয়া থাকি, 'দ্রব্য' একটি নামমাত্র, ইহার কোন বাস্তব সন্তা নাই। একঘাত্র মামাদের উদ্দেশ্য বা প্রয়োগন অফুসারে 'দ্রব্য' শকটি ব্যবহার করিয়া থাকি । 'চিনি হয় মিষ্ট'—এরূপ অবধারণ ভাষামাত্র, কারণ কোন গুণবাচক শব্দ বৃব্বাইবার জন্ম উহাকে দ্রব্যবাচক শব্দের সহিত যুক্ত করার প্রয়োজন হয়। কিছু বস্ততঃ ইন্দ্রিয়গ্রায় গুণাবলীর অতিরিক্ত কোন বস্তু বা দ্রব্যের সন্তা নাই। যাহাকে আময়া দ্রব্য বলি তাহা কতকগুলি ইন্দ্রিয়গ্রায় গুণের সমষ্টিগত প্রকাশ মাত্র। একমাত্র ভান্ত ধারণার বশবর্তী হইয়াই আময়া গুণের অতিরিক্ত তথাকখিত দ্রব্য-স্তার ব্যর্থ অফুসন্ধান কার্যে লিপ্ত হইয়া থাকি।

আমাদের মন্তব্য <u>২</u> প্রক্তপক্ষে দ্রব্য প্রকৃত সন্তা, ইহা শক্তির মূল কেন্দ্র। দ্রব্য শক্তিমান। দ্রব্যের ধারণা ব্যতীত আমরা শক্তির ধারণাও করিতে. পারি না। ইহা অবশ্ব লোভিক বা সাধারণ প্রত্যক্ষের বিষয় নহে। তবে দ্রব্য ইক্সিয়াভীত হইলেও বিভিন্ন গুণের আশ্রয় এবং বিভিন্ন ক্রিয়ার কেক্সরূপে ইহার সন্তা অনস্বীকার্য। স্থিতি ও গতি-উভয়কে পরস্পর সাপেক্ষ সন্তারূপে গ্রহণ করিয়া আমরা বলিব—স্থিতিশীল দ্রব্য গতিশীল ক্রিয়ার মাধ্যমে প্রকালিত হয়।

২। দ্রব্যের ধারণার উৎপত্তি (Origin of the idea of substance):

দ্রব্যের ধারণার উৎপত্তি সম্বন্ধে নিম্নলিখিত মতবাদগুলি উল্লেখযোগ্য :—

- (১) সাধারণ লোকের মতবাদঃ—সাধারণ লোক মনে করে যে, দ্রব্যের ধারণা প্রত্যক্ষ-অভিজ্ঞতা-প্রস্ত; আমরা বাহ্ন প্রভ্যক্ষণের সাহায্যে সোজাহ্নজি বহির্জাতের দ্রব্যসমূহ জানিতে পারি এবং অস্তঃপ্রভাক্ষণের সাহায্যে মন বা আত্মার অন্তিত্বের পরিচয় পাই।
- (২) অভিজ্ঞভাবাদ: অভিজ্ঞতাবাদী লক বলেন যে, প্রভাক্ষ অভিজ্ঞভান্ন আমরা বহির্জগতের জড়-দ্রব্যের কোন সাক্ষাৎ জ্ঞান পাই না। প্রত্যক্ষ শুধু বিভিন্ন গুণাবলীর অন্তিত্বই প্রকাশ করে। গুণসমূহের প্রত্যেক্ষের মাধ্যমে উহাদের আশ্রয় বা আধারম্বন্ধপ জড় দ্রব্যের অন্তিত্ব অঞ্মান করা হয়। কিন্তু চরম অভিজ্ঞতাবাদী তথা সংশয়বাদী হিউম বলেন যে, স্থায়ী ও অপরিবর্তনীয় দ্রব্যের সত্ত। স্বীকার করা যায় না,উহা অবাস্তব কল্পনা মাত্র। হিউমের মতে, ষাহার প্রত্যক্ষ সম্ভব ভধু ভাহারই অন্তিত্ব স্বীকার করা যায়। "গুণের আধাররূপে দ্রব্য প্রত্যক্ষের বিষয় নহে বলিয়া অসং। দ্রব্য আমাদের মনের একটি শুদ্ধ (Abstract) ধারণামাত্র। এই ধারণা অভিজ্ঞতা হইতে গঠিত হয় ৷ যখন রূপ, রুস প্রভৃতির সহজ ধারণাগুলি সান্নিধ্যের নিয়ম [Law of Contiguity] অনুসারে এক সমষ্টিতে পরিণত হয় এবং যথন এই সমষ্টি বার বার একই রূপে আমাদের মনে আসিতে থাকে তথন আমরা कब्रना कति (य, हेटा प्रवंता এकज़ान शांकित्व वर्धाए हेटांत कीन शतिवर्धन हेटेर না। এইরূপে আমরা অভিজ্ঞতা হইতে শায়ী দ্রব্যের ধারণা গঠন করি। সেইরূপে ত্বধ, চু:খ, ইচ্ছা প্রভৃতি আন্তর-প্রভাকের বিষয়গুলির সমষ্টি হইতে আমরা স্বায়ী আত্মার করন। করি। স্থায়ী আত্মার কোন সন্তা নাই; ইহা আমাদের মনের নিছক ধারণামাত্র।" (অধ্যাপক হরিদাস বন্দ্যোপাধ্যায় প্রণীত দর্শন দীপিকা।)।
- (৩) সহজাত ধারণাবাদ:—এই মতবাদ অহসারে স্রব্যের ধারণা সহজাত; ইহা অভিজ্ঞতা-পূর্ব, আমরা এই ধারণা লইয়াই জন্মগ্রহণ করি। অভিজ্ঞতার পূর্ব হইতেই ইহা আমাদের মনে বিভ্যমান, কাজেই আমাদের মন বা

বৃদ্ধি হ**ই**ভেই এই ধারণার উদ্ভব হ**র**। প্লেটো, ডেকার্ট প্রমূপ বৃদ্ধিবাদী দার্শনিকগণ এই মতবাদ পোষণ করেন।

- (৪) অভিব্যক্তিবাদ:—হার্বার্ট স্পেন্সারের মতে, আমাদের পূর্বপুরুষগণ সর্বপ্রথম অভিজ্ঞতার সাহায্যে প্রব্যের ধারণা লাভ করিয়াছিলেন। পরবর্তীকালে বংশগত নিয়মামুদারে উত্তবাধিকার স্ত্রে প্রব্যের ধারণা সহজাত ধারণায় রূপান্তরিত হইয়াছে।
- (৫) কাল্টের মভবাদ: —কাণ্ট বলেন যে, প্রব্যের ধারণা অভিজ্ঞতার পূর্বগামী প্রাক্সিদ্ধ মোণিক ও অপরিহার্য জ্ঞানাকার। পূর্বতঃসিদ্ধ ও বৃদ্ধি হইতে উদ্ভূত প্রব্যের ধারণার সাহায্যে অভিজ্ঞতায় প্রাপ্ত বিভিন্ন পরিবর্তনশীল গুণেব সংবেদনকে ব্যাখ্যা করা সম্ভব।
- (৬) ভাববাদীদের মতবাদঃ—এই মতবাদ অমুসারে আত্মসচেতনতা (self-consciousness) হইল দ্রব্যের ধারণা গঠনের মূল উৎস। আমরা প্রথমে অফর্দর্শন বা আত্মসচেতনতার সাহায্যে স্বকীয় মানসিক সন্তা সম্বন্ধে সাক্ষাৎভাবে জ্ঞান লাভ করি অর্থাৎ আমরা যখন আত্মসচেতন হই, তখন আমরা ইহাই উপলব্ধি করি বে, চিস্তা, অমুভূতি, ইচ্ছা প্রভূতি বিভিন্ন মানসিক ক্রিয়ার কর্তণরূপে উহাদের অস্তর্নিহিত আত্মা বা মনরূপ দ্রব্যের সন্তা বিভ্যমান এবং উহাদের মাধ্যমে সেই দ্রব্যসন্তা আত্মগুলাক করিতেছে। পরে স্বকীয় আত্মাব সহিত সাদৃষ্ঠাহেতৃ বহির্দ্ধগতের জড়দ্রব্যের অন্তিম্ব অমুমান করি এবং এই ধারণা করি বে, আমাদেব আত্মা বা মানসিক সন্তার মত বহির্দ্ধগতেও গুণসম্পন্ন ক্রিয়ালীল জড়দ্রব্য রহিরাছে।

৩। জব্য সম্বন্ধে ডেকার্টের মতবাদ (Descartes's View of Substance):

মৃক্তি বা প্রজ্ঞার সহায়ভায় বিশুদ্ধ বজ্ঞা বা সহজ্ঞ জ্ঞানের মাধ্যমে ভেকার্ট ভিন প্রকার দ্রব্য স্থীকার করিয়াছেন—(১) ঈশ্বর, (২) আত্মা বা মন এবং (৩) জড়কাং। তাঁর মতে, ঈশ্বর এমন এক অসীম দ্রব্য বাহার উপর অপর বাবভীয় বস্তুই নির্ভর করে, কিন্তু ভিনি অপর কাহারও উপর নির্ভরশীল নহেন। আত্মা বা মন এমন একটি দ্রব্য বাহার সার্ধ্য হইল চিন্তা বা চেত্রনা। কেহ বা জড় এমন একটি দ্রব্য বাহার সার্ধ্য হইল বিভ্তি।

অংব্যুর সংজ্ঞা দিতে গিরা ডেকার্ট বলিরাছেন—ত্রব্য হইল এমন অভিকর্মীল

নস্ত যাহা স্বকীয় অন্তিত্বের জন্ম অন্ত কোন পদার্থের উপর নির্ভর করে না, একমাত্র নিজের উপরই নির্ভরশীল। এই অর্থে প্রক্লভপক্ষে ঈশ্বরই একমাত্র পরম ও পূর্ণ দ্রব্য, কারণ তিনি স্বয়স্ত, (Self-caused or Causa Sui), এক্ষ্ম অন্ত কোনও সন্তার উপর তাঁহার অন্তিত্ব নির্ভর করে না, বরং অন্ত সকল পদার্থই তাঁহার উপর নির্ভরশীল। মন ও জড়বন্ধ উভয়ই ঈশ্বর কর্তৃক কৃষ্ট , এক্ষম যে অর্থে ঈশ্বরকে দ্রব্য বলা হয় সেই অর্থে ইহাদিগকে দ্রব্য বলা যায় না। তবে মন এবং জড় উভয়ই ঈশ্বরের কৃষ্টি বলিয়া তাঁহার উপর নির্ভরশীল হইলেও ইহারা পরম্পর নিরপেক্ষ হইয়া পরম্পর হইতে স্বভ্রম্ভাবে অন্তিত্বশীল অর্থাৎ মন জড়ের উপর নির্ভরশীল নহে আবার জড়ও মনেব উপর নির্ভরশীল নহে। মন ও জড় পরম্পর হতত্ত্ব বলিয়া আপেক্ষিক অর্থে এই দুইটিকেও ভেকাটি দ্রব্য আখ্যা দিয়াছেন। অবশ্ব এই দুইটিকে ভিনি পরম ও পূর্ণ দ্রব্য না বলিয়া কৃষ্ট দ্রব্যরূপে গণ্য করিয়াছেন।

ডেকাটের মতে, দ্রব্যকে একমাত্র গুণের মাধ্যমেই জানা যায়। এই গুণ হইল দ্রব্যের সারধর্ম, কোন আগন্তুক ধর্ম নহে, কারণ গুণ আবভাকভাবে দ্রব্যের মধ্যে নিয়ত আশ্রিত। এজন্ম গুণ ব্যতীত দ্রব্যকে চিস্তা করা যায় না এবং ইহার অন্তিত্বও থাকিতে পারে না। গুণ আবার নিজেকে বিভিন্ন প্রকারে প্রকাশিত করে; গুণের এই বিভিন্ন বিকাশকে আফুডি বা ধরন (modes) বলা হয়। আফুডি বা ধরুন পরিবর্তনশীল; কিন্তু গুণ অপরিবর্তনশীল। ঈশ্বর অপরিবর্তনীয় বলিয়া তাঁহার আফুভি বা ধরন নাই; কিন্তু জড় ও মন—এই হুইটি দ্রব্যের আফুতি বা ধরন আছে। চিন্তা বা চেতনা মনরূপ দ্রব্যের গুণ বা সার্ধর্ম আর অমুভূতি, ইচ্ছা, কামনা ইভ্যাদি মনের ধরন বা আঞ্চতি। তদমুরূপ বিস্কৃতি কড়ের গুণ আর মূর্তি, অবস্থান, গতি ইভ্যাদি জড়ের ধরন বা আফুডি। ("Extension is the essential or constitutive attribute of body, and thought of mind. Body is never without extension, and mind is never without thought.") মন চেডনা ছাড়া থাকিতে পারে না; কিছ ইচ্ছা, অফুড়তি ইত্যাদি ছাড়া থাকিতে পারে। তদমুরূপ কড় বিশ্বৃতি ছাড়া থাকিতে পারে না, কিন্ত ইহার বিশেষ বিশেষ মুডি, গতি ইন্ড্যাদি ছাড়াও থাকিতে পারে। বর্ণ, গছ, শব্দ প্রভৃতি কড়মব্যের গৌণগুণ বা ধরনুষাত্ম (modes), ইছার সারধর্ম নছে, কারণ এগুলির পরিবর্তন বা বিলুপ্তি হইলেও অভক্রব্যের পরিবর্তন বা বিস্থারি মটে না। কিছ বিশ্বজ্ঞির অপসারণ হইলে কড়ও

আবিভিকভাবে ধ্বংস হইবে। ("Sense qualities, as colour, sound, odour, cannot constitute the essence of matter, for their variation or loss changes nothing in it: I can abstract from them without the material thing disappearing. There is one property, however, extensive magnitude, whose removal would imply the destruction of matter itself."। একেত্রে উল্লেখযোগ্য যে, ভেকাট গুণ (attribute) ও ধরন (modo)—এই তুইটির মধ্যে যে পার্থক্য করিয়াছেন উহাকে অমুসরণ ও ভিত্তি করিয়া পরবতীকালে জন লক মুধ্য শুণ করিয়াছেন উহাকে অমুসরণ ও ভিত্তি করিয়া পরবতীকালে জন লক মুধ্য শুণ করিয়াছেন উহাকে অমুসরণ ও ভিত্তি করিয়া পরবতীকালে জন লক মুধ্য শুণ করিয়াছেন যুখ্য শুণ করিয়াছেন। অর্থাৎ মুধ্য শুণ করেয়াকুমে বস্তুগত ও মনোগত বলিয়া গণ্য করিয়াছেন। অর্থাৎ মুধ্য শুণ করেয়াকুমে বস্তুগত ও মনোগত বলিয়া গণ্য করিয়াছেন। অর্থাৎ মুধ্য শুণ করেয়াকুম করিয়া থাকে আর গোণ গুণ ব্যক্তি বা জ্ঞাতার জ্ঞানসাপেক, ইহার বস্তুনিষ্ঠ কোন ধর্ম নাই—লকের এই মতবাদের আভাস ভেকাটের দর্শনেই নিহিত আছে।

পরিশেষে ইহাও উল্লেখযোগ্য যে, পাশ্চান্ত্য দর্শনে প্লেটো ও আরিস্টেল ঈশ্বর ও অড়কে তুইটি স্বতন্ত্র প্রব্যরূপে গণ্য করিয়া হৈতবাদের (Dwalism) স্থচনা করেন। পরবর্তীকালে ডেকার্ট জড় বা দেহ ও মন—এই তুইটিকে পরম্পর-নিরপেক স্বতন্ত্র প্রব্যরূপে স্বীকার করিয়া হৈতবাদের পুন:প্রতিষ্ঠা করেন। তাঁহার মতে, জড় ও মন পরম্পরবিরোবী তুইটি স্বতন্ত্র প্রব্য, কারণ জড়ের সারমর্ম হইল চেত্তনাহীন বিস্তৃতি এবং মনের সারধর্ম হইল বিস্তৃতিহীন চেত্তনা; মন স্বাধীন ও সক্রির, ইহা স্বকীর উদ্দেশ্য বারা পরিচালিত হয়। কিন্তু জড়ের কোন স্বাধীন গভিশীলতা নাই ইহা সম্পূর্ণরূপে যান্ত্রিক হিয়মাধীন; জড়প্রব্য বিস্তৃতিসম্পন্ন বলিয়া ইহা স্বরূপত: নিক্রির।

বৈত্তবাদ গ্রহণে আমাদের প্রধান অস্থাবধা এই যে, জড় বা দেহ ও মন—
এই তুইটি স্বরূপতঃ স্বতস্ত্র, পরস্পরনিরপেক ও বিরোধী দ্রব্য হইলে উহাদের
মধ্যে বাস্তবিক ক্ষেত্রে যে ঘনিষ্ঠ সম্পর্ক বিভ্যান তাহা ব্যাখ্যা করা কঠিন হয়।
ডেকার্ট অবস্ত বলেন বে, দেহ ও মনের মধ্যে কার্য-কারণ সম্পর্ক আছে; মন্তিক্ষের
মধ্যে অবস্থিত পাইনিয়াল গ্রন্থির (Pineal gland) মাধ্যমে দেহ ও মনের মধ্যে
পার্লশারীক ক্রিয়া-প্রতিক্রিয়া ঘটে এবং ইহারই ফলে দেহ মনের মধ্যে
এবং মন ধেছের মধ্যে পরিবর্তন ঘটাইতে পারে। কিন্তু দেহ ও মন বিদি পর্মশার-

বিরোধীধর্মী স্বতন্ত্র দ্রব্য হয়, ভাহা হইলে উহাদের মধ্যে পারস্পরিক ক্রিয়া-প্রভিক্রিয়া কিরূপে সাধিত হয় তাহা আমাদের বোধগম্য হয় না।

ম্পিনোজা দ্রব্য সম্বন্ধে ডেকাটে র ধারণার যুক্তিহীনতা প্রদর্শন করিয়া বলেন— কোন স্পীম বস্তুই (কি জড় আর কি মন) পর্বভোভাবে অক্সনিরপেক্ষ হইতে পারে না । তাই কার্টেজীয় ভূলের সম্ভাবন। চিরতবে দূর কবিবার জন্ম স্পিনোজা ডেকার্ট ক ইক প্রদত্ত দ্রব্যের সংজ্ঞাকে আংশিকভাবে পবিবর্তিত করেন। মতে, প্রব্য তাহাই যাহা স্থ-নির্ভর (বা অন্তানিরপেক্ষ) এবং যাহাকে অপর বিষয় বাদ দিয়াও জানা যায়, স্থ-নিউর্শীলতা (self-dependence) ও স্বৰেছতা (self-intelligibility)— এই উভয় ওণ থাকিলেই তবে কোন বস্তু 'দ্রব্য' আখ্যা পাইতে পাবে। সদীম বস্তু কথনও স্ববেগ্ন হইতে পাবে না। অতএব দ্ৰব্য এক ও অসীম। এই দ্ৰব্যকে অন্ত দষ্টিভঙ্গি হইতে ঈশ্বর ও প্রকৃতি বলা যায়। স্পিনোজার মতে দ্ব্য=ঈশ্বর=প্রকৃতি। স্পিনো**লা** মন ও জড়ের স্বতন্ত্র দ্রব্যন্থ অস্বীকার করিয়া বলিয়াছেন যে ঈশ্বরই প্রক্রুতপক্ষে একমাত্র দ্রব্য ; ঈশ্বরের অনস্ত ও অসংখ্য গুণের মধ্যে কেবলমাত্র চেতনা ও বিস্তৃতি এই তুইটি গুণেরই পরিচয় পাওয়া যায়। জড় ও মন অর্থাৎ বিস্তৃতি ও চেতন।---একমাত্র পর্ম দ্রব্য ঈশ্বরেইই গুণ বা রূপভেদ মাত্র। স্পিনোজার মতে, ঈশ্বর অপরিণামী ও অপরিবর্তনশীল; কেবলমাত্র সসীম জাগতিক দৃষ্টিতেই আমরা জগতের পরিবর্তন দেখিতে পাই। কিন্তু পারমার্থিক দৃষ্টিতে জাগতিক বস্তুনিচয়ের, এমন কি জীবেরও, কোন স্বাধীন সন্তা নাই।

৪। দ্রব্য সম্বন্ধে স্পিনোজার মতবাদ (Spinoza's View of Substance)

ম্পিনোজা তাঁহার পূর্ববর্তী দার্শনিক ডেকাটের প্রদন্ত দ্বেরর সংজ্ঞাব উপর ভিত্তি করিয়া দ্রব্য সম্বন্ধে মতবাদ গঠন করিয়াছেন। ডেকাটের মডে, বাহাকে শীম অভিত্ব রক্ষার জন্ম অপর কোন জিনিসের উপর নির্ভর করিতে হয় না, তাহারই নাম দ্রব্য (Substance)। দ্রব্য হইল এমন অভিত্বশীল বস্তু বাহার অভিত্ব সন্থা নিরপেক্ষ এবং বাহা আত্ম-নির্ভরশীল (Substance is an existent thing which requires nothing but itself in order to exist") এই সংজ্ঞা গ্রহণ করিলে মাত্র 'একটি' দ্রব্যের কথা বলাই যুক্তিসক্ত। এই মুক্তি বিবেচনা করিয়াই ডেকার্ট ঈশ্বরকে 'দ্রব্য' নামে অভিহিত করিয়াছেন। প্রকৃত-পকে. ঈশবই একমাত্র পরম ও পূর্ণ দ্রব্য, কারণ তিনি স্বয়স্ত (Belf-caused), অক্ত কোনও সত্তাব উপর তাঁহার অন্তিত্ব নির্ভর করে না, বরং অক্ত সকল পদার্থ ই তাঁহার উপর নির্ভরশীল। কিন্ধ ডেকার্ট ঈশ্বর চাডাও জড ও মনের দ্রবাত্ম স্বীকার করিয়াছেন। ইহা ডেকার্টে ব দর্শনের একটি উল্লেখযোগ্য ক্রটি ও অসঙ্গতি, কারণ তিনি তিনটি দ্রব্য স্বীকার করিয়া তাঁহারই প্রদত্ত দ্রব্যের সংজ্ঞার বিরোধিতা করিয়াছেন। স্পিনোজা ডেকার্টের এরপ ধারণার যুক্তিহীনতা বা ক্রটি সম্পর্কে সম্পূর্ণরূপে অবহিত ছিলেন। স্পিনোজার মতে, কি জড় আর কি মন—কোন সদীম বস্তুই সর্বতোভাবে অস্ত্র-নিরপেক্ষ হইতে পারে না ; স্কুতরাং এগুলির কোনটিই 'দ্রব্য' বলিয়া গণ্য করা যায় না। সেজক্ম কার্টে জীয় ভলের সম্ভাবনা চিরভরে দ্র করিবার অন্য তিনি দ্রব্যের সংজ্ঞা আংশিক পরিবর্তন করেন। তাঁহার মতে, দ্ব্য ভাহাই যাহা স্ব-নির্ভর বা অন্ত-নিরপেক) ও যাহা অপর বিষয় বাদ দিয়াও জানা যায়। ("By Substance, I mean that which is (exists), in itself, and is conceived through itself: in other words, that of which a conception can be formed independently of any other conception "ব-নিভরশীলভা (Self-dependence) ও ম্ব-বেগতা (Selfintelligibility)—এই উভয় বৈশিষ্ট্য থাকিলেই তবে কোন বস্তু 'দ্ৰব্য' আখ্যা পাইতে পারে। সুসীম বস্তু কখনও সবেছ হইতে পারে না। অতএব দ্রব্য এক ও অসীম। এই দ্রব্যকে অক্ত দৃষ্টিভঙ্গি হইতে ঈশ্বর (God) ও প্রকৃতি (Nature) বলা যায়। স্পিনোজার মতে, দ্রব্য = ঈশ্বর = প্রকৃতি। স্পিনোজা মন ও জড়ের মতন্ত্র দ্রবাত্ব অম্বীকার করিয়া বলিয়াচেন যে ঈশ্বরই প্রক্লতপক্ষে একমাত্র দ্রব্য: ঈশবের অনন্ত গুণ: তাঁহার অনন্ত ও অসংখ্য গুণের মধ্যে কেবলমাত্র চেতনা ও বিশ্বতি—এই তুইটি গুণেরই পরিচয় পাওয়া যায়। জড় ও মন অর্থাৎ বিশুতি ও চেতনা একমাত্র পরম দ্রব্য ঈশবেরই গুণ বা রূপভেদ মাত্র।

স্পিনোকা দ্রব্যের যে সংক্ষা দিয়াছেন তাহা হইতে তিনি দ্রব্যের নিয়লিখিত বৈশিষ্ট্যগুলি খীকার করিয়াছেনঃ—

(ক) স্ত্রব্য **অনুস্ত**ু (Solf-caused or cause sui); ত্রব্য স্কীয় **অন্তি**ছের অন্ত বেহেতৃ স্থ-নির্ভর (বা অন্ত-নিরপেক) সেহেতৃ উহা অন্ত কোন বন্ধ বারা উৎপন্ন হয় না।

- (খ) দ্রব্য অসীম ও অমস্ত ; ইহা যদি সসীম হইত, তাহা হইলে ইহা অপর দ্রব্য কর্তৃকি সীমিত হইত এবং ফলস্বরূপ ইহা অপর বন্ধর উপর নির্ভর্কীল হইত। কিন্তু সংজ্ঞা অঞ্সারে দ্রব্য শ্বনির্ভর।
- ্গ) দ্রব্য এক ও অধিতীয় ; যদি ছুই বা ড ভোধিক দ্রব্য থাকিত, ভাহা হইলে একটি অপরটিব দ্বারা সীমিত হইয়া পড়িত এবং ফলস্বশ্ধপ কোনটিই অসীম হইত না।
- ্ঘ) দ্রব্য, কি মানসিক আর কি ভৌতিক—সকল পদার্থের সারসত্তা ও আদি কারণ, যাবতীয় জাগতিক ও মানসিক বিষয় দ্রংব্যর উপর একান্তভাবে নির্ভরশীল।
- (
 ডে) দ্রব্য স্বরূপতঃ অপরিবর্তনীয় , ইহার মধ্যে যদি কোন
 বাস্তব পরিবর্তন বা রূপান্তর ঘটিত, তাহা হইলে স্বকীয় স্বভাব হইতে পৃথক
 সন্তায় পরিণত হইত। কিন্তু দ্রব্য আপন স্বরূপেই সদা অভিন্ন থাকে।
- (চ) দেব্য সম্পূর্ণক্রপে স্বাধীন; ইহা স্বকীয় সেতার বহিভূতি কোনও বস্তু হারা নিয়ন্ত্রিত হয় না, কারণ ইহা অসীম, ইহার বহিভূতি কোন বস্তঃই সত্তা নাই। ইহার আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ-বিধি হারা যাবতীয় ঘটনা ঘটে। স্থতরাং যাহা আত্ম-নিয়ন্ত্রিত ভাহার পূর্ণ স্বাধীনতা বিভ্যমান।
- (ছ) দ্ব্য অনন্তগুণসম্পন্ন; ইহার গুণাবলী স্থনিদিষ্ট করা যার না, কারণ কোন স্থনিদিষ্ট শুণে দ্রব্যকে গুণান্থিত করিলে উহাকে সামাবদ্ধ করা হইবে: কিন্তু দ্রব্য স্বরূপতঃ অসীম ও অনন্তঃ

ম্পিনোজার মতে এই এক ও অদিভীয় দ্রবাই হইল নিশ্বর। ঈশ্বরের অন্তিত্ব সম্বন্ধ স্পিনোজা চারিটি প্রমাণ দিয়াছেন। তাঁহার প্রথম প্রমাণ হইল তব্ববিষয়ক (Ontological) অর্থাৎ অসীম দ্রব্য হিসাবে ঈশ্বর-সম্বন্ধীয় ধারণা স্বন্ধং একটি স্ম্পন্ট ও নি:সন্দিশ্ধ ধারণা এবং যেহেতু তিনি অসীম সেহেতু তাঁহার অন্তিত্বের অভাব থাকিতে পারে না। দ্বিভীয়তঃ, তাঁহার অন্তিত্বের ধারণার মধ্যে স্ববিরোধ নাই, কাজেই তাঁহার অন্তিত্ব অসম্ভব নয়, এবং যাহা অসম্ভব নহে তাহা অবশ্য অন্তিত্বশীল। তৃতীয়তঃ, যদি কোন স্পীম বস্তু মূলতঃ সনীম কারণ বারা উৎপন্ন হয়, তাহা হইলে অনবস্থা দোষ (ad infinitum or infinite regress) মটে; স্ব্তরাং প্রত্যেক সনীম বৃদ্ধর চরম বা মূল কারণ অবশ্যই অসীম দ্রব্য ঈশ্বর। চতুর্থতঃ, অসীম দ্রব্য

আবস্তিকভাবে অসীম-শক্তি-সম্পন্ন, এই অসীম শক্তি ধারাই ঈশ্বর নিত্য নিজেকে সংরক্ষিত করেন।

ম্পিনোজার মতে, ঈশ্বর যেহেতু যাবতীয় জাগতিক পদার্থের মূল কাবণ সেহেতু তিনি জগতের বহিত্তি নহেন, তিনি সম্পূর্ণভাবে জগৎ ও জীবের অন্তর্বতী। তিনি সর্বভূতের অন্তর্ব্যাপী অন্তরাত্মা। তিনি জগৎ ও জীবের মধ্যে ব্যাপ্তা, তাঁহাকে আশ্রয় করিয়াই জগৎ ও জীব বিভ্যমান। জগতের কোন বস্তুই ঈশ্বর হইতে বিচ্ছিন্নভাবে থাকিতে পারে না। ঈশ্বরের সন্তা ও বিশ্বেব সন্তা অভিন্ন অর্থাৎ জগৎ ও ঈশ্বর এক। সবই ঈশ্বর এবং ঈশ্বরই সব। জগতের যে বহুত্ব ও পরিবর্ত্তনশীলতা আমরা লক্ষ্য করি তাহাদের কোন প্রম্ম সভ্যতা নাই। এক ও অন্বিতীয়, অপরিবর্তনীয় ঈশ্বরই পরম সভ্য। যথন আমরা বলি যে, ঈশ্বর জগতের কাবন, ইহার অর্থ এই নহে যে, ঈশ্বর জগতের মধ্যে নিজেব হরপকে বস্তুতঃ রূপাস্থিত কবেন, সকল বস্তুর সারসন্তা বা মূল কারণ হিসাবে ঈশ্বরকে স্পিনোজা natura naturans আখ্যা দিয়াছেন আবাল কারণ ও কার্যের মধ্যে প্রতিভাত ব'লয়া স্পিনোজা তাহাকে natura naturata আখ্যা দিয়াছেন অর্থাৎ ঈশ্বরই কাবন ও কার্য উভ্যুই, কারণ ও কার্যের কোন ভেদ নাই; কারণ হিসাবে তিনিই natura naturan আবার কার্য হিসাবে তিনিই natura naturata।

ম্পিনোজার মতে, একটি ত্রিভুজ যেমন উহার সমগ্র বৈশিষ্ট্য সহ চিরকাল একরূপ থাকে, ঈশ্বর ভেমনই অনস্ত বিকার সহ চিৎ ও অচিৎ এর আধারব্ধণে চিরকাল একইরূপ থাকেন। আমরা কেবলমাত্র সঙ্গীম জাগতিক দৃষ্টিভেই জগভের পরিবর্তন দেখিতে পাই। কিছু পারমার্থিক দৃষ্টিভে (Sub Specie eternitatis) জগৎ অপরিণামী ও পরিবর্তনহীন। জগভের সকল বিষয়ই ঈশ্বর হইভে অনিবার্যভাবে নিঃস্ত হয়, কাজেই জাগতিক বস্তুনিচয়ের, এমন কি জীবেরও, স্বাধীন সন্তা ও অভিনবত্ব নাই।

পরিশেষে, ম্পিনোজা পরম দ্রব্য ঈশ্বরকে ব্যক্তিত্ব সম্পন্ন সন্তা ব লিয়া শীকার করেন নাই, কারণ ভাহার মতে ঈশ্বর সম্পূর্ণক্রপে ভাষাবেগ বর্জিভ, তিনি শ্বরূপতঃ শ্বয়ংসম্পূর্ণ বলিয়া কোন বস্তু লাভের প্রার্থত্ত বা আকাজ্ঞা তাঁহার থাকিছে পারে না; তিনি কামনাবজিত বলিয়া কোন উদ্দেশ্য বা পরিকল্পনা ছারা চালিভ হন না; ভাল, মন্দ, স্থন্দর, কুৎদিৎ, ইচ্ছা, বিরক্তি ইত্যাদি কোন ওণই ঈশ্বরের ক্ষেত্রে প্রযোজ্য নহে, এজন্ত স্পিনোজা তাঁহাকে ব্যক্তি বলিয়া গণ্য করেন নাই।

সমালোচনা: স্পিনোজার মতে পরম দ্রব্য হিদাবে একমাত্র ঈশরেরই প্রকৃত সন্তা রহিয়াছে এবং বৈচিত্র্যায় জগৎ ও জীবের কোন শুভন্ন অন্তিত্ব নাই। কিন্তু বৈচিত্র্যাহ বাদ দিয়া এক ও অবিভীয় দ্রব্য হইদ নিছক শূরগর্ভ, বৈচিত্র্যাবজিত ঐক্য অর্থহীন। বৈচিত্র্যের উপরই ঐক্যের সমৃদ্ধি ও পরিপুষ্টি নির্ভরশীল। জগৎ হইল প্রকৃতপক্ষে পরম দ্রব্য ঈশরের বাস্তব প্রকাশ। জগতের বাস্তব সন্তার দিকটি স্পিনোজার দর্শনে উপেক্ষিত হইয়াছে। দ্বিতীয়তঃ, স্পেনোজা ঈশরকে নিজিয়রপে গণ্য করিয়াছেন বলিয়া জগতের ধেনানা পরিবর্তন ঘটিতেছে তাহা তিনি সম্ভোষজনকভাবে ব্যাখ্যা করিতে পারেন নাই। প্রকৃতপক্ষে তিনি কাল ও পরিবর্তনকে অস্বীকার করেন, কিন্তু কাল ও পরিবর্তনকে অস্বীকার করা সম্ভব কি ? তৃতীয়তঃ, স্পেনোজার দর্শনে ঈশ্বর একমাত্র দ্রব্য বলিয়া গণ্য হওয়ায় নাছ্যের ব্যক্তির ও আক্সমাত্র্য্য অ্যাকৃত হইয়াছে, ফলে স্পিনোজা মাহ্যের নৈতিক ও ধর্মজীবন সম্ভোশজনকভাবে ব্যাখ্যা করিতে পারেন নাই। মাহ্যের বিদিক প্রধীন ইচ্ছাশক্তি না থাকে, তাহা হইলে তাহার কোন নৈতিক দায়ির থাকিবে না। আবার, ভগবান হইতে তক্তের কিন্তিৎ স্বাতন্ত্র্য না থাকিলে ভাহার ধর্মোপাদনা অথহান হইয়া পড়ে।

্ব, ৫। দ্রব্য সম্বন্ধে লকের মতবাদ (Locke's View of Substance)

লকের মতে, দ্রব্য হইল এমন কতকগুলি সরল ধাবণার সংযোগ যাহা
স্থানির্জনীল অন্তিৎসম্পন্ন বিশেষ বিশেষ বস্তুকে নির্দেশ করে। দ্রব্য আমাদের
চিস্তা-প্রস্ত জটিল ধারণা হইলেও বস্তুত: ইহার স্থাধীন বস্তুগত সন্তুগ আছে।
সংবেদন হইতে বিস্তৃত ও ঘনাকার দ্রব্যের অন্তিপ্ধ এবং অফুচিন্তুন বা অন্তদর্শন
হইতে আমরা মন বা চিন্তুনশীল দ্রব্যের অন্তিপ্ধ জানিতে পারি। রূপ, রস, গন্ধ
প্রভৃতি গুণের আধার হিসাবে জড়দ্রব্য, স্ব্র্ণ, ছংখ প্রভৃতি গুণের আধার হিসাবে
আত্ম এবং সর্বস্তুতা, সর্বশক্তিমন্তা প্রভৃতি গুণের অধিষ্ঠান হিসাবে উপার—এই তিন
জাতীয় দ্রব্য লকের দর্শনে স্বীকৃত হইয়াছে। গুণের আশ্রেয় ও সংবেদন স্কৃত্তির
কারণ হিসাবে দ্রব্যের অন্তিপ্ধ অন্থীকার্য। আমাদের মন যে সংবেদন গ্রহণ

করে ভাহার কারণ বা উৎস হিসাবে মনোনিরপেক অভীক্রিয় জড়বপ্তর সত্তা বীকার করা প্রয়োজন। মৃথ্য গুণাবলীর অপ্তর্নিহিত আধার-স্বন্ধপ অবশ্রুই বহির্জগতে জড়-দ্রব্য রহিয়াছে। কিন্তু লকের মতে, এই জড়-দ্রব্যর আসল স্বন্ধপ কি ভাহা আমাদের নিকট অজ্ঞাত ও অজ্ঞেয়। ইহার ওুণ্ অন্তিম্বই আমরা জানিতে পারি, কিন্তু ইহার স্বন্ধপ বা প্রকৃতি সম্বন্ধে কোন পরিচয় পাই না। আমরা সাক্ষাৎভাবে ওর্গ গুণাবলীই জানিতে পারি, এই গুণাবলীর ধারণার মাধ্যমে দ্রব্যের বাস্তব অন্তিম্ব অনুমান করি। আমরা সরাসরি কোন বস্তর সাক্ষাৎ পরিচয় পাই না। ইক্রিয়-পথে বাহ্যবস্তর প্রতিলিপি আসিয়া মন বা চেতনার পর্দায় ধারণারপ ছাপ পড়ে। এই ধারণারপ ছাপই হইল বস্তর প্রতীক। আমরা সোজাহজি এই ধারণান্ধপ বস্তর প্রতীককেই জানিতে পারি এবং এই প্রতীকের মাধ্যমে বস্তর অন্তিম্ব সম্বন্ধে পরোক্ষ জ্ঞান লাভ করি। লকের এই বস্ত্রবাদকে প্রত্তীকবাদ (Representationism) বলা হয়।

কিন্তু লকের প্রতীকবাদেব প্রধান ক্রটি হইল এই যে, মনের বহিভূতি বস্তুসমূহের সহিত' আমাদের ধারণাসমূহের মিল হইল কি না—ইহা জানা কিরূপে সম্ভব ? বাহ্বস্তুর সহিত মনের ব্যবধান হেতু যদি সাক্ষাৎ সংযোগ না থাকে, তাহা হইলে বস্তুব সহিত বিধর্মী মানসিক ধারণার মিল বা অন্ত্রূপতা ব্যাখ্যা করা যায় না।

দ্রব্য সম্বন্ধে হিউমের মন্তবাদ (Hume's View of Substance)

হিউম (Hume) লকের স্থায় একজন অভিজ্ঞতাবাদী দার্শনিক। তিনি লকের স্থায় ইন্দ্রির্থায় অভিজ্ঞতাকেই:জ্ঞান লাভের একমাত্র উপায় বলিয়া স্বীকার করিয়াছেন। ইন্দ্রিয়-অভিজ্ঞতায় আমরা যাহা লাভ করি তাহা কতকশুলি সংবেদন মাত্র। স্ক্তরাং যে সকল বস্তুর অন্তর্মণ সংবেদন সম্ভব তাহারই একমাত্র অভিজ্ঞ আছে বলা বায়। যে সকল বস্তু ইন্দ্রিয়গ্রায়্ প্রভ্যক অভিজ্ঞতার অধীন নহে সেই সকল বস্তুর কোন অভিজ্ঞতার অবীন নহে সেই সকল বস্তুর কোন অভিজ্ঞতার অবীন অভিল্ ইন্দ্রিয়গ্রায়্ অভিজ্ঞতার অভীত বলিয়া, হিউমের মতে, ইহাদের অভিজ্ঞতার বিভিন্নের করা যায় না। তাঁহার মতে, সংবেদনসমষ্টির সমাবেশের বৈচিজ্ঞার অক্তই কথনও জড়, কথনও মন—এই তুই বস্তু সম্পর্কে আমাদের ধারণা জমো।

কিছ অড় ও মন ব দিরা কোন অপর্রবর্তনীয় সন্তানাই। এমন কি, ঈশরের সন্তাও বুক্তি বারা প্রতিষ্ঠা করা বায় না।

হিউম ধাৰতীয় প্রত্যক্ষকে তুই ত্রেণীতে ভাগ করিরাছেন। প্রত্যক্ষের এই हरें कि कारा छन रहेन-हे किय-मः त्वमान हान (impressions) अवः धार्या (ideas)। यांत शेव धावना मःदनम्भ श्रेट छ छे । धावना मःदनम्दनवर কীৰ প্ৰতিলিপি (faint copy) মাত্ৰ কাৰেই, হিউমের মতে, স্বেদনের ভিত্তি ব্যতীত কোন ধাংশ। গঠনই সম্ভাগ নহে। সংবেদনের অভীত কোন অপরিবর্তনীয় ও ছাত্রী জড় জগৎ বা দ্রব্য স্বীকার করা যায় না। কভবগুলি বিশেষ বিশেষ একক্র সমাহিষ্ট গুণসমূহের নামই এক-একটি দ্রবা। গুণস্কলের चভিরিক্ত দ্রব্যের বাস্ত বক সন্ত। নাই। যাহাকে আমব কড়ন্ত্রণ্য বলি ভাহা কতকগুলি গুণের শংবেদনের সমষ্টি মাত্র এবং যাহাকে মন বলি তাহা হ**ইল** অফুড়ভি, ইচ্ছা প্রভৃতি মান সক ক্রিয়ার সমষ্টিমাত্র। গুণাবলীর আধার হিসাবে ছব্যের অন্তিত্তে বিশ্বাস নিছক অবাহ্নব কল্পনামাত্র। বার্কলি ধাংলাসমূহের আধারক্ষণে অপরিবর্তনীয় আত্মা বা মনের প্রবঃত্ব ধীকার করিয়াছেন। কিন্ত হিউম ব ৰ্কলিকে সমালোচনা করিয়া বলেন বে, নিজ্ঞায় ও অপরিবর্তিত স্থির ছব্যব্রণে মন বা আ্যাকে কখনও প্রত্যক্ষ করা যার না; স্বভরাং এক্লণ কোন আধ্যাত্মিক ত্রব্য নাই, ইগাও মামুধের স্বলীক করনামাত্র। অন্তর্দর্শনের সাহাধ্যে আমরা ভর পরস্পরবিচ্ছিন্ন পরিবর্তনশীল ধারণা, অফুড়তি প্রভৃতি মানদিক প্রক্রিয়ার অভিজ্ঞতা লাভ করি, কিছু কোন অবণ্ড অপরিবর্তনীয় আন্যাত্মিক হবোর অভিত অভুভব কর না। হিউনের কথায়, "আমার দিক হইভে যথনই আমি খুব ঘনিষ্ঠভাবে আমার মধ্যে প্রবেশ করি, আমি সর্বদা কোন না কোন ब्रार्वणन शहि. कथन । गत्रम, कथन । शिथा, कथन । व्यार्गा, कथन । हारा, कथन । ভালবাদা, কখনও দুলা, কখনও তুঃখ, কখনও বা সুখ। আমি কখনও সংবেদন চাড়া আর কোন আমার নিজম সত্তা অমূভব করিতে পারি না।'' ("For my part, when I enter most intimately into what I call myself, I always stumble on some particular preception or other, of heat or cold, light or shade, love or hatred, pain or pleasure.") পরিবর্তনশীল মানসিক প্রক্রিরার আধার যোগস্ক্রপ্রেণ অখণ্ড আত্মার অফ্লিত্ব স্বীকার করিবার কোন যুক্তিসণত কারণ নাই। পরস্পার-ৰিচ্ছিল মানসিক অবস্থাসমূহ অহ্বছের (association) নিৱৰ অহ্পাত্তে পাঃ হঃ ৮

বান্ধিকভাবে পরস্পরসম্বন্ধযুক্ত হয় অর্থাৎ গুল্ফ বা সমষ্টিতে পরিণত হয়। এই মানসিক অবস্থাসমূহের গুল্ফ বা সমষ্টিই হই ল মন বা আত্ম। কোন স্থায়ী সংগঠন শক্তিসম্পন্ন চেতন আত্মার ধারণা মান্ধবের কল্পনাবিলাস মাত্র।

এইভাবে হিউম অতীক্রিয়, খাখত ও অপরিবর্তনীয় কোন দ্রব্যই খীকার করেন নাই। তিনি চরম অভিজ্ঞতাবাদী দার্শনিক হিসাবে ইহাই বিদিয়াছেন ষে, মামূ.ষর পক্ষে চরমতত্ত্বের অন্তিত্ব ও প্রকৃতি সম্বন্ধে কোনরূপ যথ,র্থ ও নিশ্চিত জ্ঞান লাভ করা সম্ভব নহে।

তবে এবথা উল্লেখযোগ্য যে, হিউমের অভিজ্ঞতাবাদ সংশয়বাদে পরিণ্ তি লাভ করিলেও তিনি কতকগুলি মৌলিক তত্ত্বে বা সত্যে বিশ্ব সী ছিলেন। তিনি সাভাবিক ও সহজাত প্রবৃত্তি (natural instinct) দ্বারা প্রণাদিত হইয়া বহিজ্ঞগতের বাত্তবভায় বিশ্ব স্থাপন করিয়াছিলেন। ইন্দ্রির অভিন্নতা বা যুক্তিদারা এই ধরনের বিশ্বাস সমর্থনীয় না হইলেও ব্যবহাবিক জীবনে এবং বৈজ্ঞানিক গাবেষণার ক্ষেত্রে প্রেল বিশ্ব সের উপযোগিতা আছে। ("Though theoretically defensible neither by sense—experience nor by reason; such a belief, to which instinct promits un, is justifiable by its usefulness in the practical conducts of life as in scientific investigations.") ঈশ্বরের অন্তব্ধ সম্পন্ধও থিনি এই কথা বলেন যে, তাঁহার অন্তব্ধ যুক্তি বা প্রমাণের দাবা প্রতিষ্ঠিত করা যায় না বটে, তবে বিশ্বজ্ঞাতে যে শৃঞ্জা লক্ষিত হয় তাহাতে হাহার অন্তিব্ধ সম্বন্ধে আমরা প্রায় স্থানিকত হইতে পারি, অবস্থ হাহার স্বন্ধণ ও গণাবলী সম্বন্ধে কোন জান লাভ করিবার যথেষ্ট তথ্য প্রমাণ আমাদের হাতে নাই।

সমালোচনা :—হিউম দ্রব্য সম্পর্কে কোন সদর্থক (affirmative) উত্তর দিতে পারেন নাই। দ্রব্য হইল কভকগুলি গুণের সংবেদনের সমষ্ট্রমাত্র—হিউমের এই অভিমত সমর্থন করা যায় না। গুণসমূহের অন্তর্নিহিত বাত্তবস্তা হিসাবে দ্রব্যের অক্তিম অনস্থীকার্য। গুণসমূহে প্রকাশিত হওয়াই দ্রব্যের ঘাভাবিক ধর্ম। বস্তুত্ত, দ্রব্য উচার বিভিন্ন গুণ ও ক্রিয়ার মধ্যে অন্তর্নিহিত থাকিয়া সেগুলিকে ক্রব্যক্ত করে এবং বিভিন্ন পরিবর্তনের মধ্যে নিজের স্থায়িত্ব অক্ত্র রাথে।

৭। জ্যু সম্বন্ধে লাইবণিজের মুভবাদ

(Leibuiz's View of Subst. nce)

শাইব্শিক্ষ একজন বুরিবাদী দার্শনিক (Rationalist) ছিলেন। এব্য শাবন তাঁহার মতবাদ ডেকাটের ও স্পিনোজার মতবাদের সমালোচনার উপর প্রতিষ্ঠিত। ডেকাটের মাতে, যাহাকে স্বীয় অভিত্ব রক্ষার জন্য অপর দোন জিনিসের উপর নির্ভর করিতে হয় না, তাহাছে নাম এবা। অর্থাৎ এবা হইল স্বাধীন ও স্থনির্ভা। এই গুক্তি বিবেচনা করিয়াই ডেকাট ঈশ্বরকে 'প্রবা' নামে অভিহিত করিয়াছেন। কেননা, ঈশ্বর অসম ও স্বহস্তু এবং শীয় অভিত্ব রক্ষার জন্য অপরের উপর অননির্ভরশীল। কিন্তু ডেকাট ঈশ্বর ছাড়াও জড় ও মনর প্রবাহ বা বা করিয়াছেন। তাঁহার মতে, জড়ও মন ঈশ্বরের স্তি বলিয়া ঈশ্বরের উপর নির্ভরশীল, কিন্তু উহারা পরস্পান নিরপেক ভুইটি স্বভন্ধ প্রবা।

ম্পিনোঞ্জা ডেকাটে ব এই ধারণার যুক্তিহীনতা বা ক্র'ই সম্পর্ক সম্পূর্ণব্ধপে অবহিত ছিলেন। তাহার মতে, কোন সদীম বস্তুই সর্বভোতাবে অক্সনির পক্ষ হইতে পাবে না। তাই কাটে জিল্ল ভূলের সম্ভাবনা চিরতরে দ্ব করিবার জন্য তিনি দ্রব্যের সংজ্ঞাকে আংশিক পরিবর্তন করেন। তাঁহার মডে, স্থব্য তাহাই হাহা অন্তির্শেশ। বা অক্যনিরপেক) ও যাহাকে অপর বিষয় বাদ দিয়াও জানা বার। অনির্ভরশীলভা (Self dependence) ও অবেদ্যতা (Self-intelligibil ty)—এই উভন্ন গুণ থাকিলেই তবে কোন বস্তু 'দ্রব্য' আখ্যা পাইতে পারে। সদীম বস্তু কথনও স্ববেদ্য হইতে পারে না। অতএব স্বব্য এক ও অসীম।

লাইব্ণিজ দ্রব্য সহদ্ধে ডেকার্ট ও স্পিনাদ্ধার মতবাদের দ্বারা প্রভাবিত হইয়াছেন বটে কিন্তু তিনি দ্রব্যের স্থনির্ভরণীল বা অন্যা নিরপেক অন্তিম্বের পরিবত্তে উহার স্থনির্ভরণীল বা অন্যা-নিরপেক ক্রিয়াশীলতার উপর অধিক গুরুত্ব দিয়াছেন। স্পিনোজার মতে দ্রব্য এক ও অসীম; কিন্তু যেখানে মান্ত্র একটিই দ্রব্য, সেখানে ক্রীয়াশীলতার ব্যাখ্যা কি সন্তব্যবহ দ্রব্য বদি স্থনীম হয়, তাহা হইলে উহার আর বিকাশ সম্ভব নহে অর্থাৎ উহা নিছক নিজিয় ও নিশ্চল সম্ভাম ত্র হইয়া পড়ে। অর্থচ জগতে প্রতিনিয় এই ক্রিয়াশীল বিকাশেয় প্রভুব্ব উলাংকা দেখা যায়। মুক্তরাং ক্রব্য এক ও অসীম বলা যায় না।

লাইব্ণিক এই বৃক্তির উপর নির্ভর করিয়া তারা অনন্ত সংখ্যক (there is an infinite number of substances) বলিয়া অভিমন্ত প্রকাশ করিয়াছেন। ভাঁহার মতে, জগং অজন পরম তারা গঠিত। এই পরম তারাসন্হ কুত্র হম ও অবিভাজ্য, স্থনির্ভর ও সক্রিয়, আত্মকেন্দ্রিক ও পরস্পর স্থতন্ত্র, সজীব ও সচেতন পরম পু বিশেষ। তাবে র আত্মক্রিয়াশীলতা হইতেই প্রমাণিত হয় যে, তার্যসমূহ এক একটি বিশেষ বস্তু, একটি অপরকে বাদ দিয়াই স্থনির্ভরশীল শক্তিরণে অক্র থাকে।

লাইব ণিজ ব.লন, দ্রব্য জড়াত্মক (material) নহে, কেননা জড়াত্মক বস্তু মাত্রই বিস্তৃতি স্পন্ন (extended); স্তুত্মাং যত কুদুই হউক না কেন উহা বিভাজ্য (divisible)। এজন্ম জড়-পরম গুপরম দ্রব্য বিশ্বা গণ্য হইতে পারে না। অপরদিকে গাণিতিক বিলু (mathematical points) অবিভাজ্য বটে, কিন্তু উহা দ্রব্য নহে, কারণ গাণিতিক বিলু কর্মার বস্তু, বাত্তব নয়। স্থভ্যাং একমাত্র সিদ্ধান্ত সন্তুগ এই যে দ্রেব্য আত্মানিশেষ (Spiritual); এইরূপ তত্ত্বের নাম চিৎপরমাণু বা চেঙ্ডন প্রনাণু monad)। তাঁহার মতে, প্রত্যেকটি দ্রব্য অর্থাৎ চিৎপরমাণু (monad) হইল স্থানির্ভ্যা আ্লুক্রিয়া শীল শক্তি।

লাইব্ণিজের মতে, চিৎপর্মাণ্ (moad) হইল বিস্কৃতিহীন, অবনিশ্বর ও গবাক্ষহীন তব্যুলক পরম সন্তা। অবিভাক্তা গণিতিক বিন্দুর মত প্রত্যেকটি চিৎপর্মাণ্ বিস্কৃতিহীন (unextended)। বংন আমরা চিরগতিশীল চিৎপর্মাণ্কে নিজ্জিয় ও স্থির বলিয়া শুম করি, তথনই বিস্তৃতি বা দেশের (Space ধারণা হয়। কিন্তু প্রকৃতপক্ষে বিস্তৃতি বা দেশ চিৎপর্মাণ্ স্বরূপ লক্ষণ নহে। বিভীয়তঃ, চিৎপর্মাণ্ অবিভাজ্য ও অংশবিহীন মে'লিক সন্তা, ইহা যোগক পদার্থ নহে, এইজ্জু ইহার উৎপাদনও নাই আবার বিনাশও নাই। ইহা নিতা (external) ও অবিনশ্বর (immortal)। তৃতীয়তঃ, চিৎপর্মান্থ বাহ্নিক প্রস্তার হইতে সম্পূর্ণরূপে মৃক্ত; ইহা অক্তনিরপেক্ষ, আত্মক্তিপর্মান্থ বাহ্নিক প্রস্তার হইতে সম্পূর্ণরূপে মৃক্ত; ইহা অক্তনিরপেক্ষ, আত্মক্তির ও হয়ং সম্পূর্ণ। এ ক্যু ইহা গ্রাক্ষহীন; আপন স্বভাব অম্বায়ী উহার নিজের সন্তায় পরিণাম ঘটে, আত্ম-বিক্তাশের ক্যু ইহা অক্ত বস্তুর উপর নির্ভর করে না। প্রত্যেক চিৎপর্মাণ্র মধ্যে অন্ত সম্প্রাকানা নিহিত রহিয়াছে। প্রত্যেক চিৎপর্মাণ্ স্বকীয় শক্তির পূর্ণ বিকাশের ক্যু নিরম্বর সচেই। সমগ্র বিশ্ব-জ্বংই প্রত্যেকটি চিৎপর্মাণ্র মধ্যে কেন্দ্রীভৃত; আপন আনন শক্তি অম্ব্যায়ী

চিংপবমাণু ও ল ভাগতিক বিষয়কে আপন আপন সন্তার মধ্যে চিত্রিত করে। কাজেই এক একটি িংপবমাণু যেন জগতের এক একটি ক্ষুদ্র চিত্র বা প্রতিক্রপ (universe in miniature), অর্থাং প্রত্যেক চিংপরমাণু বস্তুত: জগতের দর্পন (mirror of the universe), অবশ্য উগা ভীবস্তু দর্পন, কারণ উহা স্বকীয় শক্তি হারা নিজের মধ্যেই বস্তুব চিত্র উৎপাদন করিয়া থাকে।

যদিও সকল চিৎপরমাণু একই জগৎকে নিজেদের মধ্যে চিক্তিত করে, তবুও উলাদের মধ্য প্রতিজ্ঞান-শিনির মান্তার পার্থন্য থাকায় উলারা বিভিন্ন-ভাবে বিশেষ দৃষ্টভান্তি জহুষাথী নিজেদের মধ্যে জগৎকে প্রবাশিত করিয়া থাকে। বিশেষ দৃষ্টভান্তি জহুষাথী নিজেদের মধ্যে জগৎকে প্রবাশিত করিয়া থাকে। বিশেষ দৃষ্টভান্তি জহুষাথী ইল্লেও চেতনা সকল চিৎপরমাণুর মধ্যে সমভাবে বাক্ত থাকে না। চেতনার প্রকাশের মাত্রা বিভিন্ন চিৎপরমাণুর মধ্যে বিভিন্ন ধবণেব, লারণ উলাদের মধ্যে গুণগত পার্থাক্য বিভাগন। যে সকল চিৎপরমাণু যত বেলী সক্রয় উলাদের প্রকাশ ক্ষমতা তত বেলী স্পষ্ট। চেতনার প্রবাশ কার্যাক তাবভ্রম অনুসাবে লাইব্লিজ চারিপ্রকার চিৎপরমাণুব উল্লেখ করিয়ালেন—(১°) আজালচেতন, (১) চেতন, (৬) অবচেতন ও(৪) নিজ্ঞান ঈশ্ব বহু মধ্যে পরিপূর্ভাশ্ব চেতনা বিভ্যমান; তিনি পূর্ণরূপে আজ্মলচেতন, বিশ্বর পদমশান্ত। ভান্ট, লাইব্লিজের মতে, ঈশ্বর হুইলেন সকল চিৎপরমাণু স্থা প্রেট চিৎপরমাণু (monad of monads)। ঈশ্বরই সকল চিৎপরমাণু স্থাট করিয়া উল্লেশ্ব মধ্যে ঐক্য ও শৃদ্ধালা পূর্ব হুইতে স্থ্যভিষ্টিত করিয়া দিলচ্চন।

স্মালোচনা:—লাগ্ব্ণিজের চিৎপরমাণ্শাল dectrine of monads)
পর্যালোকনা করিলে দেখা যায় যে, উাহার মতবাল বছত্বনাদের (pluralism)
একটি প্রকাশভেদ, কারণ ভাঁহার দর্শন বছত্বনাদের উপর ভিত্তি কবিয়া আরম্ভ
হালা গঠিত। কিন্তু ভাঁহার দর্শন বছত্বনাদের উপর ভিত্তি কবিয়া আরম্ভ
হালাও অবশোষ ভিনি বলেন যে যাবতীয় চিৎপদমাণু ঈশ্বর বর্তৃক হাই ও
নিয়ন্তি। যদি চিৎপরমাণুসহ বন্ধত: ঈশ্বন বর্তৃক হাই হয় এবং যদি উহাদের
পাশভারিক সম্পর্ক ঈশ্বর কর্তৃ ক পূর্ব হলাভ নিয়্রন্তিত হয় ভাহা হইলে উহাদিগকে
ক্রেন্ত শক্ষে পরম দ্রন্য বা মৌলিক ভন্ত বলিয়া গণ্য করা যায় না। লাইব্লিজ
কর্ত্ব প্রাতিত চিৎপরমাণুশাল প্রক্ত পক্ষে বছত্ববাদের প্রকারভেদ হইভেপারে না;
ইহা মূলভ: এত শ্রেণীর একত্বাদ (monism), কারণ চিৎপরমাণুসমূহের
স্থা ঈশ্বরের মূল সন্তা হইভে নিংস্তে এবং ঈশ্বরের হারা নিয়্রন্তিত।

৮। ख्रु रह. ना छूरे, मा এक-

বছত্ব গদ, ধৈ ভবাদ ও একত্ব গদ

(PLURALISM, DUALI M AND MONISM)

সদা পবিবর্তনশীল ই লিয়-গ্রাহ্ম জগং আমাদের অভিক্সতা-সাপেক বা ব্যবহাবিক জগং। এই পবিদৃষ্ঠান জগতের পশ্চাতে ই লিয়াতীত কোন নিতা, সনাতন ও অপরিবর্তনীয় দ্রব্য সন্তা আছে কি না দর্শনের ইহা একটি মৌলিক প্রেশ্ন। একমাত্র ই লিয়জ অভিজ্ঞতাবাদীদের নিকট এই প্রশ্ন অবান্তব, কাব্দ উহার্যাই লিয় অভিজ্ঞতা অভিরিক্ত কোন প্রম্ম ওত্ব বা সন্তা স্বীকার করেন না। কিছু অভিজ্ঞতা বিশ্লেষণ কবিলে দেখা গ্রায় যে, কোন এক ব বা একাধিক মৌলিক দ্রব্য বা তত্ব গীকার না করিলে অভিজ্ঞতাই সন্তাব হয় না। স্ক্তরাং ই শ্লিয় অভিজ্ঞতার মতিরিক্ত মৌলিক দ্রবা-সন্তা অবশ্য স্বীকার্য।

এখন প্র ইইস—বিখ-জগতের মে লিক সত্ত পরম তত্ত্ব বা দ্রব্য সংখ্যায় এক, না হই, না বহু ? এ সম্বন্ধে তিন প্রকার মতবাদ রহিয়াছে। যে মতবাদে মাত্র একটি পরম দ্রব্য বা আদিম সংগ স্বাক্ত হয় তাহাকে বলা হয় একভাগি বা আটি এক দ (Monism); যে মতবাদে মাত্র হেইট পংস্পুর স্বতন্ত্র পরম দ্রব্য বা আদিম সন্তা ভীক্ত হয় তাহাকে বল হয় হৈ •বা । (Dualism); আব যে মতবাদ বহু বা অসংখ্য পরম সত্তা বা দ্রব্য স্বী হার করে তাহা হইল বহু হবাদ বা বহু শিদ (Piuralism)।

उ. । বহু দ্বাদ বা বহুবাদ (Pluralism):—এই মতবাদ অমুসারে জগতে দত্ত পরস্পর অভন্ত, অপ্রতিষ্ঠ, অয়ংনির্ভর, পংম পদার্থ বিজ্মান। সাধারণ লোক এই মতবাদ পোবণ করে। সাধারণ দোক তাহাদের অভিজ্ঞ ভার জ ভের বিচিত্র পদার্থেন সংস্পর্শে আসে। তাই তাহারা সাধারণ বৃদ্ধিতে মনে করে যে, জাগতিক পদার্থসমূহ পরস্পর অতম এবং ত'হাদের সন্তাও পরস্পর হইতে পৃথক। বিভিন্ন পদার্থের মধ্যে ঘনিষ্ঠ যোগুস্ত্র বা অজাকি সম্পূর্ক ভাহাদের দৃষ্টগোৎর হয় না। একম্ব তাহারা সাধারণতঃ বছবাদী; তাহাদের নিওট জগৎ বিভিন্ন ও পরস্পার অভ্যান্তর সমাবেশক্ষণে প্রতিভাত হয়।

নিয়ে ভিনপ্রকার বহুষ্বাদ আলোচিত হুইল—(১) জড় পারুষাপুর্যি (Materialistic Atomism), (২ চেডন পার্যাপুরাদ (Spiritualistia Atomism) এবং ,২) নব্যাজবাদ (Neo-Realism):—

(5) WE THE THE (Materialistic Atomiam): - WY THE THE

হুইল অভুবাৰ (Materialism) বা জন্তান্ত্ৰক বছবাদের (materialistic Pluralism) নামান্তর ৷ ভড়বাদ ভমুসারে জড়ই হইল জগতের বাবভার পদার্থের আদিম বা মৌলক উপাদান। জগতের যাবতীয় পদর্থ অবংখ্য স্বপ্রতিষ্ঠ, অবিভাক্তা, নিভা ও স্বতম্ন কড়-বিন্দু বা পরমাণুর সংযোগে গঠিত। তথু ভৌত্তিক পদাৰ্থ কেন, এমন কি প্ৰাণ এবং মনও প্ৰমাণুব সংযোগে উছ্ছ কান্তেট অসংখ্য জড়-পরমাণুট বিশ্ব জগতের পরম দ্রব্য বা মৌলকভত্ত। পরমাণুর সংখ্যা বহু এবং এগুলি পরস্পুব স্বতম্ভ ও স্ব নির্ভন্ন মৌলিত দ্রব্য বলিয়া পর্মাণুব দ বা জড়বাদ বহুছবাদের প্রকাবভেদ। জড়বাদীদের মতে ভগতেব ক্রমবিকাশের আদিম স্তবে অসংখা, স্বদন্ত, ও নিভা পরমাণু মুগাৰুক্তা ঘূৰ্ণায়ম'ন অৱস্থায় বিভ্যান ছিল ৷ এই সকল ঘূৰ্ণায়েমান প্ৰমাণুক পারস্পুরিক আকর্ষণ ও বিনর্ষণেব ফাল ভাণাদের মাক্ষ্মিক সংযোগ ও বিশ্বাগ बर्टि। এই जार क इनरम न् नम् एव न राशा । विद्यार्थन करन को कम জ্বগন্তের যাসতীয় ভৌতিক পদার্থ ও উহাদের গুণাবলীর উদ্ভব ঘটে। জ্ঞত্-পরমাণুদমূত্র কল্ম ও হৃচকে দমানেশে এবং উগাদেব পারস্পবিক আকর্ষণ ও বিকর্যণ নিয়াব কলম্বনা প্রোনৌপ্লাজম নামক কোষ (protoplasmic ce'l) উৎপন্ন হল্প এবং এই কোষই পাণেব উৎস। কার্বন, হাইড্রোকেন, অক্সিজন, নাই ট্রান্জন, সালফাব, অ্যালসিয়াম প্রভৃতি ্ভীংরাণায়নিক উপাদান জীবকোক গুঠন কবে এবং কাল কমে প্রাণ ক্রিয়া ঘটে। পরিশেষে মন বা চেডনা কোন পরম তত্ত্ব নচে, ইহা জীবদেহের লাযুপ্ত ও মত্তিক ই ক্রিয়-প্রতিক্রিয়ার 'ছারামাত্র'। কাজেই মানসিক শ'ক্ত জড়-শক্তিরই রূপান্তর; তৌত ও রাসায়নিক প্রক্রিরার কলে মন বা .চভনার উৎপত্তি। প্রমাণু 'ানী বা জাড়বালীদের মতে, ক্লীশ্বর মানুস্বর অবান্তব কল্পনামাত্র। তাঁহালের মতে, জগতে স্ষষ্টি, স্থিতি ও লাল্ল ৰাবভীয় ভাগতিক বন্ধ ও ঘটনা প্রমাণুসমূহের আক্ষিক সংযোগ ও বিরোগ बाजारे गांचा करा यात ।

সমালে চলা :—পরমাণ্বালী তথা অড়ান্থক বছবাদীলের বজবা চইল বে,
বিভিন্ন ও বছস থাক পরস্পর পতত্র পরমাণ্ হইল বিশ্বজগতের প ম ডব এবং
ইছালের আকাশ্বক সংবোগ-লিবোগ শারা ভগডের বাবডীর পলার্থ সম্পৃথি
বান্তিকভাবে উৎপন্ন ও নিয়ন্তিত হইডেছে। কিন্তু গভাবভাবে লক্ষ্য কলে দেখা
কলিবে, জা ভের মাধ্য নিয়ন ও লৃখলা, একা ও সংগঠন, কল ও ফলসাধ্নের
উলাবেন্ত্র নাব্য কোনাবোগ প্রাকৃতি বুদ্ধির ও উদ্বেশ্বস্থাক কিন্তা প্রক্রিয়া

বিভাষান। এগুলি কথনও স্বৰূপতঃ অন্ধ ও জচেতন ভড় পর্ম'শুসমূহের ৬ উহাদের গতিক্রিয়া দ্বারা যান্ত্রিকভাবে ব্যাখ্যা করা যায় না। বাস্তরিক, জাগতিক বস্তুতি চয়েব সাম ও প্রপূর্ণ সংগঠন ও স্থতিপুণ রচনা আন্ধ জড় পরমাণুসমূহের কার্য নহে জাগতিক পদার্থদনূহের ফশৃত্ব ও বিশ্বরুবর বিভাস ও সংস্থানের কারণ হইল কোন পরম উদ্দেশ্যগুলক চেতনশক্তি। অধিবস্ত জড়পবমাণুবাদ পাণ ও মনেব উৎ°ত্তি সন্তোহজনকভাবে ব্যাখ্যা করিতে পারে না। প্রাণ শ্বরূপত: **জড়** চইতে ভিরধর্মী; গতির স্বাধীনতা, অত্মনিয়ন্ত্রণের ক্ষমতা, স্তর্নশক্তি ইত্যাপি প্রাণীব বৈশিষ্টাসমূহ ভড়েব প্রকৃতিব মধ্যে স্কিত হয় না। তদমুক্সপ মনও প্রক^সত: জড় হইতে স্বতন্ত্র গুণবিশিষ্ট; মন সতেন আর জড় নিশ্চেতন। ভাহা ছাডা, ভড়েব প্রধান বৈশিষ্ট্য গতি ক্রিয়া মন ব' যে তনার মধ্যে লক্ষিত হয় না. কাজেই মন মস্তিজ্ব গতিক্রিয়ার রূপাস্তব হইতে পারে না। পকা**ন্তরে দেহ** মানর ছারা যথেইভাবে প্রভাবিত হয় এবং জড়-পর্মাণুকে মন বা চেডনার সাহায্যেই জানা যায় ৷ এই মর্থে জড়ের অন্তিত্ব মন বা চেতনার উপর নির্ভ শীল। কাজেই আমা দর এই সিদ্ধান্ত কবিতে হয় যে, জড়-প মাণু হইডে জগৎ, জীবন ও মনের উৎপত্তি নহে, বরং এক পরম ১৮৩ ক্রময় তত্ত্ব হইতে জড়, প্রাণ ও মানর উদ্ভব হইয়াছে। এই পরম দ্রব্য হইল পর্মেশ্বর। পর্মেশ্বর হই:ভই বৈচিত্র্যমন্ত্র জগৎ উদ্ভূত এবং তাঁহার মধ্যেই ইহা অবস্থিত। তিনি অড় ও ভড় শক্তিকে উপায় বা যহুষরূপ ব্যবহার কবিয়া জাগতিক পদার্থসমূহের ক্রম-বিলাশকে পরম উদ্ভাও পরিবল্পনা অহুযায়ী পারচালিত করিভেছেন একং জাগতিক বির্তনের মধা দিয়া আপন পূর্ণতা উপলাক্ক করিতেছেন।

(২) চেডন-পর মাপুরাদ । Spiritualistic Atomism ঃ— চেডন-পরমণ্বাদ (Spiritualistic Atomi m) বছংজ্বাদের এবটি প্রকাবেছে। এই মতবাদ অফুসসারে জগতের মূল উপাদান হইল অসংখ্য চেডন-পরমাপু (monads)। জার্মান দার্শনিক লাইব্ গিজ এই মতবাদের প্রবতক। তাঁগার মতে জগৎ অজ্ঞ পরম দ্রব্য হার গঠিত। এই পরম দ্রব্যসমূহ ক্ষুদ্রত্য ও অবিভাজ্য, অভির ও স'ক্রেয়, অভ্যাবেজ্ঞিক ত প্রকার অংশ সজার ও লাক্তিন পরমণ্ বিশেষ। অবশ্র এই পরমন্ত্রসমূহ অরপতঃ চেতনবর্ষী হইলেও চেডনা সকল চিৎপরমাপুর মধ্যে সমস্তাবে ব্যক্ত থাকে না। চেডনার প্রকাশের মান্রের ভারতম্য অফুসারে লাইব্ বিক চারিপ্রকার চিৎপরমাপুর উল্লেখ করিয়াছেন— (i) আক্ষাচেনন, (ii) চেডন, (iii) অবচেনন ও

(1४) নিজ নি। ছিউ ছে: চিংপরমাণুসমূহ আথাকৈ কি ও পরক্ষার নিরশেষ বলিয়া

৫৩ লি. চাইব্ণিটের মডে, কাহিতঃ গ্রাকাহীন (mindon less) আর্থাও

প্রত্যেকটি চিংপরমাণু বহিঃপ্রভাব হইডে মুক্ত, কাজেই আপন মুভাব অমুবায়ী

ইহার নিজের ই ডে'র পানিথান ঘটে। বিজ্ঞ চিংপরমাণুসমূহ পরক্ষরের প্রভাব

হইতে মুক্ত হইনেও ইহাচের মধ্যে এমন ঐক্য ও সংগঠন বিহুমান স্বে, একটির

মধ্যে কোন পরিবর্তন ঘটিলে অপর একটির মধ্যেও ভাহা প্রভিক্তিত হয়।

চিংপরমান্তর মধ্যে ঐক্য ও পারক্ষার্তন নক্ষার বাহেত, ইম্বর হইকের

চিংপরমানুর মধ্যে একা ও বিহাছেন। তাংগার মতে, ইম্বর হইকের

চিংপরমানুর মধ্যে প্রেট চিংপরমাণু (morad of all morads ! ইম্বর সক্ষ

চিংপরমানুর সধ্যে প্রেট করিয়া উহাদের মধ্যে একা ও শৃত্রা পূর্ব হইতে মুক্রভিটিভ

করিয়া দিয়াছেন।

সমালোচনা :— চিৎপরমাণুসমূহ যদি ঈশ্ব কত্কি সাই হয় এবা উহাদের পারস্পরিক সম্পর্ক যদি ঈশ্ব বত্কি পুঠ হইতে নিয়াছত হয়, তাগা হালে উহাদিগকে বছত: পরম দ্রব্য বা মৌলক তত্ত্ব বিষয় গণ্য করা হাল না। কাভেই লাইব্লিজ কত্কি প্রাবিতি চিংগ্রমাণুবাদ প্রতাশকে বহুতবাদের প্রকারেছেদ হইতে পারে না, ইহা মূল্জ এক শুলীর একত্বাদ বা তহৈতবাদ (moni m), কাবেণ চিৎপরমাণুসমূহের সন্তা ঈশ্বের মূল সন্ত হইতে নিঃস্ক্ত এবং ঈশ্বের লারা নিয়ালিত।

ত কল্যজন্দ (Neo-Realism) নব্যবহ্বাদ (neo-realism)
বহুত্বাদের এব ি প্রবারভেদ। এই মহুবাদ বহু ভছু বহু ও বহু সাংহেন সহার
পরস্থা নিরপেক গুড়া অহিল গীকার করে; বিভিন্ন বহুর মধ্যে বে সম্পর্ক
লালিত হয় তাহা নিচক বাহিক, তাহা আভারতীপ নহে; কাজেই কোন
স্কর্ক থারাই বহুর গুড়া সন্তা নিয়ন্তিত ও সুল্লহয় না নব্যবহুবাদ জানের
কোন বিষয়েবেই মনোগত ar bjective) বলিতে সম্ভ নহে। অপর্যাদক,
এই মহুবাদ হাববাদীদেন হুইহুহুবাদ বা প্রস্কার্থবাদের হোরুহুর বিরোধী।
ভগতের মধ্যে এক অবস্ত ভারুব ও আলিক এক স্বাহিত্যান—ইহা নব্যবহুক্তীরা
ভীকার করেন না। তাহাদের মতে, ক্রুতে বহু স্বাধীন বহুর স্বাহেশ্ব

সমালোচনা :—নব্যবস্থবাদ সম্পূর্ণরূপে সমর্থন যোগ্য নছে, কাং ৰ অগ্যেছর্ছ বিভিন্ন বস্তুর মধ্যে বে তথু বৃ. ছিক সম্পূর্ক বিভ্নান ইছা দীকার বাস্তু না। এক্স আনেক সম্পর্ক আছে যাহা বাস্তবিক আভ স্তরীণ এবং এই আভাস্তরীণ সম্পর্কই প্রমাণ করে—জগতের বিভিন্ন পদার্থের মধ্যে একটি মৃলগভ ঐক্য বিশুমান । বাস্তবিক, জগতে এমন একটি পরম দ্রব্য বা মৌলিক সন্তা শিক্সমান যাহা বৈচিত্ত্যক্ত্র মধ্যে ক্রকাস্ত্র স্থাপন করিয়া জগংকে স্থাসংগঠত ও সামপ্তস্তপূর্ণ কবিয়া বাশ্বিহাছে। নব্যবস্থবাদের এই মৌলিক ঐক্যস্ত্ত্রেব অন্তিত্ব অন্তীক্ষত হয় বলিয়া এই মতবাদ গ্রহণযোগ্য নহে।

२ # देवडवाप (Dualism)

বৈ চবাদ (Dualism) অস্বাবে জগতে তুই প্রকার প্রস্পর নিরপেক শতম ও মৌলিক সন্তা বা প্রম দ্রব্য থীক্ত হয়। কেহ কেহ বলেন বে, এই দুই জাতীয় প্রম দ্রব্য হইল — জড় ও মন অথবা দেহ বা মন আবার কেহ কেহ বলেন যে এই চুইটি প্রম তত্ত্ব হইল ঈখর ও জড় অথবা পুরুষ ও প্রকৃতি।

ভারতীয় দর্শনে -ৈয়ায়িকদের মতে ঈশ্বর জগতের নিমিত্ত কাবণ এবং অজ্ ইহার উপাদান কাবণ, কাডেই ঈশ্বর ও ভড় এই চুইটি পরস্পর ভিন্ন ও মৌলিক। সাংখ্য মতে বিশ্বেব সন্তা দ্বিধি—পুক্ষ ও পক্কতি। প্রকৃতি হইল জ্ঞু, সংচেত্তন অথচ সক্রিয়, স্বারপক্ষে পুক্ষ হইল আ হাণ, সচেত্তন অথচ নিজ্জির। প্রকৃতির পরিণাম ও পরিবর্তন আছে, কিছু পুক্ষ অপরিবর্তনীয় ও অপরিণামী। প্রকৃতি এবং ইং। হইতে উভ্ত বস্তুসমূহ পুক্ষের ভোগ্য।

পাশ্চান্তা দর্শনে প্লেটো ও অ্যারিষ্ট্রল ঈশ্বর ও ছড়কে চুইটি স্বভন্ত প্রবারেশে পণা করিয়া বৈভবাদের হুচনা করেন। পরবর্তীবালে ডেকাট জড় বা দেহ ও শ্বন এই চুইটেকে পরপাব নিরশেক স্বভন্ত দ্রব্যরণে স্ব কার করিয়া বৈভবাদের পুনঃপ্রতিষ্ঠা করেন। তাঁহার মতে, জড় ও মন পরম্পর বিরোধী চুইটি স্বভন্ত শ্রমা, কারণ জড়ের সারধর্ম হইল চেভনাহীন বিস্তৃতি এবং মনের সারধর্ম হইল বিস্তৃতিহীন চেভনা; মন স্বাধীন, ইহা স্বকীয় উদ্দেশ্ত বারা পরিচালিভ হল; কিন্তু জড়ের কোন স্বাধীন গতিশীলভা নাই, ইহা সম্পূর্ণরূপে বান্তিক নিয়্মাধীন।

 পাঁকস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া ঘটে এবং ইহারই কলে দেহ মনের মধ্যে এবং মন ক্লেহের মধ্যে পরিবর্তন ঘটাইতে পারে। কিন্তু দেহ ও মন যদি পরস্পাংধর্মী স্বভন্ন দ্রব্য হয়, তাহা ক্লেলে উহাদের মধ্যে পাবস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া কিরূপে সাধিত হয় তাহা আমাদের বোধগমা হয় না।

ভেকার্টের তুইজন অমুগামী লার্শনিক গয়লিন্কস (Geulinex) ও মালে-ব্রেষ্টি (Malebranche ক্রিয়া-প্রতিক্রিয়াবাদেব ক্রটি স লোধনের নিমন্ত্র উপলক্ষ্যবাদের Occasionalism । প্রবর্তন করেন। উপলক্যবাদ অমুসারে দেহ ও মনের মধ্যে সরাসরি কোন ক্রিয়া-প্রতিক্রিয়া বা কার্য-কাংল সম্বন্ধ নাই; যথন লৈহিক ক্রিয়া ঘটে তখন ঈথব আমাদের মনে সংবেদন সংঘটিত-করেন; আবার যথন মনের মধ্যে কোন ইচ্ছা প্রয়ত্ম হয়, তখন ঈথর তদম্যায়ী দেহে গতিক্রিয়া স্থারিত কবেন।

"আনরা এই মতবাদও গ্রহণ করিতে পারি না। যখন মন ও দেহ পরম্পন্ধ বন্ধপতঃ ভিন্ন বলিয়া তাহাদের মধ্যে পারম্পারক ক্রিয়া সম্ভব হয় না, তখন ঈশ্বর কিরপে জড়দেহে পরিবর্তন ঘটাইতে পারেন ? ঈশ্বর হৈতন্ত শ্বভাব এবং দেহ আচেতন; ঈশ্বর ও দেহ শ্বরূপতঃ ভিন্ন; কান্দেই ঈশ্বরের সহিত জড়দেহের কোন সম্বন্ধ সন্ভব ন হ, অধিকন্ধ ঈশ্বরের যদি প্রভাক জীবের মনেব পহিবর্তনাম্পান্র দেহে এবং দেহের পরিবর্তনাম্পান্নী মনে পরিবর্তন ঘটাইতে হয়, তবে তাঁহার কাজেরও আর অস্ত থাকে না।" (অধ্যাপক হরিদাস বন্দ্যোপাধ্যায় প্রবীত দর্শন দীপিক।')

লাইবণিজ্পূর্ব প্রতিষ্ঠিত শৃত্যালাবাদের (Theory of Pre-established Harmony) প্রবর্তন করিরা উপ্লক্ষ্যবাদের ক্রটি সংশোধন করিতে চেষ্টা করেন। তাঁহার মতে, ঈশর দেহ ও মন স্থাই করিবার সময় উহাদের মধ্যে এমন মিল ও শৃত্যলা প্রতিষ্ঠিত করিয়াছেন যে, দৈহিক পরিবর্তনের সজে সজ্যে মান সক পরিবর্তন আবার মানসিক ক্রিয়ার সাক্ষ সলে দেহের মধ্যে ওদস্থানীর প্রতিষ্কিয়া স্বতঃক্তাবে সাধিত হয়। কাজেই দেহ ও মনের মধ্যে সক্ষ্বাক্ষাৎ ক্রিয়া প্রতিষ্কিয়া বা কার্য-কারণ-সম্পর্ক নহে; ইহা ঈশর বর্ত্ক শৃত্যালিই ।

কিন্তা লাইব্ নিজের 'পর্বপ্রতিষ্টিত লৃষ্ণানাল' উপস্কর'লের যাত সমর্থন-বোর্নির নালে, ক'রণ'লের ও মান করানাজ্য ভিন্ন' ও কতের হাইলে কটর সময় উৎচিদর মধ্যেটি দ্বিতি ও শৃক্ষণা খাদন করানীকরের পাঁকিও সভ্যা মহে।

দার্শনিক স্পিনোজার মডে, দেহ ও মন-ইংহারা পৃথক তব্য নহে: ঈশ্বই একম'ত পর্ম দ্রব্য এবং দেহ ও মন অর্থাৎ বিস্তৃতি ও চেতনা প্রম দ্রব্য ঈশবের অসংখ্য গুণাবলীর মাধা চুইটি গুণ মাতা। দেহ ও মানর মধ্যে কোন পারম্প রক প্রভাব বা ক্রিয়া প্রভিক্রিয়া সম্ভব নহে। তথাপি :উহাদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বিভাষান কারণ ইহ'র' একই প্রম সন্তার প্রকারভেদ বা ক্রপভেদ। যধনই দেহেব ক্রিং। ও পরিবর্তন ঘটে, তথনই মানর মধ্যে অফুরূপ ক্রিং। ও পরিবর্তন সাধিত হয়। আবাব যথ-ই মনেব ক্রিয়া ও পরিবর্তন হয় তথনই দেহে অমুবা ক্রিয়া ও পরিবর্তন ঘটে। এইভাবে একই প্রমু দ্রুণা ঈশ্বরের চুইটি রূপ**ভেদ** হিসাবে দেহ ও মন পরস্পর সমান্তবালভাবে পাশাপাশি অবস্তান করে। দেহ ও মনের সম্বন্ধ বিষয়ে স্পিনোজাব এই মতকে সমান্তরবাদ (Theore of parallelism) বল' হয়। কিন্তু এই মতবাদকে - স্বাঙ্গীনভাবে সমর্থন করা যার না. কারণ অামবা অভিজ্ঞতা খানা প্রমাণ করিতে পারি না বে, দেহ ও মানর পাংস্পারক সমান্তবালভাবে ক্রিয়া ঘটে। এমন অনেক দৈহিক ক্রিয়া আছে ৰাহার অমুব্রণ আমরা কোন মানদিক ক্রিয়াই অমুভব করিতে পারি না। সাবার, অনেক স্তপে দৈ হক ক্রিয়ার মাত্রা বেশী, কিছ সেই ক্ষেত্রে মানসিক ক্রিয়া নগণাঃ আবার মানসিক ক্রিয়া কোন কোন কোকে অভাধিক, কিন্তু ভদমুক্সণ দৈহিক ক্রির লক্ষিত হয় না, বর্ দৈহিক ক্রিয়া সামার মাতায় ঘটে।

পরিশেষে, ইহাই আমাদের বজব্য যে, দেহ ও মনের সংদ্ধ সন্তোষ্টনকভাব ব্যাখ্যা কবিতে ইই ল এই বিষ র বৈত্যুলক থারণা আমাদের বর্জন
করিতে ইইবে কারণ দেহ ও মন তুইটি — পৃথক ও স্বতন্ত্র বিষয় ইইলে উহাদের
মণ্যে ঘনিষ্ঠ দক্ষদ্ধ ব্যাখ্যা করা বঠিন। বস্তুতঃ, দেহ ও মন এ ব পরম্মনেবই
ক্রেমবিবাশ; কাজেই দেহ ও মন একই পরম ও অনস্ত মানের মভিব্যক্তি বিশ্বা
উচাদের মধ্যে অকান্তি সম্পর্ক বিভ্যান:এবং পারম্পরিক ক্রিয়া প্রতিক্রিয়াও
স্কর্ত্ব।

। ৩।। এবছ গদ বা জ বৈ চবাদ (Moniem):

বে মন্তবাদে সমগ্র বিশ্বক্ততে মাত্র একটি পরম দ্রব্য বা আদিম সন্তা স্বীক্তত হয় ভাহাকে বলা হয় একজ্বনাদ বা ভট্টে চ্বাদ (Mon sm)। এই মন্তবাদ আকুদারে জগতের পরিদৃশ্বধান বিভিন্ন বন্ধর অন্তর্ভিছিছে একটিয়াত পরম দ্রব্য বিশ্বধান বিভিন্ন বন্ধর অন্তর্ভিছিছ একটিয়াত পরম দ্রব্য বিশ্বধান বিশ্বধান বিভিন্ন বন্ধর তন্ধের উপর নির্ভিন্নশীল। এই পরম

সন্তা হইতে স্বতম ও খনির্তর বা স্থ-প্রতিষ্ঠ অন্ত কোন দ্রব্য থাকিতে পারে না।
কাতের বিভিন্ন বস্ত একই পরম সন্তা হইতে উছ্ত। একজবাদীং প বলেন বে,
কাতের বিভিন্ন বস্তর মধ্যে আভ্যন্তরীপ সম্পর্ক বিভ্যান। এই আভ্যন্তরীপ সম্পর্কই
প্রমাণ করে—সগতের বিভিন্ন পদার্থের মধ্যে একটি মু-গত ঐক্য বিভ্যান।
বাত্তবিক, কগতের অন্তর্নিহিত এমন একটি পরম দ্রব্য বা মেংলিক সন্তা বিভ্যান
বাহা বৈচিত্র্যের মধ্যে একাস্ত্র স্থাপন করিয়া ভগৎকে স্বসংগঠিত ও সামঞ্চপূর্ব
কারম্বা রাধিয়াছে। এই ঐক্যাস্ত্রই অবৈ ভ্রাদাগণের নিকং পরম দ্রব্য বা তন্ত্ব।

নিয়ে তিন প্রকার এক্ত্বাদ বা অবৈত্বাদ আলোচিত হইদ— ১) ক্রেইস্কত্বাদ (Abstract Monism), (২) আপেক্ষিক বৈভ্রাদ (ronditional Dualism) প্রবং (৩) বিশিষ্টেকত্বাদ (Concrete Monism):—

(১) কেবলৈক্ত্বান্ধ (Abstract Monism):—এই মতবাদ অনুসারে এক ও অধি গীয় পরম সন্তাই একমাত্র তত্ত্ব বা সত্য; জগৎ ও জাবের কোন পারমাধিক সন্তা বা সত্যতা নাই, জগতের বছত্ব বা বৈচিত্র্য অসত্য, মিখ্যা নিচ্চক অবভাসমাত্র। কেবলৈকত্বান্দ এককে স্বাকার কবে, এবং বছ.ক অস্বীকার করে; বছ এক ৬:অধিতীয় পর্যম অব্যের বাহিরেও নাই বা ইহার অংশক্রপে ইহার ভিতরেও নাই। কেবলৈকত্বান্দিগণের মধ্যে পাশ্চান্ত্য দর্শনে ক্ষিন্তাল্য এবং ভারতীয় দর্শনে ক্ষরাচার্যের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

ম্পি.নাজার মতে, ঈশাই একমাত্র পরম প্রব্য (Subs acce); তিনি
আসীয় ও অনস্থা। ঈশারের অনস্থাপণ; ওাঁহার অনস্থ ও অসংখ্য গুনের মধ্যে
কেবলমাত্র চেত্রনা ও বিস্তৃতি এই ছুংটি গুণেরই পরিচয় পাওয়া বায়।
জীবায়া ঈশারের অনস্ত চেত্রনার প্রকাশ এ ৎ জড় জগৎ ওাঁহার অনস্ত বিস্তৃতিয়
অবভাস। এইভাবে জীব ও জগৎ ঈশারের ঘারাই পরিব্যাপ্ত; ইংাদের
শতয় কোন সন্তা নাই। জগতের যে বছত্ব ও পরিবর্তনশীলতা আমরা লক্ষ্য
করি তাহাদের কোন পরম সত্যতা নাই। এক বা অন্তিতীয়, নিত্য ও অপরিবর্তনীয় ঈশারই পরম-দত্য। যখন আমরা বলি যে ঈশার জগতের কারণ,
ইংার অর্থ এই নহে যে, ঈশার জগতের মধ্যে নিজের শ্রেণকে বস্তুত: রূপান্তারিজ
কনে। ম্পিনোজার মতে, ঈশার অপরিণামী ও অপরিবর্তনশীল, তিনি
নিজ্জিয়, তিনি কর্তাও নহেন ভোক্তাও নহেন। একটি ত্রিভুজ যেমন ইংার সমপ্রা
বৈশিষ্ট্য, সহ চির্কাশ একর্মণ থাকে, ঈশারও তেমনই অনষ্ট বিকার সহ চিৎ ও

ষ্মতিং-এর ষ্মাধার রূপে চিরকাল একই রূপ থাকেন। স্মামরা কেবল মাজ সদীয় ক্ষাগতিক দৃষ্টিভেই জগতের পরিবর্তন দোখতে পাই। কিন্তু পারমাধিক দৃষ্টিভেই ক্ষাং অপারশামী ও পরিবর্তনিহীন। ভগতের সকল বিষয়ই ঈশ্বর হইতে ষ্মানবার্যভাবে নিংস্ত হয়,কাজেই প্রাগতিক বস্তানিচয়ের এমন কি জীবেরও, কোন শ্বাধীন সন্তা ও ষ্মাতনব্য নাই।

ভারতীয় দর্শনে অবৈতবাদী শহরের মতামুগারে ব্রহ্মই পরম সতা, বৈচিত্র্যন্ময় জগতের কোন পারমাধিক সন্তা নাই। ব্রহ্ম স্বন্ধপ তা নিজন, নিবিশেষ ও ভেদরহিত—একমেবাবিতীয়ম্। অজ্ঞতাবশতঃ আমরা জগতের বৈচিত্র্য ও বছত্ব প্রত্যক্ষকরি, এগুলির কৈবল ব্যবহারিক সন্তাই আছে, পারমাধিক দৃষ্টিভে এগুলি ভ্রম ছাড়া আর কিছুই নহে।

সমালোচনা: —কেবলৈক হ্বাদ অস্থারে এক মাত্র একটি পরম ভব বা দ্বা বিজ্ঞমান, বৈচিত্র্যায় জগৎ ও জীবের কোন প্রস্কৃত অন্তর্ম নাই। কিছ বছকে বাদ দিয়া এক হইল নিছক শৃশুগর্ভ, বৈ চত্র্যায় জগৎ বেমন এক পরম ভব বা পরমেশ্বর হইতে উছ্ত এবং তাহার মব্যেই অবস্থিত, তেমনই জগতের মাধ্যমে পরম ভব বা ঈশ্বরের আত্মপ্রকাশ ও আত্মোপলন্ধি হয়। জগৎ হইল প্রস্কৃতপক্ষে পর্ম ভবের বাস্তব প্রকাশ। বছ হের মধ্যেই এক, বিভেদের মধ্যেই ঐক্য—ইহাই হইল পরম ভবের হরপগত বৈশিষ্টা। কাছেই এক বা ঐক্যের ন্যায় বছ বা বৈচিত্রাও বিশেষ গুরুত্বপূর্ণ। এজন্য জাগতিক বৈ,চ.ত্রার প্রস্কৃত সন্তা অনস্থীকার্য।

(২) আংশেকিক ছৈত্রাদ (Conditional Dualism):—এই মতবাদ কেবলমাত্র একটি স্প্রতিষ্ঠ পরম তবকে স্বীকার করে, কিছু এই মতামুপারে আর একটি সন্তা পরম তব্দ কর্তৃক হাই হইয়াছে এবং স্বষ্টর পর ইং। পরম তব্দ ইংতে স্বত্তপ্রভাবে বিভ্যমান রহিয়াছে। জগৎ স্বষ্টর পূর্বে ঈশ্বর অনাদি ও অনস্কলাল এক দনাতন, সর্বজ্ঞ ও সর্বাজিমান পুরুষরূপে পূম্পত্তায় স্বপ্রতিষ্ঠ ছিলেন। তিনি স্বরূপতঃ হয়ংসম্পূর্ণ। তথাপি অনস্ক কালের কোন এক বিশেষ মৃহুতে তাহার নিজের প্রয়োজন না থাকিলেও জীবকে জীবনের আনন্দ দানের নিমিন্ত তিনি জগৎ ও জীবের স্বষ্টর ইচ্ছা করেন এবং সেই ইচ্ছা ম্বামী জগৎ ও জীব স্তেই করিয়া আপন দক্তি ও মহিমা প্রকাশ করেন।

সমাজোচনা ঃ— মাপেকিক বৈতবাদ অহুদারে জগং ও জীবের স্কটির পর ইবির জগং ও জীবের অন্তবর্তী না থাকিলা বৃত্তং সম্পূর্তনে উহাদের বৃত্তির্তি খাবেন অর্থাৎ উহাদিগকে খাথীন সন্তা দান করিয়া উহাদের বাহিরে সম্পূর্ণ পৃথকভাগে অবস্থান করেন। বিদ্ধ এই মতবাদ সমর্থনধাগ্য নহে, কার্থ ঈশ্বর স্বরূপতঃ অসীম ও সর্বব্যাপী। কাজেই তাঁথার বহিতৃতি জগৎ ও জীবের পৃথক ও স্বতন্ত্র সন্তা থাকিলে তিনি কাহতঃ উহ্পদের ঘারা সীমিত হইরা পড়েন। সেক্ষেত্রে ঈশ্বরকে অসীম ও অন্তর্গ বাহানা। এজক ঈশ্বরের অসীম ও অনস্ত সন্তা সংরক্ষণের নিমিত্ত তাঁহার ব'হভৃত জগৎ ও জীবের স্বতন্ত্র অতিত্ব স্বীকার বাহানা।

() वि. निदेशेक्ष राष (Concrete Minism): — এই मजनांत्र वस्त्रादि এব ও বছ—উভয়ই দত্ত ধান এবং উভয়ের মধ্যে এক আঞ্চিক ও আন্তর সম্পর্ক বিভাষান। এংটিকে বাদ দিলে অপ্রটি নিছক শৃক্তগর্ভ ও অবাস্তব। ঐক্যেই বিকাশ, আগার বছর মধ্যে এক্য আত্মপ্রকাশ করিছে না পাতিশে উহা অসম্পূর্ণ ও অবান্তব থাবি য়া যায়। বৈ'চত্র্যময় জগৎ পরম তত্ত্ব ঈশ্বর হইডে সম্পূর্ণ পৃথক ও বিচ্ছিন্ন নহে আবার অলীক ও অবান্তব ও নহে। বৈচিত্রামন্ত্র জ্বগৎ পরম তত্ত্ব ঈশ্ববের বাস্তব রূপ ; ঈশ্বব গয়ং বছত্ব বিশিষ্ট এবং বছত্বে অঞু প্রবিষ্ট হইরা পূণ তা লাভ করে। ` ঈশ্বর কি জড়জগৎ আর কি জাবান্দ্রা— উভয়েএই অন্বর্ধতী এবং বৃত্র্বর্জী ; জগং ও জীব উভয়ই ঈশরের আত্মপ্রকাশ ; কিন্তু তাঁহার সভা ও শক্তি অদীম ও অনন্ত বলিয়া ভিনি জগৎ ও জীবের মাধ্য প্রকাশিত হইয়াও নিংশেষিত হন না। তিনি ভগৎ ও জীবের অভ্যন্তরেও আহেন আবার বাহিরেও আছেন। জগৎ ও জীবের মধ্য দিয়া আত্মপ্রকাশ কৃত্যি। তিনি আত্মোপল্কি ও পরম উদ্দেশ্য সাধন করিয়া চলিয়াছেন। मर्स्या এक, रिल्डरमत मरसा केका थवः পূর্ব ও অসীম সন্তার মধ্যে स्वत्र । **क्वीतरक ध**रद्रन—हेराहे रहेन क्रेश्चरत्रद्र खन्नभगं दिनिहा। वास्त्रविक, क्रेश्वद रहेरनन এক পরম পূর্ণ মূর্ত দত্তা, তিনি জগৎ ও জীবের মধ্যে প্রকাশিত বলিয়া ইহাদের অন্ত:স্থ, আবার পরম আদর্শ এবং জ্ঞাতা বা দ্রষ্টা পুরুষরূপে ভিন জাগৎ ও জীবের বহিঃছ। বৈচিত্র।ময় জীব ও জগৎ ঈশ্বর হইছে উছুত ও ঈশ্ববের মধ্যেই অবস্থি 5; আবার তিনি জীব ও জগতের বৈচিত্যের মাধ্যমে পূণভা नाज कतिया वाखव ७ जीवन दरेश जिटिन।

বিখের পর্নম জব্য বা ওদ্বের খ্রূপ সম্বন্ধে এই বিশিষ্টেকগ্রাদই সর্বাধিক গ্রহণ-হোগ্য মণ্ডবাদ

अमृ नी नवी

- 2. Explain the different views of substance.

 (ক্লো সম্ভে বিভিন্ন সভীবাদ ব্যাধাণ কর ৷)
- Js Sabstance one or two or many?
 (ফ্রব্য কি এক না তুই না বছ)
- 3. Discuss the views of the following philosophers about the nature of substance:
 - (a) Descrites, b) Spinoza, (c) Locke (d) Hume and (a Leibniz.

(দ্রব্য সম্বন্ধে নিম্নলিধি চ দার্শনিকদের মতবাদ আলোচনা কর:

(क) (खकार्ड, (व) क्लि:नामा, (ग) नक, (व) हिडेम এবং 'ख) नाहेर् (नक।)

एठ्रं वश्ः य

'ব ব্লিণ্ড Causality)

১! কারণত্ব সম্বন্ধ বিভিন্ন মন্তবাদ (Different Conceptions of Causality)

শেশতের বন্ধনিচর ও বটনাসন্ত পারল্পবিক সল্পর্যুক্ত। জাগতিক কোন শব্য বা ঘটনাই সম্পূর্ণ স্বতন্ত নহে। তাব্য বা ঘটনাবলী পরস্পরের উপর নির্ভাব-শিল। এইটি তাবা আর একটি তাশ্যের উপর ক্রিয়া করিছে ছ এবং সেই ক্রিয়ার আবার প্রতিক্রিয়া আছে। পরিদৃশ্তমান তাব্যকাং ক্রিয়া প্রতিক্রিয়াময়; একটি শব্যের প্রভাবে ব্যন অপর একটি তাব্যের মধ্যে পরিবর্তন ঘাট, তথন পূর্ববর্তী শ্বাটি কারণ ও প্রবর্তী তাব্যটি কার্য বলিয়া গণ্য হয়। তাব্যের পরিবর্তন কার্য-কারণ সম্বন্ধ মাগদ্ধ। অর্থাং কার্য-কারণ সম্বন্ধ ভিন্ন অসম্যা তাব্যের পরিবর্তন শ্বিতে পারি না। স্থতরাং দেখা ঘাই:ভাছ বে, তাব্যের ধারণা পরিবর্তন ব ধারণার উপর নিতরশীল, আব র পরিবর্তনের ধারণা কার্যকাশে হাত্মের ক্রার্য বা ভৌনার মধ্যে কার্যকারণ সম্পর্ক আবিষ্কারের মাধ্যমে জগ্যং সম্বন্ধে স্থাংহত স্বশৃংখনা ভৌনার মধ্যে কার্যকারণ সম্পর্ক আবিষ্কারের মাধ্যমে জগ্যং সম্বন্ধে স্থাংহত স্বশৃংখনা

এখন প্রশ্ন হারণ — গার্থ-কারণ সম্পর্কের প্রক্রত স্বরণ কি ? স্বারণ কিরুপে এক কেন্স কার্য উৎপন্ন করে ?

এই প্রসংস বিভিন্ন মতবাদ উল্লেখযোগ্য :---

(১ লো কিক মন্তবাদ: — সাধারণ লোক মনে করে যে, কার্য উৎপাদন ব্যক্তিই হইল কারণের প্রকৃত স্বরূপ। সাধারণ লোক কারণ বলিলে যাহা বারা ভার উৎপাদন করিতে সক্ষম দেই শক্তিই কারণ আর যে বন্ধ উৎপাদ হয় ভাগাই ভার্ম। ক্ষুত্রকার ভাহার নিজন্ম শক্তিবার। বট হৈ হারী করে; ক্তুরাং ঘটরূপ ভার্মের কারণ হইভেছে ক্স্তুকার। লে কিক মন্তবাদে একম'ত্র নিমিন্ত কারণের উপর জোর দেওরা হইরা.ছ। নিমিন্ত কারণ ব্যক্তীত কারণাংশে যে আরও ভ্রত্তেক গুলিকান আছে সেই দিকে এই মন্তবাদে কোর দেওরা হয় নাই।

লার্শ-ক জন লকও সাধারে লোকের স্থায় কার্যোৎপাদনের শক্তিকেই কারে। আর্গ্য দিয়'ছেন।

(২) কারল সম্পর্কে এরিষ্টটলের মন্তবাদঃ এরিষ্টটনের মন্তে এণটি কার্যের চারিপ্রকার করি বিভিন্নান—উপাদান করিব। নিনিত্ত করিব, আকারগত্ত করিব এবং উদ্দেশ্ত করিব। উদাহর হরপে, ব্রন্ধনিত একটি মৃতি হইল কার্য; ইহার উপাদান করিব হইল ব্রন্থ শৃত্তি হইল কার্য; ইহার উপাদান করিব হইল ব্রন্থ শৃত্তি হটল করিব। মৃতি টের উপকরণ; ইহার নিমন্ত কারণ হইল শিল্লী ও তাহার শক্তি—যাহা গতি ক্রয়ার কারণ, পরিবর্তন বা রূপান্তরের ক্রয়ণ এই শক্তর প্রয়োজন হয়; নিমিত্ত কারণ সকল প্রকার পরিবর্তন বা রূপান্তরের কারণ; যে শক্তি ব্রন্ধকে মৃতিতে রূপান্তরেত করিল তাহা হইল স্বয়ং শিল্লী, এক্র শিল্লী হইল মৃতিটির নিমিত্ত কারণ; মৃতিটির আকারের যে ধারণা অন্ত্র্যারে শিল্লী মৃতি নির্মাণ করিয়াছে দেই ধারণা হইল আকারগত কারণ; আর যে উ.দেখে কার্য উৎপাদনের ব্যাপারে এই চার্নিটি কারণ—এইটি আর এইটির বিকল্পরূপে ক্রিয়া করে না বরং সকলেই যুগপৎ ক্রিয়া করে।

আগুনিক বিজ্ঞানে আকারগত বাবে ও উদ্দেশ্য কারণ অস্বীকৃত না হইলেও ইহার আলোচ্য বিষয় হিসাবে গৃহীত হয় না , একমাত্র দর্শনেই এগুলি আলোচিত্ত হয়। পরবর্তীক:লে এিঃইটল কার্যের উপাদান কারণ ও আকারগত কারণ— এই তুইটিকে মৌলক বিদয়া গ্রহণ করেন এবং নিমিত্ত কারণ ও উদ্দেশ্য কারণকে আকারগত কারণে পরিণত কবেন।

- (৩) বৈজ্ঞানিক মতথাদ জড়বিজ্ঞানে গতিক্রিংকে (motion) কাবণের প্রস্তুত সন্তা বলিয়া গণ্য করা হয়। যখন এব টি দ্রব্য হইতে উহার গতিক্রিয়া অন্ত এবটি দ্রব্যে প্রবেশ করিয়া উহার মধ্যে গতিক্রিয়া সঞ্চারিত করে তথন প্রথম দ্রব্যের গতিক্রিয়াকে বলা হয় কাবণ এবং হিতীয় দ্রব্যে রূপ'স্তরিত ক্রিয়াকে বলা হয় কার্য। বৈজ্ঞানিক মতবাদ অহুসারে, কারণ-শক্তি কার্য শক্তিতে রূপান্তরিত হয় মাত্র এবং কার্য-কারণ প্রস্পাণ গতিক্রিয়ার স্থনান্তর তিন্ন আরু কিছুই নহে। এজন্ত কারণ ও কার্যের পরিমাণের মধ্যে কোন পার্থক্য নাই এবং গতিক্রিয়ার এই স্থানান্তরের মধ্যে শক্তির হ্রাসও নাই বৃদ্ধিও নাই। স্কুরাং বৈজ্ঞানিকংণ কার্য-কারণ তত্ত্বকে শক্তির অবিনশ্ব চার দিক দিয়া বিচার করেন।
- (৪) বিউম ও মিলের অভিজ্ঞতাবাদঃ—চরম অভিজ্ঞতাবাদী হিউম কারেকে দক্তি বলয়া শ্বীকার করেন না। তাহার মতে, যাগা প্রভাগ-লভ্র

ভাহাই স্বীকার্য: কিন্তু কারণের কার্য-উৎপাদন শক্তি আমরা কখনও প্রভাক করিতে পারি না। কাজেই কারণকে শক্তিরূপে ধারণা করা ভূল। কার্য-কারণ সম্পর্ক সার্বিক ও অনিবার্য-এরূপ ধারণাও সম্পূর্ণ অবান্তব, যেহেতু কারণ ও কার্যের মধ্যে কোন অনিবার্য ও নিশ্চরাত্মক সম্পর্কও আমাদের ইন্দ্রির অভিজ্ঞতার মধ্যে প্রতিফলিত হয় না। আমরা অভিজ্ঞতায় যাহা পাই তাহা হুইল কাংণ ও কার্যের মধ্যে নিয়ত পূর্ব-পর সম্পর্ক। "প্রভাক্ষ ছারা আমরা কেবল বস্তু বা ঘটনাসমূহের ক্রম বা পর্যায় অবলোকন করিতে পারি। বস্তুসকলের ক্রম প্রভাক হইতে কাবণ ও কারণতা প্রভায়ের উৎপত্তি হয়। আমরা পুন: পুন: প্রত্যক্ষ করি যে, যা নই কোন একটি বিশেষ ঘটনা ঘটে, তথনই আর একটি বিশেষ ঘটনা ভাহার অহুগমন করে। এরূপ ভূয়োর্শ নর ফলে এই ছুইটি ঘটনা আমাদের মনে নিবিড় সম্বন্ধে আবদ্ধ হয়। পরে আমরা প্রথমটি প্রত্যক্ষ করিলে অথবা প্রথমটির কথা ভাবিলে, দিতীয়টির কথা ভাবি এবং উহা এথমটির অফুগমন ক্রিবে এরূপ আশা করি। এরূপ আশা প্রকাশ ক্রিতে আম্রাপূর্বগামী ঘটনাকে কারণ এবং উ'হার নিয়ত পশ্চাদগামী ঘটনাকে কার্য বলি এবং ভাহাদের সম্বন্ধকে কার্য-কারণ সম্বন্ধ বলি।" (ড: সতীশচন্দ্র চটোপাব্যায় প্রণীত ভারতীয় ও পাশ্চাত্তা :দর্শন) বস্তুতঃ কারণ ও কার্য পরস্পর ছুইটি মতন্ত্র বিচিন্ন ঘটনা, উহাদের মধ্যে কোন অপরিহার্ঘ বা অনিবার্ঘ দম্পর্ক নাই। যদি ভাষা থাকিত. ভাহা হইলে কারণের ধারণার মধ্যেই কার্যেব ধারণা আবক্সিকভাবে নিহিত থাকিত অর্থাৎ কারণকে বিশ্লেষণ করিয়াই অনিবার্যগ্রপে কার্য পাওয়া যাইত। প্রক্লভপকে কারণ ও কার্যের সমন্ধ বিলেধক (analytic) নহে, উহা সংলোধক (synthetic)। 'বাজ কু:া নিবু'ত্ত করে'—এই বাক্যাটিকে বাজের ধারণাকে বিল্লেষণ করিয়া আমরা কখনও কুবা নিবৃত্তির ধারণা আবিভাকভাবে পাই না। আমাদের অভিজ্ঞতার পাল ও কুবা নিবৃত্তি এই ছুইটি বতম ঘটনার মধে। নিয়ত भूर-भन्न जन्मक त्मिशा विश्वाम कन्नि त्य, भूर्ववर्जी घटना 'बाछ' इहेन कार्य खबर পরবর্তী ঘটনা ক্র্বা নিবৃত্তি হইল কার্য এবং এরূপ নিম্নত পূর্ব-পর সহদ্ধ হইল কার্য-কারণ সম্বন্ধ। হিউমের মতে, কারণ ও কার্যের মধ্যে অপরিহার্য সম্পর্কের ধাংণা মনের সংস্থার বা অভ্যাদগাত আশা মাত্র; ইহার কোন বান্তব ভিত্তি বা বন্ধগত নিশ্চয়তা নাই।

পরবর্তীকালে অভিজ্ঞতাবাদী দার্শনিক থিল হিউমের মতবাদ সমালোচনা করিয়া পরোকভাবে কারণ ও কার্যের মধ্যে অপরিচার্য ও নিশ্চয়াত্মক সম্পর্ক স্বীকার করিবা লইবাছেন। মিল বলেন, মাত্র িরভ পূর্বগামী ঘটনাই যদি কারণ পদবাচ্য হইত, ভাহা হইলে রাত্রি দিনের কারণ এবং দিন রাত্রর কারণ হইত। কিছ একটু বিচার করিতেই দেখা যায় বে দিন রাত্রির কারণ নহে এবং রাত্রিও দিনের কারণ নহে—ইহারা উভয়েই আছিক গভির কল। হুতরাং মিলের মতে, নিরভ পূর্বগামীর সহিত আর একটি বিষর যোগ করা প্রয়োজন, ইহা হইভেছে আর ঘটনা নিরপেক (unconditional) সর্ত। হুতরাং কারণ হুইতেছে আর-ঘটনা নিরপেক ময়ত পূর্বগামী ঘটনা। যে পূর্বগামী ঘটনা অপসারণ করিলে কার্থের কোন হানি হয় না ভাহা কারণ বা কারণের কোন অংশ হুইতে পার না। হুতরাং বে ঘটনা অরু নিরপেক স্বয়ং কার্থে পোদন করিজে সক্ষম সেই ঘটনাই সেই কার্থের কারণ। কার স্বয়্টির কারণ অবস্তুই শ্বয়ং সম্পূর্ণ হুইবে। মিলের মত্রাঘ্য আলোচনা করিলে দেখা ঘাইবে যে, অভিজ্ঞতাবাদী হিউম নিয়ত পূর্ববভীতার উপর ভারে দিয়া যে শক্তিবাদকে অন্ত্রাহ্ণ করিয়াছিলেন মিল অন্ত হটনা-নিরপেক হর্ত যোগ করিয়া সেই শক্তিবাদেরই পূন্রাবর্তন করিয়া হেল।

(e) কান্টের মঙবাদ—

কাণ্টের মতে জার্গতিক অভিক্লভার কেত্রে কার্য-কারণ সম্বন্ধের প্রাপ্ন উঠে।
প্রাপ্ন ইল কারণ অবেন্দের ইলা আমাদের মনে জাগে কেন? যথনই আমরা
কিছু দেবি তথনই আমাদের মনে প্রপ্ন জাগে—ইংার কারণ কি? কান্ট
বলেন—অগতের বস্তুনিচয় ও ঘটনাগম্থ পারম্পরিক সম্পর্কযুক্ত করিয়া ধারণা
করাই মন বা বৃধির নিয়ত ও অপরিহার্য ক্রিয়া। অতীক্রিয় ভরবন্ত হইতে
আগত এবং দেব ও কালে অন্তভ্ ভ সংবেদনগুদ্ধ জান নহে, জ্ঞানের উপাদানমাত্র। বৃদ্ধি সংবেদনগুদ্ধে স্রব্যা, কারণকার্য সমন্ধ প্রভৃতি আকারপ্রকার
প্রদানপূর্ব দ উরাদিগকে স্থাংহত করিয়া জান গঠন করিতেছে। কান্টের মতে,
কার্য-কারণ তথ্য অভিজ্ঞতাজাত নহে, ইহা এমন এক বৌদ্ধিক ধারণা বাহা বৃদ্ধিতে
আর্থাৎ বৃদ্ধি নিজের মধ্য হইতে নিজেই অভিক্রভাকালে এই ধারণা স্থিত করে।
আমরা কার্য-কারণ ভর্ত্তে কোন ধানে। লইয়া জন্মগ্রণ করি না—ইহা সত্যা,
কিছ ইহার অর্থ এই ংহে বে, ইহা আমরা অভিজ্ঞতা হুইতে লাভ করিঃ,
অভিজ্ঞতাকালে আমাদের বৃদ্ধি করে প্রস্থা ধারণা স্থিত করিয়া অভিক্রতার ক্রেক্তে
প্রহাগ করে, ইহা একটি শুর বৌদ্ধিক আকার, ইহার স্থাইতে কোন ক্রিটিকার্য

ক্লাস্টের বস্থনিচয়কে স্থাসাহত করিবার ব্যাপারে কার্য কারণ তদ্ধ একটি নিয়স্ত ৩ অপরিহার্য বৌদ্ধিক আকার। অভিজ্ঞতার ক্ষেত্রে এই তত্ত্ব অপরিহার্য ব**লিরা** ইহা অভিজ্ঞতা-প্রস্তুত হইতে পারে না. ইহা আবিশ্যি হতাবে পূর্বতিঃসিদ্ধ apricri)।

ছিতীয় তঃ. কাণ্টের মতে বার্য-কারণ সম্পর্ক আমাদের মান্সিক কল্ল-। নতে। অর্থাৎ আমরা আমাদের থেয়াল খুনী মত কার্য-ক'বণ সম্পর্ক যে কেন **९ট-ায়** আরোপ করিতে পাবি না। কার্য-কারণ সম্পর্ক বৃদ্ধি জাত ইইলেও বিৰুদ্ধে সহিত ইহার যোগসূত্র আছে। অর্থাৎ কার্য-কারণ সম্পর্ক বিশ্বগন্ত। কার্য কাবণ সম্পর্গ প্রভৃতি বৌদ্ধিক আচাবদনতের হারা জ্ঞান ও ঐদ্রিয়িক জ্বাৎ:চিত হইলেও দেগুলি ব্যক্তিদাণেক ও মনোগত নহে। অর্থাৎ কার্য-কারণ সম্পর্কর উৎপত্তিস্থল মন হইলেও ইহা অভিজ্ঞতার কেত্রে সাধা ণ (universal) ও অপরিহার্য (nec:889ry)। কাণ্ট এই প্রাসকে ইহাই বলিতে চান বে, বিভের ব্যক্তির মধ্যে ভিন্ন ভিন্ন বা বিশেষ বিশেষ কাবণ সম্পর্কের বৌদ্ধিক আকার থাকে না, সকলেব ম'ন এই বৌদ্ধিক আকার একই-ক্লপে বিভয়ান এবং আভাসিক জগতের অভিজ্ঞতা সকলের কেন্ত্রে এক ও অভিন, কার্য-কারণ সম্পর্কর সাধাবণ ও অপরিবর্ত নীয় নিম্মান্তসারে সকলেই একইভাবে জ'গতিক ষ্ষভিক্ষতা লাভ করে। জগভের দিকে দৃষ্টপাত করিলে দেখা 'হার জাগভিক বিষয় সদা পরিবর্ত্ত শীল। সেই পরিবর্ত শীলভার একটি অনিটিষ্ট ধারা বা নিয়ম আছে। 'পূৰ্ব' ও '-র' (before and after —এই কালিক ধারা স্বীকার না করিলে বস্তুর পরিবর্তন ব্যাখ্যা করা যায় না। এই গোবাপর্য পারাই কার্য কারণ নীতি বলিয়া পরিচিত। (All changes take place in conformity with the la v of connexion of cause and effect)। পূৰ্ববৰ্তী ब्रहेना कारन धवर नवरकी बहेना कार्य। कान्छे कार्य कारन उ.न्यार्कटक भाषामा 'universal) ও निक्त्याञ्चक (necessiry) वलियाद्वन अः अहे ধারণা পূর্ব চ:সিদ্ধ 'apriori'। প্রতিটি বস্তুজ্ঞানের পক্ষে এই ধারণা অপরিংার্য। ছাহরাং এই ধারণা মজিজভা-লভ নহে। কার্য কারণ তত্ত্বে ধারণা নিড়া, কৈছ অভিজ্ঞতার আমরা যাতা পাই ছোতা কালিক। বিষয়ের অভিজ্ঞতা কা দুলৈ লাভ করিতে হইলে বৃদ্ধিপ্রত্ত এই জ্ঞানের প্রকাশ অপরিংার্য, কেননা ব্লিক্ন উচ্চীকু হয়। প্রতরাং কার-কারণের ধারণা পূর্বত:সিভ, সারাজ ও

ভবে ইহাও কাণ্টের দর্শনে স্থম্পট বে, কার্য-কাম্বন সম্পর্ক বিশুদ্ধ বৌদ্ধিক আকার বিশ্বয়া ইহা একমাত্র ইন্দ্রিয় অভিজ্ঞভার ক্ষেত্রেই প্রযোজ্য, ইহা ইন্দ্রিয়াতীত বস্তু-ম্বরণে প্রযোজ্য নহে।

कार्य-कार्य धार्या मन्भार्क दिख्य ७ कार्त्येत सर्धा भार्थका रहेन धरे বে, হিউমেব মতে কার্য কারণের ধারণার, মধ্যে বস্তুগত নিশ্চয়তা নাই। অপবপক্ষে কান্টের মতে ইহ। বস্তু-গরূপে প্রযোজ্য না হইলেও ইহ! বিষয়গভ অর্থাৎ অভিজ্ঞ :ার বিনয়ের দহিত কার্য কারণ সম্পর্বের যোগসূত্র আছে। হিউৰ চরম অভিক্রতাবানী বণিয়া কার্য ছাবণ সভার্কর সাবিছতা ও অনিবার্যতা ষীকার কবেন না, কেননা তাঁহাব মতে দাবিত ও অনিবার্য কার্য-কাবণ সম্পর্ক প্রাহাক কর। যায় না। তিনি বলেন—আমর' অভিজ্ঞ হায় যাং। পাই তাহা হইল-वस्त्रिक्टियात वा घर्षेभावनीत भूत-भन्न मुन्नर्क, किइ এই मुन्नर्क अभिवाधकारण वा নিক: বিকরণে আমাদের ই ক্রিয় অভিজ্ঞ হায় প্রতিফলিত হয় না। প্রত্যক **অভিজ্ঞ গার বস্তু বা ঘটনাস**্যুহর কেবল ক্রম বা পর্যায় প্রতিক্ষলিত হয়; কারণ ৰা কারণভা মনের প্রভান্নগাত্র, বিষয়েব সহিভ ইহার কোন যোগস্ত নাই। হখনই বোন একটি বিশেষ ঘটনা ঘটে, তথনই আর একটি বিশেষ ঘটনা উহার অফুণ্মন করে; এরাণ পুন: পুন: প্রত্যক্ষ ব' ভ্রোদর্শনের ফলে পূর্ব পর ঘটনা ছুইটি অ'মাদের মনে এমন নিবিড়ভাবে সম্প্রিত হয় যে, পূর্ববর্থী ঘটনা প্রত্যক ৰবিলেই অনুবৰ্তী ঘটনাটি আমরা প্রভ্যাণা করি। স্থভরাং হিউমের মডে কার্য-কারণ সম্বন্ধ আধাদের মনের প্রভ্যাশামাত্র। বস্তুতঃ কারণ ও কার্য পরক্ষর তুইট স্বতম্ব ণিচ্ছিল ঘটনা, উহাদের মধ্যে কোন অপরিহার্থ বা অনিবার্থ সম্পর্ক নাই। যদি তাগ খাচিত, তাহা হইলে কারণের ধারণার মধ্যেই কার্যের ধারণা আবস্তি চভাবে নিহিত থাকিত অর্থাৎ কারণকে বিলেবণ করিয়াই অনিবার্যরূপে কাৰ্য পা এয়া যাইত। কিন্তু হিউমের মতে, কারণ ও কার্যের সমন্ধ বিশ্লেবক (analytic) নহে, উঃ। সংশ্লেষক (synthetic)। 'পান্ত কুধা নিবৃত্তি করে' এই বাক।টিতে থান্ডের ধারণাকে বিল্লোণ ক রয়া আমরা কখনও কুধা নিবুজির ধারণা আবস্থিকভাবে পাই না। আঁথাদের অভিজ্ঞতার বাছ ও কুধা নিবৃত্তি এই ছুইটি খতর ঘটনার মধ্যে নিরত পূর্বপর সম্পর্ক দেখিয়া বিখাপ করি ঝে পূর্বতী ঘটনা 'খাড' इट्टेन कारन अतर পরবর্তী ঘটন। কুখা নিবৃত্তি হুইল কাই बदर अबन निवड भूर्व-भर मक्ब रहेन कावन कार्य मक्ब । हिष्डित्मव मेटड, कावन ও কাৰ্বের মধ্যে কোন অপরিহার্য সম্বন্ধ প্রভাক করা বার না, অপরিহার্ব স্বাধারী

ধারণা মনের সংস্থার বা অভ্যাসজাত আশা মাত্র, ইহার কোন বাস্তব ভিন্তি বা বস্তুগত নিশুয়তা নাই।

"হিউমের স্থায় কাণ্ট স্বীকার কবেন যে, কারণ কার্য সম্পর্ক আমাদের অক্টেশ্রের বিষয় নহে। ইহাকে আমরা প্রভাক কবিতে পারি না। কিছু অভিজ্ঞতা হইতে কাবণ-কার্যের ধারণা গঠিত হয়—হিউমের এই মতবাদ কাণ্ট বণ্ডন কবেন। তিনি বলেন কারণ কার্যে ধারণা সামায় ও অপহিহার্য। প্রতি বস্তুকানে এই ধারণা নিহিত আছে কারণ-কার্যের ধারণা ব্যতীত লোন বস্তুজ্জান এই ধারণা নিহিত আছে কারণ-কার্যের ধারণা ব্যতীত লোন বস্তুজ্জান আভজ্ঞতাই স্প্তান নহে। ইহা বস্তুজানের ভিত্তি (ground)। কার্কেই অভিজ্ঞতা বা জাণতিক জ্ঞান হইতে ইহার উৎপত্তি হইতে পারে না। অবিকল্প অভিজ্ঞতা বা জাণতিক জ্ঞান হইতে ইহার উৎপত্তি হইতে পারে না। অবিকল্প অভিজ্ঞতা বস্বন ও কোন সম্বান্ধর নিয়ত্ত্ব (universality) ও অবশ্বস্তাবিতা (necoesity) প্রদান কবিতে পারে না?—(অধ্যাপক হরিনাদ বন্দ্যোপাধ্যায় প্রশীত দর্শন দা পিক।) কাট বলেন কাবণ-কার্যের ধারণা বৃদ্ধিলাত, পূর্বতাদিদ্ধ; আমাদের বৃদ্ধি এই ধারণা দেশ ও কালে অভভ্ ঐন্দ্রিক সংবেদনগুক্তে প্রয়োগ করিয়া বস্তুজান গঠন করে। বিস্তু কাণ্ট যথন বলেন বে, কাবণ-কার্য ক্রণ বের্গিক ধারণ ইন্মিয়াতীত বস্তুব্বরণে প্রযোজ্য নহে, তথন অধ্যাদের স্বীরা করিতে হইবে যে, তিনি হিউমের মতবাদের উপর বিশেষ উন্ধতে সাধন করিতে পারেন নাই (Kant failed to answer Huma)।

(৬) মাটিনিউ ও কেনেলের মতবাদঃ—কাং-চাংশ সম্পর্ক ব্যাধ্যার পক্ষে শক্তির ধারণা অপরিহার্য। কিন্তু প্রশ্ন হইব—ার শক্তিকে কাংশরণে গণ্য করা হইবে—ভাগ কি নিছ ছ অচেতন উদ্দেশ্য-বাীন জড়শক্তিনা সচেতন ও উদ্দেশ্যন্ত্র আধ্যাব্যিক শক্ত আধ্যাব্যিক শক্ত অব্যাহ কিন্তুরিক কর্তিবার অন্তর্নিহিত্ত কোন উদ্দেশ্যন্ত্র পরিক শক্তি ঘারাই নিয়াগ্রিক না উহার অন্তর্নিহিত্ত কোন উদ্দেশ্যন্ত্র বিচার-বৃত্তির পরিচালনা রহিয়াছে ? জড়বাদাই চিন্তাবিদগণ মনে করেন যে, জড়বা মচেতন শক্তি উহার স্বনীর গতিক্রিয়া ঘারা প্রাক্তিক নির্মাঞ্চাবে ভগতের বাবতীর, কার্য উৎপন্ন করিতেছে। কারণ শক্তি মৃলতঃ জড়শক্তি বলিয়া কার্যোৎপাদনের ব্যাপারে কোন বৃত্তিগত উদ্দেশ্য বা প্রয়োজন ক্রিয়ের কথা আংস না। কিন্তু মার্টিনিউ ও স্বেটালের মৃত্ত ইচ্ছাশক্তির উদ্দেশ্য ক্রিমিক কর্মান ভব্তের মৃত্ত ইচ্ছাশক্তির উদ্দেশ্য ক্রিমিক মার্টিনিউ ও স্বেটালের মৃত্ত ইচ্ছাশক্তির উদ্দেশ্য ক্রিমিক মার্টিনিউ ও স্বেটালের মৃত্ত ইচ্ছাশক্তির উদ্দেশ্য ক্রিমিক মার্টিনিউ ও স্বেটালের মৃত্ত ইচ্ছাশক্তির উদ্দেশ্য করিছে আগতিক আর্থন বিষ্ঠানের পক্ষাতে পরমেশ্যরে উদ্দেশ্য নিহিত্ত আছে। আগতিক ক্রমিক ধারা সেই উদ্দেশ্যেরই ইন্সিত দিয়া বাকে। ক্রমেক বারা সেই উদ্দেশ্যরই ইন্সিত দিয়া বাকে। ক্রমেক

দেখা যাইতেছে যে, কার্য-কারণ তত্ত্বের পরিণ্ডি উদ্দেশ্রবাদে (The concept of causility leads to teliplogy)। "মাটিনিউও হেগেল যথাওঁই বৃদিয়াছেন, সকল কার্য-স্ট ইক্ষাণজির উদ্দেশ্য দাবন। পরমেশারং এক উদ্দেশ্য সাধনের জয় জগ তর ক্রমিচ আর্থিব। সম্পুয় জাগতিক বস্তু গ্রহার একটি নির্দিষ্ট উদ্দেশ্য সাধন করিতেছে। উদ্দেশ্যই হইল বস্তর স্বরূপ (essence), উদ্দেশ্য সাধনের প্রচেষ্টা হইতে ইহার নানা পরিবর্তন। সকল কারণ-কার্য সম্পর্কে ইচ্ছাণ জই কাম্ব করিতেছে। কার্য কারণের নৃত্তন স্টেনহে। কার্য কারণে উদ্দেশ্যরণে প্রথমে বর্তমান থাকে, পরে কাবে নিজ শক্তি ছারা উদ্দেশ্য সাধন করিলে, উদ্দেশ্য কারিত্রপে পরিং ণিত্ত হয়।" (অধ্যাপক হরিদাস বন্দ্যোপাধ্যায় প্রণীত দর্শন দীনিকা) কারণে নিজ সচেত্তন শক্তি ছারা উদ্দেশ্য সাধনের নিমিত্ত কার্য উৎপন্ন করে এবং এই বৃদ্ধিমন্ত্র শক্তিই জগতের ইংচিন্না, পরিবর্তন ও অভিনবংজর মূল কাবেল—হেগেলের এই মত্তবাংই কার্য-কারণ সম্পর্কের প্রকৃত স্বরূপ সহয়ে সত্তোব্যক্তন ব্যাখ্যা। বাস্তবিক, জাগতিক বস্তাতির পার্যস্ত্রপূর্ণ সংগঠন ও স্থানিপুণ হচনা অন্ধ ও আক্রিক্ জড়শক্তির কার্য ন হ, জাগতিক পদার্থসমূহের ক্রশ্বল ও বিশ্বত্বর বিস্থাস ও সংখানের কারণ হইল কোন পরম উদ্দেশ্যকের চেত্তন-শক্তি।

কাংশের স্বরূপ সহল্পে ভড়বাদী ও ভাববাদীদের মধ্যে যে মতবিরোধ বিভামান তাহা ড: নীরদবরণ চক্রবর্তী স্কলর ভাষায় ব্যাখ্যা করিয়াছেন। 'ভড়বাদীরা বালিককার্যে বিশ্বাস কলেন। তাঁদের মাত ছনিয়ার সব কিছুই যান্ত্রিকভাবে ঘটে যাক্তে। এখানে উদ্দেশ্য বা আদর্শের কোন স্থান নেই। ছনিয়া দুড়ে নির্বোধ জাড়র যান্ত্রিক খেলা চলেছে। এখানে চৈড়ান্তের কোন প্রতিষ্ঠা নেই। ছাববাদীরা উদ্দেশ্যক কার্যে বিশ্বাসী। তাঁরা মান কলেন, ভগং জুলে এক ইচ্ছাময়ের ইচ্ছার শীলা চলেছে। এই স্কল্যী ধরণী নির্বোধ জড়ের স্বাই হত্তে পারে না। এক বিরাট শিল্পী এক কিবাট পরিবল্পনা দিয়ে জগং স্বাই কতেছেন। তা যদি না হত তবে যেখানে যা প্রয়োজন সেখানে ছা এমনভাবে থাকত না; এ জগৎ কোন খরালী শিল্পীর স্বাই হয়। এ জগতের শিল্পী এক নির্ভান্ত শিল্পী। এক অসীম অনন্ত চৈত্রে বিশ্বের ছালাগড়ার মধ্যে নিজের উদ্দেশ্য সকল কলে চলেছেন। ছিনিই এই নিশ্বত শিল্পী। এই অসীম জন্প পূর্ব চৈত্রেই জগতের স্বারণ। এই ছাববাদীদের কারণভার আর চরমভার কোন ভলাৎ নেই। যিনি কারণ, ভিনিই চয়ম (Causality implies জ্যানা ভলাৎ নেই। যিনি কারণ, ভিনিই চয়ম (Causality implies

- । অনিবার্থ-সম্মারাদ (Necessary Councetion Theory)

কার্য-কারণ সহদ্ধ হইল অনিবার্য সংযোগের স্থন্ধ—ইহা কৌকিক সভবাদ, বৈজ্ঞানিক মতানাদ এবং বৃদ্ধিবাদী দার্শনিকদের মতবাদে বীক্কত ইইনছে। সাবারণ মাহ্ম বিশ্বাস করে যে, কারণ ইহার ধনীয় শক্তির ঘারা কার্য. উৎ াদন করে অর্থাৎ কারণের আভাস্তরিক শক্তির প্রভাবে কার্য আবিভিত্তাবে উৎপদ্ধ হয়। উদাহরণহরণ, আগুন স্বকীয় শক্তির হলে ছনিবার্যভাবে উত্তাপ স্বস্তী করে। ইহার কোন ব্যাভক্রম নাই। আগুনের সহিত্ত উত্তাপের সম্বন্ধ অপরিবর্তনীয় ও সার্বিচ; স্বত্রাং কার্য-কারণ সহদ্ধ একপ্রকার অনিবর্ম ও অবশ্রভাবী সহদ্ধ। লোকিক মতে, কারণ এবং কার্যের সম্বন্ধ হইল উৎপাদক এবং উৎপাদনের স্বন্ধ, উৎপাদন অনিবার্যভাবে উৎপাদকের শক্তিপ্রধানের স্বন্ধ, উৎপাদন অনিবার্যভাবে উৎপাদকের শক্তিপ্রধানের আনেকাংশে লৌকিক মত সমর্থন করিয়া বলেন—কার্য উৎপাদনের ব্যাপারে অনেকাংশে লৌকিক মত সমর্থন করিয়া বলেন—কার্য উৎপাদনের ব্যাপারে কারণের অন্তর্নিহিত শক্তির সঞ্চার অন্ত্যাহশ্রছ—যথা খাছ্যের অন্তর্নিহিত শক্তির বলেই শরীর পুই হয়, আগুনের দাহিকাশক্তির বলেই বন্তু দগ্ধ হয়। (শক্তের মত্তে, কারণ-শক্তি হইতেই কার্যের আবিশ্রকভাবে উন্তব্য ঘটে।

্ বৈর্তমান বৈজ্ঞানিক চিন্তায় কার্য কারণ সম্বন্ধকে অনিবার্য সমন্ধ হিসাবে গণ্য করা হয়।) বিজ্ঞান মতে কারণের মধ্যে নিহিত অব্যক্ত শক্তি অনিবার্যভাকে কার্যের মধ্যে নিহিত অব্যক্ত শক্তির অনিবার্য কার্যের মধ্যে ব্যক্ত হয়; যথা ভাগ ও আলোকশক্তি বৈজ্ঞাতিক শক্তির অনিবার্য ক্লাম্বর। (বৈজ্ঞানিকগণ বলেন—কার্য কারণের অন্তর্নিহিত শক্তির অবস্তহাবী ক্লাম্বর, এই সম্বন্ধ আন্তর ও অনিবার্য বলিয়াই জাগতিক ঘটনাবলীর ব্যাখ্যায় স্থানিশ্চিত সিরা স্ক উপনীত হওয়া সম্বন্

ব্র্থনেদী দার্শনিকগণও বলেন—বার্য কারণ সমস্ক সাবিক ও অনিবার্থ অর্থাৎ কার্য কারণ হইতে আবস্থি চভাবে নি:ए ই হয়। কারণ ও কার্যের মধ্যে সমস্ক আক্ষিক নহে, ইহা অবশুদ্ধাবী; কি অতীত, কি বর্তনান আর কি ভবিষ্ণং— সর্ববা লই কার্য কারণকে অনিবার্যরূপে অনুসরণ করে। এই প্রসাদে উল্লেখ্য যে, বুজিবাদী দার্শনিকদের মধ্যে অনেকেই কারণকে শক্তিরূপে গ্রহণ করেন না, কিছ তাহাদের সকলেই কার্য ক'বে সমস্ককে আন্তর ও অবশুদ্ধাবী বলিয়া প্রহণ করেন। তাহাদের সকলেই কার্য ক'বে সমস্ক বা বিধি অভিজ্ঞতালক নহে, করেন। তাহাদের মতে, কার্য-কারণ সমস্ক বা বিধি অভিজ্ঞতালক নহে, করিছে প্রতাসিক অর্থাৎ অভিজ্ঞতার পূর্ব-ইক্ত অপরিহার্য সভা। কর্মের বারা অনিবার্যভাবে নিয়ন্তিক হয়—ইকা একলাভীত ব্রেক্তিক

আবস্থাবিতা (Logical necessity)। কাণ্ট বলেন— 'ঘটনার প্রত্যন্ত্র কারণের প্রত্যায়ের উপর অনিবার্যভাবে প্রতিষ্টিত'—ইহা কার্য-কারণ সমন্তের প্রকটি ব্যাপক ও স্থানিন্দিত্ নিয়ম; এই সার্বিক নিয়মের উপর অভিজ্ঞতাল্ভ কার্য-কার:ণর জ্ঞান নির্ভয় করে।)

কাণ্ট কার্য-কারণ-সম্পর্কের ক্ষেত্রে অপরিহার্যতাবাদ বা অনিবার্য-সমন্ধ মতবাদ পোষণ করেন। কান্টের মতে জাগতিক অভিজ্ঞতার কেত্রে কার্য-কারণ সম্বদের প্রাম্ন উঠে। প্রাম্ন হইল — চাবণ অরেগণের ইচ্ছা আমাদের মনে জাগে কেন? যথনই আমরা কিছু দে ধ তথ্মই আমাদের মনে প্রশ্ন জাগে ইহার কারণ কি ? কিন্ট বলেন—জগতের বস্তুনিচয় ও ঘটনাসমূহ পারস্পরিক সম্পর্কাক্ত করিয়া ধাবণা করাই মন বা বৃদ্ধির নিয়ত ও অপরিহার্য ক্রিয়া। অতীক্রিয় শুদ্ধবস্তু হইতে আগত এবং দেশ ও কালে অমুভূত সংবদনগুদ্ধ জান নহে, জ্ঞানের উপাদান-মাত্র। বৃদ্ধি সংবেদনগুচ্ছে দ্রব্য, কার্য-কারণ-দম্বন্ধ প্রভৃত আকারপ্রকার প্রদানপুণক উহাদিগকে স্থদাহত করিয়া জ্ঞান গঠন করিতেছে 📫 কাণ্টের মতে, কাৰ্য কারণ-তত্ত্ব অভিজ্ঞতাজাত নহে ইহা এমন এক বৌদ্ধিক ধারণা যাহা বুদ্ধিজাত অর্থণে বুদ্ধি নিৰের মধ্য হইতে নিজেই অভিজ্ঞতাকালে এই ধারণা স্মষ্ট करत । चामरा कार्य-कात्रन जरदत कान धारना महेशा छन्न ग्रहन कति ना-हेश স্তা, দিল্প ইহার অর্থ এই নহে যে, ইহা আমরা অভিজ্ঞতা হইতে লাভ করি। অভিজ্ঞতাকালে আমাদের বুন্ধি স্বয়ং এরূপ ধারণা সৃষ্টি করিয়া অভিজ্ঞতা-ক্ষেত্রে প্রয়োগ বরে, ইহা একটি শুদ্ধ বৌদ্ধিক আকার, ইহার স্বষ্টতে কোন ঐক্রিরিক উপাদান থাকে না। এই অর্থে এই ধারণা প্রাকৃ-অভিজ্ঞতা-লব।) দৃত্যমান জগতের বস্তুনিচয়কে স্থাশুহত করিবার ব্যাপারে কার্য-কারণ তথ্য একটি নিয়ত ও অপরিহার্য ৌদ্ধিক আকার। অভিক্রতার ক্ষেত্রে এই তত্ত্ব অপরিহার্য বলিয়া ইহা অভিজ্ঞ ছা-প্রস্ত হইতে পাবে না ;(ইহা • আবি ভিকভাবে পূর্বজ-সিদ্ধ (১ priori '।) অধিকল্প, অভিক্লতা আমাদিগকে কোন সাবিক ও অপরিহার্ব #ান দিতে পারে না।

্ষিনীয়ত্তঃ, কাণ্টের'মতে, কার্য-কারণ-সম্পর্ক আমাদের মানসিক করনা নহে।
কর্মাই আমরা আমাদের ধেয়াল ধূলি মত কার্য-কারণ-সম্পর্ক বে কোন ঘটনার
আরোপ করিতে পারি না। (কার্য কারণ-সম্পর্ক বৃদ্ধি-আত হইলেও বিষয়ে।
ক্ষিতিত ইহার বোগস্ত্র আছে। অর্থাই কার্য-কারণ-সম্পর্ক বিষয়গত।) কার্যক্ষিত্র-সম্পর্ক প্রভৃতি বৌদ্ধিক সাকারসমূহের ধারা আন ও ঐপ্রিবিক অসই

इिष्ठ श्रेंटिन राखनि वाकिमालिक ७ मत्ना ७ नत्र। धर्थाश् वार्य-वार्य-দম্পার্কর উৎপ তাহুদ মন হইদেও ইহা অভিজ্ঞ হার ক্ষেত্রে সাধারণ (universal) ও অপরিগর্য (necessary)।) কাল্ট এই প্রসংক ইংাই বলিতে চান যে, বিভিন্ন ব্যক্তির মধ্যে ভিন্ন ভিন্ন বা বিশেষ বিশেষ কার্য-কারণ মুম্পকের বৌ দ্বক আকার থাকে না. সকলের মনে এই বৌদ্ধিক আকাব এক ইরূপে বিজ্ঞান এবং আভাসিক জ্বাতের অভিজ্ঞ া সকলের ক্ষেত্রে ১ক ও জভিন্ন, কার্য-কাংগ-সম্প:করি সাধারণ ও অপরিবর্তনীয় নিয়মামুদারে সকলেই এবইভাবে ভাগতিক অভিজ্ঞতা লাভ করে। জগতে দিকে দৃষ্টপাত কবিলে দেখা থায়/ জাগতিক বিষয় সদা পরিবর্ত-শীল। সেই পরিবর্তনশীলভার এঞ্টি হৃনিদিট ধারা বা নিয়ম আছে। ('পূব' ও 'পর' (before and after)—এই কালিক ধাবা স্বাকাব না করিলে বস্তুর পরিবর্তন ব্যাখ্যা করা যায় না। এই পৌণাধর্য ধারাই বার্য কাবে নীতি বলিয়া পরিচিত। (All changs take place in conformity with the law of connexion of cause and effect । (পূর্বগর্তী ঘটনা কারণ এবং পরবর্তী ष्ठेन कार्य। कान्छे कार्यकात्र - जन्त्रकेटक जामाना (universal) ख অপরিহার্ (necessary) বলিয়াছেন এবং এই ধারণা পূর্বত:সিদ্ধ (a priori)। প্রতি বস্তুজ্ঞ নের পক্ষে এই ধাণা অপরিহার্য। স্বতরাং এই ধারণা অভিজ্ঞতা লব্ধ নহে। বার্য কারণ ত ত্বব ধারণা নিত্য, কিন্তু অভিজ্ঞত 壤 ষ্মামরা ষ'হা পাই তাহা কালিক।) বিষয়েব অভিজ্ঞতা ব' জ্ঞান লাভ করিছে হুইলে বুদ্বিপ্রস্ত এই জ্ঞানের প্রকাশ অপরিহার্য, বেননা অমুভৃতি-কর সংবেদন । সকল বৃদ্ধি-প্রস্ত আকার ধারা সংগঠিত হইয়া জ্ঞান পর্যায়ে উনীত হয়। ভ্তরাং কার্য-কারণের ধারণা পূর্বতঃসিদ্ধ সামাক্ত ও নিশ্চয়াত্মক।

কান্টের মতের ক্রটে হইল এই যে, তাঁহার মতে কার্য কারণের অনিহার্থ সম্পর্ক অত দ্রিয় জগতের ক্ষেত্রে প্রতিষ্ঠা করা সম্ভব নহে। ইহাকে কেবল পরিদৃষ্ঠমান জগতের উপর প্রয়োগ করা চলে। এই ছাবে কান্ট পরিদৃষ্ঠমান এবং অতীক্রিয় জগতের মধ্যে ব্যবধান স্বষ্ট করিয়াছেন। হেগেল বন্ধর বাছরণ ও উহার স্বরূপের মধ্যে অলান্ধি সম্পর্ক স্থাপন করিয়া কান্টের এই ক্রটি অনেকাংকে সম্পোধিত করিয়াছেন। হেগেল বলেন—জগৎ হইল পর্মাত্মার আত্ম-প্রকাশিত শক্তিকিয়ার অনিবার্য পরিণতি। জগৎ পরম চেত্র-ায় বাত্তব বিকাশ। অসীক পূর্ণ হৈতে এই জগতের কারণ। পরম চৈত্র পরমেশ্রের ইচ্ছাশ্ভির উল্লোক্তির পর্যাক্ষিক বিকাশন অন্তর্গ করারণ আত্মর ক্রারণ। স্বন্ধ কর্মার্য ক্রারণ ভির্মান্তিক করারণ আত্মর ক্রারণ বিকাশ। স্বন্ধ করারণ করারণ আত্মর ক্রারণ বিকাশ করারণ করারণ বিকাশ করারণ বিকাশ করারণ করারণ বিকাশ করারণ করারণ বিকাশ করারণ বিকাশ করারণ করারণ বিকাশ করারণ ব

উদ্বেশ্র শাধন। সকল কারণ কার্য-সম্পার্ক ইচ্ছাশক্তি কাজ করিতেছে। কারণ নিজ সড়েতন শক্তি দারা উদ্দেশ্য সাবনের নমিত্ত কার্য উৎপন্ন করে। এইভাকে হেগেল কারণ ও কার্যের মধে। আজিক ও অপরিহার্য সম্পর্ক ব্যাখা করিয়াছেন।

কার্য- দার - সম্পর্ক বিষয়ে আনবার্য সংযোগ মতবাদ বিল্লেখন করিলে ইংবর কতব গুলি বৈশিষ্ট্য পাভয়া যায়। বৈশিষ্ট্যগুলি নিমুরপ :

- (৯) কাবে ও কার্থের মধ্যে সমন্ধ যৌক্তিক ও পূর্বভ সিদ্ধ। কারণকে বিশ্লেশণ করিলেই কার্য নির্ণয় করা যায়; কারণ ও কার্যের মধ্যে সম্বন্ধ নির্ণয় অভিজ্ঞতা-সাপেক নহে, ইহা অভিজ্ঞতা-পূর্ব। এই সমন্ধ এমন অবশ্রস্তাবী বে, বারণ উপস্থিত হইবে অর্থাৎ কারণ আছে অব্বচ কার্য নাই অথবা কারণের উপস্থিতিত বার্য ঘটিতেও পারে আবার নাও ঘটিতেও পারে এরূপ হইতে পারে না। কারণ-কার্য সমন্ধ আকস্থিত নহে; ইপ্পাদ্দিরহার্য। যথন কারণ C কার্য চি কে 'উৎপাদন করে, তথন আমরা মনে করি বে, C এবং দ্র এই তুইটির মধ্যে একটি অপরিহার্য সমন্ধ বিভ্যমান অর্থাৎ বি ঘটিলে দ্র অংশ্রই ঘটিবে। এই আবিশ্রক্তার মধ্যেই কারণের হরণে নি,ইত আহে।
- (২) অনিবার্ধ-সংযোগ মত্তবাদ অঞ্পারে কার্য কারণের মধ্যেই অব্যক্ত অবস্থার নিহিত থাকে; একজ কারণ-বার্য দশ্পর্ক আন্তর বা আভ্যন্তরিক, এই শশ্পর্ক বা অ্বক নহে। অব্যরাহাত্মশনে বেমন সিধান্ত আশ্ররবাক্য হইডে অনিবার্যভাবে নি:স্ত হয় ভেমনই কার্যের হেতু বা যুক্তি কারণের মধ্যে নিহিত আকে ব লহা কার্য অনিবার্যভাবে কারণ হইতে অফ্সতে বা প্রস্তুত হয়। একজ অনিবার্য-সংযোগ মত্তবাদকে প্রস্তুত-মত্তবাদও (Entailment theory) আখ্যা দেশরা হয়। যথন বিষ-সেবনে একজন ব্যক্তির মৃত্যু হয় ভখন বিষ সেবন মাণ্টি ব জিন্টের মৃত্যুর হেতু বলিয়া গণ্য হয় এবং এই হেতু বারা কার্যটিকে ব্যাধ্যা করা হয়।
- (৩) অনিবার্থ-সংবোগবাদ অমুসারে কারণ-কার্থের কেবলমাত্র উৎপাদক্ষ্ট রুছে, নিয়ামকও বটে।

সমালোচনা: জন হন্পাবন সারসমত অপরিহার্যতার সহিত কারেণছের শিক্ষান্তির উরেপ করিরা বংগন বে, বলি একটি বৈধ অনুমানের চেতৃবাক্য সভ্য ক্লয়, ভাষা হইলে সিদান্ত অবশুক্তি সভ্য হইবে। একেত্রে 'অবশু' ক্রাট্ট ক্লিয়ন্ত্রত বা মুক্তমুক্ত অপরিহার্যতা' অর্থে ব্যবস্তুত হয়। ক্লিয়ু কার্যতা সমূদ্র কোন বাক্য বা বোষণার মধ্যে স্বাহ্বসমত বা বৃক্তিমূলক অপরিহার্য হা থাকে না ।

অকমাত্র অভিজ্ঞভানুলক পর্যবেশণের সাহ যেই আবিকার করা সম্ভব—কোন্ধ
কারণে কোন কার্য ঘটে । ব্যবহারিক অভজ্ঞভার ক্রাহসমত অপরিহার্যতা পাওৱা
ঘার না । 'ঘর্ষণ ভাপ উৎপাদন করে'—এই বান্যটি অভিজ্ঞভা-ভিভিক, ইহা
অপরিহার্য বা আবিষ্ঠিক (necessary) নহে । 'ঘদনই ঘর্ষণ হয় তথনই ভাপ
উৎপন্ন হয়'—এই বাক্যটি অভিজ্ঞভার ঘারা ক্রভিত্তিত একটি প্রাক্তাভিক নিয়ম।
কিন্তু 'ঘদি যথনই ঘর্ষণ ঘটে' ভাহা হইলে ভাপও ঘটে; ঘর্ষণ ঘটে, ভারপর
ভাপ ঘটে'—ইহা একটি ক্রাহ্রশমত অপহার্য বিহুতি । কোন একটি বিশেষ
দৃষ্টান্তে ঘর্ষণ ঘটিলে ভাপও ঘট—ইহা অফুফ্তত হইল প্রকৃতির এবটি সাধারশ
নিয়ম হইতে—যে নিয়মটি ঘর্ষণ এবং ভাপ এই তুইটি ঘটনার নধ্যে নিয়ত সংযোগ
ঘোষণা করে । বিরুভিটি স্বাং অপরিহার্য বা আবিষ্ঠিক নহে, কিন্তু যথন ইহা 'যাদ—
ভাহা হইলে'—এই আনারের বিরুভির 'ভাহা হইলে' অংশ হয় এবং 'যাদ ভাহা
হইলে' বিরুভির 'ঘদি' অংশটি প্রকৃতির এঘটি নিয়ম ও ভৎসহ কোন শিশেষ
ঘটনা প্রকাশ করে, সেক্লেত্রে সমগ্র বচনটি অর্থাৎ প্রাক্রিক (যাদ—ভাহা হইলে)
ঘটনটি ভায়সম্ভভাবে অপরিহার্য হইবে।

বলি আমরা সভক'না থাকি, আমাদের বিভ্রণন্ত হইতে পারে। আমাদের বিভ্রান্ত হয় এইরপে: আমরা বলিতে পারি—"হখন হর্ষণ হয় তথন তাপ হয়, এবং এখানে ঘর্ষণ আছে, স্তরাং তাপ 'অবস্থই' থাকিবে'। একেত্রে 'অবস্থ' শৃষ্ক'র আমরা ন্যায়সমূত অর্থ পাইলাম। দিন্ধান্ত অবস্থ শৃষ্ক'র আমরা ন্যায়সমূত অর্থ পাইলাম। দিন্ধান্ত অবস্থ শৃষ্কি কেবল নিছে কি করে যে, সিন্ধান্ত হেতুবাকাওলি হইতে ন্যায়সমূতভাবে অসুস্ত হয়। কিছ বিপদ হইল এই যে, আমাদের 'অবস্থ' শ্বনি ব বহারের প্রবণতা থাকে অবদ্ধ আমরা ভূলিরা বাই—অভিজ্ঞতা ভিত্তিক হেতুবাকাওলির কথা—বেশুনি হুইতে সিন্ধান্ত গৃহীত হয়। তাই আমরা বলি—"দল পাহাড়ের নীচে অবস্থ গড়িরা বায়'', "জীবদেহ অবস্থই মরে"; অথচ আমরা ভূলিরা বাই বে, এওলি মোটেই অপরিহার্য বচন নতে, এওলিকে প্রকৃতির স্থাবেণ নিয়ন হইতে নিংস্ত করা হয় মাত্র। প্রকৃতির এই সাধারণ নিয়নগুলি অভিজ্ঞতা—সাপেক। এবং বাহা অপরিহার্য নর সেই অভিজ্ঞতা ভিত্তিক নিংমের সহিত সম্পর্ক রাথিয়াই ভাহা হইতে গৃহীত সিন্ধান্তকে অপরিহার্য বলা হয়। এই অর্থই আমরা প্রাকৃতিক ঘটনাবনী সন্ধন্ধে বলি বে, সেগুলির মধ্যে আবিশ্রকতা আছে। একবার ক্রেরানীণ কারণের মুক্রণ ক্রানিতে পারিলে কার্য ক্রেন্টই ঘটনে—ভাহাও

জানা বাইবে। উদাহরণ হরণ, আমার যদি ভানা থাকে যে, ইহা জল, তাহা হইলে আমি ইহাও জানিব বে, ইহা 212°F মান্রায় অবশু ফুটিবে। জলের স্বরাই হইল এই মান্রায় ফুটস্ত হওয়া। এজন্ম এক্ষেপ্ত আমরা 'অবশু' কথাটি ব্যবহার করিতে পারি। এখন দ্বা যাউক—বিল্লাস্তিটি কি। "যদি ইহা জল হয়, তাহা হইলে ইহা অ.শুষ্ঠাবা যে ইহা ১12°F মাত্রা ফুটিবে'—এক্ষেত্রে 'অবশু' কথাটি হেতুবাকা এবং দিল্লাস্তের মধ্যে যে সম্বন্ধ বিগুমান তাহার সহিত্ত যুক্ত, স্বয়ং দি গ্রন্থের সহিত যুক্ত নহে। 'জল 212°F, মান্রায়: ফুটে'—ইহা যদি জলের সংগ্রাম্থক ইবা এবং সেক্ষেত্রে 'অ শু' কথাটি সঠি চভাবেই প্রযুক্ত হইবে অর্থ ইহা যদি 212°F হারে না ফুটে তাহা হইলে ইহা জলই নহে—এই অর্থ হইবে। কিন্তু ১12°F হারে জল ফুটা যদি জলের সংজ্ঞার্থস্টক বৈ শন্তা হয়, তাহা হইলে জল অবশুই ১12°F মান্রায় ফুটবে'— এরা বলা লায্য হইবে না, কারণ 212°F মান্রায় জল ফুটা জলের সংজ্ঞার্থস্টক বৈ শন্তা হয়, তাহা হইলে জল অবশুই ১12°F মান্রায় ফুটবে'— এরা বলা লায্য হইবে না, কারণ 212°F মান্রায় জল ফুটা জলের সংজ্ঞার্থস্টক বৈ শিত্তা নয় বলিয়া এই বচনটি সংশ্লেণাত্মক হইল এবং সংশ্লেণাত্মক বচনে আবশ্লিক ভা থাকে না।

অভিজ্ঞ হাবাদী দার্শনিক ডেভিড হিউম কারণ-কার্য সম্প্রকীয় আবলাক শহন্ত মতবাদের বিরুদ্ধে কঠোরভাবে সমালোচনা করিয়া বলেন--- আবস্থিক সহন্ত ষ্মবান্তব বল্পনা মাত্র, এরাণ সম্বন্ধ প্রাক্ষতিক জগতে প্রাণুক্ত হইতে পারে না। তিনি কার্য কারণের এক অভিনব বি শ্লষণ দান করিয়া বলেন ভকাবণত্ব হইল নিচক নিম্বত বা ব্যতিক্রমহীন সম্পর্ক; C হইল B-এর কারণ—ইহার অর্থ—C প্রতি নিয়ত B এর সহিত সম্পকিত অর্থ'ৎ C নিয়ত B এর ছার। অফুফ্ত হয়। হিউ:মর মতে, একমাত্র অভিজ্ঞ হা-ভিত্তিক পর্যবেক্ষণের উপর নির্ভর করিয়া আমরা ৰলিতে পারি—C হইল B এর কারণ, বর্ধণ তাণ ঘটায়, ভড়িৎ বর্জপাত ঘটায় ই ভ্যাদি। একেনে যাহা অ'মরা পর্যবেক্ষণ করি ভাহা এই যে, C হইল E এর পুরবর্তী। হিউমের মতে, প্রাকৃতিক ঘটনাবলীর মধ্যে আমরা কখনও ष्म विहार्य नष्ट तक्क न कित्र ना। ष्मामत्रा यादा भय तक्क कित्र खादा हहेन ष्ठेनामबूर मना এकि विद्वारत चःष्ठे ; किन्न जामदी क्य-७ अर्थत्वच क्रिना যে, ঘটনাগুলি অবশ্রই গেইভাবে ঘটিবে। প্রকৃতির ক্রিয়ার মধ্যে আমরা কখনও আবিকিকতা দেখিতে পাই না। C হইল B এর সঙ্গে অপবিভাষ ক্রপে সম্পর্কিত: .B অবশ্ৰই ঘটিরে, E-কে ঘটিতেই হইবে—এই সকল উক্তির নায্যতা অভিজ্ঞতা

ভিত্তিক পর্য বেক্ষণ মোটেই আমানিগকে দেয় না। C হইপ B এর কারণ—এছেও উল্পির মূলে আমরা যাহা পর্যবেক্ষণ করি তাহা এই যে, C. নিয়ত B এর খারা অহুস্ত হয়। C-এর পর B একবার, ছইবার, দশবার, হাজার বার ঘটিতেছে। যখন আমরা দেখি যে C-এর পর B নিয়ত ঘটে, তখন আমরা বিল—C হইল B এর কারণ। অর্থাৎ কারণত্ব হইল ঘটনাবলীর মধ্যে নিয়ত সংযোগ (constant conjunction)। অবস্থা একটি মার, ক্ষেত্র পর্য বেক্ষণ করিয়া যদি বিলি C হইল E-এর কারণ, তাহা হইলে ইহা যথেও হইবেনা। E-এর সহিত C-এর সংযোগ বহুবার দেখা আমশ্যক এবং ইহা যত বেশী দেখিব তত্ত বেশী শ্রেয়। (১) একটি ক্ষেত্রে C-এর পর B এর সংঘটন এবং (২) C হইল E-এর কারণ—এই ছুইটির মধ্যে পার্থক্য এই যে, দ্বিতীয়ন্টতে C এবং B-এর মধ্যে সংযোগ হইক নিয়ত; অর্থাৎ যদি C ঘটে তাহা হইলে নিয়ত B ঘটবে।

উক্ত আলোচনাদমূহ হইতে আমরা এই ব্রিতে পারি যে, অন্বার্ধ-সংবাগবাদের বিরুদ্ধে প্রধান আপতি হইল—কার্য-কারণ সংগ্ধ বাস্তব বিষয়ের সহিত্ত
ল'শ্লিই, এক্ষা এই বিষয়ে অবরোহমূলক যুক্তি বা গণিতের অনুত বিষয়ের সমত্লা
ক্ষানিশ্রতা পাওয়া যায় না। এই আপত্তির উত্তরে আমরা বলিতে পারি কারণ
কারণ সম্প্রের অনেক ক্ষেত্রেই আমরা ব্যবহারিক নিশ্চয়তা পাইতে পারি এবং
জ্ঞান-বিজ্ঞানের অগ্রগতির ফলে এই নিশ্চয়তা আরও বৃদ্ধি পাইবে। এই প্রসক্ষে
অনিবার্য সংযোগবাদের বিরোধীরা বলিবেন যে, কার্য-কারণ সম্পন্ধ নির্বারন্ধ
ব্যাপারে আমাদের প্রকল্পের উপর নির্ভর করিতে হয়। কিন্ত প্রকলমগুলির
সম্পূর্ণ যাচাই ব্যবহারিক ক্ষেত্রে সম্ভব হয় না, এজ্যা কার্য কারণ সম্পর্ক আমরা
ক্রেই কথা বলিব যে বিজ্ঞানিক অগ্রগতির ফলে আমরা প্রকল্পের পরীক্ষিত্ত
দৃষ্টান্তের সংখ্যা বৃদ্ধি করিতে পারিব এবং ফলে কার্য-কারণ সম্পর্ক নির্বার্থ
অনিশ্রহাত ও প্রাণ প্রাপ্ত হইবে।

বিতীয়তঃ, অনিবার্য সংযোগ মতবাদের বিরুদ্ধে ইহাও বলা হয় যে, কারণ ও কার্যের মধ্যে কোন বৌধিক বা যৌ জক সহন্ধ থাকিতে পারে না ; বিদি থাকিত তাহা হইলে উহা অভিজ্ঞতার সাহায্যে নির্ণয় করা যাইত, কিন্ত বান্তব ক্ষেত্রে উহা নির্ণয় করা যায় না। এই আপত্তির উত্তরে আমরা ইউয়িং (Ewing)-এয় সহিত একমত হইয় বলিব—বৌদ্ধিক সমন্ধ অভিজ্ঞতায় দেখা যায় না, এই কারণে ইহার অন্তিম্ব অন্বীকার করা যুক্তিযুক্ত নহে। অভিজ্ঞতাই জ্ঞানের একমাত্র উৎস

করে প্রজ্ঞা বা বৃক্তির সাহাবের কারণ ও কার্বের মধ্যে অপরিহার সরস্ক আবিকার করা সম্ভব। অধিকন্ত অভিজ্ঞভার ভিত্তিতে বর্তমানে এই আবিকার সম্ভব না ভূইলেও ভবিষাতে জ্ঞান-বিজ্ঞানের অগ্রগণ্ডির ফলে সম্ভব হুইতে পারে।

৩। নিয়ভশ্বাদ (Regularity Theory :

নিয়ভববাদ অনুদারে কারণ ও কার্বের মধ্যে নিয়ভ পারপর্ব বিশ্বধান অর্থাৎ ক্ষোয়ণ হইল কার্বের নিয়ভ ব্যতিক্রমহীন পূর্ববর্তী ঘটনা এং কার্য হইল কার্বের নিয়ত ব্যতিক্রমহীন অনুবর্তী ঘটনা।

অভিজ্ঞ হাবাদী দার্শনিক হিউম Hume) কার্য-কারণ সম্পর্ক সম্বন্ধ নির্ভত্ত বাদ গ্রহণ করিয়। বংশন বে, কারণ ও কার্যের মধ্যে কোন অনিবার্য সম্পর্ক নাই, কারণ হইল কার্যের নিরভ পূর্ব হী ব্যাপার। তিনি কারণকে শক্তি বলিয়া দ্বীকার করেন না। তাঁংবি মতে হাহা প্রভ,ক্ষ-লব্ধ ভাহাই দ্বীকার, কিন্ধ কারণের হার্য উৎপাদন শক্ত •আমবা কথনও প্রভ্রক করিতে পারি না। কি হাইং ভ্রক আর কি অস্ক:প্রভাক —কোনবল প্রভাকই শক্তির অভিজ্ঞ প্রমাণ ক্রিয়া কার কারণ করে। অভিজ্ঞভাব করেতে পারি না দে, কারণ শক্তি প্রোগ করিয়া কার কারণ উৎপাদন করে। অভিজ্ঞভাব দের জনক লক (Looke) হার্য-কারণ সম্পর্ক কারণ আর্যা কিয়া হাবাহিন গাধারণ লোকের ফ্রায় কারেছিক শাধানের শক্তিকেই কারণ আধ্যা দিয়াছেন। কিন্ধ হিউম কারণের সক্রিরভাকে শাধ্য করিয়া বিশ্বাছেন যে, কারণকে শক্তিরণে ধারণা করা ভূপ। ব্যার কি, কার্য-কারণ সম্পর্ক স্থিক ভ্রমনিবার্য – এরপ ধারণাও সম্পূর্ণ অবান্তর।

কার্য-কারণ ধারণা সম্পর্কে হিউম ও কান্টের পার্থক্য হইল এই বে,
ইউনের মতে কার্য-কারণের ধারণার মধ্যে বল্লগত নিশ্চনতা নাই। অপরণকে
কান্টের মতে ইং। বন্ধ বন্ধাপ প্রযোজ্য না হইলেও ইহা বিষয়গত অর্থাৎ
আহিক্সভার বিষয়ের সহিত কার্য-কারণ সম্পর্কের বোগদ্যর আছে। হিউম
চরম অহিক্সভাবাদী বলিয়া কার্য বাবে সম্পর্কের সার্বি হতা ও অনিবার্য তা স্বীকার
করেন না কেননা তাঁহার মতে সার্বিক ও অনিবার্য কার্য-কারণ-সম্পর্ক প্রত্যক্ষ
করা বাহ না। তিনি বলেন—আমরা অভিক্সভার বাহা পাই তাহা হইল বন্ধ
নিচয়ের বা ঘটনাবলীর পূর্ব-পর সম্পর্ক, বিন্ধ এই সম্পর্ক অনিবার্যক্রপে বা নিশ্চয়াক্রক্সপে আমাদের ইন্দ্রির অভিক্সভার প্রতিক্ষণিত হয় না। প্রত্যক্ষ অভিক্সভার
কর্মনা অট্যান্তর কেবল ক্রম বা পর্যার ক্রেকিণ্ড হয় না। প্রত্যক্ষ অভিক্রভার
করের প্রত্যহ্মান্ত, বিষয়ের সহিক্ষ ইহার কোন বোগদ্যর নাই। ব্যবাহী

কোন একটি বিশেষ ঘটনা ঘটে, তথনই আর একটি বিশেষ ঘটনা উহার অহুগমন করে, এরূপ পুনঃপুন: প্রত্যক্ষ বা ভূয়োদর্শনের ফলে পূর্ব-পর ঘটনা তুইটি আমাদের মনে এমন নিবিড্ভাবে সম্পকিত হয় যে, পূব্বিতী ঘটনা প্রত্যক্ষ করিলেই অফুবর্তী ঘটনাটি আমরা প্রত্যাশা কর। এইরূপে আমরা হুই বিষয়ের মধ্যে নিয়ত পূর্ব-পর সম্পর্ক দেখিয়া পূর্ববর্তী ঘটনাকে কারণ এবং অত্মবতী ঘটনাকে কার্য বিলি এবং উহাদের সম্বন্ধকে কার্য কার্ণ সমন্ধ ব্লিয়া মনে করি, স্কুতরাং হিউমের মতে কার্য-কারণ সম্বন্ধ আমাদের মনের প্রত্যাশামাত্র। বস্তুতঃ কারণ.ও কার্ষ পরস্পর তুইটি স্বতম্ব বিচ্ছিন্ন ঘটনা, উহাদের মধ্যে কোন অপরিহার্য বা অনি-বার্য সম্পর্ক ন.ই। যদি ভাহা থাকিত, তাং। হইলে কারণের ধারণার মধ্যেই কার্যের ধারণা আবশ্যিকভাবে নিহিত থাকিত অর্থাৎ কারণকে বিশ্লেষণ করিয়াই অনিবার্ণরূপে কার্য পাওয়া যাইত। কিন্তু হিউমের মতে, কারণ ও কার্যের সম্বন্ধ বিল্লেষক (analytic) নহে, উহা সংশ্লেষক (synthetic)। 'থাত কুধা নিরত্তি করে'—এই বাক্যটিতে খাত্মের ধারণাকে বিশ্লেমণ করিয়া আমরা কথনও কুধা নিবৃত্তির ধারণা আবশ্যিকভাবে পাই না। আমাদের অভিজ্ঞতায় থান্ত ও কুধা-নিবৃত্তি এই তুইটি স্বতন্ত্র ঘটনার মধ্যে নিয়ত ও পূব পর সম্পর্ক দেখিয়া বিশ্বাস করি যে পুরবর্তী ঘটনা 'ধাল্য' হইল কারণ এবং পরবর্তী ঘটনা ক্ষুরা নিরুত্তি হইল কার্য এবং নিয়ত পূর্ব-পর সম্বন্ধ হইল কারণ-কার্য সম্বন্ধ। হিউমের মতে, কারণ ও কার্যের মধ্যে কোন অপরিহার্য সমন্ধ প্রভ্যক্ষ কর৷ যায় না, অপরিহার্য সম্পর্কের ধারণা মনের সংস্কার ব। অভ্যাসজাত আশা মাত্র, ইহার কোন বাস্তব ভিত্তি বা বস্তুগত নিশ্চয়তা নাই।

"হিউমের স্থায় কাণ্ট স্বীকার করেন যে, কারণ-কার্য সম্পর্ক আমাদের অম্বভবের বিষয় নহে। ইহাকে আমরা প্রভ্যক্ষ করিতে পারি না। কিছু অভিজ্ঞতা হইতে কারণ-কর্যের ধারণা গঠিত হয়—হিউমের এই মতবাদ কাণ্ট শশুন করেন। তিনি বলেন, কারণ কার্যের ধারণা সামান্ত ও অপরিহার্য। প্রতি বস্তুজ্ঞানে এই ধারণা নিহিত আছে, কারণ-কার্যের ধারণা ব্যতীত কোন বস্তুজ্ঞান বা অভিজ্ঞতাই সম্ভব নহে। ইহা বস্তুজ্ঞানের ভিত্তি (ground)। কাজেই অভিজ্ঞতা বা জাগতিক জ্ঞান হইতে ইহার উৎপত্তি হইতে পারে না। অধিকছ্ম অভিজ্ঞতা কখনও কোন সংক্ষের নিয়ত্ত্ব (universality) ও অবক্তাত্ত্বক (necessity) প্রদান করিতে পারেনা।" (অধ্যাণক হরিদাস বন্দ্যোপাধ্যায় প্রণীত 'দর্শন-দীপিকা')। কাণ্ট বলেন কারণ-কার্যের ধারণা বৃদ্ধিকাত, পূর্বভ্যসিক;

ভাষাদের বৃদ্ধি এই ধাংণা দেশ ও কালে অমূভ্ত ঐলিয়িক সংবেদনগুল্ডে প্রহোগ করিয়া বপ্তজ্ঞান গঠন করেন। কিন্তু কাণ্ট যথন বলেন যে, কারণ-কার্যক্রণ বৌদ্ধিক ধারণা ইন্দ্রিয়াতীত বস্তুগ্ধরণে প্রযোজা নহে, তখন আমাদেরু স্বীকার করিতে হুইবে যে, তিনি হিউমের মতবাদের উপর বিশেষ উন্ধৃতি সাধন করেতে পারেন নাই (Kaut failed to answer Hume)।

পরবর্তীকালে অভিজ্ঞতাবাণী দার্শনিক মিল হিউমের মতবাদ সমালোচনা করিয়া পরোক্ষভাবে কারণ ও কার্যের মধ্যে অপরিহার্য ও নিশ্চয়াত্মক সম্পর্ক শ্বীকার করিয়া লইয়াছেন। মিল বলেন, মাত্র নিয়ত পূর্বগামী ঘটনাই যদি কারণ পদব,চ্য হইত, ভাহা হইলে রাত্রি দিনের কারণ বা দিন রা'ত্রর কারণ हहें छ। किन्द अव है। विहास क्रिक्टि एक्श याद्य या पिन ता' खत्र कात्रन नटह अवर রা;ত্রও দিনের কারণ নহে—ইহার। উভয়ের আহ্নির গ ভর ফল। স্বভরাৎ মিলের মতে নিয়ত পূর্ব গামীর সহিত আর একটি বিষয় যোগ করা প্রায়াজন, ইহা ংইতেছে অন্ত ঘটনা-নিরপেক (unconditional) সর্ত। হতরাং কারে হইতেছে অক্ত-ঘটনা-নিরপেক নিয়ত পূর্বগামী ঘটনা। যে পূর্বশামী ঘটনা অপসারণ করিলে কার্যের কোন হানি হয় না ভাহা কারণ বা কারণের কোন অংশ হইতে পারে না। স্থভরাং যে ঘটনা অক্ত-নিঃপেক, স্বয়ং কার্যাৎপাদন করিতে সক্ষম সেই ष्ठेनाहे महे कार्यत्र कार्न। कार्य कार्न व्यवश्रहे यह मध्नुन इहेरत। মিশের মতবাদ আলোচনা করিলে দেখা ঘাইবে যে, অভিজ্ঞতাবাদী হিউম নিম্বত পূর্ব-বভিতার উপর জোর দিয়া বে শ্রুকিবাদকে অগ্রাহ্য করিয়াছিলেন মিল অন্ত ঘটনা-নিরপেক সর্ভ যোগ করিয়া সেই শক্তিবালেই পুনরাবর্তন করিয়াছেন।

হিউম প্রমুখ অভিজ্ঞতাবাদীরা কার্য-কারণ সম্পর্ককে নিরমিভ পর্যাক্রেম (regular sequence) বলিয়া মনে করেন। এই প্রণক্ষে তাঁহারা বিনা প্রমাণে একটি নীতি স্বীকার করেন বে, অতীতে বাহা নিয়তরূপে কোন ঘটনার অহুগামী হইরাছে ভবিষ্যতেও সম্ভবতঃ তাহা সেই ঘটনার অহুগামী হইবে। কারণ ও কার্যের মধ্যে আভ্যন্তরিক অপরিহার্য সম্পর্ক অথবা কারণের শক্তি প্রয়োগের কবে কার্যোৎপাদন নিরভ্রমাণে শীক্ষত হর না। কেন ঘটনা ঘটে—তাহা মোটেই এই সভবাদে ব্যাখ্যা করা হর না, কার্যের নিরভ পূর্ব বর্তী ব্যাপার কি—ভাহাই কেবলমান্ত বলা হয়। এই মন্তবাদ অনুসারে কার্য-কারণ সম্পর্ক অভিজ্ঞানান্তেক, এইত অভ্যান অভ্যানে কার্য-কারণ সম্পর্ক অভিজ্ঞানান্তেক, এইত অভ্যান অভ্যানে কার্য-কারণ সম্পর্ক অভিজ্ঞানান্তেক, এইত অভ্যান অভ্যানে কার্য-কারণ সম্পর্কাত করিব ও কার্যের মধ্যে কোন বাধ্যম্য সংবোধ্য

ৰূট স্ব না – যাহাতে ব্যাখ্যা করা যায়—কোন কারণ ঘটিলে ভাহার অন্থবর্তী ঘটনা হিসাবে কার্য ঘটিবেই।

ইউয়িক (Ewing) নিয়তব্বাদের তুইটি প্রধান অস্থবিধার কথা উল্লেখ করিয়াছেন। প্রথম :, জটিল ঘটনাবলীর কার্য-কারণ সম্পর্ক যথা যুদ্ধ একং অর্থ নৈতিক মন্দার সম্পর্ক এই মন্তবাদে আবিদ্ধার করা যায় না। দ্বিতীয়তঃ, তুইটি ঘটনার মধ্যে নিয়ত সম্পর্ক থাকিলেও অনেক ক্লেক্সে তাহা কার্য-কারণ সম্পর্ক নাও হইতে পারে—যথা লওনের এক কারখানায় সকাল আটটায় ভ্টারের শক্ষ এবং উহার নিয়ত অন্থবর্তী ঘটনা হিসাবে ম্যানচেস্টার কাবখানায় শ্রমিকদের কাজে যোগদান।

অধিকন্ধ, আমরা বলিব— মভিজ্ঞতার সাহায্যে যেহেতু অনিবার্য সম্পর্ক নিণ্ড করা যায় না, এ ঃ ক্য হিউমের মতে এই সম্পর্কের মধ্যে অনিবার্যতা নাই। কিছ অভিজ্ঞত ছাড়াও জ্ঞানলাভের অক্যান্য উপায় আছে। বস্তুত: আমরা অভিজ্ঞতার উপার ভিত্তি কিংয়া বিচার বিশ্লেষণের মাধ্যমে এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে কার্য-কারণ সম্বদ্ধ হুনিশ্চিতভাবে নির্ণয় করিতে পারি।

জন হসপার্স নিয়ত সংযোগের বিরুদ্ধে সমালোচনা কবিয়া বলেন—(১)
সংবোগের অনেক দৃষ্টান্ত আছে যেগুলির ক্ষেত্রে কোন কার্য-কারণ সম্পর্ক নাই।
যানবাহন পরিচালনার যন্ত্রে সবৃদ্ধ ও লাল বাতি নিয়ত পূর্ব-পব সম্পর্কে যুক্ত,
অহরপভাবে রাত্রি ও দিন নিয়ত একটির পর অপরটি ঘটে, কিন্তু উক্ত নিয়ত
পূর্ব-পর ঘটনাবলী কার্য কারণ সম্পর্কে যুক্ত নহে। (২) আবার, কার্য-কারণ
সম্পর্ক র অনেক দৃষ্টান্ত আছে যেগুলি নিয়ত সংযোগের ক্ষেত্র নহে। দিয়াললাই-এ
আচড় কাটিলে আগুন জলিয়া উঠে, কিন্তু নিয়ত নহে; মললাযুক্ত খাত্য খাইলে
পেটে বা হয়, কিন্তু সকল ক্ষেত্রে নহে। স্বতরাং নিয়ত সংযোগের প্রকৃত অর্থ কি
—ভাহা স্বত্বে বিশ্লেষণ করা যাউক। ইহার অর্থ কি এরুপ—যথনই C ঘটে
তথনই কি দ্র ঘটে? যদি দ্র ঘটিয়া থাকে ভাহা হইলে কি আমরা অস্থমান
করিতে পারি যে, C উহার পূর্বে ঘটিয়াছে? যদি C না ঘটে ভাহা হইলে কি
দ্র ঘটিবে না ? বখন আমরা কার্য-কারণ সম্পর্কের কথা বলি, তথন অপরিহার্য
শর্ত এবং পর্যাপ্ত শর্ত – এই ছুইটির মধ্যে পার্থক্য খুব গুরুষ্থপূর্ণ, কিন্তু 'নিয়ত
সংযোগ'— এই উক্তিটি কিন্তুপ শর্তের নির্দেশ দেয়—অপরিহার্য শতের, না) পর্যাপ্ত স্থান্ত, না উত্তর্জন শর্তের ভাহা আমরা স্পাইজাবে ব্রিতে পারি না)
স্বর্তের, না উত্তর্জন শর্তের ভাহা আমরা স্পাইজাবে ব্রিতে পারি না

৪। দ্রব্যম্ব ও কারণম্ব Substance and Causality)

স্ত্রবাত্ত প্র কারণত (Substantiality and causality)—এই তুইটির মধ্যে অকান্ধি সম্পর্ক বিজ্ঞান; এই তুইটির ধারণা পরম্পর অবিচ্ছেগ্ডাবে জড়িড বহিয়াছে। দ্রব্য হইল শক্তির মূল উৎস বা কেন্দ্র এবং এই শক্তির ধারণার মধ্যেই কারণত্বের ধারণা নিহিত আছে। জগতের কোন দ্রব্যই অপর দ্রব্য হইতে শাধীন ও বিচ্ছিন্ন নহে; একটি আর একটির উপর নির্ভর করিয়া স্বকীয় সতা রশ্বা ক্রিতেছে। একটি দ্রব্য মার একটি দ্রব্যের সহিত কার্য-কার্ণ সম্পর্কে আবদ্ধ হইয়া ক্রিয়া করিতেছে। উদাহরণস্বরূপ, বৃক্ষ বীজের উপব নির্ভব করে, আবার উহা ফলধারণের জন্ম বায়ু, আলোক ও কতকগুলি জড় রাসায়/নক সাধারণ নিয়মের উপর নিভরশী**ল**; এগুলি আবার সমগ্র বিশ্বের উপর নির্ভ*ং*শীল। এইভাবে দেখা যায় যে, দমগ্র বিশ্ব জগৎ একটি সর্ববারক কার্য-কারণপরস্পরার সংগঠন এবং কার্য-কারণ সম্পর্কের বিশেষ বিশেষ ঘটনাসমূহ এই বিশ্ব-সংগঠনের খণ্ড খণ্ড অংশ। জাগতিক দ্রব্যসমূহ পরস্পার এরূপভাবে সম্পর্কিত যে, একটি কোন পূর্ববর্তী কারণ দ্বারা উৎপন্ন হইয়া কার্যক্রপে গণ্য হয় আবার উহা স্বয়ং কারণব্ধপে ক্রিয়া করিয়া অন্ত দ্রব্যের মধ্যে পরিবর্তন ঘটায়। স্থতরাং বিভিন্ন দ্রব্য কার্য-কারণস্তত্তে আবদ্ধ। "কোন দ্রব্যই চিরকাল একই অবস্থায় থাকে না। বিভিন্ন সময়ে ইহার বিভিন্ন পরিবর্তন লক্ষিত হয়। কিন্তু এই পরিবর্তন কার্য-কারণের নিশিষ্ট নিয়ম অহুসারে ঘটিয়া থাকে। কার্য-কারণের ধারণা ব্যতীও স্মামরা দ্রব্যের উৎপত্তি ও পরিবর্তন বুঝিতে পারি না। দেখা যাইতেছে, দ্রব্যের ধারণা কারণ-কার্য ধারণা ব্যতীত অসম্পূর্ণ।" (শ্রীহরিদাস বন্দ্যোপাধ্যায়: 'ছর্শন-দীপিকা')।

অপরদিকে, কারণত্বের (causality) অর্থই হইল আবস্থিক পরিবর্তন, এবং ব্রুব্য ব্যতীত পরিবর্তন অর্থহীন, কারণ দ্রব্যরই পরিবর্তন ঘটে। কাণ্টের মতে, দ্রব্যই সক্রিব হইয়া কার্য উৎপন্ন করে, স্কুত্রাং দ্রব্যই কারণ। কান্ট আরও বলেন - দ্রব্য হয়ং অপরিবৃত্তিত থাকিয়া জাগতিক বিভিন্ন পরিবর্তনের আধারক্রপে কাঞ্চ করে এবং এই পরিবর্তনগুলিই দ্রব্য-ক্রপ কারণের কার্যক্রপে গণ্য হয়।

আধুনিককালের বস্তবাদী দার্শনিক আলেকজান্দার (Alexander) দ্রব্য ও কারণের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক উপলব্ধি করিয়া বলেন যে, যখন দৈশ—কাল বা জন্ধগতির ধারাবাহিকভার মধ্যে কোন বস্তু স্থিতিরূপে লক্ষিত্ত হয়, তেখন উহাকে দ্রব্য বলা হয়; আর যখন উহাকে গতির দিক হইতে দেখা হয় তেখন উহাকে কারণ বলা হয়। স্থতরাং দ্রব্য ও কারণ একই বস্তর ঘুইটি দিক; একটি দৃষ্টিকোণ হইতে যাহাকে দ্রব্য বলিয়া মনে করা হয় অন্ত একটি দৃষ্টিকোণ হইতে তাহা কার্ণরূপে গণ্য হয়।

৫। [John Hospers এর রচিত 'An Introduction to Philosophical Analysis' হইতে কভিপয় পঙ্ ক্তির অনুবাদ]

॥১॥ কারণ কি?

যখন আমরা বলি—C হয় E-এর কারণ, তথন কার্য E-এর সহিত কারণ C-এর সম্বন্ধ কি হইবে ? সাধারণতঃ আমরা বলিয়া থাকি কারণ কার্য উৎপাদন করে বা কারণ কার্য ঘটায়। কিন্তু ইহাতে প্রশ্নের সঠিক উত্তর পাওয়া যায় না। 'উৎপাদন করা'র অর্থ কি ? আমাদের জানা দবকার C-এব কি কি বৈশিষ্ট্য থাকিলে ইহা E-এর কারণ হইতে পারে।

কালগত পূর্গামিডা (Temporal Precedence): আমরা সরাসরি পর্যবেক্ষণ করিতে পারি যে, একটি ঘটনা অপর একটি ঘটনার পূর্বে বা পরে ঘটে, যথা—আমার দিগারেট পাইপে আগুন ধরাইবার পর পাইপ হইতে ধুম নির্গত হয়, কিন্তু তাহাব পূর্বে হয় না এবং মগুপানের পর মাতলামি ঘটে, কিন্তু ইহার পূর্বে ঘটে না। এই প্রদক্ষে প্রশ্ন হইল—আমরা কি ইহাও পর্যবেকণ করি যে, একটি ঘটনা অপর একটি ¹ঘটনাকে উৎপাদন করে? যদি আমরা ইহা পর্যবেক্ষণ কবি, তাহা হইলে প্রশ্ন হইবে—ইহার পর্যবেক্ষণকালে আমরা কি পর্যবেক্ষণ করি ? আমরা পর্যবেক্ষণ করি যে, একজন ব্যক্তি একটি দিয়াশলাই আঁচড়াইল এবং দিয়াশলাই হইতে আগুন বাহির হইল। কিন্তু ইহা পর্যবেক্ষণ করিবার সমন্ত্র আমরা কি বিষয় পর্যবেক্ষণ করিলাম। C Bকে ঘটায়—ইহা বলার অর্থ কেবলমাত্র এই নহে যে, C E-এর পুর্বগামী। একটি ঘটনার পর আর একটি ঘটনা ঘটে কিছু প্রথমটির দ্বারা দ্বিতীয়টি উৎপন্ন নাও হইতে পারে। একজন হাঁচিল এবং ভারপর আমি গাড়ীতে উঠিলাম, কিছ বন্ধত: এই হুইট ঘটনার মধ্যে কোন কার্য-কারণ সম্পর্ক নাই। স্বভরাং C এবং E এর মধ্যে কাৰ্য-কারণ সমন্ধ প্রতিষ্ঠা করিতে হইলে C E-এর পূর্বগামী—কেবলমাত্র ইহা विनाम रापष्टे हरेरव ना। अधिक , हैरा ७ मुद्दे हस रा, कांत्रग कार्यंत्र भूर्यं ঘটে, কথনও কখনও কারণ ও কার্য যুগপৎ তুইটি ঘটনা হইতে পারে, বখা মাধ্যাকর্বণের ক্ষেত্রে। কার্য-কারণ সম্পর্কের ক্ষেত্রে আমরা স্থনিভিডভাবে ইহা বলিতে পারি বে, কারণ কখনও কার্যের পরে ঘটে না। অবশ্র কেহ কেছ

ৰলিতে পারে—ভবিশ্বং বর্তমানকে নিয়ন্ত্রণ করে— যথা ভবিশ্বতে আমি বি. এ পাশ করিব—ভবিশ্বতের এই লক্ষাই হইল আমার বর্তমান পড়াশুনার কারণ। কিন্তু গভীরভাবে পর্যালোচনা করিলে দেখা ঘাইবে যে, ভবিশ্বং এক্ষেত্রে বর্তমানকে নিয়ন্ত্রণ করিতেছে না; বস্তুতঃ ভবিশ্বং সন্ধন্ধে আমার বর্তমান মানসিক অবস্থা (আকাজ্ঞা) আমার পড়াশুনার কারণ। সাধারণতঃ, যাহা ই তিপ্রে উপস্থিত ভাহাই কারণ হিসাবে কার্য উৎপাদন করে। মঙ্গলবার বিক সেবন করিয়া সেই একই সপ্তাহের (প্র্দিন) সোমবার বিষসেবনকারী মরিতে পারে না।

কারণ কার্যের পরে ঘটে না—ইহা স্থনিশ্চিতভাবে জ্ঞানা থাকিলেও কারণের
দক্ষণ সম্বন্ধ আরও কিছু জ্ঞানা আবশ্রক। C E-এর পূর্বে দটে—ইহা
হইতে C দ্রকে ঘটার—ইহার পার্থক্য কিরুপে নির্ণয় করা ্যার—ইহা একটি
বিভক্তিত বিষয়।

অপরিহার্য সম্বন্ধ: যখন কারণ C কার্য E কে উৎপাদন করে, তখন সামাদের মধ্যে এই ধারণা হয় যে, C এবং E এই তুইটির মধ্যে একটি অপরিহার্য সম্বন্ধ বিভাষান অর্থাৎ C ঘটিলে E অবশ্রাই ঘটিবে। আবিশ্রিকভার অর্থের মধ্যেই কারণেই অরপ নিহিত রহিয়াছে।

- (১) কখনও কখনও 'অবশ্র' শন্ধটি আদেশ অর্থে কাবছত হয়। কিন্ত জড়-জগতের বটনাবলীর কেত্রে 'অবশ্র' শন্ধটি আদেশ অর্থে প্রযোজ্য নহে।
- (২) 'অবশ্র' শক্টি প্রায়ই অনুমান প্রসঙ্গে প্রযুক্ত হয়। 'যদি P সত্য হয় এবং যদি P-এর মধ্যে Q নিহিত থাকে, ভাহা হইলে Q 'অবশ্রাই' সত্য হইবে। ইহার অর্থ হইল—এদন্ত আশ্রেয় বাক্য তুইটি হইতে Q ফ্রায়সমতভাবে তথা মনিবার্যভাবে নিংস্ত হয়। এই 'আবশ্যিকতা' কোন বচন বিশেষের মধ্যে, এমন কি সিরান্তের মধ্যে নিহিত থাকে না, ইহা আশ্রয় বাক্য ও সিদ্ধান্তের মধ্যে মুখ্যমের সহিত সংশ্লিষ্ট। উক্ত অক্স্মানটি অবরোহমূলক। আবার কথনও ক্রমণ প্রসাম্প্রমাণের উপর ভিত্তি করিয়া আমরা আরোহাক্সমানেও 'অবশ্রুই' ক্যাটি ব্যবহার করিয়া থাকি।
- (৩) 'অবশ্র' কথাটি প্রায়ই অপরিহার্য সর্তকে নির্দেশ করে। A হয় B-এর অপরিহার্য গর্ড বধন A-এর অকুপস্থিতিতে B কখনও ঘটিতে গারে না। ত্র্যের আগ ও আলোক হইল পৃথিবীতে প্রাণের অন্তিত্বের অপরিহার্য সর্ত, কেননা পৃথিবী ত্রেরের ভাগ ও আলোক না পাইলে পৃথিবীত্তে কোন প্রাণ্ট থাকিবে না। এক্সণ

শভিদ্বভাসাপেক সময় প্রকাশ করিবার জন্মও আমরা অনেক সময় 'অবশ্র' কথাটি ব্যবহার করি।

প্রাক্ততিক প্রক্রিয়া সম্বন্ধে 'অবশ্র, কথাটির ব্যবহারের মধ্যে কয়েকটি বিভ্রান্থি ঘটে। এই বিভ্রান্তিগুলি নিয়রূপ:

স্থায়সঙ্গত অপরিহার্য ভার সহিত কারণত্বের বিভ্রান্তি: যদি একটি বৈধ অহুমানেব হেতুবাক্য সভা হয়, সিদ্ধান্ত অবশ্রই সভা হইবে। এ:ক্জে 'অবশ্রু' কথাটির 'ক্রায়দশ্মত অপরিহার্যতা' বা 'ক্রায়দশ্মত' অর্থে ব্যবস্থৃত হর দ কিছ কারণত্ব সম্বন্ধে কোন বাক্য বা -ঘাষণার মধ্যে ক্যায়সমত অপরিহার্যতা থাকে না ; একমাত্র অভিজ্ঞভামূলক পর্যবেক্ষণের সাহায্যেই আবিষ্কার করা সম্ভব—কোন্ কারণে কোন্ কার্য ঘটে। ব্যবহারিক অভিজ্ঞতায় ক্রায়সমত অপরিহার্যতা পাওয়া যার না। 'সংঘর্ষ তাপ উৎপাদন করে'—এই বাক্যটি অভিজ্ঞতা-ভিত্তিক ; ইহা অপরিহার্য বা আবস্তিক (necessary) নহে। 'বধনই সংবর্গ বটে তথনই ভাপ উৎপন্ন হয়'--এই বাক্যটি মভিজ্ঞতা-ভিত্তিক একটি প্রাকৃতিক নিয়ম। কিন্তু 'বদি যখনই সংঘর্ষ ঘটে ভাহা হইলে ভাগও ঘটে; সংঘর্ষ ঘটে, ভারপর ভাপ ৰটে'—ইহা একটি ক্রায়দশ্মত অপরিহার্য বিবৃতি। কোন একটি বিশেষ দৃষ্ট'ক্তে সংঘর্ষ ঘটিলে ভাপও ঘটে—ইহা অফুস্তত হইল প্রকৃতির একটি সাধারণ নিয়ম हहैए - य निव्यापि मः पर्व अवः जान - अहे छूहैि चिनात्र मध्या निव्च मः राग ঘোষণা করে। বিবু ভিটি স্বয়ং অপরিচার্য বা আবস্তিক নতুর, কিন্তু যথন ইহা 'ৰদি—ভাহা হইলে' – এই আকারের বিবৃতির 'ভাহা হইলে' অংশ হয় এবং 'যদি —তাহা হইলে'—বিবৃতিটির 'ষদি' অংশটি প্রকৃতির একটি নিয়ম ও তৎসহ কোন বিশেষ ঘটনা প্রকাশ করে, সেংক্ষত্রে সমগ্র বচনটি অধাৎ প্রাক্রিক (যদি—ভাহা হইলে) বচনটি স্থায়সম্মতভাবে অপরিহার্য হইবে।

বলি আমরা সভর্ক না থাকি, আমাদের বিত্রান্তি হইতে শারে। আমাদের বিত্রান্তি হয় এইরপে: আমরা বলিতে পারি — "যথন সংঘর্ষ হয় তখন তাপ হয়, এবং এখানে সংঘর্ষ আছে, স্তরাং তাপ 'অবক্তই' থাকিবে"। একেত্রে 'অবক্ত' শক্তির আমরা গ্রায়সম্মত অর্থ পাইলাম। সিন্ধান্তে অবক্ত শক্তি কেবল নিদেশ করে বে, সিন্ধান্ত হেত্বাক্যগুলি হইতে স্থায়সমতভাবে অমুস্ত হয়। কিছ বিশদ হইল এই বে, আমাদের 'অবক্ত' শক্তি ব্যবহারের প্রবণতা থাকে অথচ শোষরা তুলিয়া বাই অভিজ্ঞতা-ভিত্তিক্ত হে হ্বাক্যগুলির কথা—যেগুলি হইডে সিন্ধান্ত গৃহীত হয়। তাই আমরা বলি—"অল পাহাড়ের নীচে অবক্ত গড়িয়া

যায়", "জীবদেহ অবশ্রাই মরে"; অথচ আমরা ভূলিয়া যাই যে, এগুলি ম্মেটেই অপ'রহার্য বচন নহে, এগুলিকে প্রক্রতির সাধারণ নিয়ম হইতে নি:ম্ত করা হয় মাত্র। প্রকৃতির এই সাধারণ নিয়মগুলি অভিজ্ঞতাসাপেক, এবং যাহা অপরিহার্ষ নয় সেই অভিজ্ঞ গ্রা-ভিত্তিক নিয়মের সহিত সম্পর্ক রাধিয়াই তাহা হইতে গৃহীত সিদ্ধান্তকে অপরিহার্য বলা হয়। এই অর্থেই আমরা প্রাকৃতিক ঘটনাবলী সম্বন্ধে বলি¹যে, দেগুলির মধ্যে আবিশ্রিকতা আছে। একবার ক্রীয়াশীল কারণের শ্বরূপ জানিতে পারিলে কার্য অবগ্রহী ঘটিবে – ভাষাও জানা যাইবে। উদাহরণ खक्र , जामांत्र यनि जाना शांक या, हेटा जन, जारा ट्टेल जामि हेटा जानित ' যে, ইহা 212°F মাত্রায় অবশ্র ফুটিবে। জলের স্বরূপই হইল এই মাত্রায় ফুটস্ত হওয়া। একর একেত্রেও আমরা 'অবশ্য' কথাটি ব্যবহার করিতে পারি। এখন দেখা যাউক—বিভ্ৰান্তিটি কি। "যদি ইহা জল হয়, তাহা হইলে ইহা অবশুদ্ধাবী ষে, ইহা 212°F মার। ফুটিবে"—এক্ষেত্রে 'অবশু' কথাটি হেতুবাক। এবং সিদ্ধান্তের মধ্যে যে সম্বন্ধ বিভাষান ভাহার সহিত যুক্ত, স্বয়ং সিদ্ধান্তের সহিত যুক্ত নহে। 'জল 212°F মাত্রায় ফুটে'—ইহা যদি জলের সংজ্ঞাস্ট্রক বৈশিষ্ট্য হয়, এক্ষেত্রে এই বচনটি বিশ্লেষাত্মক হইবে এবং সেক্ষেত্রে 'অবশ্র' কথাটি সঠিকভাবেই প্রযুক্ত हहेर वर्षा हैश यि :12 में शांत ना फूटि जाश है हैल हैश कनहें नह-धहें चर्ष इटेरत । किंदु 212'F हारत कल कूठा यिन करनत अः खार्थरहरू देवनिष्ठा ना হয় অর্থাৎ কেবল $\mathbf{H}_2\mathrm{Q}$ জলের সংজ্ঞার্থস্থচক বৈশিষ্ট্য হয়, তাহা হইলে 'জল व्यवचारे 212°F माजाव कृषित ' এরপ বলা ভাষ্য হইবে बा, কারণ 212° F মাতার জল ফুটা জলের সংজ্ঞার্থস্থচক বৈশিষ্ট্য ১য় বলিয়া এই বচনটি সংশ্লেষণাত্মক হইল এবং সংশ্লেষণাত্মক বচনে আবস্থািকভা থাকে না।

অভিজ্ঞতাবাদী দার্শনিক ডেভিড হিউম কারণ-কার্য সম্পর্কীয় আবিশ্রকসমন্ত মতবাদের বিরুদ্ধে কঠোরভাবে সমালোচনা করিয়া বলেন—আবশ্রিক সমন্ত আবাস্তব করনামাত্র, এরপ সমন্ত প্রাকৃতিক জগতে প্রযুক্ত হইতে পারে না। তিনি কার্য-কারণের এক অভিনব বিশ্লেষণ দান করিয়া বলেন—কারণত্ব হইল নিছক নিয়ত বা ব্যতিক্রমহীম সম্পর্ক; C হইল B-এর কারণ ইহার অর্থ—C প্রতিনিয়ত B-এর সহিত সম্পর্কিত অর্থাৎ C নিয়ত B-এর বারা অন্থয়ত হয়। হিউমের মতে, একমাত্র অভিজ্ঞতাভিত্তিক পর্যবেক্ষণের উপর নির্ভন্ন করিয়া আমরা বলিতে পারি—C হইল B-এর কারণ, বর্ষণু ভাগ ঘটায়, ভড়িৎ বজ্বপাত্ত ঘটায় ৢ ইত্যাদি। এক্কেত্রে বাহা আমরা প্রবিক্ষণ করি ভাহা এই বে, C হইল মি-এর

পূর্ববর্তী। হিউমের মতে, প্রাক্তিক ঘটনাবলীর মধ্যে আমরা কখনও অপরিহার্য সম্বন্ধে পর্যবেক্ষণ করি না; আমরা যাহা পর্যবেক্ষণ করি ভাহা হইল-ঘটনাসমূহ সদা একটি বিশেষভাবে ঘটে. কিন্তু আমবা কথনও পর্যবেক্ষণ করি না যে, ঘটনাগুলি অবশ্রষ্ট সেইভাবে ঘটিবে। প্রকৃতির িয়ার মধ্যে আমরা কথনও আবিশ্রিকতা দেখিতে পাই না। C হইল E-এর সঙ্গে অপরিহার্যরূপে সম্পর্কিত, B অবশ্রাই ঘটিবে, E-কে ঘটিভেই হইবে—এই সকল উজির ন্যায্যভা অভিজ্ঞতাভিত্তিক পর্যবেশণ মোটেই আমাদিগকে দেয় না। C হইল E-এর কারণ-এরণ উক্তির মূলে আমরা যাহা পর্যবেক্ষণ করি তাহা এই ষে, C নিয়ন্ত B-এর মারা অমুস্ত হয়, C-এর পর 🖪 একবার, তুইবার, দশবার, হাজারবার ঘটিয়াছে। হখন আমরা দেখি যে, C-এর পর 🖪 নিয়ত ঘটে, তখন আমরা বলি—C হইল B-এর কারণ। অর্থাৎ কারণত্ব হইল ঘ^টনাবলীর মধ্যে নিয়ন্ত সংযোগ (Conetact Conjunction)। অবশ্র একটিমাত্র তেত্র পর্যবেক্ষণ করিয়া यमि रिन-C इटेन B-এর কারণ, ভাহা इटेल टेटा यथिष्ट इटेरिन ना। B এর সহিত C-এর সংযোগ বছবার দেখা আবশ্যকএবং ইহা যত বেশী দেখিব তত শ্রেয়। (১) একটি ক্ষেত্রে C এর পর E-এর সাঘটন এবং (২) C হইল E-এর কারণ—এই তুইটির মধ্যে পার্থক্য এই যে, বিতীয়টিতে C এবং E-এর মধ্যে সংযোগ হইল নিয়ত; অর্থাৎ ষদি 🖸 ঘটে তাহা হইলে নিয়ত 🖪 ষ্টিবে।

হিউমের মতে, নিছক কালগত পরস্পরা এবং কারণ-কার্য পরস্পরা—এই
- গুইটির মধ্যে পার্থকা হইল দ্বিভীয়টির নিয়ত্ত্ব (regularity); যদি C নিয়ত্ত

 দ্র-এর ছারা অফুস্ত হয়, তাহা হইলে C হইবে E-এর কারণ; অপরপক্ষে যদি

 দ্র মাঝে মাঝে বা কথনও কখনও C কে অফুসরণ করে, তাহা হইলে এই পরস্পরা
কারণ-কার্য-সম্পর্কিত না হইয়া ববং আক্মিক বলিয়া গণ্য হই ব । C E-এর
কাবণ কি না জানিতে হইলে কেবলমাত্র আমাদের জানিতে হইবে—C-নিয়ত

 দ্র-এর ছারা অফুস্ত হয় কি না । কারণের সংজ্ঞার মধ্যে তুইটি বিষয়কে

 অন্তর্ভুক্ত করিতে হইবে—বা (১) E সম্পর্কে C-এর কালগত পূর্বগামিতা এবং

 C এবং E-এর মধ্যে নিয়ত সম্পর্ক ।

ইহ। আমাদের নিকট সুস্পাই যে, হিউম কারণের পৃ্ঠত: সিদ্ধ জ্ঞান স্থীকার করেন নাই। তাঁহার মডে, আমরা অভিজ্ঞতার পূর্বে জানিতে পারি না—কোন্ কারণ কোন্ কার্য ঘটাইতেছে, বেহেতু অভিজ্ঞতার পূর্বে জানা সম্ভব্ন নহে—কোন ঘটনা অপর কোন্ ঘটনা হুইতে নিয়ত অহুস্তত হয়। .হিউম শিধিয়াহেন—

"অভিজ্ঞতার উপর ভিত্তিনা করিয়া আমরা কখনও নির্ধারণ করিতে পারি না— কোন্বস্ত অপর কোন্বস্তর কারণ এবং গোন্বস্ত উহার কারণ নহে।"

- এখন প্রশ্ন হইল—যখন তুইটি ক্রভবেগের রেলগাড়ী একশত ফুট ব্যবধানে একই পথে পরস্পরের দিকে ধাবমান দেখি, তখন কি আমরা অভিজ্ঞতার পূর্ব হইতেই বলিতে পারি না যে, তুইটির মধ্যে সংঘর্ষ অনিবার্য ? হিউমের মডে, না । ঘন দ্রব্যের আচরণ সম্বদ্ধ অভিজ্ঞতা না হওয়া পর্যন্ত আমরা কোন ধারণাই গঠন করিতে পারি না —রেলগাড়ী তুইটির পরস্পর ধোগাযোগে কি ঘটিবে। একমাজ পূর্ববর্তী অভিজ্ঞতাই কোন ঘটনা সম্বদ্ধে ভবিষ্যদ্বাণী করিতে আমাদিগকে সক্ষম করে।

হিউমের মতবাদের বিরুদ্ধে কেছ কেছ আগত্তি উত্থাপন করিয়া বলিডে পারেন—বহির্জগতের ঘটনাবলীর মধ্যে অনিবার্য সম্পর্ক আছে কি না—সেই বিষয়ে আমি সচেতন না হইলেও আমি আমার ইচ্ছাক্তত কর্মের ক্ষেত্রে অর্থাৎ ইচ্ছা ঘারা প্রণোদিত হইয়া বে কাজ করি অস্ততঃ সেই ক্ষেত্রে ইচ্ছা ও কর্মের মধ্যে বে অনিবার্য সম্পর্ক বিশ্বমান সেই সম্বন্ধে আমি সচেতন। এক্ষেত্রে কারেও ও কার্মের মধ্যে প্রকৃত অনিবার্য সম্পর্ক বিশ্বমান।

হিউম উক্ত আগত্তিকে এই বলিয়া খণ্ডন করেন যে, ইচ্ছা-ক্রিয়া বারা সম্পাদিত দৈহিক সঞ্চালন বন্ধতঃ বহির্কগতের ঘটনাবলী হইতে মৃশতঃ পৃথক নহে, পার্থক্য কেবল এইটুকু—ইচ্ছারপ কারণের মধ্যে কি ধরণের কার্য ইহা হইতে উংপর হইবে ভাহার একটি ধারণা নিহিত থাকে মাত্র। কিন্তু এক্ষেত্রেও কিলের বারা কি সংঘটিত হয় ভাহা নিয়ত সংযোগের পুনঃ পুনঃ পর্যবেক্ষণের মাধ্যমে আমার জানিতে পারি। আমার অভিজ্ঞতা হইতে আমি জানিতে পারি বে, আমার বাহু সঞ্চালনের ইচ্ছা হইতে আমার বাহুর বান্তব সঞ্চালন নিঃহত হয়, কিছু আমার গাড়ী বা চাল চালানো এগুলি চালনা করিবার ইচ্ছা হইতে সংঘটিত হয় না। অধিকন্ধ, কোন অন্ত সঞ্চালন ক'রতে হইলে উহার পূর্ব সর্ভ হিসাবে অন্তটিকে স্বাভাবিকভাবে কাজের উপযুক্ত থাকিতে হইবে, কারণ অন্ত অবল অবলায় থাকিলে আকাজিতভাবে কোন প্রবল ইচ্ছাই উহাকে সঞ্চালিত করিতে পারিবে না। স্থভরাং বর্ধন কেবল ইন্ছা হইতে ঘটনা নিঃহত হয় না তথন ইচ্ছা ও ঘটনার মধ্যে অনিবার্য সম্পর্ক আছৈ—ইহা বলা যায় না।

হিউনের, মন্তবাদের বিরুদ্ধে সমালোচনাঃ (১) নিরত সংবোগের অনেক পৃঠাত আছে বেওলির কেন্তে কোন কার্য কারণ সম্পর্ক নাই। বানবাহন

পরিচালনার যন্ত্রে সবুজ ও লাল বাভি নিয়ভ পূর্ব ৫ সম্পর্কে যুক্ত , অঞ্জ্রপভাবে রাত্রি ও দিন নিম্নত একটির পর অপরটি ঘটে, কিন্তু উক্ত নিম্নত পূর্ব-পর ঘটনাবলী কার্য-কারণ সম্পর্কে যুক্ত নছে। (২) আবার, কার্য কারণ সম্পর্কের অনেক দৃষ্টাস্ত আছে যেগুলি নিয়ত সংযোগের কেত্র নহে। দিয়াশলাই-এ **অ**াচর কাটিলে মাগুন জলিয়া উঠে, কিন্তু উহাতে আঁচড় কাটিলে সদা মাগুন জলেনা, মশলাযুক্ত খাছা খাইলে পেটে ঘা হয়, কিন্তু সকল কেত্রে নহে। স্থভরাং নির্ভ সংযোগের প্রকৃত অর্থ কি-ভাহা সয়ত্নে বিশ্লেষণ করা যাউক। ইহার অর্থ কি এক্লপ: যথনই C ঘটে তথনই কি E ঘটে ? যদি B ঘটিয়া থাকে ভাহা হইলে ি আমরা অহমান করিতে পাবি বে, C উহার পূর্বে ঘটরাছে? বদি C না ৰটে তাহা হই ল কি 🖪 ঘটিবে না ? বখন আম্বা কাৰ্য-কারণ সম্পর্কের কথা বলি, তখন অণবিহার্য শর্জ এবং পর্যাপ্ত শর্জ-এই ছুইটির মধ্যে পার্যক্য খুব শুরুত্বপূর্ব, কিছ 'নিয়ত সংযোগ'—এই উজিটি কিব্লপ শর্ডের নিদেশি দেয় অপবিহার্য শর্ডের, না পর্যাপ্ত সর্ভের, না উভয়রূপ শর্ভের—ভাহা আমর। স্পষ্টভাবে বুঝির্ভে পারি না। 🏒 অপরিহার্য শর্জ: যধন আমরা বলি ধে, O হইল 🖪 ঘটিকার একটি অপরিহার শর্ত, তখন ইহার অর্থ এই নহে বে, C এবং 13-এই হুইটির মধ্যে একটি অপরিহার্য সম্পর্ক রহিয়াছে — যদিও আমরা কথনও কথনও বলি 🖪 ঘটিলে অবশ্রুই পূর্ববর্তী ঘটনা হিসাবে C ঘটবেই। ইহার অর্থ হইল—ইহা নিছক একটি অভিজ্ঞতাভিত্তিক ব্যাপার বে, O-এর অমুপস্থিতিতে E কথনও ঘটে না। যেমন, অক্সিজেনেব ক্ষুণস্থিতে আমরা ক্খনও আগুন পাই না। অক্সিজেনের উপস্থিতি কোন অর্থেই আগুনেব **ভায়সমাত্ত** অপরিহার্য শর্ড নহে, কারণ **অক্সিজেনের পরিবর্ডে অক্ত একটি বস্তুকেওঁ (ধরা যাউক হাতির উপস্থিতিকেও)** আগুনের অপরিহার্য শর্তরূপে ধারণা করা হাইতে পারে। একমাত্র অভিজ্ঞতার মাধ্যমেই আমরা জানিতে পারি—শর্তগুলি কি—ঘাহাদের অমুপস্থিতিতে ঘটনাটিও অমুপস্থিত থাকে। আগুনের পকে অক্সিনেন অপরিহার্য ইহা নিছক অভিজ্ঞভিত্তিক বিবৃতি—বাহা অভিজ্ঞতার মাধ্যমেই পরীকণীর ।

যদি অক্সিন্তেন (C) অগ্নি (E) এর পক্ষে অপরিহার্য হয়, ভাহা হইলে আমরা ইহাও বলিতে পারি যে, অগ্নি থাকিলে অক্সিন্তেনও থাকিবে। এইক্সপে আমহা বলিতে পারি—বথন C E-এর অপরিহার্য নর্ড হয়, তথন

C ना शंकित्न, B शंकित्व ना,

वर्षा B शक्ति O शक्तिवरे।

কিন্ত আমরা নিম্নোক্ত ছুইটির কোনটিই বলিতে পারি না ।

যদি C থাকে তাহা হইলে B-ও থাকিবে।

যদি B না থাকে C-ও থাকিবে না।

পর্যাপ্ত শর্জ: E ঘটনার পক্ষে C-কে পর্যাপ্ত শর্জ বলা যায় যদি C ঘটনার কালে নিয়ত দ্র ঘ:ট। যদি রাস্তার উপর বৃষ্টিপাত হয় তোহা হইলে রাস্তা ভিজিয়া যাওয়ার ন্যাপারে উহার উপর বৃষ্টিপাত একট পর্যাপ্ত শর্জ। C E-এর পক্ষে পর্যাপ্ত — ইহা বলার অর্থ হইল—

যদি C ঘটে ভাহ. হইলে E-ও ঘটবে, অর্থাৎ যদি E না ঘটে ভাহা হইলে C-ও ঘটে না।

কিন্তু আমরা নিম্নোক্ত ছুইটির কোনওটিই বলিতে পারি না :

যদি C না ঘটে তাহা হুইলে E ও ঘটে না ।

যদি E ঘটে তাহা হুইলে C-ও ঘটে ।

স্থাতরাং অপরিহার্য শার্ত এবং পর্যাপ্ত শার্ত পরম্পুর বিপরীত ।

পর্যাপ্ত শর্জ হিসাবে কারণ: কোন ঘটনা ঘটিবার পক্ষে বিশ্বজগত একটি অপরিহার্য শর্জ। কিন্তু আমাদিগকে যদি জিজ্ঞাসা করা হয়—একটি ঘটনার কারণ কি, ভোহা হইলে বিশ্ব-জগৎ ইহার কারণ—এরপ উত্তর দিলে চলিবে না। স্বতরাং কারণ এবং অপরিহার্য শর্জ—এই তৃইটি এক নহে। অপরিহার্য শর্জ (অক্সিজেন) একটি ঘটনার (আগুন জ্বলিয়া উঠার) কাবণাংশ, কিন্তু ইহা পূর্ণ বা সমগ্র কারণ নহে।

তাহা হইলে পর্যাপ্ত শর্ত কি? কারণত্ব সম্বন্ধে হিউমের মতবাদের ক্রটি দূর করিবার প্রচেষ্টায় জন দ্যুয়ার্ট মিল কারণকে পর্যাপ্ত শর্তরূপে গ্রহণ করিবাছেন। আজন জলিয়া উঠার ব্যাপারে কি কি শর্ত পর্যাপ্ত? (১) জালানি (আজন জলিয়া অঠার ব্যাপারে কি কি শর্ত পর্যাপ্ত? (১) জালানি (আজন জলিয়ার যোগ্য) বন্ধু; (২) প্রয়োজনীয় তাপ বর্ণন কোন দ্রব্য একটি নিশিষ্ট মাত্রায় উত্তপ্ত হয় তথন ইহাতে আজন জলিয়া উঠে (অবশ্রু দ্রব্যের তারতম্য জমুসারে তাপের মাত্রা ভেদ হইতে পারে); (৩) অক্সিজেনের উপস্থিতি - এই শর্তগুলির সমষ্টি হইল পর্যাপ্ত, এগুলির একত্রিত সমাবেশে দ্রব্যে আজন জলিয়া উঠে। শর্তগুলির সংযোগ—বেগুলি একত্রিত হইয়া পর্যাপ্ত শর্ত গঠন করে - এই একত্রিত সংযোগই ঘটনার কারণ। স্থতরাং হিউম বর্ণন কর্মিণ করিব সম্পর্কে ক্রিটা ঘটনার নিয়ত সংযোগের কথা বলেন বেন একটি ঘটনার কারণ

হইলে নিয়ত অপর একটি ঘটনা—এই মত গ্রহণ যোগ্য নহে। দার্শনিক দৃষ্টিকোণ হইতে আমরা বলিব—কারণ কোন একটি বিশেষ ঘটনা নহে, ইংগ সদর্থক ও নঞর্থক—শর্তের সমষ্টি। মিলের মতে, ইংগাই হইল কারণের যথায়থ বিজ্ঞানসম্মত সংজ্ঞা। অর্থাং একটি ঘটনার সমগ্র কারণ হইল এমন কতকগুলি শর্তদমষ্টি—যাহা ঘটনার উৎপাদনের ব্যাপারে পর্যাপ্ত। কার্য (B) উৎপাদনের শর্তগুলি একই থাকিলে ইংগ নিয়তই ঘটিবে। মিল এই অর্থে বলেন যে, C যদি E ঘটায়া, তাহা হইলে C সদা E-এর ছার। অক্সতে হইবে।

॥ २ ॥ कार्य-काञ्चल विधि (Causal Principle)

কারণকে যদি পর্যাপ্ত শর্ত হিদাবে ধরিয়া লই, তাহা হইলে আমাদের প্রশ্ন হইবে—বিশ্বের প্রত্যেক ঘটনার কারণ হিদাবে কি শর্ত-সমষ্ট আছে—যাহাতে শর্তপ্তাল (C) বিশ্বমান থাকিলে ঘটনাটি (E) ব্যতিক্রমহীনভাবে ঘটবে ? শর্তসমষ্ট হয়ত জটিল হইতে পারে অথবা এগুলি আবিষ্কার করা হুরুহ হইতে পারে, কিন্তু প্রশ্ন একই থাকিয়া গেল যে, প্রত্যেক ঘটনা ঘটিবার •জন্ম কি নির্দিষ্ট শর্ত-সমষ্টি রহিয়াছে ? যদি থাকে, তাহা হইলে সাবিক কার্য-কারণ বিধি স্বীকার করিয়া লইতে হয়।

এই প্রশ্নের উত্তর দিতে গিয়া আমরা প্রথমেই একটি অন্থবিধার সমূ্থীন হই।
প্রত্যেক সময় C-এর মধ্যে যাবতীয় শর্ত উপস্থিত থাকিলে দ্রে ঘটে। কিন্তু দ্রু হইল একটি বিশেষ ঘটনা এবং বিশেষ বিশেষ ঘটনা কখনও পুন্রায় ঘটে না।
বিশেষ ঘটনার তুল্য কোন ঘটনা ঘটিতে পারে, কিন্তু বিশেষ একটি ঘটনা একবার
ঘটিলে উহার আর পুন্রার্ভি হয় না। তাহা হইলে বিশেষ ঘটনা—দ্র কে
আমরা কিরুপে ব্যাখ্যা ক রব ?

ষদি E বিতীয়বার আর না ঘটে, E-এর অহরপ ঘটনা ঘটিতে পারে। C-এর সহত্বেও একই কথা প্রযোজ্য । সাধারণতঃ কার্য-কারণ বিধিকে এইভাবে[†] নির্ণয় করা যায় - "বিশ্বে E জাতীয় ঘটনাবলীর ক্ষেত্রে C-এর ঘারা স্থাচিত শর্তসমষ্টি থাকে অর্থাৎ যথনই C জাতীয় শর্তসমষ্টি উপস্থিত থাকে তথনই B জাতীয় একটি ঘটনা ঘটে।

প্রশ্নটিকে এইক্লপে আবার বিবৃত করা যাউক: কোন এক জাতির অস্তর্ভুক্ত একটি বটন। এক জাতীয় শর্তসমষ্টির সহিত:এমনভাবে সম্পর্কিভ বে, প্রভোক সময় এই জাতীয় বিশেষ শর্তসমষ্টি উপস্থিত থাকিলে ঐ জাতীয় বটনা ঘটিবেই। বদ্ এই প্ররের উত্তর ইভিবাচক হয়, ভাহা হইলে কার্য-কারণ বিধি সভ্য হইবে; আর ৰদি নেভিবাচক হয়, ভাহা হইলে এই বিধি অসভ্য হইবে।

(১) অভিজ্ঞতাগদী ব্যাখ্যাঃ শর্তসমষ্টি এবং ঘটনার মধ্যে যে নিরভ সম্বদ্ধ আছে—ইহ। আমাদের সামত প্রবেক্ষণের সংহায্যে অনেক ক্ষেত্রেই (যথা কান্সার রোগের ক্ষেত্রে) আমরা একই রূপ কল পাই না; নিয়ত সম্বদ্ধ আবিদ্ধার করিতে আমরা ক্ষনও ক্ষনও সফল হই আবার ক্ষনও ক্ষনও বিকল হই। একটি ঘটনা ঘটিবার পক্ষে শর্তাবলী নির্ণয় করা কঠিন, যথা বড়ে গাছ ভালিয়া পড়ার ব্যাপারে বছ শর্ত নিহিত আছে - বড়ের প্রবল বেগ একটি শত্ত, কিন্তু কতটা প্রবল বেগ,—ইহা নির্ণয় করা কঠিন, গাছটি ভঙ্গুর (fragile কিন্তু ভঙ্গুর সংজ্ঞা কি হইবে ?—এরপ অন্তহীন, অনির্ধারিত শর্তাবলী ঘটনার সহিত জড়িত থাকে।

স্তরাং ইহাই প্রতীয়মান হয় যে, কার্য-কারণ বিধি সত্য হওরা অপেকা বরং অসত্য হইবার সম্ভাবনাই বেশী।

অনেকে হয়ত বলিতে পারেন—শর্তদমষ্টি নির্ণয় করা কঠিন হইলেও এগুলির অভাব—ইহা মনে করা ঠিক নহে। যুগ যুগ ধিরা চেটা করিবার ফলো কছু কিছু শর্ত আবিষ্ণত হইয়াছে এবং ভবিষ্যতেও কিছু কিছু আবিষ্ণত হইবে, আবার কিছু কিছু হয়ত কখনও আবিষ্ণত নাও হইতে পারে। কিছু তবুও এগুলি অন্তিম্বাল। প্রকৃতি নিয়ত সমাবস্থায় একইরূপ আচরণ করে, যদিও ইহার একরূপতা জটিল। বিশের প্রত্যেকটি ঘটনা, প্রকৃতির একরূপতার নিয়মাস্থ্যারে বিশেব জাতীয় শর্তদমষ্টির সহিত সম্পর্কিত; আমাদের অজ্ঞতা হেতু ইহা হয়ত আ,বজার করা সম্ভব নাও হইতে পারে।

কিছ অভিজ্ঞতার উপর ভিত্তি করিয়া এই উজি সমর্থন করা বার না। আমরা সম্ভবতঃ কিরপে জানিক বে, ইহা সভা? অধিবন্ধ, অভিজ্ঞতা-ভিত্তিক বে কোন সামান্যীকরণ করি না কেন—ভাহা প্রভাক্তাক তথাবলীর বারা থণ্ডন করিবার সম্ভাবনাও রহিরাছে। হাজার হাজার সামান্তীকরণ ইতিপূর্বে উদ্ভাবিত হইবার পর আন্ত ব্যবিরা প্রমাণিত হইরাছে। 'সকল কাক হয় কাল'—এই সামান্তীকরণটি বাত্তবক্ষেত্রে একটি সামা কাবের আবিকারের কলে নাকচ হইরা গিরাছে। তথাণি প্রের হইল—বহু সামান্তীকরণ এইভাবে নাকচ হইলেও আমরা কি কার্য-কারণ বিধিকে নাকচ করিছে পারি? আমরা কি নাকচ করিছে-পারি বে, রুজ্যেক ঘটনা কোন না কোন বিধেব শর্জ সম্প্রির সহিত্য সম্পর্কিত ? বছু বেশী

আমরা ঘটনাবলীর কারণ আবিকার করিতে পারিব তত বেশী আমরা কার্য-কারণ বিধিকে স্বৃদ্ করিতে পারিব; কিন্তু যদি কোন কোন ক্ষেত্রে ঘটনার কারণ আবিকার করিতে না পারি ভাহা হই ল আমর কি বলিব—এই সকল ঘটনার কোন কারণ নাই ? আমরা এই কথা না বলিয়া বরং বলিব "আমর এখনও কারণ আবিকার করিতে পারি নাই" অথবা বলিব—"কারণ আছে এবং কোন-না-কোন দিন ইহা আবিকার করা সম্ভব হইবে; এমন কি, বদি আবিকার করা নাও যায়, কোন কারণ নাই—ইহা প্রদর্শন করিতে পারিব না, তব্ ইহাই দীকার করিব—আমাদের আবিকার করার ক্ষয়ভা সীমিত।" অথবং কার্য-কারণ বিবিকে খণ্ডন করা যায় না। অধিকতর সংখ্যায় বিভিন্ন ঘটনার কারণ আবিকার করিতে পারিবে এই বিবি স্বৃদ্ হয়, কিন্তু কারণসমূহ খুঁজিয়া না পাইলে বিন্মুমাত্র এই বিধির সভ্যভা ক্ষর হইবে না। আমরা সেক্ষেত্রে কার্য-কারণ বিধির পূব ও: দিল্প (a priori) ব্যাখ্য গ্রহণ করিতে পারি ।

(২) পূর্বভঃসিদ্ধ ব্যাখ্যাঃ অনেকে এই মত পোষণ করেন বে, কার্য-কারণ বিবিকে অভিজ্ঞতার ভিত্তিতে খণ্ডন করা যায় না, ইহা একটি আবিশ্যিক সত্য। প্রথমে যখন এই বিধিটি বিবৃত হয় তখন ইহাকে প্রক্লতির একটি সাধারণ নিয়ম বিশ্বা মনে হয়, কিন্তু গভীরভাবে বিবেচনা করিলে দেখা যায় বে, ইহা একটি মৌলিক নিয়ম এবং অভিজ্ঞতাভিত্তিক নিয়ম হইতে ইহার কার্য সম্প্রক্লপে ভিয়, কারণ ইহাকে অভিজ্ঞতার ভিত্তিতে খণ্ডন করা যায় না। এই মভটিকে বিশ্বভাবে ব্যাখ্যা করা যাউক:

তুইটি অভিন্ন ঘটনার কি তুইটি ভিন্ন কারণ বা শর্তসমষ্টি থাকিতে পারে ? পৃথতঃসিদ্ধ মন্তবাদিগণ বলিবেন —না, ইহা সন্তব নহে। বদি তুইটি ঘটনার মধ্যে কিছু পার্থক্য থাকে তাহা হইলে উহাদের কারণ বা শর্তসমষ্টির মধ্যেও কিছু পার্থক্য ঘাকিবে যাহা ঘটনা তুইটির পার্থক্যকে ব্যাখ্যা করিতে পারে। ধরা বাউক, তুইটি অভিন্ন শর্তসমষ্টি হইল C_1 এবং C_1 , তুইটি অভিন্ন ঘটনা হইল C_1 এবং C_2 আর তুইটি ভিন্ন ঘটনা হইল C_1 এবং C_2 আর তুইটি ভিন্ন ঘটনা হইল C_1 এবং C_2 আর তুইটি ভিন্ন ঘটনা হইল C_1 এবং C_2 । তাহা হইলে নিম্নোক্ত চারিটি সম্ভাবনা দেখা যায় :

(১) C₁ E₁ (২) C₁ E₁ (৩) C₁. E₁ (৪) C₁ E₁

C₁ B₁ C₂ B₃ · C₃ B₁ C₁ E₃

প্রথম সম্ভাবনার মধ্যে কোন জহবিধা নাই—প্রক্রেজ অভিন্ন পর্ভসমটি হইজে

কঠনা বা কার্য উৎপন্ন হইকেছে। বিভীয় সঞ্জাবনার মধ্যেও কোন অক্রিধা নাই

—এক্ষেত্রে বিভিন্ন শর্তসমন্টি হইতে বিভিন্ন ঘটনা বা কার্য উৎপন্ন হইতেছে। তৃতীর সম্ভাবনাটিকেও আমরা গ্রহণ কবিতে পারি—এক্ষেত্রে বিভিন্ন শর্ত-সমন্টি হইতে অভিন্ন ঘটনা বা কার্য উৎপন্ন হইতেজ্ঞ, (এখানে অবশ্য বহুকারণের ব্যাপার বিভ্যমান)। কিন্তু চতুর্থটিকে স্বীকার করা যায় না—এক্ষেত্রে অভিন্ন শর্তসমন্টি বিভিন্ন ঘটনা বা কার্য উৎপাদন করে। এই বচনটি গ্রহণযোগ্য নহে; ঘটনা বিভিন্ন হইলে শর্ত-সমষ্টিগুলির মধ্যেও কিছু—না—কিছু পার্থক্য থাকিবেই—আমরা সেই পার্থক্য দেখিতে পাই আর না পাই।

আমরা এই পার্থক্য দেখিতে যদি ব্যর্থপ্ত হই তবুও আমরা ধরিয়া লইব—ঘটনাবলার পার্থক্য (E's-এর পার্থক্য) হইল শর্তসমষ্টির পার্থক্যের (C's-এর পার্থক্যের) সাক্ষ্য-প্রমাণ। কার্য কারণ সম্পর্কীয় এই সাবিক বিধির কোন ব্যতিক্রম আমরা স্বীকার করিব না। যদি তুইটি ভিন্ন ঘটনা— E's-এর শর্তসমষ্ট বা কারণের মধ্যে (C's-এর মধ্যে) লক্ষ লক্ষ বৎসর অন্তসন্ধান করিয়াও কোন পার্থক্য বাহির করিছে না পারি, তাহা হইলে কি এই সাবিক বিবিটকে বর্জন করিব ? না, ইহাকে বর্জন করিব না, বরং ইহাই কল্পন। করিব—কোন না—কোন কিছু E's এর মধ্যে পার্থক্য স্পষ্ট করিয়াছে—যাহা আমাদের জ্ঞানের বহিভ্তি। এইভাবে ব্যবহারিক ক্ষেত্রে যাচাই করিতে না পারিলেও আমরা কার্য-কারণ বিধিকে পূর্বতঃ-সিদ্ধ সভ্য হিসাবে গ্রহণ করিয়া লইব এবং বিশ্বি—যে মূহুর্তেই E's বিভিন্ন হইবে সেই মূহুর্তেই C's-ও বিভিন্ন হইবে।

এখন প্রশ্ন হইল—কার্য-কারণ বিধি কি জাতীয় পূর্বতঃসিদ্ধ ? আমরা যদি দেখাইতে পারিতাম যে, এই বিধিটি বিশ্লেষণ-মূলক, তাহা হইলে আমাদের বিশ্বাস করিতে কোন অপ্রবিধাই হইত না বে, অভিজ্ঞতার পূর্বেই ইহার, সত্যতা জানা সম্ভব। কিন্তু ইহা আমাদের কাছে সম্পাধ যে এই শিধিটি সংশ্লেষণ-মূলক; একটি ঘটনার ধারণার মধ্যে উহার কারণের ধারণা নিহিত থাকে না অর্থাৎ একটি ঘটনাকে বিশ্লেষণ করিলে উহার কারণ পাওয়া যায় না। কার্য-কারণ বিধি ইহাই ব্যক্ত করে যে, প্রত্যেক ক্রনা তথ্ ঘটনাই নহে ইহা কোন কারণের কার্যও বঁটে অর্থাৎ ইহা কোন কিছুর ছারা উৎপন্ন; এই উর্ক্রিটি স্পান্ততঃ সংশ্লেষণ মূলক। স্বত্রাং কার্য-কারণ বিধি একাধারে সংশ্লেষণ-মূলক এবং পূর্বতঃসিদ্ধ। এই মজার্ম্বসারে বিশেষ বিশেষ কারণ এবং কার্য সম্বন্ধ আমরা যে জ্ঞান লাভ করি—
ভাহা পূর্বতঃশিদ্ধ নহে, ভাহা শ্লেভিক্তঃ । কিন্তু প্রত্যেক ঘটনার

কোন-না কোন কারণ থাকিবে—এই সামান্ত বচনটি একাধারে সংশ্লেষক এবং অভিজ্ঞ ভার পূর্বে জ্ঞাত।

কার্য-কারণ বিধি মোটেই কোন জ্ঞান না হইয়া নিছ্ক স্বীক্ষৃতিও হইতে পারে।
এই বিধিটি কি অতীত্র, কি বর্তমান আর কি ভবিদ্যং—সকল কালে ও সকল
ক্ষেত্রে সত্য—ইহা জানার পরিবর্তে বরং আমরা কেবল স্বীকার করিয়া লই যে,
ইহা সকল ক্ষেত্রে সত্য । কাজেই এই বিধিটি অভিজ্ঞতা-ভিত্তিক সামান্তীকরণ
হইতে পৃথক, কারণ অভিজ্ঞতাভিত্তিক সামান্তীকরণ কোন বিপরীত দৃষ্টাস্তের দ্বাবা
অসত্য বলিয়া প্রমাণিত হইতে পানে, কিন্ধু কার্য কাবণ বিধিকে এইভাবে খণ্ডন
করা যায় বলিয়া মনে হয় না । সন্তব্তঃ প্রকৃতিব একরপতার অভিজ্ঞতাভিত্তিক
পর্যবেক্ষণের সাহায্যে আমরা কার্য-কারণ বিধিকে প্রথমে প্রণয়ন করি, কিন্ধ
কোনরূপ অভিজ্ঞতাই (তাহা যতই বিক্রপ ও বিশৃত্বল হউক না কেন) এই বিধিকে
বর্জন করিতে আমাদিগকে প্রণোদিত করে না । আমরা সদা এই বিধিকে স্বীকার
করিয়া চলি এবং বৈজ্ঞানিক অন্ধৃসন্ধান কার্যে ইহাকে প্রধান নিয়ামকরূপে ব্যবহার
করিয়া থাকি।

অনুশীলনী

1. What is a cause?

(কারণ কি?)

2. Distinguish between essential condition and sufficient condition.

(অপরিহার্য শর্ত এবং পর্যাপ্ত শর্ত-এই ছুইটির মধ্যে পার্থক্য কর।)

3. Discuss the different views of causality.

(কারণত্ব সম্বন্ধে বিভিন্ন মতবাদ আলোচনা কর।)

4. Critically discuss the Necessary Connection Theory.

(অনিবার্য-সম্বন্ধ মতবাদ বিচারপূর্বক আলোচনা কর।)

5. Critically discuss the Regularity Theory.

(নিয়তত্ত্বাদ সমালোচনা সহ আলোচনা কর।)

6. Compare the Views of Hume and Kant about causality-(কারণত্ব সম্পর্কে হিউম ও কাণ্টের মন্তবাদ তুলনা কর।)

शक्य वशाश

মূল্য বা মানের স্বরূপ

(Nature of Value)

১। মূল্য বা মান কি? (What is Value?):

মৃশ্য ব মান বলিতে আমর। বুঝি উৎকর্ষ বা উপযোগিতা—যাহা আমাদেব প্রয়োজন সাধন করে তথা তৃপ্তি দান করে। 'Value' শব্দটি ল্যাটিন 'valeue' শব্দ হইতে উভ্ত-যাহার অর্থ শক্তি' অর্থাৎ যাহা ফলপ্রস্থ বা উপযুক্ত। 'Value' শব্দটিকে ফরাসী শব্দ 'valeuer'-এর সহিত সম্পর্কিত করিলে 'উৎকর্ষ' ব্রায় এবং ইটালী শব্দ 'valuta' এর সহিত সম্পর্কিত করিলে 'দাম' ব্রায়। আবার, ইহা মর্যাদা বা মহত্ব-অর্থে ব্যবহৃত হয়।

🗸 তথ্য ও মূল্য অবধারণঃ পাশ্চাত্তা দার্শনিক চিন্তায় আধুনিক কালে এই সমস্তা একটি গুরুত্বপূর্ণ স্থান অধি কার করিয়াছে। বৈঞ্চানিক জ্ঞানে বস্তব ষথায়থ বর্ণনাই মুখ্য, সেখানে ভাল বা মন্দ, স্থন্দর বা কুৎসিত, প্রশংসা বা নিন্দাব কোন অবকাশ নাই। কিন্তু মূল্য-নিরূপণের ক্ষেত্রে প্রশাসা ও নিন্দা মূখ্য। বৈজ্ঞানিক জ্ঞান তথ্যমূলক ও বস্তুনিষ্ঠ, দেখানে মনের কোন অবদান নাই। কিন্তু বস্তুর মূল্যাবধারণের ক্ষেত্রে মানসিক অবদান তথা আদর্শের প্রশ্ন অনস্বীকার্য। আকালে একটি রামধমু দেখিয়া আমরা যখন বলি 'ইহা হয় একটি রামধমু'-ইহ। একটি বস্তু নিষ্ঠ বর্ণনা। রামধ্যুটি ঠিক বেমন আমাদের দৃষ্টিগোচর হয় আমরা তাহার সঠিক সেইরূপ বর্ণনা করি। কিন্তু আমরা যদি বলি রামধ্যুটি দেখিতে ফুন্দর তথন রামধন্ম-রূপ বস্তুর সহিত যে সৌন্দর্য বোধ থাকে তাহা মানসিক ব্যক্তি নির্ভর ব্যাপার, মন বা ব্যক্তি যদি সেই সৌন্দর্য উপভোগ না করিয়া থাকে তাহা হইলে রামধন্থ বস্তুটি স্থন্দর একথা বলা যায় না। যাহার অন্তিত্ত আনাছে বা যাহা ঘটিয়া থাকে বা অবস্থান করে ভাহাকে আমরা তথ্য (fact) বলিয়া থাকি, কিন্তু মূল্যাবধারণের ক্ষেত্রে একটি আদর্শের প্রশ্ন থাকে। তথ্য বিধান (fact Judgment) विषय-निर्धत ७ वस्त्रिक, किस भूना-विधान (Value-Judgment) ব্যক্তি-নির্ভর ও আদর্শ-নিষ্ঠ। চিন্তার দিক দিয়া সেই আদর্শ সভ্যরূপে উদ্ধাসিত হয় ; ইচ্ছার দিক দিয়া শিব রূপে এবং অভ্নতবের দিক দিয়া

সেই একই আদর্শ হন্দররূপে প্রতিভাত হয়। হৃতরাং চরম মূল্য বা পুরুষার্থ তিনটি: সভাম্ (Truth), শিবম্ (Goodness) ও হৃদরম্ (Beauty)। পেরী (Perry) বলিয়াছেন—The Absolute when thought is truth, when felt is beauty and when willed is goodness তথ্য-মূলক অবধারণে বাস্তব অভিক্রতায় বস্তর যে সকল গুণাবলী প্রকাশিত হয় তাহার বর্ণনা বা বিবরণ দেওরা হয়, কিন্তু-মূল্য-অবধারণের কেত্রে বাস্তব ঘটনার উৎকর্ষ বা অপকর্ষ, গুণ বা লোষ আদর্শের প রপ্রেক্তিত বিচার করা হয়

বস্তবাদী দার্শনিক রাসেল (Russell) বস্তু বা ঘটনার বিচারকে বিজ্ঞানসম্মত ও বুদ্ধিগ্রাহ্ম করিবাব জন্ম একমাত্র তথ্য-মূলক অবধারণের মধ্যেই নিবদ্ধ থা কিন্তে চান ; ভাঁহার মতে বিচার-বৃদ্ধিব সাহায্যে বস্তু বা তথ্যের স্বরূপের যথায়থ বিশ্লেষণই ০ইল দর্শনের কাজ: মূল্য বা আদর্শের মধ্যে অতীক্রিয় উপাদান বিগুমান বলিয়া এগুলির আলোচনা দর্শনশাল্তের অস্তর্ভুক্ত হওয়া উচিত নহে। কিছ (Eddington ', হোয়াইটহেড (Whitehead), লয়েড মর্গান (LLoyed Morgan) প্রমুথ আধুনিক বৈক্সানিকদের মতে বস্তু বা ঘটনার প্রকৃত শ্বরূপ নির্ধারণ করিতে ১ইলে, বিশেষতঃ জীবন ও মনের প্ররূপ আলোচনা করিতে হইলে, তথ্যের অতিবিক্ত আদর্শের অন্তিত্ব অবশ্য-স্বীকার্য এবং আদর্শ তথা মূল্যের, পরিপ্রেক্ষিতে বস্তুর যুঁগার্থ স্বরূপ ব্যাখ্যা করা আবশ্যক। দার্শ নক আলোচনায় ভথাবিষয়ক অবধারণ এবং মূল।বিষয়ক অবধারণকে পরস্পর স্বভন্ত রাখা যায় না, কারণ তথ্যের মধ্যে আদর্শের যে ইন্ধিত থাকে তাহাকে তথ্য-অবধারণের উপর ভিত্তি করিয়া মূল্য-অবধারণের অঙ্গীভূত করাই দর্শনের লক্ষ্য। স্থতরাং তথ্য-অবধারণ বর্ণনামূলক এবং মূল্য-অবধারণ আদর্শাত্মক বা বিচারমূলক গুণাবধারণাত্মক হইলেও একটি অপরটির পরিপুরক। মূল্য-অবধারণের মূলে যে আবেগজনিত ও ইচ্ছামূলক মানসিকতা থাকে তাহা ওথ্যের ইন্দ্রিয়-গ্রাহ্ বর্ণনামূলক অভিজ্ঞতার উপর প্রভিষ্টিভ হওয়া উচিত্য 🔧

শভঃমূল্য ও পরতঃমূল্য (Intrinsic and Extrinsic, Value): কোন বন্ধর স্বকীয় মূল্যকে স্বতঃমূল্য বলা হয় অর্থাৎ যাহা স্বকীয় উৎকর্ষের জক্তই কাম্য বা নিজ গুণের জক্তই মূল্যবান এবং ধাহার মূল্য বা উপযোগিতা বাহ্ন কোন বন্ধ হইতে আসে না—এরূপ মূল্যকেই বস্তুর স্বতঃমূল্য বলা হয়। উপাহরণস্বরূপ, বিস্তা এমন একটি বন্ধ-যাহার স্বরূপের মধ্যেই এমন উৎকর্ষ ও উপযোগিতা বিস্তমান বে, ইহা স্বকীয়গুণেই সকলকে তৃপ্তি দেয় অর্থাৎ ইহার প্রতি সকলে আফুট হয়।

সভ্য, শিব (মঙ্গল) এবং সৌন্দর্য—এই পরম-মূল্যগুলিকে প্রক্রুতপক্ষে স্বভঃমূল্য বলা হয়, কারণ এগুলির স্বকীয় মূল্য বিভ্যমান ; কোন ব্যবহারিক উদ্দেশ্য সাধনের জন্ম এগুলিকে কথনও কথনও গ্রহণ করিলেও ম্থ্যতঃ সত্য, শিব ও স্থানরকে উপলবির জন্মই এগুলি আমাদের কাম্য বস্তু হয়। অপরপক্ষে, পরতঃমূল্যের ক্ষেত্রে বস্তর নিজম্ব মূল্য থাকে না, অন্য মূল্য লাভের ব্যাপারে অর্থাৎ অন্য উদ্দেশ্য সাধনের উপায় হিসাবে উহা মূল্যবান বলিয়া বিবেচিত হয়। উদাহরণম্বরূপ, টাকা-পয়সা হইল পরতঃমূল্য, কারণ উহার আভ্যন্তরিক কোন মূল্য নাই ; ইহার ছারা আমাদের স্থা-স্থাচ্ছন্দ কতটা সাধিত হয় সেই মানদতেই ইহার মূল্য নির্ধারিত হয়। এই অথে জাগতিক সকল বস্তই পরতঃমূল্যবিশিষ্ট, কারণ এগুলির উৎকর্ষের উৎস হইল বাহ্নিক, এগুলির মূল্য ইহাদের প্রস্কৃতির মধ্যে নিহিত থাকে না।

২। মূল্য বা মানের স্বরূপ (Nature of Value) ঃ

এই প্রসঙ্গে প্রশ্ন হইল—মূল্য বা মান কি মনোগন্ত বা ব্যক্তি-নির্জন্ত (Subjective) না বস্তুগত বা বিষয়গত (Objective) না উভয়ই ?

কেহ কেহ মনে করেন যে, মূল্য বা মান ব্যক্তিগত (Subjective) ব্যাপার। আমিরা যখন বলি—'রামধন্ত দেখিতে হুন্দর', তখন রামধন্ততে সৌন্দর্যের সংবেদন আমরা কোন ইন্দ্রিয়ের মাধ্যমে লাভ করি না। ইন্দ্রিয়াদির মাধ্যমে আমরা কেবলমাত্র রূপ, রুপ, গল্পের পরিচয়ই পাই। মান বা মূল্য প্রত্যক্ষের বিষয় হহে, হুতরাং ইহাকে বস্তুগত ব্যাপার বলা যার না। বিতীয়তঃ, একই বস্তুর মূল্য সকলের নিকট সমান নতে, বিভিন্ন লোকের নিকট ইহা বিভিন্ন প্রকার। তৃতীয়তঃ, বস্তুর মূল্য সব সমন্ধ এক থাকে না, মূগ ধর্মের পরিবর্ততে হয়। ফলে দেখা যাইতেছে যে, পুরুষার্থ বা মান ব্যক্তি-নির্ভর বা মনোগত ব্যাপার।

মিল্ ও বেশ্বামের মতে মাকুষের চরম লক্ষ্য আনন্দ লাভ করা; স্বভরাং যাহা শামাদের ত্বংধ দূর করিয়া আনন্দ দান করিতে পারে তাহাই স্থন্দর এবং যাহা শানন্দ স্পষ্টি করিতে পারে তাহাই সং।

আবার অনেকের মতে যাহা আমাদের ইচ্ছা পূরণের পক্ষে সহায়ক তাহাই দুদ্দর ও কল্যাণকর; যাহা আমাদের ইচ্ছা পূর্ণ করিবার পক্ষে ব্যাঘাতের স্পষ্ট দরে তাহা কুংসিত ও অকল্যাণকর। স্পিনোজার (Spinoza) মতে, আমরা াহা চাই বা পাইতে ইচ্ছা করি তাহাকেই আমরা মূল্যবান বা শ্রেয় বলিয়া মনে দরি, শ্রেয় বা মূল্যবান বলিয়াই আমরা কোন জিনিসকে চাই না।

বাবহার বা প্রয়োক্ষির দিক দিয়া যাহারা বস্তুর মূল্য নির্ধারণ করেন **ভাঁহাদৈর** মতেও বস্তুর মূল্য বা মান বিষয়গত নহে। যাহা আমাদের প্রয়োজন মিটাইতে পারে প্রয়োগবাদিরা সেই সকল বস্তুরই একমাত্র মূল্য আছে বলিয়া স্বীকার করেন। মানের বা মূল্যাবধারণের নিত্যতা বা বাস্তবতা থাকিতে পারে না, কারণ নিত্যতা স্বীকার করিলে প্রগতি অচল হইয়া যায়।

লোট্জার (Lotze) মতে, মূল্য ও পরিতৃপ্তি-বোধ ঘনিষ্ঠ সম্বন্ধ যুক্ত। পরিতৃপ্তি বা আনন্দের অস্কৃতি ব্যক্তিগত ব্যাপার। যেহেতু পরিতৃপ্তি ব্যক্তিগত ব্যাপার এবং ষেহেতু মূল্যাবধারণ পরিতৃপ্তির সহিত ঘনিষ্ঠভাবে সম্পর্কিত সেইহেতু মূল্য বা মানও ব্যক্তিগত ব্যাপার।

কেহ কেহ আবার সামাজিক দৃষ্টকোণ দিয়া মানকে বিচার করিয়া থাকেন । তাঁহাদের মতে মাহ্য সমাজ-বদ্ধ জীব, স্থতরাং বিভিন্ন সমাজ বিভিন্ন সময়ে বস্তুর বিভিন্ন প্রকার নুল্যাবধারণ করিয়া থাকে এবং বিভিন্ন পরিবেশে বিভিন্ন সমাজের স্থাই হয়, স্থতরাং বিভিন্ন সমাজের মুল্যাবধারণও বিভিন্ন।

ব্যক্তি-নির্ভর মন্তবাদ প্রদানে উল্লেখ্য—মনস্তাবিক মন্তবাদ (Psychological theory) এবং প্রয়োগবাদী মন্তবাদ (Pragmatic theory) এই মন্ত পোষণ করে।, মনস্তাব্ধিক মন্তবাদ অনুসারে মূল্যের মূল ভিত্তিই হইল মান্তবের কামনা বাসনার পরিভৃপ্তি সাধন ও প্রয়োজন সিদ্ধি। Mill ও Bentham তাঁহাদের মনস্তবমূলক স্থাবাদে বলেন স্থাবের অন্তভ্তি কাম্যা, স্বভরাং ইহাই মূল্য। কাজেই মূল্য হইল সম্পূর্ণ ব্যক্তিসাপেক ব্যাধার। Meinong বলেন—মূল্যের উৎস হইল ব্যক্তির স্থাক্ছিভি। Ishrenfels ব্যক্তির প্রচেষ্টা, ইচ্ছা ও কামনাকেই মূল্যের উৎস বলিয়া গণ্য করিয়াছেন। Perry-এর মতে জৈবিক স্বার্থ হইল মূল্যের উৎস।,

এই জাতীয় মনস্তাবিক মতবাদের বিরুদ্ধে আমাদের বক্তব্য হইল এই যে, যে মূল্য ব্যক্তির পরিতৃপ্তি বা জৈবিক স্বার্থ সাধন করে তাহা নিছক ব্যক্তি-নির্ভর নহে, উহার বিষয়গত অন্তিও অস্বীকার করা যায় না। ব্যক্তিমনকে জাগতিক বস্তু হইতে বিচ্ছিন্ন করিয়া দেখা সমীচীন নহে। স্থতরাং মূল্য একাস্কভাবে মানস -স্টে নহে, কিছু না কি বাস্তব নিহন্ত্রণ অবশ্র-স্বীকার্য। কাম্য-বস্তু-লাভ করিতে পারিলেই স্থাম্ভৃতি হয়, এজন্ত মূল্য কাম্য-বস্তুর মধ্যে যে নিহিত-ইহা অস্বীকার করা যায় না। পরিশেষে ইচ্ছা, কামনা বস্তুত: মূল্যের উৎস নহে; বরং এগুলি মূল্যের কলস্বরূপ।

প্রােশবাদী মতবাদ অনুসারে উপযোগিতা বা প্রয়োজন সাধন হইল মূল্যের মানদণ্ড; ব্যবহারিক ক্ষেত্রে সস্তােষ-জনক কার্যকারিভাই হইল মূল্যের উৎস। James, Dewey প্রমুখ প্রয়ােগবাদিগণ বলেন—সভ্য প্রভৃতি মূল্যের কোন বস্তাগত ভিত্তি নাই, মাহ্রের উদ্দেশ্য অনুসারে ইহার স্পৃষ্টি। একমাত্র বখন কোন বিশ্বাস বা ধারণা মাহ্রেরের ব্যবহারিক জীবনে নির্দেশি, হিতকর ও কার্যকর হয় তখনই সভ্য শিব প্রভৃতি নূল্যের আবির্ভাব ঘটে। ব্যবহারিক অভিজ্ঞতায় স্বাস্থ্য, ধনও শক্তি যেমন গঠন করা হয় তেমনই সভ্য, শিব, স্থল্যর প্রকৃতি মূল্যকেও তৈয়ারী করা হয়। কার্যের ফল বা পর্নাম অনুসারে মূল্যের স্বন্ধপ নিয়্মিত বা উৎপন্ন হয়। কার্যের ফল বা প্রয়োজন-সাধন যতক্ষণ আমাদের ব্যবহারিক জীবনে প্রমাণিত বা যাচাই না হয় ততক্ষণ, নূল্যের উদ্ভব হয় না। কার্যকারি হা বা প্রয়োজন-সাধনই হইল একাধারে মূল্যের স্বন্ধপ ও মাপকাঠি। এজন্ম প্রয়োজন-সাধনই হইল একাধারে মূল্যের স্বন্ধপ ও মাপকাঠি। এজন্ম প্রয়োগবাদীদের মতে মূল্য।ব্যক্তিসাপেক বা মনোগত।

এই জাতীয় প্রয়োগবাদীদের বিরুদ্ধে আমাদের বক্তব্য হইল এই যে, সত্য, শিব, স্কর প্রভৃতি পরমন্ত্য মাহ্যবের আদর্শরূপেই অহ্নস্তত হয়, এগুলি মাহ্যবের ব্যক্তিগত প্রয়োজনের উপর নির্ভরশীল নহে। দ্বিতীয়তঃ, এগুলি নৈর্ব্যক্তিক বলিয়া ব্যক্তি-নিরপেক। তৃতীয়তঃ, বাক্তিগত প্রয়োজন যদি ম্ল্য-নিধারক হয় তাহা হইলে ম্ল্যের স্বতঃপ্রামাণ্যের কোন বৈশিষ্ট্যই থাকে না; ভিন্ত সত্য, শিব স্কর্পর-এই সকল পরমন্ত্য বস্ততঃ স্বতঃম্ল্য। পরিশেষে আমরা বলিব—সক্ল ম্ল্য উপযোগী কিন্তু সকল উপযোগী বস্তু প্রকৃতপক্ষে ম্ল্য নাও হইতে পারে।

বস্তুগত মতবাদঃ

মান বা মূল্য একাস্তভাবে ব্যক্তিগত ব্যাপার—ইহা সমর্থন করা যায় না।
মূল্যাবধারণ সব সময় আমাদের ব্যক্তিগত ইচ্ছা বা ক্ষচির উপর' নির্ভর করে না।
মূল্য বা মান অনেক ক্ষেত্রে বস্তর মধ্যেই নিহিত থাকে। বাস্তবিক সভ্য, সোক্ষ্য,
নীতি প্রভৃতি মান-বিষয়ক অবধারণসমূহ অনিবার্থ (necessary) ও সার্বিক
(universal)। ইহাদের মূল্য সর্বজন ধীক্কৃত, আমরা ইহাদের মূল্য স্বীকার
করিতে একাস্তভাবে বাধ্য হই। কাজেই সকল ক্ষেত্রে মূল্যাবধারণ আমাদের
ব্যক্তিগত ইচ্ছা, কল্পনা ও পরিতৃপ্তির উপর নির্ভর করে না, বরং ইহা বন্ধনিষ্ঠ
(Objective)। পরিতৃপ্তিবোধ ও মূল্য এক ও অভিন্ন নহে, কারণ মূল্য ব্যক্তির
মনের সহিত একাম্বভাবে সম্বন্ধ্যাপেক নহে, ইহার একটি বাস্তব ভিত্তি আছে।
মূল্য-বোধ যদি কেবল মাত্র ব্যক্তিগত ব্যাপার হইত, তাহা হইলে ইহার জক্ত

কোন শিক্ষার প্রয়োজন হইত না। মৃশ্য-বোধ শিক্ষাসাপেক ব্যাপার এবং সেই শিক্ষা ছাড়া মৃশ্যাবধারণ সম্ভবপর নহে। স্থভরাং মৃশ্যবোধ কোন ব্যক্তিগভ ব্যাপার নহে এবং মৃশ্যাবধারণও সম্পূর্ণরূপে আমাদের মনের উপর নির্ভর করে না।

লেয়ার্ড (Laird), মূর (Moor) প্রভৃতি বস্ত্র-আন্তর্জ্ঞার বিদিশণ বলেন বে, ম্ল্যের মনোনিরপেক্ষ সন্তা আছে, রূপ, রস, গদ্ধ প্রভৃতি অ-প্রধান গুণসকল যেমন আমরা প্রাভ্যক্ষিক সংবেদনে লাভ করি সেইরূপ বস্তুতে ইহার মানও আমরা প্রভ্যক্ষ করি। তাঁহারা আরও বলেন যে বস্তুতে আমরা কেবলমাত্র কভকগুলি প্রধান ও অ-প্রধান গুণ প্রভৃত্ক করি তাহা নহে, মানের সংবেদনও অমুভৃতিতে আমরা লাভ করি। মূব বলেন—মূল্য বস্তুর মধ্যেই নিহিত থাকে। লেয়ার্ড বলেন-মূল্য বস্তুসমূহের পারুম্পরিক সম্বদ্ধের উপর নির্ভর্কীল।

আমেরিকার নব্য বস্ত-স্বাভন্মবাদিগণের (Neo-realists) মতে ম্ল্যাবধারণ বা মান বস্তুর এক বিশেষ জাতীয় গুণ। এই গুণগুলি বস্তুর প্রধান ও অপ্রধান গুণগুলির ন্যায় নহে, এইগুলি এক স্বতন্ত্র শ্রেণীর গুণ।

মূল্যের বস্তুগত মত্যাদ প্রদক্ষে যেমন বস্তুবাদীদের কথা বলা হইল তেমনই ভাববাদীদের মতবাদ বিস্তারিতভাবে ব্যাখ্যা করা দরকার। ভাববাদীদের **মতে** মূল্য ব্যক্তর স্বষ্ট কল্পনা নহে, ইহার ব্যক্তিনিরপেক্ষ বন্ধগত সত্তা বিভয়ান। ভাববাদী দার্শনিক প্লেটোর মতে পরমমূল্য শিব বা মন্দল হইল পরমসন্তা। Schiller বলেন- মূল্য মানস-স্থ নহে, ইহা এমন এক বিশেষ জাতীয় গুণ-যাহা মান্তবের উপর নির্ভর না করিয়াই স্বভন্ধভাবে জগতে অন্তিত্বশীল। Schiller-এর স্থার Nicolai Hartmann মূল্যের বস্তগত সত্তা স্বীকার করিয়া বলেন-মূল্যের এমন এক ভাবগত বা শাদর্শগত অন্তিত্ব বিছমান-যাহা জাগতিক বস্তুনিচয়ের উধ্বে থাকিয়া আদর্শব্ধণে কাজ করে। Plato-এর ধারণাবাদের সহিত এই মতের কিছু মিল আতে। কিন্তু এই মতের বিরুদ্ধে আমরা বলিতে চাই মূল্য যদি জাগতিক বস্তুর উধের্ব থাকে অর্থাৎ মূল্য বা আদর্শ যদি বাস্তব জগতের সহিত সম্পর্কযুক্ত ন। হয় ভাহা হইলে উহার উপলব্ধি কিক্সপে সম্ভব তাহা আমাদের বোধগম্য নহে। বান্তবিৰুপক্ষে আমরা বস্তুর মধ্য দিয়াই মূল্য বা আদর্শ উপলব্ধি করি যথা ফুলর বস্তুর মধ্য দিয়াই আমরা সৌন্দর্য উপলব্ধি করি, স্তায় কাজের মাধ্যমেই মন্দলের নীতি উপলব্ধি করি। স্থভরাং মূল্য বন্ধর সম্পূর্ণ অভিবর্জী চ্ট্রা বস্তর সহিত সম্পর্ক-বঞ্জিত-রূপে থাকিতে পারে না। ভাববাদী দার্শনিক Bosanques সঠিকভাবেই বলিয়াছেন-পরমমূল্য-বাহা স্বরূপতঃ পর্মসন্তা-জগৎ ও

জীবের মধ্যে পরিব্যাপ্ত এবং অভিব্যক্তির বিভিন্ন স্তরে বিভিন্ন আপেক্ষিক ম্ল্যরূপে নিজেকে প্রকাশিত করে। ভারতীয় ভাববাদী দার্শনিকগণও মূল্য সম্পর্কে অনুরূপ মত পোষণ করেন। তাঁহাদের মতে আধ্যাত্মিক সন্তা মূল্যের আশ্রয়-স্থল এবং মোক্ষ হইল জীবের পরম পুরুষার্থ বা পরম-মূল্য। মোক্ষ মূল্তঃ আত্মার স্থরূপে অবস্থান। ভারতীয় দর্শন ইহাও প্রায় স্বীকার করে যে, ইহ জীবনেই পরমমূল্য মোক্ষ লাভ সম্ভব।

মূল্য সম্পর্কে বস্তবাদে এবং ভাববাদে যে বস্তগত মতবাদ আলোচিত হইল তাহা অনেকাংশে সমর্থনযোগ্য হইলেও আমরা এই মস্তব্য করিতে পারি যে, মূল্যায়ণ মূল্যের সহিত এত অবিচ্ছেগ্যভাবে সংশ্লিষ্ট যে মূল্য সম্পূর্ণক্লপে মনোনির-পেক্ষ হইয়া থাকিতে পারে না, তবে ইহার অর্থ এই নহে যে, মূল্য আমাদের ব্যক্তি-মনের স্প্রিমাত্র। ভাল-মন্দ, স্কর-অস্কর স্বরূপতঃ বস্তগত হইলেও এগুলি মানসিক বিচারের সহিত সম্পর্কবিহীন নহে। দার্শনিক ব্রড (Broad) যথাথই বিলয়াছেন—মূল্য বস্তগত হইলেও উহার উপাদান হিসাবে মূল্যনিধ্যিক চেতনা অবশ্রই বিগ্যমান।

মূল্য মনোগত ও বস্তুগত উভয়:

নব্য বস্থবাদী দার্শনিক আলেকজাণ্ডার (Alexander) মৃল্যাবধারণকে সম্পূর্ণ বস্তুগত বলেন নাই। তাঁহার মতে, মূল্যাবধারণের ক্ষেত্রে বস্তু ও মন —উভয়ের অবদান রহিয়াছে। তিনি বলেন—প্রতেক মূল্যের মধ্যে ছইটি দিক আছে—একদিকে মূল্যায়ন-কর্তা আর অপরদিকে মূল্যের বিষয়-বস্তু; মূল্য এই ছইটির পারম্পরিক সম্বন্ধের মধ্যে অবস্থিত এবং একটিকে বাদ দিয়া অপরটির মধ্যে থাকে না। ("In every value there are two sides, the subject of valuation and the object of Value and the value resides in the relation between the two, and does not exist apart from them.") আলেকজাণ্ডার মূল্য বা মানকে সম্পূর্ণ বস্তুগত বলিয়া স্থাকার না করিলেও ইহাকে তিনি বাস্তব বলিয়াছেন। তাঁহার মডে মূল্য হুইল—মন বারা নির্ধারিত বা অমুভূতি সাপেক বস্তুনিষ্ঠ গুল (Subjectively determined objective qualities)। বাস্তবিক, মূল্য নিছক মনোগতও নছে আবার মনের মূল্যায়ন হুইতে স্বতন্ত্রও নছে। আলেকজাণ্ডার বলেন—মূল্য হুইল দেশ-কাল (মূল সন্তা) হুইডে নির্গত ভব;

ইহা জগতে মনের আধিতাবের পূর্বে উপস্থিত ছিল না। জড়-প্রকৃতির সহিত মানসিক সত্তার সংমিশ্রণ বা সংযোগের ফলস্বরূপ মূল্যের উদ্ভব সংঘটিত হইয়াছে।

ইহাই হইল মূল্যের স্বরূপ সম্বন্ধে সর্বাধিক গ্রহণযোগ্য মতবাদ।

৩। মূল্য বা মান ও ভত্ব (Value and Reality):

মূল্য বা মান এবং তত্ত্ব অর্থাৎ পরম-মূল্য এবং প্রম-তত্ত্ব পরস্পর কিভাবে সম্পর্কিড—ইহা নিধর্বি করিবার পূর্বে পরম-মূল্য এবং পরম-তত্ত্বের স্বরূপ-বিশ্লেষণ করা প্রয়োজন। মূল্য বলিতে আমার বৃঝি উৎকর্ষ ঝ মহন্ত ; হুতরাং পরম-মূল্যের অর্থ হইল চরম-উৎকর্ষ বা চরম-মহত্ত। সত্য, শিব মঙ্গল) ও স্থন্দর—এগুলিকে পরম-মূল্য বলিয়া গণ্য করা হয়, কারণ এগুলি প্রক্রুতপক্ষে স্বভ:মূল্য এবং যাবতীয় মূল্যের ধারক; এগুলি মামুষের পরম আদর্শ; এগুলির মানদত্তে জাগতিক বস্ত বা ঘটনার গুণাগুণ বিচার করা হয় এবং এগুলির উপলব্ধি মানব-জীবনের চরম লক্ষ্য। বাস্তবিক, সত্য, শিব ও স্থন্দর—এই সকল পরম মূল্যের অবধারণ অনিবার্য ও সাবিক। অপরপক্ষে, পরম-তত্ত্ব বলিতে আমরা বুরি এক স্বাধীন, স্বয়ংসম্পূর্ণ, আত্ম-নির্ভরশীল, সনাতন পদার্থ। ইহা সর্ব-ব্যাপক; ইহা সকল বন্ধর আধার ও আশ্রয়। স্বভরাং সকল বস্তু পরম-তত্ত্বের উপর নির্ভরশীল, কিন্তু পরম-তত্ত স্বকার অভিত্যের জন্ম অন্য কোন বন্তুর উপর নির্ভরশীল নহে। অর্থাৎ জগৎ ও জীব-সকল বস্তুই পরম-তত্ত্ব হইতে উন্থত এবং ইহার মধ্যেই অবস্থিত ও সংরক্ষিত; পরম-তত্ত্বের বহিভূতি কোন বস্তুই থাকিতে পারে না। পরম তত্ত্ব সমগ্র বিখের মূল বা আদি কারণ, কিন্তু ইহার কোন কারণ বা কর্তা নাই, ইহা স্বয়ংভূ। ইহা এক সর্ব-ধর ও স্থসংহত, সামগ্রিক ও সর্বজনীন সম্ভা— যাহার মধ্যে সকল বৈচিত্ত্যের পারম্পরিক সঙ্গতি ও ঐক্য সংরক্ষিত রহিয়াছে। 🦫

পরম-ভত্ত্বের সহিত মূল্যের কি সম্বন্ধ—এই প্রসক্ষে বিভিন্ন দার্শনিক বিভিন্ন মন্তবাদ পোষণ করেন। নিমে বিভিন্ন মন্তবাদ আলোচিত হইল:

(>) জড়বাদী দার্শনিকদের মতে, জড়ই (matter) হইল লগতে বাবতীয় পদার্থের আদিম বা মৌলিক উপাদান; জড়ই হইল বিশ্বের পরম ও মূল ডব্ব এবং ইহা হইতেই সকল পদার্থের উত্তব। জগতের বাবতীয় পদার্থ অসংখ্য কপ্রতিষ্ঠ, অবিভাজা, নিতা ও স্বতম্ভ কড়-বিন্দু বা জড়-পরমাণ্র সংবোগে উভ্ত হইরাছে। তব্ ভৌডিক পদার্থ কেন, এমন কি প্রাণ এবং মনও জড়-পরমাণ্র সংবোগে উভ্ত হইরাছে। জড়বাদীদের মডে, জড়বা অচেতন শক্তি বানিকভাবে

ক্পন্তের এক উহার অন্তর্ভ প্রাণ, মন, বৃদ্ধি প্রভৃতি বাবতীর পদার্থের ক্রমবিকাশ বটাইতেছে; এমন কি মানসিক শক্তিও জড়-শক্তিরই রূপাস্তর; এই কারণে কড়বাদে মৃল্যের কোন স্থান নাই; অন্ধ জড়শক্তি কোন স্থত:মৃল্যের অর্ধাৎ বস্তর বাভ্যস্তরিক মৃল্যের কোন স্বীকৃতি দেয় না। জড়বাদীদের মতে, সভ্য, শিব ও স্থান্ধ —এগুলি সম্পূর্ণ মনোগত, করনা-প্রস্তুত ও অবাস্তব।

ব্দুবাদ আমাদের নিকট সমর্থন যোগ্য নহে, কারণ জড় বিশ্বজগতের পরম তব্ব হুইতে পারেনা; অন্ধ জড়-শক্তি জগতের ঐক্য ও শৃদ্ধলা সস্তোষজনকভাবে ব্যাখ্যা করিতে পারে না। বরং এক পরম চৈতন্তময় তব্ব হুইতে জড় প্রাণ ও মনের উদ্ভব হুইন্নাছে। পরম-তব্ব পরমেশ্বর জড় ও জড়-শক্তিকে উপান্ন বা বন্ধ ব্যবহার করিয়। জাগতিক পদার্থসমূহের ক্রমবিকাশকে পরম উদ্দেশ্য অম্থায়ী পরিচালিত করিতেছেন। বাস্তবিক, পরম-তব্ব পরমেশ্বর পরম-মূল্যের ধারকরূপে জগও ও জীবের মধ্যে পরিব্যাপ্ত এবং অভিব্যক্তির বিভিন্ন স্তরে বিভিন্ন মূল্যরূপে নিজেকে প্রকাশিত করেন। স্কতরাং মূল্য নিছক মনোগত নহে, ইহার ব্যক্তি-নিরপেক বস্তু-সন্তা বিভ্যমান।

(২) কোন কোন ভাববাদী দার্শনিকের মতে মূল্য বা মান হইল **ভদ্ধ বা সন্তার উধ্বে**; তথ্য অপেক্ষা আদর্শ অধিক উন্নত, স্থতরাং আদর্শ তথা মূল্যের স্থান তথ্য বা সপ্তার অনেক উপর। **প্লেটোর ভাৰবাদে** আমরা দেখিতে পাই—সত্তা বা তত্ত্বের তুলনায় মূল্য বা আদর্শের উন্নতত্তর স্থান। প্লেটো আদর্শজগৎ এবং দৃশ্রমান জগতের মধ্যে পার্থক্য করিয়া দেখাইয়াছেন ষে, এই দৃশামান বাস্তবজ্ঞগৎ হইল অতীন্দ্রিয় আদর্শজগতের অমূলিপি বা প্রভিচ্ছবি। তাঁহার মতে আদর্শ বা ভাবজগতের ধারণাসমূহের মধ্যে যাহা নীচ-মান-বিশিষ্ট ভাহা উচ্চ-মান-বিশিষ্ট ধারণার অস্তর্ভুক্ত হইয়া পর্যায়ক্রমে এক অভি বৃহৎ স্বস্তু গঠন করে। এই স্তস্কের সর্বোচ্চ মান-বিশিষ্ট ধারণা হইল শিবম্ অর্থাৎ মঙ্গলের ধারণা। সর্বোচ্চ মঙ্গলের ধারণা সকল ধারণা বা ডব্বের ধারক ও ঐক্যক্তা। প্লেটো এই পরম মন্ত্র্লকেই পরম সভ্য ও পরম স্থন্দর ভগবানের সহিত এক ও অভিন্ন করিয়াছেন। প্লেটো সঠিকভাবেই বলিয়াছেন—জীব অড়ের প্রভাব হইডে মুক্ত হইয়া পরম-মন্দলের আদর্শ অন্থসারে জীবন যাপন করিলে আপন আজার শ্বৰূপ উপলব্ধি করিতে পারিবে এবং বিশুদ্ধ জ্ঞান লাভ করিয়া মৃক্তি লাভ করিতে পারিবে। আধুনিক কালের দার্শনিক রিকাট (Rickert) প্লেটোকে অন্ত্যাক্র ক্রিরা বলেন—শৃষ্ট দেশ-কালের অভীত অভীক্রির পদার্থ ; হতরাং ; ইহা দেশ

কালে আবদ্ধ ৰান্তব সন্তার তুলনার অনেক উধের্ব অর্থাৎ আদর্শ মূল্য তন্ত অপেকা উন্নতত্তর ও মহন্তর। Nicolai Hartmann-ও মূল্যের সর্বোচ্চ সত্তা ত্বীকার করিয়া বলেন—মূল্যের এমন এক আদর্শ-গত অক্তিত্ব বিদ্যমান – যাহা বান্তব জগত্তের উধের্ব থাকিয়া জাগতিক বস্তুর মূল্য-বিচারের মানদণ্ডরূপে কাঞ্চ করে।

উক্ত মতবাদের বিরুদ্ধে আমাদের বক্তব্য হইল এই যে, মূল্য যদি জাগতিক বস্তব্য ইংল থাকে অর্থাৎ বাস্তব সন্তার সহিত মূল্য বা আদর্শের অবিচ্ছেন্ত সম্পর্ক না থাকে তাহা হইলে আদর্শের উপলব্ধি কির্ন্থে সম্ভব তাহা আমাদের বোধগাম্য নহে। বাস্তবিক পক্ষে, আমরা বাস্তব সন্তার মধ্য দিয়াই মূল্য বা আদর্শ উপলব্ধি করি—যথা স্থন্দর বস্তব মধ্য দিয়াই আমরা সৌন্দর্য উপলব্ধি করি, ন্থায় কাজের মাধ্যমেই মঙ্গলের আদর্শ উপলব্ধি করি। স্থত্বাং মূল্য বন্ধ-সন্তার সম্পূর্ণ অভিবর্তী হইয়া বস্তব আদর্শরিপে থাকিতে পারে না। তাববাদী দার্শনিক Bosanquet সঠিকভাবেই বলিয়াছেন—পরমমূল্য জগৎ ও জীবের মধ্যে পরিব্যাপ্ত থাকিয়া অভিব্যক্তির বিভিন্ন স্তরে বিভিন্ন আপেক্ষিক মূল্যরূপে নিজেকে প্রকাশিত করে। প্লেটোর শিয়া এরিষ্টটল স্থাং দেখাইয়াছেন—আদর্শ জগৎ ইন্দ্রিয়গ্রাহ্থ বাস্তব জগতের মধ্যেই প্রকাশিত হইয়া মূর্তরূপ ধারণ করে অর্থাৎ দৃশ্যমান ইন্দ্রিয়-জগৎ আদর্শ জগতের বাস্তব প্রকাশ। মূল্য বা আদর্শ তত্ত্বের অতীত হইলে তাহা বোধগম্য হয় না, ফলে উহা অর্থহীন হইয়া পড়ে।

(৩) পাশ্চান্ত্য দার্শনিক স্পিনোজা ও ব্রাড্লি এবং ভারতীয় অবৈত্তবাদী দার্শনিক শহরের মতে পরমতত্ব মূল্যের তুলনায় অনেক উথেব। মূল্য বা মানের ব্যবহারিক সন্তা আছে, কিন্তু ইইার পরমার্থিক বা ভাত্তিকসন্তা নাই। স্পিনোজার মতে, আমরা ঘাং৷ চাই বা পাইতে ইচ্ছা করি তাহাকেই আমরা মূল্যবান বা শ্রের বিলয়া মনে করি; শ্রের বা মূল্যবান বলিয়াই আমরা কোন জিনিষকে চাই না। যাহ৷ আমাদের ইচ্ছা প্রণের পক্ষে সহারক তাহাই ফলর ও কল্যাণকর। স্পিনোজা বলেন—যাহ৷ আমাদের প্রয়োজন মিটায় ভাহাই মান-বিশিষ্ট; স্বভরাং মান বা মূল্য ব্যক্তি-নির্ভর ব্যাপার; অপর পক্ষে পরম-শ্রব্য ভগবানের কোন ইচ্ছা বা প্রয়োজন থাকিতে পারে না; তিনি নৈর্ব্যক্তিক সন্তা, এজন্ম তাঁহার মধ্যে মূল্য বা মানের কোন স্থান নাই অর্থাৎ স্পিনোজার মতে, মূল্য বা মানের পারমার্থিক সন্তা নাই। ব্রাভণিও অহরপভাবে বলেন—পরম-তত্বের মধ্যে জ্ঞাভাজেয়, ভোকো-ভোগ্যের কোন সম্বন্ধ থাকে না, এরপ সমন্ধ একমাত্র ব্যবহারিক তথা আভাসিক জগতের

মধ্যেই দৃষ্ট হয়। স্থতরাং আভাসিক জগতেই মান ও মূল্য বিদ্যমান, পরম-তত্ত্বের মধ্যে ইহার কোন স্থান নাই। এই প্রসঙ্গে তিনি বলেন---পরম-ভন্ধ এমন এক পূর্ণ-দংহতি যাহ' সম্পূর্ণরূপে আগ্ন-বিরোধ-মৃক্ত ; কিন্তু মূল্যের ধারণার মধ্যে আত্ম-বিরোধ নিহিত থাকে। ব্রাডলির মতে মূল্যের মধ্যে যে স্থ-বিরোধ বিজ্ঞমান ভাহা এইরূপ: মূল্য একাধারে অস্তিত্বসম্পর ७ षखिषरीन ; ইरा षखिषमभाग, कांत्रन हेरा कन्नना गांज नटर ; षावांत्र ইহা অস্তিত্বহীন, কারণ ইহা চেয়ার-টেবিলের মত দেশ ও কালে অবস্থিত নহে। এই স্ব-বিরোধের জক্ত মূল্য আভাসমাত্র, ইহার ভাত্তিক সত্তা থাকিতে পারে না। ভারতীয় অবৈতবাদী দার্শনিক শঙ্করাচার্যের মতে পরম-তত্ত ব্রহ্ম নিগুণি ও নির্বিশেষ বিশুদ্ধ চৈতন্ত সতা। যদিও এই পরম চৈতভ সত্ত। আনন্দ-সরূপ, কিন্তু আনন্দই সং, ইহার ভোক্তা সৎ নহে। স্বতরাং ভোক্তা-ভোগ্যের সম্বন্ধ পরম-তত্ত্ব চৈতক্তের মধ্যে থাকিতে পারে না অর্থাৎ মূল্য বা আদর্শের পারমার্থিক সত্তা নাই; কেবল ব্যবহারিক জগতে ভোক্তা-ভোগ্যের দম্বন্ধ থাকে বলিয়া এখানে মূল্য বা মানের প্রশ্ন উঠে; কিন্তু পারমার্থিক দৃষ্টতে মূল্য অলাক বা মায়া। পরম-তত্ত্ব সম্পূর্ণরূপে ভেদা-ভেদের অতীত; এজন্ম ইহা মূলা নিরপেক্ষ, নিবিশেষ সভা।

উক্ত মতের বিক্দ্মে আমাদের বক্তব্য হইল এই যে, পরমত্ত্ব প্রক্নতপক্ষে বৃদ্যা-নিরপেক্ষ হইতে পারে না। আমরা মনে করি পরম-তত্ত্ব সমগ্র বিশ্বের ধারক, পরম-তত্ত্বের সহিত বিশ্বের নিবিড় ও অঙ্গান্ধি সম্পর্ক বিজ্ঞমান; জড়, প্রাণ, মন তথা মূল্য বা মান—এগুলির সকলের মাধ্যমেই পরম-তত্ত্ব পর্যায়ক্রমে আত্মপ্রকাশ করিয়া পরম উদ্দেশ্য সাধন করিতেছে। স্কৃতরাং যাঁহারা বলেন—সত্তা কেবল বিশুদ্ধ সন্তো, ইহা সত্যা, শিব, স্ক্লের—এই সকল পরম-মূল্যের অতীত, মান বা মূল্য মামুষ নিজের মন বা ক্লানা হইতে স্বাষ্ট করিয়া সন্তার উপর আরোপ করে— তাঁহাদের এই বক্তব্য আমাদের নিকট গ্রহণযোগ্য নহে। মান বা মূল্য বস্ততঃ তথেরই অঞ্চীভূত; পরম-তত্ত্ব স্বংয়ই সত্যা, শিব ও স্ক্লের।

(৪) হেগেল, রয়েস, প্রিলল প্যাটিসন প্রমুখ ভাববাদী দার্শ নিক-দের মতে পরম-ডত্ত এবং পরম-মূল্য এক ও অভিন্ন ! পরম-পুরুষ ঈশ্বর একাধারে পরম-ভত্ত এবং সকল মূল্য ও আদর্শের সংরক্ষক। পরম-পুরুষ ঈশ্বরের মধ্যেই সকল মূল্য ও আদশ বাস্তবে রূপান্বিত হয় এবং পরিপূর্ণ পরিপূর্তি লাভ করে; ঈশ্বরের পূর্ণভার মধ্যেই সত্য শিব ও স্থন্দরের পূর্ণা সার্থকতা লাভ হয়। মাস্থ সদীম বলিয়া সে পরম-মূল্যকে পারপূর্ণভাবে উপলব্ধি করিছে পারে না অর্থাৎ তাহার জীবনে ইহার পূর্ণ রূপায়ন হয় না, কিন্তু ঈশ্বরের মধ্যে মূল্যগুলি পূর্ণরূপে রূপায়িত ও সংরক্ষিত হয় বলিয়া মান্থ ঈশ্বরকেই তাহার আদশর্রপে উপলব্ধি করিতে চায়। স্থতরাং সত্য, শিব প্রভৃতি মূল্যগুলি মান্থ্রের কর্মনা প্রস্থত ও ব্যক্তি-নির্ভর নহে, বরং এগুলি বস্তুগত এবং পরম-তত্ত্ব ঈশ্বরের মধ্যে পূর্ণরূপে অধিষ্ঠিত ও মূর্ত। বাস্তবিক, পরম-মূল্যের ধাবক পরম-সন্তা ঈশ্বর জগৎ ও জীবের মধ্যে পরিব্যাপ্ত এবং অভিব্যক্তির বিভিন্ন স্তবে বিভিন্ন আপেক্ষিক মূল্যরেশে নিজেকে প্রকাশিত করিতেছেন।

মূল্য ও তত্ত্বের মধ্যে সম্বন্ধ প্রদক্ষে এই মতবাদ সর্বাধিক সমর্থনযোগ্য।

अमूनीमनी

- 1 What is value? (মূল্য বা মান কি ?)
- 2. Distinguish between judgment of fact and judgment of value

(তথ্য- অবধারণ এবং মূল্য-অবধারণের মধ্যে পার্থক্য কর।)

- 3. Discuss the nature of value Is it subjective or objective? (মূল্যের স্বরূপ আ্লোচনা কর। ইহা কি ব্যক্তি-নির্ভর, না বস্তুগত ?)
- What is the relation between value and Reality?
 মূল্য এবং ভদ্বের মধ্যে সক্তম কি ?)